# বৈষ্ণব পদাবলী

( চয়ন )


অধ্যাপক শ্রীখগেন্দ্র নাথ মিত্র, এম. এ.

শ্রীসুকুমার সেন, এম.এ., পি-এইচ. ডি.

শ্রীবিশ্বপতি চৌধুরী, এম. এ.

শ্রীশ্যামাপদ চক্রবর্ত্তী, এম. এ.

সম্পাদিত



চতুর্থ সংস্করণ

( পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত )

কলিকাতা বিশ্ববিদ্যালয়

মূল্য—৪৲

PRINTED IN INDIA

PRINTED AND PUBLISHED BY SIBENDRANATH KANJILAL,
SUPERINTENDENT (OFFG.), CALCUTTA UNIVERSITY PRESS,
48, HAZRA ROAD, BALLYGUNGE, CALCUTTA.

1807B.T.—August, 1952—B

# চতুর্থ সংস্করণের ভূমিকা

## (১) সূচনা

জগৎকে বাদ দিয়া কাব্য হয় না। কিন্তু আধুনিক গীতিকাব্যের জগৎ এত রূপান্তরিত যে সাধারণ পাঠকের নিকট তাহা এক অপরিচিত রহস্যলোক। ইহার মূলে রহিয়াছে কবির ব্যক্তিনিষ্ঠ ভাবাদর্শ। এ কাব্যের স্বরূপ বুঝিতে কবিস্বরূপের সহিত পরিচয় আবশ্যক। রবীন্দ্রকাব্যের পাঠক জানেন যে ইহা প্রকৃতপক্ষে তত্ত্ববিশেষেরই রসরূপ। এই কারণে ইহা ঠিক আপনাতে আপনি সম্পূর্ণ নহে। এই-জাতীয় তত্ত্বকেন্দ্রিক কাব্যের আবেদন পরিচিত হৃদয়াবেগের পথে পাঠকমনে আসে না; চিদ্‌বৃত্তি ও হৃদ্‌বৃত্তি এখানে সমভাবে সক্রিয়।

পদাবলীকাব্যও বৈষ্ণবতত্ত্বের রসভাষ্য; সুতরাং সেই পাঠকেরই পক্ষে ইহার পরিপূর্ণ আস্বাদন সম্ভব, যাঁহার বৈষ্ণবতত্ত্বের সহিত পরিচয় আছে। তবু আধুনিক গীতিকাব্যের সহিত ইহার পার্থক্য গুরুতর। প্রথমতঃ আধুনিক গীতিকাব্য বুঝিতে হইলে আগে চিনিতে হয় ব্যক্তিগতভাবে কবিকে; কিন্তু পদাবলীকাব্য বুঝিতে হইলে আগে চিনিতে হয় সমষ্টিগত-ভাবে বৈষ্ণবকে। প্রথমটিতে কবির 'অহং'-ই বড়ো কথা; দ্বিতীয়টিতে একটিমাত্র ব্যাপক ধর্ম্মাদর্শে কবির 'অহং' সম্পূর্ণরূপে আচ্ছন্ন। দ্বিতীয়তঃ, আমাদের পারিবারিক তথা সামাজিক জীবনে যে মানসবৃত্তিগুলি অবিরাম অনুশীলিত হইতেছে, তাহাদেরই উদ্বোধন-পন্থায় পদাবলীকাব্য পাঠকের হৃদয় সহজেই আন্দোলিত করিয়া তুলে। এই কারণে রসাস্বাদও সহজ হয়। এখানে প্রশ্ন উঠিতে পারে—নির্বিকল্প আনন্দই যদি কাব্যের ফল হয়, তবে তত্ত্বভূমিকা বাদ দিলেও তো পদাবলীর আস্বাদন ব্যাহত হইবে না; সুতরাং বৈষ্ণবতত্ত্ব জানার কি আবশ্যকতা? ইহার উত্তর এই যে তত্ত্বের সঙ্গতিসূত্রে পদাবলীর আস্বাদনে আনন্দের আকার এক থাকিলেও প্রকার পৃথক্ হয়। সাধারণ রতির স্থানে 'কৃষ্ণরতি'-কে স্থায়িভাব-রূপে গ্রহণ করায় যে একটি মানসপরিমণ্ডল গড়িয়া উঠে তাহার মধ্যে বিভাব, অনুভাব প্রভৃতি একপ্রকার নূতন রূপ লইয়া আসায় তাহাদের সংযোগে নিষ্পন্ন আনন্দ হয় ভক্তিরস—Tune এক থাকিলেও tone বদলায় (যাঁহারা বেহালায় ও সেতারে একই রাগের একই ভাবের আলাপ শুনিয়াছেন, তাঁহারা সহজেই একথার তাৎপর্য্য বুঝিবেন)।

'পদাবলী' শব্দের উৎস জয়দেবের 'মধুরকোমলকান্তপদাবলী'। পদসমুচ্চয় অর্থে 'পদাবলী'র প্রয়োগ করিয়াছিলেন সপ্তম শতাব্দীর আলঙ্কারিক আচার্য্য দণ্ডী—"শরীরং তাবদিষ্টার্থব্যবচ্ছিন্না পদাবলী" (কাব্যাদর্শ ১।১০)। বাঙলার বৈষ্ণব সুদীর্ঘ কাল ধরিয়া পদাবলীকে যোগরূঢ়ভাবে গানের পর্য্যায়ভুক্ত করিয়া আসিতেছেন। এখন আবার শাক্তগানও 'পদাবলী' হইয়াছে।

প্রাক্-চৈতন্যযুগের পদাবলী-রচয়িতা তিনজন—জয়দেব, চণ্ডীদাস ও বিদ্যাপতি। ইহাদের কাব্যের বিষয়বস্তু রাধাকৃষ্ণের প্রেমলীলা। বহুবিচিত্র লীলার একটিমাত্র অংশ—বসন্ত-রাস—রূপায়িত হইয়াছে জয়দেবের 'গীতগোবিন্দে'। গীতগোবিন্দ নাটকীয় ভঙ্গীময় একখানি সম্পূর্ণ গীতিকাব্য। জয়দেব অসাধারণ বাক্‌শিল্পী। তাঁহার সৃষ্টির সার্থক অনুকরণ আজ পর্য্যন্ত কাহারও দ্বারা সম্ভব হয় নাই। সংস্কৃতে রচিত হইলেও তাঁহার গান-গুলির ভাষা যেন সংস্কৃত ও বাঙলার মধ্যপন্থায় দাঁড়াইয়া বাঙলার দিকেই অঙ্গুলি নির্দ্দেশ করিতেছে। গীতগোবিন্দের বিষয়বস্তু ও ভাবধারা একদিকে যেমন চৈতন্যধর্ম্মকে প্রভাবিত করিয়াছে, অন্যদিকে তেমনি ভাষা ও ছন্দের সহযোগে উত্তরকালের গীতিধর্ম্মী বাঙলা সাহিত্যকেও প্রভাবিত করিয়া আসিতেছে। বহিরঙ্গরূপে রবীন্দ্রনাথের কবিতাও 'মধুরকোমল-কান্তপদাবলী'; এমন কি পদচয়নেও অনেক স্থলে রবিকবি জয়দেবকবির নিকট ঋণী—'সাগরিকা'র 'ললিতগীতিকলিতকল্লোলে' 'কলিতললিতবনমাল'-কেই স্মরণ করাইয়া দেয়। জয়দেবহীন পদাবলী-সাহিত্য অসম্পূর্ণ বলিয়া আমরা গীতগোবিন্দ হইতে একখানি গান আমাদের চয়নগ্রন্থে মাঙ্গলিকী-রূপে উদ্ধৃত করিলাম।

জয়দেব হইতে চণ্ডীদাস-বিদ্যাপতি—দীর্ঘ তিন শতাব্দীর ব্যবধান। এই সুদীর্ঘ কালের মধ্যে রাধাকৃষ্ণলীলাসম্বন্ধে বাঙালীর রচিত বিচ্ছিন্ন কয়েকটি সংস্কৃত কবিতা ও একখানি মাত্র সুসংবদ্ধ সংস্কৃত কাব্য ছাড়া অন্য কোনও পূর্ণাঙ্গ লীলাকাব্য সংস্কৃতে বা বাঙলায় আজও এদেশে আবিষ্কৃত হয় নাই। পূর্ব্বোক্ত সংস্কৃত কাব্যখানির নাম 'রাধাপ্রেমামৃত'। প্রাসঙ্গিক বলিয়াই ইহার সংক্ষিপ্ত পরিচয় দিতেছি। প্রথমে দুই শ্লোকে রচিত একটি মঙ্গলাচরণ। শ্লোকদুইটি কবির স্বকৃত নহে। প্রথমটি গীতাপাঠের পূর্ব্বে পঠিতব্য প্রসিদ্ধ নমস্কারশ্লোক "যং ব্রহ্মা বরুণেন্দ্র ....." (কাহার রচিত ঠিক জানি না) এবং দ্বিতীয়টি ভাগবত-দশমের শেষ অধ্যায়বর্ত্তী প্রসিদ্ধ "জয়তি জননিবাসঃ......"। ইহার পর চারিটি 'খণ্ড'—'বস্ত্রাপহরণখণ্ডঃ,' 'ভারখণ্ডঃ,' 'নৌকাখণ্ডঃ' ও 'দানখণ্ডঃ'। বহুস্থলেই উৎকৃষ্ট কাব্য রহিয়াছে; কবি শক্তিমান্। ইহার নাম যে কি তাহা নিশ্চিতভাবে জানা যায় না। প্রাচীনত্বের প্রমাণ গ্রন্থমধ্যে বিদ্যমান। ইনি সনাতন গোস্বামিরচিত—'বৈষ্ণব-তোষণী'র "চণ্ডীদাসাদিদর্শিতদানখণ্ডনৌকাখণ্ডাদি"র চণ্ডীদাসও হইতে পারেন, আবার 'আদি'-দেরও কেহ হইতে পারেন। 'বড়ু'-র বাঙলা 'খণ্ড' সংস্কৃত টীকাকার ও আজীবন সংস্কৃতলেখক সনাতনের লক্ষ্য না হওয়াই স্বাভাবিক।

জয়দেবের পূর্ব্বেও বাঙলাদেশে সংস্কৃতে বা অপভ্রংশে রচিত পূর্ণাঙ্গ লীলাকাব্য ছিল বলিয়াই বিশ্বাস হয়। 'রাগাত্মিকা' শব্দটি গৌড়ীয় বৈষ্ণবের হইলেও, ভাবটি প্রাচীন। এই ভাবের একটি ব্যাপক ও পরিপুষ্ট বৈষ্ণবী ধারা বাঙলাদেশে প্রবাহিত না থাকিলে গীত-গোবিন্দের লীলাপরিবেশ ও লীলাবৈশিষ্ট্য অপরিচয়হেতু বাঙালীর সানন্দ আপ্যায়ন লাভ করিত না। গৌড়ীয় বৈষ্ণবের

"কৃষ্ণের যতেক লীলা সর্ব্বোত্তম নরলীলা,
নরবপুঃ তাহার স্বরূপ"

যে-উৎস হইতে উৎসারিত, সেখানে 'কৃষ্ণকর্ণামৃতের' সহিত গীতগোবিন্দও বর্ত্তমা

কর্ণামৃতে তাহা প্রকাশমান; গীতগোবিন্দে ইঙ্গিতময়; কর্ণামৃত শুধু 'অঙ্গীকৃতনরাকার' বলিয়াই ক্ষান্ত হইয়াছে; গীতগোবিন্দ কৃষ্ণের মুখের কথায় এবং কার্য্যকলাপে তাঁহার মানব-রূপকেই মহিমোজ্জ্বলভাবে প্রতিষ্ঠিত করিয়াছে।) রাগাত্মিকা ভক্তির বশীভূত ভগবান্ শ্রীকৃষ্ণকর্তৃক আপনমস্তকে শরণাশ্রিত ভক্তের চরণ-প্রার্থনা, "দেহি পদপল্লবমুদারম্" জয়দেবের সমকালীন বাঙালী বৈষ্ণবকে বিদ্রোহী করে নাই, চমৎকৃত করিয়াছে; কারণ, ভক্ত ও ভগবানের প্রেমসম্পর্কের এই পরাকাষ্ঠা তাহার ভাবকল্পনার অবশ্যম্ভাবী পরিণতি।) দুর্ভাগ্যক্রমে প্রাগ্-জয়দেবযুগের এবং জয়দেবোত্তর তিন শতাব্দীর বাঙলার বৈষ্ণব ঐতিহ্য স্পষ্টরূপে জানিবার কোনও উপায় আজও আমাদের হস্তগত হয় নাই।

চণ্ডীদাস-বিদ্যাপতিসম্বন্ধেও আমাদের জ্ঞান পূর্ণ নহে। গ্রিয়ার্সন ১৮৮২ খৃস্টাব্দে প্রকাশিত তাঁহার 'মৈথিলপদসংগ্রহে' ('Chrestomathy') বিদ্যাপতির মাত্র ৭৬টি রাধাকৃষ্ণলীলাপদ উদ্ধৃত করিয়াছেন; উহার বেশী তিনি মিথিলায় পান নাই। তাঁহার সংগ্রহের ভিত্তি কোনও প্রাচীন পাণ্ডুলিপি নহে, অন্ধ ভিক্ষুকের মুখে শোনা এবং দ্বারভাঙ্গার মহারাজার গৃহে পাওয়া (শোনা?—পাণ্ডুলিপির উল্লেখ তিনি করেন নাই) গান মাত্র। এই সংগ্রহের কিছু আমাদের অপরিচিত, কিছু সংখ্যাঘটিত প্রহেলিকামাত্র। গানগুলির সবই যে বিদ্যাপতিরচিত তাহারও প্রমাণাভাব। যেমন শুনিয়াছেন তেমনি ছাপিয়াছেন, না, উহাদের উপর ভাষাতাত্ত্বিক অস্ত্রোপচার করিয়াছেন, তাহার উল্লেখ নাই। করিয়াছেন বলিয়াই বিশ্বাস করি। ঊনবিংশ শতাব্দীর ভিক্ষুকের মুখে পঞ্চদশ শতাব্দীর ভাষা না পাওয়াই স্বাভাবিক। ভাষাতাত্ত্বিক গ্রিয়ার্সন একথা ভালই জানিতেন; সুতরাং উপযুক্ত অস্ত্রোপচার তিনি যে করিয়াছেন তাহাতে সন্দেহ করিবার কোন কারণ দেখি না। বাঙলা-দেশে বিদ্যাপতির নামে প্রচলিত পদের সংখ্যা প্রায় হাজার। এ সংখ্যাও অস্বাভাবিকভাবে স্ফীত। এখন নিঃসন্দেহে প্রমাণিত হইয়াছে যে ইহাদের মধ্যে বহু উৎকৃষ্ট পদ বাঙালী পদকর্ত্তা কবিরঞ্জন বিদ্যাপতি, কবিশেখর, কবিবল্লভ, ভূপতি প্রভৃতির রচিত ব্রজবুলিপদ। বিদ্যাপতি ভণিতার বাঙলা পদগুলির রচয়িতা বাঙালী। বড়ু চণ্ডীদাস-ভণিতাযুক্ত তেরটি পালায় (শেষেরটির নাম 'রাধাবিরহ,' বাকীগুলির প্রত্যেকটির উত্তরপদ 'খণ্ড') বিভক্ত রাধাকৃষ্ণগানের একখানি পুঁথি বাঁকুড়ার এক পল্লীতে পাইয়া শ্রদ্ধেয় বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় ভূমিকা ও টীকাসহ বঙ্গীয় সাহিত্য পরিষৎ হইতে ১৩২৩ বঙ্গাব্দে প্রকাশ করেন। "পুঁথির আদ্যন্তবিহীন খণ্ডিতাংশে কবির দেশকালাদির কথা দূরে থাকুক, পুঁথির নাম পর্য্যন্ত পাওয়া যায় নাই। কথিত হয়, চণ্ডীদাস 'কৃষ্ণকীর্ত্তন'-কাব্য রচনা করেন।... অতএব গ্রন্থের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' নামকরণ অসমীচীন নয়।" [ভূমিকা]। ভাষাতাত্ত্বিকের মতে ইহার ভাষা চৈতন্য-পূর্ব্ব; সুতরাং বড়ু প্রাক্-চৈতন্যযুগের। পূর্ব্বের ভূমিকায় বসন্তরঞ্জন লিখিয়াছেন যে চণ্ডীদাসের 'বাসুলী' বজ্রযানী বৌদ্ধদের বজ্রেশ্বরী ("বজ্রেশ্বরী—বজ্জসরী—বাজসরী—বাজসলী—বাসলী বা বাসুলী")। "বাসুলী ও বিশালাক্ষী উভয়েই ধর্ম্মঠাকুরের আবরণ-দেবতা"। ১৩৫৬ বঙ্গাব্দের নূতন সংস্করণের 'পুনর্লিখিত' ভূমিকায় তিনি লিখিয়াছেন: "কবির দেশ বীরভূম নান্নুর।......চণ্ডীদাস বাসলীর বাগীশ্বরীর বরে শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলা গান করেন।......নান্নুরের বাসলী ধর্ম্মপূজাবিধানের বাসলী.........নহেন। ইনি

পুস্তকাক্ষমালিকাহস্তা বীণাহস্তা সরস্বতীর প্রস্তরময়ী প্রতিমা।......ভাস্কর্য্য খৃস্টীয় ৮।৯ম শতাব্দীর অনুরূপ।

বাসলী বাগীশ্বরী শব্দেরই রূপান্তর [বাগীশ্বরী > বাইসরী > বাসরী > বাসলী]। ...... সরস্বতী ও বাসলী এক ও অভিন্না। ইঁহাকে বিশালাক্ষীও বলা হয়।" চণ্ডীদাসকে বীরভূমের নান্নুরে আনায় বাঙলার চিরপ্রচলিত কিংবদন্তীর সম্মান রক্ষিত হইল বটে, কিন্তু নূতন সমস্যারও উদ্ভব হইল ; আমরা আনন্দিতও হইলাম, চিন্তিতও হইলাম। বাঁকুড়া জেলার ছাতনার চণ্ডীদাস-দাবী, এক পুরাতন স্মৃতি আমাদের মনে জাগাইয়া তুলিতেছে : রামগতি ন্যায়রত্ন মহাশয়ের ১৮৭৩ খৃস্টাব্দে প্রথম প্রকাশিত 'বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যবিষয়ক প্রস্তাব'-গ্রন্থে দেখা যাইতেছে যে ছাতনা তখন ঠিক এইভাবেই বিদ্যাপতিকেও দাবী করিয়াছিল।

মহাপ্রভুর সমকাল হইতে অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত পদাবলী-সাহিত্যের যে কূলপ্লাবী মহাধারা প্রবাহিত হইয়াছে, তাহা প্রধানতঃ তিনটি ধারার যুক্ত ত্রিবেণী—রাধাকৃষ্ণলীলা, কৃষ্ণের বাল্যলীলা, গৌরাঙ্গলীলা। পারিষদের চক্ষে, ভক্তের চক্ষে শচীনন্দন গৌরচন্দ্র 'রাধাভাবদ্যুতিসুবলিত কৃষ্ণস্বরূপ' হইলেও, পদকর্ত্তাদিগকে সাধারণভাবে অনুপ্রাণিত করিয়াছেন রাধাভাবাক্রান্ত বিপ্রলম্ভশৃঙ্গারের মূর্ত্তিমান্ বিগ্রহ শ্রীগৌরাঙ্গ।

শ্রীগৌরাঙ্গদেবের আবির্ভাব হয় ১৪৮৬ খৃস্টাব্দে। নবদ্বীপের তরুণ নিমাই পণ্ডিত গয়ায় পিতৃকৃত্য করিতে গিয়া পরম বৈষ্ণব ঈশ্বরপুরীর নিকট প্রেমধর্ম্মে দীক্ষা লাভ করেন। নদীয়ায় প্রত্যাবর্ত্তনের পর লোকে সবিস্ময়ে দেখিল উদ্ধত পণ্ডিত-নিমাই ললিত প্রেমিক-নিমাইয়ে রূপান্তরিত হইয়া গিয়াছেন। ভাবাবেশে বিহ্বল নিমাইয়ের অলৌকিক আচরণে অদ্বৈত—শ্রীবাসপ্রমুখ প্রাচীন আচার্য্যগণ মুগ্ধ হইয়া ভক্তশিষ্যরূপে তাঁহার চরণে আত্মনিবেদন করিলেন। অচিরে তাঁহাদের সহিত মিলিত হইলেন নিমাইয়ের গুরুর গুরু মাধবেন্দ্রপুরীর শিষ্য অবধূত নিত্যানন্দ : হরিনামরসে "শান্তিপুর ডুবুডুবু নদে' ভেসে যায়"—জনগণমনে সে এক অপূর্ব্ব উন্মাদনা। শ্রীবাসের রুদ্ধদ্বার অঙ্গনে চলিতে লাগিল উদ্দণ্ড কীর্ত্তননৃত্য ; অনধিকারীর সেখানে প্রবেশ নিষেধ। জনগণ শুনিল, যে নাম সেই কৃষ্ণ—'নামের সহিত সদা ফিরেন শ্রীহরি'। শ্রীহরি ঐশ্বর্য্যময় বৈকুণ্ঠপতি নারায়ণ নহেন, মাধুর্য্যময় সচ্চিদানন্দ-মূর্ত্তি মানবকিশোর কৃষ্ণ। মানুষের তিনি সখা, মানুষের তিনি সন্তান, মানুষের তিনি কান্ত। প্রতি মানুষের হৃদয়দ্বারে প্রেমের কাঙালরূপে তিনি নিত্য দণ্ডায়মান ; দ্বার খুলিলেই মিলন ঘটিবে। মানুষে মানুষে ভেদ নাই ; ব্রাহ্মণশূদ্র, বৃহৎক্ষুদ্র কৃত্রিম পরিচয়। মানুষের একমাত্র সত্য পরিচয় সে মানুষ। মানবতা তখনই সার্থক হয়, যখন তাহার মধ্যে অনুস্যূত হয় ভগবৎ-প্রেম। ভগবান্‌কে ভালবাসা সহজ ; তাহা তত্ত্বজটিল কৃচ্ছ্রসাধনের "ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া দুর্গং পথঃ" নহে। প্রতিদিনের সংসার-যাত্রায় আমাদের প্রীতি মাতায়-সন্তানে, বন্ধুতে-বন্ধুতে, পতি-পত্নীতে যে বিচিত্র ভাবে আপনা হইতে স্বচ্ছন্দে আত্মপ্রকাশ করে, তাহারই ভগবন্মুখিতাই ভগবৎ-প্রেম।

নিরভিমান মহাপণ্ডিত, সর্ব্বত্যাগী, অনিন্দ্যসুন্দর একটি তরুণ মানবসন্তান একদিকে দুই বাহু প্রসারিত করিয়া পরম প্রেমে জাতিধর্ম্মনির্ব্বিশেষে মানবমাত্রকেই আপন বক্ষে টানিয়া লইতেছেন, অপরদিকে অখণ্ড ভগবৎপ্রেমে সাশ্রুনেত্রে রোমাঞ্চিতদেহে কৃষ্ণনাম উচ্চারণ

মানবমনের সহজ অনুরাগই 'রতি' ("রতির্মনো'নুকূলে'র্থে মনসঃ প্রবণায়িতম্"—৩।১৮০)। বৈষ্ণবের সর্ব্বাপেক্ষা প্রিয়বস্তু ভগবান্ শ্রীকৃষ্ণ। সুতরাং তাঁহাদের রতি লৌকিক নহে, 'কৃষ্ণরতি'। এই রতির রসরূপ পাঁচটি হইলেও স্বরূপে রস একটিমাত্র—'ভক্তিরস'। রূপ গোস্বামী তাঁহার ভক্তিরসামৃতসিন্ধুতে বলিয়াছেন—"বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ। স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ। এষা কৃষ্ণরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো ভবেৎ।।" অর্থাৎ শ্রবণকীর্ত্তনস্মরণ ইত্যাদি দ্বারা জাত স্থায়ী ভাব 'কৃষ্ণরতি' বিভাব-অনুভাব-সাত্ত্বিকভাব-ব্যভিচারিভাবের দ্বারা ভক্তহৃদয়ে আস্বাদ্য অবস্থায় আনীত হইলে তাহা ভক্তিরস হইয়া যায়।

ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি ভক্তমনের রতি পাঁচ ভাবে হইতে পারে। এই পাঁচ প্রকার রতির পরিণতি পাঁচ প্রকার রসে—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর (শৃঙ্গার, উজ্জ্বল)।

(১) **শান্তরস**: শ্রীকৃষ্ণকে সর্ব্বৈশ্বর্য্যশালী নিত্যবস্তুরূপে জানিয়া ভক্ত বিষয়বাসনা-বর্জনপূর্ব্বক ঐকান্তিক নিষ্ঠায় তাঁহার চরণে আত্মসমর্পণ করিতে পারেন। এ অবস্থায় ভক্ত-ভগবানে আত্মীয়তার সম্পর্ক থাকে না। ইহাতে স্থায়ী ভাব 'শম' নামে রতি। এই রতিতে 'সুতমিতরমণীসমাজে' 'তাতল সৈকতে বারিবিন্দুসম' ক্ষণস্থায়ী। এই অনিত্য-বস্তু হইতে মনকে প্রত্যাহৃত করিয়া ভক্ত সমর্পণ করেন নিত্য ভগবানে—

"কত চতুরানন মরি মরি যাওয়ত নহি তুয় আদি অবসানা।
তোহে জনমি পুন তোহে সমাওয়ত সায়রলহরসমানা।।"

বিদ্যাপতির এই প্রার্থনাখানিতে রস 'শান্ত' হইলেও ইহাতে 'গৌড়ীয়'-বিরোধী মুক্তি-কামনা আছে—'তারণ-ভার তুহারা'। প্রাক্-চৈতন্যযুগের পক্ষে ইহা স্বাভাবিক।

(২) **দাস্যরস**: ভগবান্ প্রভু, ভক্ত তাঁহার ভৃত্য; ভগবান্ ঐশ্বর্য্যশালী, ভক্ত দীন। ইহাতে স্থায়ী ভাব 'সেবা' নামে রতি। কৃষ্ণের ঐশ্বর্য্যরূপই ভক্তমনকে আকর্ষণ করে এবং তাঁহার সেবা করিয়াই ভক্ত কৃতার্থ হইতে চাহেন। এখানে শান্তরসের কৃষ্ণনিষ্ঠা বর্ত্তমান, অধিকন্তু সেবা। সেবায় ভক্ত-ভগবানে ঈষৎ মমত্বসম্পর্ক জাগিয়া উঠে। মীরার "চাকর রাখো জী" এই সূত্রে মনে পড়িয়া যায়। নরোত্তম দাসের "সেবা দিয়া কর অনুচর।... 'তু মেরে হৃদয়কে রাজা'" পদখানিতে দাস্যের ভাব রহিয়াছে।

শুদ্ধ শান্ত বা দাস্যরসের পদ চৈতন্যোত্তর যুগে নাই।

(৩) **সখ্যরস**: ভগবান্ ও ভক্তের মধ্যে এখানে পারস্পরিক বিশ্বাসময় সমপ্রাণতার সম্পর্ক। শান্তের কৃষ্ণনিষ্ঠা, দাস্যের সেবাও ইহাতে বর্ত্তমান, অধিকন্তু সমপ্রাণতা। সেবা কিন্তু শুধু ভক্তই করেন না, ভগবান্‌ও ভক্তের সেবা করেন। ইহাতে স্থায়িভাব 'বিস্রম্ভ'* (সঙ্কোচহীন পারস্পরিক বিশ্বাস) নামে রতি।

"সব সখা মিলি করিয়া মণ্ডলী ভোজন করয়ে সুখে।
ভাল ভাল ক'য়ে মুখ হ'তে ল'য়ে সভে দেয় কানুমুখে।।"—বিশ্বম্ভর

* বৈষ্ণবশাস্ত্রে কোথাও কোথাও তালব্য 'শ'-এ 'র'-ফলা দেখা যায়। ইহা লিপিকার বা মুদ্রাকর-প্রমাদ। 'ধাতুপাঠ'-এ 'স্রম্ভ' ধাতুর অর্থ 'বিশ্বাস করা' এবং 'শ্রম্ভ' ধাতুর অর্থ 'প্রমাদ বা ভুল করা'। 'সিদ্ধান্তকৌমুদী'তে "বিশ্বাসে দন্ত্যাদি :, তালব্যাদিঃ তু প্রমাদে"। এই কারণে 'বিস্রম্ভ' লেখা হইল।

"কানাই হারিল আজু বিনোদ খেলায়।
সুবলে করিয়া কান্ধে বসন আঁটিয়া বান্ধে
বংশীবটতলে লৈয়া যায়।।"—বলরামদাস

বলা বাহুল্য, সখ্যরসে কৃষ্ণে ঐশ্বর্য্যভাব ভক্তমনে থাকে না।

(৪) **বাৎসল্য রস** : শ্রীকৃষ্ণের সহিত ভক্তের এখানে পাল্য-পালক সম্পর্ক—ভগবান্ সন্তান, ভক্ত মাতা (বা পিতা)। ইহাতে শান্তের কৃষ্ণনিষ্ঠা, দাস্যের সেবা, সখ্যের বিস্রম্ভ, অধিকন্তু লালন-মমতাধিক্য বর্তমান। প্রয়োজন হইলে তাড়ন-ভর্ৎসনও লালনের অপরিহার্য্য অঙ্গরূপে আসিয়া পড়ে। ইহাতে স্থায়িভাব 'বৎসলতা' নামে রতি।

"বিপিনে গমন দেখি হ'য়ে সকরুণ আঁখি
কান্দিতে কান্দিতে নন্দরাণী।
গোপালেরে কোলে লৈয়া প্রতি অঙ্গে হাত দিয়া
রক্ষামন্ত্র পড়য়ে আপনি।।
এ দুখানি রাঙ্গাপায় ব্রহ্মা রাখুন তায়,
জানু-রক্ষা করুন দেবগণ।
কটিতট সুজঠর রক্ষা করুন যজ্ঞেশ্বর,
হৃদয় রাখুন নারায়ণ।।"—দ্বিজ মাধব

—মায়ের প্রাণ সন্তানের অমঙ্গল-আশঙ্কায় নিরন্তর কম্পমান। মাতা যশোমতী যাঁহার 'প্রতি অঙ্গে হাত দিয়া' রক্ষামন্ত্র পাঠ করিতেছেন, তিনি সর্ব্বমঙ্গলময় ভগবান্। কিন্তু এ জ্ঞান থাকিলে তো বৎসলতা সম্ভবপর হয় না। পদকর্ত্তা মাতৃহৃদয়ের সহজ রূপটিই চিত্রায়িত করিয়াছেন।

(৫) **মধুর রস** : ভগবান্ এখানে কান্ত, ভক্ত কান্তা। শান্তের কৃষ্ণনিষ্ঠা, দাস্যের সেবা, সখ্যের বিস্রম্ভ, বাৎসল্যের লালন ও মধুরের কান্তভাব এই পাঁচটির গভীর এবং আতিশয্যময় মিলনে মধুর রস। ইহার স্থায়ী ভাব 'মধুরা' নামে রতি।

শান্তে ভগবান্‌কে ভালোবাসার প্রশ্নই উঠে না। ভালোবাসার সূচনা দাস্যে এবং সখ্য, বাৎসল্যের ভিতর দিয়া চরম পরিণতি মধুরে।

এই 'মধুরা' রতির তিনটি প্রকারভেদ—সাধারণী, সমঞ্জসা, সমর্থা। 'সমর্থা' সর্ব্বশ্রেষ্ঠ।

কৃষ্ণের রূপলাবণ্যদর্শনে তাঁহার সঙ্গলাভে নিজের ইন্দ্রিয়বৃত্তি চরিতার্থ করিবার ঐকান্তিক বাসনা হইতে যে-রতি ভক্তহৃদয়ে উদ্বুদ্ধ হয়, তাহাই 'সাধারণী'। কৃষ্ণের গুণাদি-শ্রবণে শাস্ত্রসম্মত পরিণয়বন্ধনের দ্বারা পারস্পরিক সঙ্গসুখলাভের বাসনা হইতে যে-রতি ভক্তহৃদয়ে উদ্বুদ্ধ হয়, তাহার নাম 'সমঞ্জসা'। ভক্তহৃদয়ে যে-কৃষ্ণরতি স্বতঃসিদ্ধ, ভগবানের (ভক্তের নিজের নহে) তৃপ্তিসাধনই যাহার একমাত্র লক্ষ্য, যাহার কাছে সংসার-সমাজ সব মিথ্যা হইয়া যায়, যাহার প্রভাবে ভগবান্ ভক্তের বশীভূত হন, তাহাই সমর্থা রতি। মথুরায় কুব্জার রতি সাধারণী, দ্বারকায় রুক্মিণী-সত্যভামার রতি সমঞ্জসা। বৃন্দাবনে ললিতা-বিশাখা-চন্দ্রাবলী-শ্রীরাধার রতি সমর্থা—ইঁহারা কৃষ্ণের 'নিত্যপ্রিয়া'। এই নিত্যপ্রিয়াগণের শ্রেষ্ঠা চন্দ্রাবলী ও রাধা এবং এই দুইজনের মধ্যে উচ্চতর আসন রাধার।

সুতরাং বলা যাইতে পারে, বৈষ্ণবীয় শৃঙ্গার রসের বৃন্দাবনলীলায় স্থায়ী ভাব 'সমর্থা' নামে মধুরা রতি, নায়ক কৃষ্ণ, নায়িকা রাধা, প্রতিনায়িকা চন্দ্রাবলী।

কিন্তু রাধা আয়ানের এবং চন্দ্রাবলী গোবর্দ্ধনের পরিণীতা বলিয়া পক্ষে পরকীয় নায়িকা।

এ পরকীয়া লৌকিক পরকীয়া নহে। সম্পর্ক যেখানে ভক্তে ও ভগবানে লৌকিকের প্রশ্নই সেখানে উঠে না।

সমর্থা রতির মধ্যেই পরকীয়ার বীজ নিহিত রহিয়াছে। যে-প্রেমের পথে বাধা নাই, সে-প্রেমে তীব্রতা নাই। স্বকীয়ার প্রেম বৈচিত্র্যহীন। সমর্থা রতি 'সান্দ্রতমা' (নিবিড়তমা), 'সর্ব্ববিস্মারিগন্ধা' অর্থাৎ 'কুলধর্ম্মধৈর্য্যলোকলজ্জাদি' সব কিছুকে বিস্মরণীর অতলে ডুবাইয়া অর্থহীন করিয়া তোলাই ইহার স্বভাব। কোনও ভাবান্তরের দ্বারা ইহার লেশমাত্র রূপান্তর হয় না। স্বকীয়ায় এই রতি সম্ভবপর নহে।

"গুরু-গরবিতমাঝে রহি সখীসঙ্গে।
পুলকে পূরয়ে তনু শ্যামপরসঙ্গে।।
পুলক ঢাকিতে কত করি পরকার।
নয়নের ধারা মন বহে অনিবার।।
ঘরের যতেক সবে করে কানাকানি।
জ্ঞান কহে লাজঘরে ভেজাই আগুনি।।"

যে-রতিকে মূর্ত্ত করিয়া তুলিয়াছে, অথবা চণ্ডীদাসের

"গুরুজন আগে দাঁড়াইতে নারি
সদা ছলছল আঁখি।
পুলকে আকুল দিক্ নেহারিতে
সব শ্যামময় দেখি।।"

যে-রতিকে দিব্যোন্মাদের দ্বারপ্রান্তে উপনীত করিয়াছে, তাহা পরকীয়া রাধার সমর্থা রতি।

বৈষ্ণবের এই পরকীয়াবাদ যে তত্ত্বের উপর প্রতিষ্ঠিত তাহা দার্শনিক। রাধাকৃষ্ণ লৌকিক নারী-পুরুষ নহেন। শৃঙ্গার-রসে পরকীয়া নায়িকা, আমাদের অলঙ্কার-শাস্ত্রেরও অনুমোদিত নহে ("ন অন্যোঢ়া"—দশরূপক; "পরোঢ়াং বর্জয়িত্বা"—সাহিত্য-দর্পণ। ঊঢ়া = বিবাহিতা)। লৌকিক অলঙ্কারশাস্ত্রের এই অননুমোদন ব্রজগোপীপক্ষে কেন প্রযোজ্য নহে, তাহাই বলিতেছি। শ্রীকৃষ্ণ সৎ, চিৎ ও আনন্দের মূর্ত্তিমান্ বিগ্রহ নরাকার ভগবান্। সৎ-এর শক্তি 'সন্ধিনী,' চিৎ-এর 'সম্বিৎ' এবং আনন্দের 'হ্লাদিনী।' ললিতা-বিশাখা-চন্দ্রাবলী-রাধা সকলেই হ্লাদিনীর মানবীরূপ। হ্লাদিনীর সার অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ পূর্ণতম প্রকাশ রাধিকা। সংক্ষেপে, রাধাকৃষ্ণের প্রেমলীলার অর্থ সচ্চিদানন্দ শ্রীকৃষ্ণ-কর্তৃক আপন আনন্দেরই অভিনব উপায়ে আস্বাদন (নিজের রচিত কবিতা কবি যেমন আস্বাদন করেন, কতকটা সেইরূপ—তুলনাটি দুর্ব্বল, অনির্ব্বচনীয়কে বচনে বুঝাইবার প্রয়াস বলিয়া; ইহার ব্যঞ্জনাটুকুমাত্র লইতে হইবে)। লৌকিক সম্পর্কগুলি মায়িক—শ্রীকৃষ্ণেরই সম্বিৎ শক্তির অন্যতম বিকার 'যোগমায়ার সৃষ্টি'। তত্ত্বের দিক্ হইতে রাধা কৃষ্ণের স্বশক্তিরই অভিব্যক্তি

বলিয়া স্বকীয়া এবং লৌকিক দৃষ্টিতে অর্থাৎ মায়িকভাবে আয়ানবধূ রাধা কৃষ্ণের পরকীয়া। জীব রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শের সহস্রবন্ধনে বাঁধা বলিয়া জগতের স্বকীয়, ভগবানের পরকীয়। ভগবানের আহ্বানে সাড়া দিতে হইলে জীবকে সংসারবন্ধন তুচ্ছ করিয়া বাহির হইতে হয়; ইহাই পরকীয়ার অভিসার। বৈষ্ণবদর্শনের মতে জীবমাত্রেই নারীপুরুষ-নির্বিশেষে কৃষ্ণের আনন্দশক্তির অংশ; কিন্তু মায়া-প্রভাবে আপন স্বরূপ-সম্বন্ধে অচেতন। সাধনার দ্বারা চেতনার জাগরণ সম্ভব বলিয়া প্রত্যেকের মধ্যে আংশিক গোপী-সম্ভাব্যতা বর্ত্তমান।

রাধার ও ললিতা-বিশাখা প্রভৃতির কৃষ্ণরতি স্বভাবসিদ্ধ বলিয়া তাঁহাদের সাধ্যভক্তি। জীবের কৃষ্ণভক্তি সাধনাসাপেক্ষ বলিয়া তাহা সাধনভক্তি। সাধনভক্তির প্রথম স্তরপরম্পরা বৈধী অর্থাৎ শাস্ত্রবিধান-অনুযায়ী শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন (কৃষ্ণের পদসেবা নহে, তীর্থাদি যাত্রা), অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য, আত্মনিবেদন ("শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্ ॥"—ভাগবত ৭।৫।১৮)। এই ভাবের সাধনায় চিত্ত পরিমার্জিত ও নির্ম্মল হইলে সেখানে প্রেমের প্রতিবিম্ব পড়ে। এই প্রেমোদয়েই কান্তভাবের সূচনা। ইহার পর হইতে গোপীর অনুগত পন্থায় চলে কান্তভাবের সাধনা।

স্বত-উৎসারিত প্রেমে সহজচ্ছন্দে কৃষ্ণভজনের জন্য গোপীর ভক্তি রাগাত্মিকা। গোপীর এই 'রাগ' জন্মসিদ্ধ, সাধনলব্ধ নহে: "শিশুকাল হৈতে বন্ধুর সহিতে পরাণে পরাণে নেহা" (চণ্ডীদাস)। যে প্রেমে ভক্তহৃদয়ে পরম দুঃখও সুখরূপে ব্যঞ্জনা লাভ করে, সেই পরিণত প্রেমের নাম রাগ। চণ্ডীদাসের রাধার

"কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে  
তাহাতে নাহিক দুখ।  
তোমার লাগিয়া কলঙ্কের হার  
গলায় পরিতে সুখ ॥"

—এই রাগের নিদর্শন। এই রাগ গোপীর কৃষ্ণভক্তির অন্তরাত্মা বলিয়াই তাঁহার ভক্তি রাগাত্মিকা। জীবের রাগ স্বভাবজ নহে, সাধনালব্ধ। গোপী তাহার আদর্শ। জীবের সাধনা চলে গোপীর প্রেম-ভক্তির বা রাগের অনুসরণ-পন্থায়। গোপী গুরু, জীব শিষ্য। গোপী সিদ্ধ, জীব তাঁহার অনুগত সাধক—সুকঠিন মানসতপশ্চারী। এই কারণে জীবের ভক্তি রাগানুগা। নরোত্তম দাসের

"দুই মুখ নিরখিব দুই অঙ্গ পরশিব  
সেবা করিব দোঁহাকার ॥  
ললিতা-বিশাখা সঙ্গে সেবন করিব রঙ্গে  
মালা গাঁথি দিব নানাফুলে।  
কনক সম্পুট করি কর্পূর-তাম্বূল ভরি  
যোগাইব অধরযুগলে ॥"

—রাগানুগা ভক্তির উৎকৃষ্ট উদাহরণ।

শ্রীচৈতন্যদেবের ভক্তি রাধাভাবের আনুগত্যময়ী; তাঁহার মত লোকোত্তর ভক্তের পক্ষে ইহা সম্ভব। কিন্তু গৌড়ীয় বৈষ্ণব-সাধারণের ভজনা প্রকৃতপক্ষে গোপীভাবের;

রাধাভাবের নহে, যদিও রাধা গোপীগণেরই অন্যতমা। গোপীভাবে ভজনার অর্থ শ্রীরাধার সখী ললিতা-বিশাখা প্রভৃতির আনুগত্যময়ী রাধাকৃষ্ণের সেবারূপা।

স্থূল বিচারে মধুর রসে নায়িকা ব্রজগোপীমাত্রেই; কারণ, এ রসের আলম্বনবিভাব শ্রীকৃষ্ণ ও তাঁহার প্রেয়সীবৃন্দ এবং প্রেয়সী ললিতা-বিশাখা-রাধা প্রভৃতি ব্রজাঙ্গনা। তবু, নায়িকা রাধা, যেহেতু তিনি হ্লাদিনীর সারভূতা, সর্ব্বগুণসম্পন্না, 'মাদন'-নামক ভাবের একমাত্র অধিকারিণী মহাভাবময়ী। চন্দ্রাবলী প্রতিনায়িকা, রাধার প্রায় সমগুণশালিনী বলিয়া। অন্য গোপীগণ কৃষ্ণপ্রিয়া হইয়াও লীলাবিস্তারিকা সখীর অপূর্ব্ব পদবী লাভ করিয়া আছেন।

অন্য ভাবের বিচারে বলিতে হয় যে নিখিল ভক্তের সর্ব্বোৎকৃষ্ট প্রতীক এবং মধুর রসের সর্ব্বশ্রেষ্ঠ আশ্রয় শ্রীরাধা। ললিতা-বিশাখা প্রভৃতি সখী 'আরাধিকা' রাধিকার ভক্তিমুখী বিচিত্র চিত্তবৃত্তিরই মূর্ত্তিমান্ বিগ্রহ, শ্রীরাধারই 'কায়ব্যূহ'। চরিতামৃতের "কৃষ্ণলীলা মনোবৃত্তি সখী আশপাশ"-এর ইহাই তাৎপর্য্য।

তত্ত্ব যাহাই হউক, সখীহীন রাধাকৃষ্ণপ্রেম বৈচিত্র্যহীন প্রেমমাত্র, লীলা নহে। এই কারণে বৈষ্ণবমতে সখী 'লীলাবিস্তারিকা'। লৌকিক প্রেমের নাটক 'অভিজ্ঞান-শকুন্তলে' অনসূয়া-প্রিয়ংবদাহীন শকুন্তলা-দুষ্যন্ত-প্রেম বর্ণহীন হইয়া যাইত—নাটকই সম্ভবপর হইত না। ভাগবতে 'নায়িকা' নাই; সুতরাং সখী নাই। কিন্তু তাই বলিয়া সখী গৌড়ীয় বৈষ্ণবের কল্পনা নহে। প্রাক্-চৈতন্যযুগের জয়দেবে সখী আছে, 'রাধাপ্রেমামৃতে' সখী আছে, বিদ্যাপতিতে সখী আছে, এমন কি 'রাধাতন্ত্রে,' 'পদ্মপুরাণে' ললিতা-বিশাখাদি পরিচিত নামসহ সখী আছে। রূপ গোস্বামী বিশাখা-ললিতা ইত্যাদি সম্বন্ধে উজ্জ্বলনীলমণিতে লিখিয়াছেন "শাস্ত্রপ্রসিদ্ধাঃ"; এই 'শাস্ত্র'-সম্পর্কে জীব গোস্বামী ও বিশ্বনাথ চক্রবর্ত্তী টীকায় ভবিষ্যপুরাণ-স্কন্দপুরাণাদির নাম করিয়াছেন। 'রাধাতন্ত্র'কে প্রাক্-চৈতন্যযুগের প্রামাণিক গ্রন্থরূপে বসন্তরঞ্জনও গ্রহণ করিয়াছেন তাঁহার বড়ু চণ্ডীদাসের নূতন সংস্করণে। সতীশচন্দ্রের "ললিতা, বিশাখা, চন্দ্রাবলী প্রভৃতি লৌকিক বৈষ্ণবধর্ম্মরূপ কল্পতরুর পরবর্ত্তী শাখাপ্রশাখা"—এই বিদ্রূপগূঢ় উক্তিটি তথ্যসম্মত নহে।

'মধুর' ও 'উজ্জ্বল' শৃঙ্গাররসেরই নামান্তর। শৃঙ্গার রসের দুইটি ভেদ: **বিপ্রলম্ভ** ও **সম্ভোগ**।

পূর্ব্বরাগ, মান, প্রেমবৈচিত্ত্য ও প্রবাস এই চারিটি বিপ্রলম্ভ শৃঙ্গার। ইহাদের সংক্ষিপ্ত পরিচয় দিতেছি।

মিলনের পূর্ব্বে পরস্পরের দর্শনাদির দ্বারা নায়ক-নায়িকার চিত্তে উদ্বুদ্ধ রতি যখন বিভাবাদির সংযোগে আস্বাদনীয় অবস্থা লাভ করে, তখন তাহার নাম হয় **পূর্ব্বরাগ**। আমাদের এই চয়নগ্রন্থে 'ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি,' 'যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু-জ্যোতি' যথাক্রমে রাধার ও কৃষ্ণের রূপদর্শনজাত পূর্ব্বরাগ; 'কেবা শুনাইল শ্যামনাম' রাধার কৃষ্ণনামশ্রবণজাত পূর্ব্বরাগ।

প্রতিনায়িকাকে নায়ক যদি উৎকর্ষ দেন, তাহা হইলে নায়িকার মনে যে ঈর্ষ্যাজনিত রোষের উদ্ভব হয়, তাহারই আস্বাদযোগ্য অবস্থার নাম **মান**। আমাদের "ধনি ভেলি মানিনী" প্রভৃতি পদ এই সূত্রে পঠনীয়।

প্রেমের গভীরতার ফলে প্রিয়সান্নিকর্ষে থাকিয়াও বিরহবোধ-জনিত যে বেদনা, তাহারই আস্বাদযোগ্য অবস্থার নাম **প্রেমবৈচিত্ত্য**। আমাদের চয়নে 'নাগর সঙ্গে রঙ্গে যব বিলসই' ইহার উৎকৃষ্ট উদাহরণ।

দেশান্তরগমনাদি কারণে বিচ্ছিন্ন নায়ক নায়িকাহৃদয়ে যে বিরহ-বেদনার সৃষ্টি করেন, সেই বেদনার আস্বাদ্য অবস্থা **প্রবাস**। আমাদের মাথুর অংশের পদ ইহার উদাহরণ।

ইহাদের প্রত্যেকটি বিপ্রলম্ভ-নামক শৃঙ্গার রস। ইহারা মাত্র ভালোবাসা, রোষ, বেদনা-বোধ নহে; পরন্তু উপযুক্ত বিভাব-অনুভাব-সঞ্চারী ভাবের সংযোগে তাহাদের আনন্দময় সংবিদ্-রূপ। আমাদের বর্ত্তমান লক্ষ্য পদাবলী-কাব্য, বস্তুজগতের সাধারণ ঘটনা নহে।

**সম্ভোগ** নায়ক-নায়িকার মিলনজাত উল্লাসময় ভাব। ইহাও বাস্তব নহে, কাব্যগত। বৈষ্ণবশাস্ত্রে বহু প্রকার সম্ভোগের মধ্যে শ্রেষ্ঠ 'সমৃদ্ধিমান্ সম্ভোগ'। ইহার একটি বিশিষ্ট লক্ষণ এই যে নায়িকা এখানে সম্পূর্ণ স্বাধীন। রাধা পরকীয়া বলিয়া পূর্ণ স্বতন্ত্রতা তাঁহার পক্ষে সম্ভব নহে। এই কারণে বৃন্দাবন-লীলায় সমৃদ্ধিমান্ সম্ভোগ কল্পনা করা কঠিন। রূপ গোস্বামী 'ললিতমাধব' নাটকে বৃন্দাবনের রাধাকে মায়িকভাবে দ্বারকায় লইয়া গিয়া সত্যভামায় রূপান্তরিত করিয়া মহারাজ কৃষ্ণের সহিত তাঁহার বিবাহ দিয়াছেন। পরকীয়াকে স্বকীয়া করিয়া তবে সমৃদ্ধিমান্ সম্ভোগ দেখাইয়াছেন।

**বিপ্রলম্ভই** সম্ভোগকে পুষ্ট করিয়া সার্থক করে। এই কারণে রসব্যঞ্জনায় সম্ভোগ অপেক্ষা অনেক উচ্চ আসন বিপ্রলম্ভের। বৈষ্ণব-মহাজনগণ অভিসারের পর মিলন, দানলীলা, নৌকাবিলাস, মানান্তে মিলন প্রভৃতি উপলক্ষে সম্ভোগের অনেক সুন্দর পদ রচনা করিয়াছেন। কিন্তু সত্যকার কাব্য সৃষ্টি করিয়াছেন বিপ্রলম্ভের পদে। এই জাতীয় পদের সংখ্যাও যেমন অত্যধিক, কাব্যোৎকর্ষও তেমনি। স্থূল বিচারে, সম্ভোগ মিলনসুখ এবং বিপ্রলম্ভ মিলনের অভাবজনিত বেদনাবোধ। বাস্তবসুখ যখন সাহিত্যিক আনন্দময়তা অর্থাৎ রসরূপতা লাভ করে, তখন অবশ্যই তাহাতে বৈচিত্র্য থাকে; কারণ, সাহিত্য বস্তুর অনুকৃতিমাত্র নহে, ব্যঞ্জনাময় মানসপ্রকাশ। কিন্তু দুঃখকে রসোত্তীর্ণ করার অর্থাৎ নির্ম্মল আনন্দরূপে পরিণতি দান করার মধ্যেই কবির কৃতিত্ব—এইখানেই কবি সত্যকার স্রষ্টা, "কবিরেকঃ প্রজাপতিঃ"।

এইবার নায়িকার 'অষ্ট অবস্থা'-র সংক্ষিপ্ত পরিচয়:

* (১) **অভিসারিকা**: প্রিয়মিলনার্থে সঙ্কেতকুঞ্জাভিমুখে যাত্রাকারিণী;
(২) **বাসরসজ্জা**: মিলনোদ্দেশ্যে নিজদেহসজ্জায় ও সঙ্কেতগেহসজ্জায় নিরতা;
(৩) **উৎকণ্ঠিতা**: উৎসুকভাবে নায়কের জন্য সঙ্কেতকুঞ্জে প্রতীক্ষারতা;
(৪) **বিপ্রলব্ধা**: নায়কের দ্বারা বঞ্চিতা বা প্রতারিতা;
(৫) **খণ্ডিতা**: প্রতিনায়িকার নিকট হইতে প্রভাতে আগত নায়ককে দেখিয়া রুষ্টা;
(৬) **কলহান্তরিতা**: খণ্ডিতার আশ্রয় 'মান'—মানে কৃষ্ণকে হারাইয়া অনুতপ্তা;
(৭) **প্রোষিতভর্ত্তৃকা**: নায়কের মথুরাগমনে বিরহিণী;
(৮) **স্বাধীনভর্ত্তৃকা**: নায়ককে নিকটে আপন অধিকারের মধ্যে লাভকারিণী—ইহাতে খণ্ডমিলনের ব্যঞ্জনা রহিয়াছে।

আটটি শব্দের প্রত্যেকটি নায়িকার বিশেষণ।

## (৪) পদাবলীর ভাষা

চৈতন্য-প্রভাবে উদ্দীপিত বাঙালীর নবচেতনার আনন্দময় বিলাস কাব্যসৃষ্টি। এই সৃষ্টি প্রধানতঃ দ্বিমুখী—চরিতকাব্য ও পদাবলী কাব্য। বাঙলা-সাহিত্যে চরিতকাব্যের প্রথম স্রষ্টা বৈষ্ণব। সুদীর্ঘ তিন শতাব্দী ধরিয়া এই আনন্দবিলাস চলিয়াছে অব্যাহত গতিতে। শীতজীর্ণ মুহ্যমান বাঙলায় সে যেন এক অভূতপূর্ব বসন্তলীলা। রবীন্দ্রনাথের

"বসন্তে আজি বিশ্বখাতায়
হিসাব নাইকো পুষ্পপাতায়,
জগৎ যেন ঝোঁকের মাথায়
সকল কথাই বাড়িয়ে বলে"

বাঙলার বৈষ্ণবযুগসম্পর্কে বর্ণে বর্ণে সত্য। 'সকল প্রকার অজস্রত্ব' যাঁহাদের অন্তরে বিরাজ করিতেছে, তাঁহারা যে অনায়াসেই উদ্দামভাবে 'যোজন যোজন বাণী ছুটাইয়া' দিবেন, ইহাতে বিস্ময়ের কিছু নাই। তাই দেখি পদাবলীতে বাঙলা, ব্রজবুলি, সংস্কৃত, সংস্কৃতমিশ্র বাঙলা, সংস্কৃতমিশ্র ব্রজবুলি, ব্রজবুলিমিশ্র বাঙলার সমারোহময় শোভাযাত্রা চলিয়াছে। এই বিচিত্র রূপের যথাক্রমিক উদাহরণ :

"ঘর হৈতে আইলাম বাঁশী শিখিবার তরে"—জ্ঞানদাস ;
"কুলমরিযাদ কপাট উদঘাটলুঁ তাহে কি কাঠকী বাধা"—গোবিন্দদাস ;
"ধ্বজবজ্রাঙ্কুশপঙ্কজকলিতম্"—গোবিন্দদাস ;
"দেখ সখি মধুর সুবেশম্"—বীরবাহু (পদামৃতসিন্ধু) ;
"ধৈর্য্যং রহু ধৈর্য্যং হাম গচ্ছং মথুরাওয়ে"—যদুনন্দন (?) ;
"রাই কিছু কহই ন পারি।
তুয়া রূপগুণের বালাই লৈয়া মরি॥"—নরহরি চক্রবর্ত্তী।

রাধা ও উদ্ধবের প্রশ্নোত্তরাত্মক

"কস্ত্বং শ্যামলধামা ? হরিকিঙ্কর হাম উদ্ধবনামা।
কুরুতে কিং মধুনগরে ? কংসক পক্ষ দলন করি বিহরে।"

—চন্দ্রশেখর-রচিত এই পদখানির গঠন অদ্ভুত : প্রশ্ন দুইটির ভাষা সংস্কৃত, উত্তর দুইটির ব্রজবুলি, 'করি বিহরে' আবার বাঙলা। কথোপকথনের নাটকীয় রীতি সংস্কৃত নাটকের বিপরীত—রাধার কথা সংস্কৃত, উদ্ধবের প্রাকৃত (ব্রজবুলিকে প্রাকৃত ধরা হইল)।

বাঙলা-সংস্কৃত-ব্রজবুলির এই সমমূল্যনির্দ্ধারণ যেন "ভাষায়াং মানবঃ শ্রুত্বা রৌরবং নরকং ব্রজেৎ"-এর জীবন্ত প্রতিবাদ। শুধু তাহাই নহে। যে চৈতন্যধর্ম্ম দ্বিজচণ্ডালকে ভক্তির ক্ষেত্রে একাকার করিয়াছে, তাহারই স্বাভাবিক ফলশ্রুতিরূপেই বাঙলা-সংস্কৃত-ব্রজবুলি একাসনে বসিয়াছে—বৈষ্ণবপরিধির মধ্যে সংস্কৃত-বাঙলা সবই 'দাস' হইয়া গিয়াছে।

দ্বাদশ শতাব্দীর জয়দেবের সংস্কৃত গীতগুলি সহজেই বাঙলা পদাবলী-সাহিত্যের অঙ্গীভূত হইয়াছে। রূপ গোস্বামীর, রায় রামানন্দের এবং চৈতন্যোত্তর কালের গোবিন্দদাস

রাধামোহন প্রভৃতির সংস্কৃত পদও বাঙলা পদাবলীর পর্য্যায়ভুক্ত হইয়া গিয়াছে। চণ্ডীদাসের পদ বাঙলা, বিদ্যাপতির মৈথিল। পরকীয়াবাদী বিদ্যাপতিকে চৈতন্যোত্তর বাঙলা আত্মসাৎ করিয়াছে।

## ব্রজবুলি :

মৈথিলের ভিত্তিতে গঠিত এক কৃত্রিম অথচ মধুর সাহিত্যিক ভাষায় বাঙলাদেশে অষ্টাদশ শতাব্দী পর্য্যন্ত অসংখ্য মহাজন এবং উনবিংশ শতাব্দীর প্রান্তভাগে তরুণ রবীন্দ্রনাথও পদ রচনা করিয়াছেন। এই কৃত্রিম মৈথিলকে বলা হয় 'ব্রজবুলি'; কারণ, আমাদের সাহিত্যের ইতিহাসের মতে, জনসাধারণ বৈষ্ণব কবিদের ঐ নূতন ভাষা শুনিয়া মনে করিল যে বৃন্দাবনের রাধাকৃষ্ণ সম্ভবতঃ ঐ ভাষাতেই কথা বলিতেন, উহা 'ব্রজের বুলি,' তাই উহার নাম হইল ব্রজবুলি। এই ব্যাখ্যাটি কাল্পনিক। নামটিরও বয়স্ বেশী নহে; কারণ, প্রাচীন বৈষ্ণবগ্রন্থে ইহার উল্লেখ দেখি না। নামটি এখন আমরা সম্প্রসারিত অর্থেও প্রয়োগ করি অর্থাৎ যে সকল পদে রাধাকৃষ্ণ বা ব্রজলীলার প্রসঙ্গ নাই, তাহাদেরও মিশ্র-মৈথিল বাহনটিকে আমরা ব্রজবুলি বলি। আমাদের ভাষার ইতিহাসে দেখিতেছি যে মৈথিল কবি বিদ্যাপতির পদের ভাব ও ভাষার অনুসরণে বাঙলা, উড়িষ্যা ও আসামে পঞ্চদশ শতাব্দীর শেষভাগে ব্রজবুলি ভাষার সৃষ্টি হয়। এই সিদ্ধান্তটি পরীক্ষা করা যা'ক্।

আসামের প্রসিদ্ধ ভক্তকবি শঙ্করদেব মহাপ্রভু অপেক্ষা চব্বিশ বৎসরের বড় ছিলেন। পুরীতে একসময়ে উভয়ের সাক্ষাৎও হইয়াছিল। আসামে শঙ্করপ্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্ম চৈতন্য-ধর্ম্ম হইতে ভিন্ন—চৈতন্যদেব পরকীয়াবাদী, শঙ্করদেব স্বকীয়াবাদী। শঙ্কররচিত 'রুক্মিণী-হরণ,' 'পারিজাতহরণ' দ্বারকার কথা, বৃন্দাবনের নহে। তিনি 'পারিজাতহরণ' নাটকখানি গঠন করিয়াছেন মিথিলার কবি উমাপতির 'পারিজাতহরণ' নাটকেরই আধারে—উমাপতির বাহন সংস্কৃত-প্রাকৃত-মৈথিল, শঙ্করদেবের সংস্কৃত-অসমিয়া-ভগ্ন-মৈথিল; উভয় নাটকই গদ্য-পদ্যাত্মক। এখানে যে উমাপতির প্রভাব প্রত্যক্ষ এবং বিদ্যাপতির মাত্র পরোক্ষ একথা নিঃসংশয়ে বলিতে পারি। শঙ্করের মৈথিলানুগ ভাষা সত্যই সুন্দর: "হরি হরি পিয় মোরি বৈরি অধিক ভেলি, কয়লি অতয়ে অপমানা" ভাষায়, ব্যাকরণগত ত্রুটিসত্ত্বেও, মৈথিল কবিকে এবং ছন্দে মৈথিল কবির ("অরুণ পূরব দিশি বহলি সগর নিশি, গগন মগন ভেল চন্দা"—উমাপতি) ভিতর দিয়া জয়দেবকে স্মরণ করাইয়া দেয়। উক্তিটি দ্বারকায় মহারাজ (মাধুর্য্যের নহে, ঐশ্বর্য্যের প্রতীক) কৃষ্ণের মহিষী সত্যভামার। ইহা 'ব্রজের বুলি' নহে, সুতরাং তথাকথিত ব্রজবুলি নহে।

। বাঙলাদেশে চৈতন্যপ্রভাবের পূর্ব্বে রচিত বলিয়া অনুমিত মিশ্র-মৈথিল পদ মাত্র একখানি রহিয়াছে—যশোরাজ খান ভণিতাযুক্ত "এক পয়োধর চন্দনলেপিত......"। ইহাতে বাঙলার সুলতান হুসেন শাহের (১৪৯৩–১৫১৮) নাম আছে। রচনাকাল ষোড়শ শতাব্দীর প্রারম্ভও হইতে পারে, পঞ্চদশের শেষও ধরা চলে।। পদখানি সপ্তদশ শতাব্দীর শেষে রচিত পীতাম্বর দাসের বৈষ্ণব রসগ্রন্থ 'রসমঞ্জরী'তে নায়িকা রাধার অবস্থা-বিশেষের উদাহরণরূপে গৃহীত হইয়াছে; আর কোথাও পাওয়া যায় নাই। । যশোরাজ নাকি শ্রীখণ্ডবাসী, একখানি শ্রীকৃষ্ণমঙ্গল কাব্যের রচয়িতা এবং পদখানি নাকি ঐ কাব্যের অন্তর্ভুক্ত। মহাপ্রভুর অন্তরঙ্গ

পার্ষদ নরহরি সরকারের শ্রীখণ্ড চৈতন্য-সমকাল হইতেই বৈষ্ণবতীর্থ। চৈতন্যপ্রভাবের অব্যবহিত পূর্ব্বে রচিত শ্রীখণ্ডেরই যশোরাজের কাব্য-সম্বন্ধে সপ্তদশ শতাব্দীর ষষ্ঠ দশক পর্য্যন্ত শ্রীখণ্ড নীরব। ১৬৭৩ খৃষ্টাব্দে শ্রীখণ্ডের গোপাল দাস হঠাৎ যশোরাজের কথা বলিলেন এবং তৎপুত্র পীতাম্বর একখানি পদ উদ্ধার করিলেন। তাহার পর হইতে আবার সকলে নীরব। বিশাল নীরবতার বুকে আকস্মিক একটি বুদ্বুদের মত যশোরাজ জাগিয়াই মিলাইয়া গেলেন। কেন? গুণরাজ খানের 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্য রাধাহীন হইয়াও মহাপ্রভুর প্রশংসা লাভ করিল; অন্যদিকে অমন সুন্দরপদযুক্ত রাধাকৃষ্ণলীলা থাকা সত্ত্বেও যশোরাজের কাব্য কাহারও দৃষ্টিপথে পতিত হইল না। কেন? অবস্থাটা সন্দেহজনক। তাঁহার নামাঙ্কিত পদখানির নায়িকাও সন্দেহের অতীত নহেন। পূর্ব্বাপর-প্রসঙ্গহীন ছিন্ন-সূত্র বর্ণনা হইতে নায়িকা স্বকীয়া কি পরকীয়া তাহা নিশ্চিতভাবে বুঝা যায় না। স্বকীয়া বলিয়াই মনে হয়; কারণ, ইনি ঘরের চৌকাঠের বাহিরে ধীরে ধীরে পায়চারি করিতেছেন —"আধ পদচারি করত সুন্দরী বাহির দেহলী মাঝে"। বিচ্ছিন্ন পদখানির নায়িকাকে পীতাম্বর রাধা করিয়াছেন হয়তো যুগানুগত কল্পনায়, যেমন ঐ শতাব্দীরই শেষভাগে (১৬৯৬ খৃঃ) রচিত 'আনন্দচন্দ্রিকা' টীকায় অনেক কিছু করিয়াছেন প্রখ্যাতনামা টীকাকার আচার্য্য বিশ্বনাথ চক্রবর্ত্তী। বিশ্বনাথ 'উজ্জ্বলনীলমণি'তে উদ্ধৃত "যাতে দ্বারবতীম্" ইত্যাদি রাধাবিরহ কবিতাটি বসাইয়াছেন "নান্দীমুখী"র মুখে। কবিতাটি দেখিতেছি 'ধ্বন্যালোক'-এর 'লোচন' টীকায়। একাদশ শতাব্দীর আচার্য্য অভিনব গুপ্ত-কর্ত্তৃক উদ্ধৃত কবিতায় ষোড়শ শতাব্দীর 'নান্দীমুখী' কেমন করিয়া যাইবে? অথচ ধ্বন্যালোকও বিশ্বনাথের অপরিচিত ছিল না; কারণ, উহারই ভিত্তিতে রচিত কবি-কর্ণপূরের "অলঙ্কার-কৌস্তভ"-গ্রন্থের টীকাকার বিশ্বনাথ চক্রবর্ত্তী—টীকার নাম 'সুবোধনী'। বৈষ্ণব শাস্ত্রে এরূপ উদাহরণ অজস্র আছে। এইরূপ ব্যাপারকেই আমি যুগানুগত কল্পনা বলিয়াছি। যশোরাজের পদখানির নায়িকা স্বকীয়া হইলে প্রভাব উমাপতির, পরকীয়া হইলে বিদ্যাপতির।

চৈতন্য-প্রভাবের পূর্ব্বে রচিত মিশ্র-মৈথিল পদ উড়িষ্যাতেও পাইতেছি মাত্র একখানি —রায় রামানন্দের "পহিলহি রাগ নয়নভঙ্গ ভেল......"। মহাপ্রভুর সহিত প্রথমমিলন-কালেই (১৫১০) পদখানি তিনি গাহিয়াছিলেন প্রেমবিলাসবিবর্ত্তের উদাহরণরূপে। সুতরাং উহার রচনাকাল চৈতন্যপ্রভাবের পূর্ব্ববর্ত্তী—ষোড়শ শতাব্দীর প্রথম, অথবা পঞ্চদশের শেষ ভাগ। উক্তি পরকীয়া রাধার ; ভাবে স্থূলতঃ বৃহদারণ্যক উপনিষদের (৪।৩।২১—'গৌরচন্দ্র ও গৌরচন্দ্রিকা' প্রবন্ধে উদ্ধৃত করিয়াছি) এবং বিশেষতঃ একটি সুপ্রাচীন অর্থাৎ 'দশরূপক'-এর টীকায় দশম শতাব্দীর আচার্য্য ধনিক-কর্ত্তৃক উদ্ধৃত সংস্কৃত কবিতার ("কোঽসৌ, কাস্মি, রতং নু কিং কথমিতি, স্বল্পাপি মে ন স্মৃতিঃ") ছায়া। মিশ্রমৈথিলে অন্য পদ তিনি রচনা করেন নাই; করিলে, মহাপ্রভুর দীর্ঘকালের ভক্তসঙ্গী এই অসাধারণ ব্যক্তির পদ কখনই অসংগৃহীত থাকিত না। ঐ একখানিমাত্র পদে রায় রামানন্দ মিশ্র-মৈথিলের যে পরিণত রূপ দিয়াছেন, তাহা সত্যই বিস্ময়কর। এ ভাষায় আসামে শঙ্করদেব অজস্র পদ লিখিয়া-ছিলেন; কিন্তু উড়িষ্যায় শুধু রামানন্দের ঐ পদখানিতেই ব্রজবুলির প্রথম ও শেষ রূপায়ণ। উড়িষ্যায় মহাপ্রভুর প্রভাব এত গুরুতর যে তাঁহাকে ও তাঁহার 'মধুর রস'কে লইয়া বহু গান,

বহু কাব্য ওড়িয়া ভক্তকবি তিন শতাব্দী যাবৎ রচনা করিয়াছেন। ।ষোড়শ শতাব্দীর দীনকৃষ্ণ, গোবিন্দ ভঞ্জ প্রভৃতি হইতে আরম্ভ করিয়া সপ্তদশের শ্রীহরিদাস, দীনবন্ধু, বৃন্দাবতী, মুসলমান বৈষ্ণবী সালবেগ প্রভৃতির ভিতর দিয়া অষ্টাদশের সদানন্দ কবিসূর্য্য, অভিমন্যু সামন্ত সিংহার প্রভৃতির কেহই ব্রজবুলিতে পদ রচনা করেন নাই; ইঁহাদের পদের ভাষা ওড়িয়া (অধ্যাপক বিনায়ক মিশ্র রচিত 'ওড়িয়া সাহিত্যের ইতিহাস' দ্রষ্টব্য)। পদকল্পতরুতে উদ্ধৃত সালবেগের তিনখানি পদের একটির ভাষা ওড়িয়া, একটির ব্রজভাষা (মথুরাঞ্চলের কথিত), তৃতীয়টির ব্রজবুলিগন্ধি (ঠিক ব্রজবুলি নহে)। সুতরাং 'বাঙলাদেশ হইতে ব্রজবুলি পদ-রচনার ধারা উড়িষ্যায় প্রচলিত হইয়াছিল' বলা তথ্যসম্মত নহে।।

।ধারাপ্রবর্ত্তন একমাত্র বাঙলাদেশেই হইয়াছিল এবং মহাপ্রভুর সমকাল হইতেই তাঁহার দ্বারা আস্বাদিত ও বহুমানিত বিদ্যাপতির পদাবলীর প্রভাব যে অতি স্বাভাবিক ভাবেই এ ব্যাপারে সক্রিয় ছিল, তাহাতে সন্দেহ নাই। এ ধারার প্রথম প্রবর্ত্তক মুরারি গুপ্ত, বাসুদেব ঘোষ প্রভৃতি। মুরারির "তপন কিরণে যদি অঙ্কুর দগধল, কি করব জল অভিষেকে......" অথবা বাসু ঘোষের "ভাঙ-ভুজঙ্গম দংশল মঝু মন, অন্তর কাঁপয়ে মোর..."-এ মিশ্র-মৈথিলের যে পরিণত রূপ দেখিতেছি, তাহা অজ্ঞাত একটা ভাষার অন্ধ অনুকরণে সম্ভব নহে। বৈষ্ণব-যুগের মহাজনদের ব্রজবুলি-পদাবলীর প্রকাশ এত স্বচ্ছন্দ, প্রবাহ এত সাবলীল যে মনে হয় এ ভাষা যেন তাঁহাদের মাতৃভাষা। অথচ প্রতিভাবান্ রবীন্দ্রনাথের সচেতন প্রয়াস সত্ত্বেও 'ভানুসিংহের পদাবলী'-র ভাষা দুর্ব্বল ও বিকৃত। তাঁহার বিখ্যাত পদ 'মরণরে তুঁহু মম শ্যাম সমান'-এর 'মৃত্যু অমৃত করে দান,' 'কি ভয় তাহারে' খাঁটি বাংলা; 'ভইবি,' 'আসব', 'টুটাইব,' 'ফুরাওল' ব্রজবুলি নহে—ব্রজবুলির কান ইহাতে পীড়া অনুভব করে। ইহার কারণ রবীন্দ্রনাথ ও বৈষ্ণব কবিদের কাল-ব্যবধান, মিথিলা-বাঙলার যোগ-ক্ষেত্র হইতে রবীন্দ্রনাথ বিচ্ছিন্ন।। বৈষ্ণবযুগের পূর্ব্ব হইতেই শিক্ষিত বাঙালী যে মৈথিল ভাষায় মোটামুটি কথা বলিতে পারিতেন, তাহার প্রমাণ "এক বংগালী, দোসর তোতরাহ" (একে বাঙালী, তাতে তোতলা) এই প্রসিদ্ধ মৈথিল প্রবচনটি (ইহার উৎপত্তি-সম্বন্ধে গ্রিয়ার্সনের Chrestomathy, ২১৩ পৃঃ দ্রষ্টব্য)। বিদ্যাপতিও যে বাঙলা বলিতে পারিতেন, তাহার প্রমাণ তাঁহার "**কহিঅ** না **পারিঅ** পহুমুখ ভাসা": 'কহিতে পারা'-র 'পার্' ধাতু 'সমর্থ হওয়া' (to be able) অর্থে বিদ্যাপতি প্রয়োগ করিয়াছেন; এ অর্থ বাঙলা এবং এই অর্থে ধাতুটির প্রয়োগ মিথিলায় আগেও ছিল না, আজও নাই (Chresto-mathy, ২০৬–৭ পৃঃ দ্রষ্টব্য)। বাঙলা-মিথিলার ঘনিষ্ঠ যোগের জন্য উভয় স্থানেরই শিক্ষিতদের অনেকে পরস্পরের ভাষা বুঝিতে ও মোটামুটি বলিতে পারিতেন। তদানীন্তন বাঙলার অঙ্গীভূত আসামের প্রায় বাঙলাভাষী শঙ্করদেবও মৈথিল বলিতে পারিতেন বলিয়া বিশ্বাস করি। ।ব্রজবুলি মৈথিলের অনুকরণ নহে, বাঙলা প্রভৃতির সহিত মৈথিলের ক্ষেত্রো-পযোগী সমীকরণ; কিন্তু সচেতন প্রয়াসের দ্বারা নহে, আপন আপন মাতৃভাষার স্বাভাবিক প্রভাবে। মনে রাখিতে হইবে যে তদানীন্তন মিথিলা দীর্ঘ কাল ধরিয়া বাঙলার সারস্বততীর্থ ছিল এবং স্বভাবতঃই তাহার উপর মৈথিল ভাষার একটা আকর্ষণ ছিল। মিথিলাতেই ব্রজ-বুলির ক্ষেত্র কতকটা প্রস্তুত হইয়াছিল—বিদ্যাপতি-উমাপতি স্বয়ং একাজ করিয়াছিলেন। শৈব মিথিলায় বৈষ্ণব ভাবধারা বর্ষিত হইয়াছিল বাঙলারই ।"মেঘৈর্মেদুরমম্বরম্" হইতে।

সেই ধারা-পানে যে কয়টি চাতক আনন্দে গাহিয়া উঠিয়াছিল, উমাপতি-বিদ্যাপতি তাঁহাদের মধ্যে প্রাচীনতম। সাধারণ মিথিলাবাসী যে সে-গানে মুগ্ধ হইবে না এবং বাঙালীই তাহা কান পাতিয়া শুনিবে, একথা তাঁহাদের অজ্ঞাত ছিল না। তাই পদাবলী রচনায় তাঁহারা প্রয়োগ করিয়াছিলেন সরলতর ভাষা। আমাদের বিশ্বাস উমাপতি-বিদ্যাপতি সমকালীন। ভণিতায় 'হিন্দুপতি' প্রয়োগ নিঃসংশয়ে প্রমাণ করে না যে উমাপতি চতুর্দশ শতাব্দীর রাজা হরিসিংহকেই বুঝাইতেছেন; 'হিন্দুপতি' বিদ্যাপতিও প্রয়োগ করিয়াছেন (Chrestomathy, ২৭ সংখ্যক পদ)। বিদ্যাপতির 'হরগৌরী' পদাবলীর কঠিন ও দুর্বোধ্য মৈথিল দেখিয়া মনে হয় এ পদ-রচনায় মিথিলার বাহিরে তাঁহার দৃষ্টি ছিল না, যেমন ছিল বৈষ্ণবপদ-রচনায়। ঊনবিংশ শতাব্দীর শেষভাগ পর্যন্ত বিদ্যাপতির প্রতি মিথিলা-বাসীর উপেক্ষা লক্ষণীয়। গ্রিয়ার্সনের ও আধুনিক মৈথিল পণ্ডিতদের সহায়তায় নগেন্দ্র-নাথ গুপ্তের বিদ্যাপতির পদাবলীর ভাষাকে খাঁটি মৈথিল বানাইবার অমানুষিক চেষ্টা সত্ত্বেও হরগৌরী পদের ভাষার সহিত ইহার পার্থক্য আজও সুস্পষ্ট। পাঠক তুলনায় পড়িলেই তাহা বুঝিতে পারিবেন।

## (৫) পদাবলীর ছন্দ

জয়দেব যে-বাঙলাভাষায় কথা বলিতেন বা গান করিতেন, তাহা প্রকৃতপক্ষে অপভ্রংশ। চর্যাপদের বাঙলাঘেঁষা গানগুলি হয়তো ঐ সময়ে বা কিছু পরে রচিত। গীতগোবিন্দের গীতসমূহ অপভ্রংশ ছন্দে সংস্কৃত ভাষায় রচিত হইলেও ধ্বনির সৌন্দর্যতত্ত্বে সিদ্ধ জয়দেবের স্বকীয়তাও উহাতে প্রচুর। গীতগুলির ছন্দ মৈথিল পদাবলীর ছন্দের অনুসরণ। উমাপতি-বিদ্যাপতির ছন্দ অপভ্রংশ হইতে আগত। তবু মনে হয়, মৈথিল ও ব্রজবুলি দুইয়েরই উপর জয়দেবের প্রভাব গুরুতর।

স্বরধ্বনির হ্রস্ব-দীর্ঘ-বিচার মাত্রাচ্ছন্দ ব্রজবুলির প্রাণ হইলেও সর্বত্র এ নিয়ম যে নিখুঁত-ভাবে মানিয়া চলা হয় না, তাহার কারণ পদগুলি গান—পাঠে যাহা ভুল বলিয়া মনে হয়, সুরে তাহা ঠিক হইয়া যায়। এই কারণে ছন্দের কাঠামোটির দিকেই অধিক মনোযোগ দেওয়া উচিত এবং কানের একটু শিক্ষাও আবশ্যক।

ব্রজবুলির (সকল মাত্রাচ্ছন্দেরই) ছন্দ বুঝিবার সুবিধার জন্য কয়েকটি সূত্র নির্দেশ করিতেছি। যে ন্যূনতম মাত্রাসংখ্যা ছন্দ-বিশেষের স্বরূপটি চিনিতে সাহায্য করে, তাহাকে আমরা **'চা'ল'** বলিব (অনেকটা সঙ্গীতে রাগবৈশিষ্ট্যসূচক 'পাকড়'-এর মত)। মোটা-মুটি চা'ল চারিটি—তিনের, চারের, পাঁচের ও সাতের অর্থাৎ তিনমাত্রার, চারমাত্রার, পাঁচ-মাত্রার ও সাতমাত্রার। আঁখিতে (৩); আঁখিপাতে (৪); আঁখিতে মম (৫); আঁখিতে নিতি মম (৭)। বাঙলা উদাহরণ দিলাম সহজে বুঝা যাইবে বলিয়া। দ্রুত পড়িলেই চলনের পার্থক্যটুকু কানে ধরা পড়িবে। ব্রজবুলি উদাহরণ: নেহ; নীললি; পন্থ ইহ; বিজুরি চমকত। প্রথমটির (তিনমাত্রার) কথা শেষের দিকে বলিব।

**( ক )  চারমাত্রার চা'লের ছন্দ :**

১ ১ ১১ ২১ ১ ২ ১ ১ ২২
(১) গোবিন্দ দাসের—" ইথে যদি-সুন্দরি-তেজবি-গেহ।
প্রেমক-লাগি উপেখবি-দেহ ॥......"

অপভ্রংশ চর্য্যাপদের— " সোণে-ভরিতী-করুণা-ণাবী।
রূপা-খোই-মহিকে-ঠাবী ॥......"

ও জয়দেবের— " মুহুরব-লোকিত-মণ্ডন-লীলা।
মধুরিপু-রহমিতি-ভাবন-শালা ॥ "

—(হাইফেন্ চা'ল দেখাইবার জন্য আবশ্যক হইলে পরেও ব্যবহার করিব।)

দেখা যাইতেছে যে চারমাত্রার মূলটি চারবার আবৃত্ত হইয়া ষোলমাত্রার সৃষ্টি করিয়াছে। আট-মাত্রার পর যতি, ষোলমাত্রার পর পূর্ণ বিরতি। এই ষোলমাত্রার ছন্দটির নাম ' পাদাকুলক।' সংস্কৃত উদাহরণটির প্রতি পঙ্‌ক্তিতে নিখুঁত ষোলমাত্রা। অপভ্রংশ উদাহরণের ' খোই '-র ' ই ' হ্রস্বস্বর একমাত্রা হইলেও ছন্দের জন্য দ্বিমাত্রিক। ব্রজবুলির ' ইথে '-র ' থে ' দীর্ঘস্বরান্ত হইলেও ছন্দের খাতিরে একমাত্রিক। এই জাতীয় ছন্দে পঙ্‌ক্তির অন্ত্যস্বর হ্রস্ব হইলেও প্রয়োজনমত দ্বিমাত্রিক ধরার বিধি আছে। আধুনিক বাঙলা কবিতাতেও এই পাদাকুলক ছন্দ দেখা যায় :

" ওস্তাদ-ঝেঁকে ওঠে-পঁ্যাচ মারে-কুস্তির,
জজ্‌গাব-কি ক'রে যে-থাকে বলো-সুস্থির।"—রবীন্দ্রনাথ

পাদাকুলক ছন্দের কথা সংস্কৃত ছন্দোমঞ্জরীতে নাই ; আছে প্রাকৃতপৈঙ্গলে ও তাহার পূর্ব্ব-কালীন সংস্কৃত বৃত্তরত্নাকরে। অপভ্রংশ ও সংস্কৃত পাদাকুলক একই লক্ষণাক্রান্ত—স্বরের লঘু-গুরু- (হ্রস্ব-দীর্ঘ) সম্বন্ধে বিশেষ নিয়মহীন ষোলমাত্রার ছন্দ পাদাকুলক (" লহু গুরু এক্ক ণিম্ম ণহি জেহা।......সোরহমত্তা পাআকুলঅং।"—প্রা. পৈ., " অনিয়তবৃত্তপরিমাণ-সহিতম্। প্রথিতং জগৎসু পাদাকুলকম্ ॥"—বৃ.র.।) পাদাকুলককে ' পজ্‌ঝটিকা ' ছন্দ বলিলেও ক্ষতি হয় না। যদিও মাত্রাসমক, চিত্রা, উপচিত্রা, পজ্‌ঝটিকা প্রভৃতি নামে বিশেষ বিশেষ মাত্রাবিন্যাসনিয়মের ষোলমাত্রার ছন্দ অনেক আছে, তবু কোনও বিশেষ নিয়ম না মানিয়া সব লক্ষণই মিলাইয়া শঙ্করাচার্য্য তাঁহার " মোহমুদ্‌গরে "র ছন্দোনাম দিয়াছেন পজ্‌ঝটিকা (' ষোড়শপজ্‌ঝটিকাভিরশেষঃ ')।

(২) গোবিন্দ দাসের—

২ ১ ১ ২ ১ ১ ১ ১১১১১১ ১ ১ | ২১ ১ ২ ১ ১ ২ ২
" কণ্টক গাড়ি কমলসমপদতল | মঞ্জীর চীর হি ঝাঁপি "

জয়দেবের " ললিতলবঙ্গলতাপরিশীলন- | কোমলমলয়সমীরে "-র ছাঁচে ঢালা আটাশমাত্রার ছন্দ হইলেও ষোলমাত্রার পাদাকুলকেরই দ্বিরাবৃত্তি, শুধু দ্বিতীয়াংশে চারিটি মাত্রা ছাঁটিয়া দেওয়া হইয়াছে। " মাধব তুয় অভিসারক লাগি " উক্ত সংস্কৃত গানের ধ্রুবাংশ " বিহরতি হরিরিহ সরসবসন্তে "-র মত ষোলমাত্রার। " করকঙ্কণপণ ফণিমুখবন্ধন " যে অন্ত্যানু-প্রাসের সৃষ্টি করিয়াছে, তাহাও জয়দেবের অন্য একটি গানের " মুখরমধীরং ত্যজ মঞ্জীরং "-জাতীয়। বলিয়াছি " কণ্টকগাড়ি '-তে শেষ চারিমাত্রা ছাঁটিয়া দেওয়া হইয়াছে। ইচ্ছা

করিলে কবি না ছাঁটিতেও পারেন, যেমন গোবিন্দ দাসেরই 'চম্পকশোণ'-পদের "নিজরসে নাচত নয়ন ঢুলাওত, | গাওত কত কত ভকত হি মেলি"—পূর্ণ ১৬+১৬=৩২ মাত্রা আবার ঐ পদেরই 'চম্পক'-পঙ্‌ক্তির দ্বিতীয়াংশে মাত্রাসংখ্যা চৌদ্দ—"জিতল গৌরতনু লাবণি রে"। এই প্রকার ছন্দের কিছু নিদর্শন রহিয়াছে চর্য্যাপদের চৌত্রিশসংখ্যক গানে —"কিন্তো মন্তে কিন্তো তন্তে। কিন্তো রে ঝানবখানে" ('ন্তোরে' দ্রুত উচ্চারণে দুইমাত্রা)। ঠিক এই ছন্দ প্রাকৃতপৈঙ্গলে নাই; তবে, 'চউপইয়া' (চতুষ্পাদিকা) ছন্দের প্রথম দুইমাত্রা বাদ দিয়া পড়িলে অবিকল 'কণ্টক গাড়ি'-র ছন্দ পাওয়া যায়: "(জাসু) সীসহি গংগা গৌরি অধংগা। গিম পহিরিঅ ফণিহারা"। রবীন্দ্রনাথের "জনগণমনঅধিনায়ক জয় হে ভারতভাগ্যবিধাতা" প্রধানতঃ 'কণ্টকগাড়ি'-র ছন্দে রচিত।

(খ) **পাঁচমাত্রার চা'লের ছন্দ:**

শশিশেখরের—

"তুঙ্গমণি মন্দিরে | ঘনবিজুরি সঞ্চরে।
মেঘরুচি বসন পরি | ধানা"

জয়দেবের—

"স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারম্"

-এরই ছন্দের আধারে রচিত। প্রতি দশমাত্রার পর যতি। উদ্ধৃত পদ দুইখানির প্রত্যেকটির প্রথম পঙ্‌ক্তিতে কুড়িমাত্রা এবং দ্বিতীয়ে চৌদ্দ অর্থাৎ ১০+১০ ও ১০+৪। 'উৎসর্গ' পুস্তকের 'ছল' কবিতায় রবীন্দ্রনাথ প্রথম দুই পঙ্‌ক্তির প্রত্যেকটিতে কুড়িমাত্রা (১০+১০) দিয়াছেন, 'লেখনে' "লাজুক ছায়া বনের তলে" (প্রথম পঙ্‌ক্তি)-তে দশমাত্রা ও "আলোরে ভালো-বাসে" (দ্বিতীয় পঙ্‌ক্তি)-তে সাতমাত্রা (৫+২) দিয়াছেন। চা'ল পাঁচমাত্রার; ছন্দ পূর্ণতা লাভ করে দশে। এই দশের বিচিত্র আবৃত্তির দ্বারা কবিরা ছন্দোবৈচিত্র্য সৃষ্টি করেন। দশমাত্রাতে ছন্দের পূর্ণতা বলার কারণ এই যে আধুনিক কালে সাধারণ কবিতায় আসিলেও মূলে ছন্দটি সঙ্গীতের দশমাত্রার 'ঝাঁপতাল' (৫+৫)। প্রাকৃতপৈঙ্গলে এই ছন্দের নাম 'ঝুল্লনা' এবং সেখানেও জোর দশের উপর—"পঢম দহ দিজ্জিআ। পুণবি তহ কিজ্জিআ" ইত্যাদি (দহ=দশ; প্রথমে দশ দিয়া, পুনরায় তাহাই করিয়া..)। প্রাকৃতপৈঙ্গলে আর একটি এইভাবের ছন্দ রহিয়াছে; নাম 'নিশিপাল'। ছন্দটি অক্ষরবৃত্ত। ইহার মাত্রাবিন্যাস-নিয়ম বাঁধা—প্রথমে দীর্ঘ, পরে তিনটি হ্রস্ব; এইরূপ পরপর তিনবার; তারপর দীর্ঘ-হ্রস্ব-দীর্ঘ ("হারু ধরু, তিণ্ণি সরু | হিণ্ণি পরি, তিগ্‌গণা" ইত্যাদি)। ঠিক এই লক্ষণ পাইতেছি জয়দেবের "নীলনলিনাভমপি | তন্বি তব, লোচনম্," ব্রজবুলির "সোই যদি, তেজলকি | কাজ ইহ, জীবনে"

এবং রবীন্দ্রনাথের " পুণ্য হ'ল, অঙ্গ | মম ধন্য হ'ল, অন্তর "-তে, যদিও গানগুলি মাত্রাচ্ছন্দে রচিত। সংস্কৃত ছন্দোগ্রন্থে এই জাতীয় ছন্দ নাই। উত্তর-ভারতীয় সঙ্গীতে আমাদের ঝাঁপ-তালের নাম 'ঝুলা'। পণ্ডিত ভাতখণ্ডের প্রসিদ্ধ গ্রন্থে এই 'ঝুলা' নামই রহিয়াছে। আমরা ইহার 'ঝুলন' নাম রাখিতে চাই।

**(গ) সাতমাত্রার চা'লের ছন্দ :**

বিদ্যাপতির—

১ ১ ১ ১ ২ ১ | ১ ১ ১ ২ ১ ১ | ২
" এ সখি হমারি | দুখের নাহিক | ওর

১ ১ ১ ২ ১ ১ | ২ ১ ২ ১ ১ | ২ ১ ২ ১ ১ | ২
এ ভরা বাদর | মাহ ভাদর | শূন্য মন্দির | মোর "

এবং রায় শেখরের—

১ ১ ১ ১ ১ ১ ১ | ২ ১ ২ ১ ১ | ১ ১ ১ ২ ১ ১ | ১ ১ ১ ২
" গগনে অবঘন | মেহ দারুণ | সঘন দামিনী | ঝলকই "

সাতমাত্রার ভিত্তিগত ছন্দে রচিত। এমনি একখানি গান [গীতসংখ্যা ৭] জয়দেবে দেখিতেছি :

২ ১ ২ ১ ১ | ২ ১ ২ ১ ১ | ২ ১ ২ ১ ১ | ২ ২
" দেহি সুন্দরি | দর্শনং মম | মন্মথেন দু- | নোমি "

—এই পঙ্‌ক্তিটিতেই লক্ষণ পরিস্ফুট। ৭=৩+৪ ; সূক্ষ্মহিসাবে ৩+(২+২)। মনে হয়, সাতমাত্রাতেই এ ছন্দ পূর্ণতা পায়। সাতের দুই বা ততোধিক বার আবৃত্তি করিয়া এবং আবৃত্ত অংশে পূর্ণ সংখ্যা সাত রাখিয়া অথবা সঙ্গতভাবে মাত্রাসংখ্যা কমাইয়া কবি বৈচিত্র্য সৃষ্টি করেন। বিদ্যাপতির পদখানির উদ্ধৃত পঙ্‌ক্তিদ্বয়ে শেষাংশে মাত্রাসংখ্যা দুই ; আবার পরবর্তী পঙ্‌ক্তিগুলির প্রত্যেকটির শেষাংশমাত্রা পাঁচ (-খন্তিয়া..)। এই জাতীয় ছন্দের কথা সংস্কৃত ছন্দোগ্রন্থে নাই, পৈঙ্গলে নাই ; চর্য্যাপদে এই ছন্দের পদ নাই। সঙ্গীতের ক্ষেত্র হইতেই ইহা সোজাসুজি আধুনিক বাঙলা কবিতায় আসিয়াছে। রবীন্দ্রনাথ বহু কবিতায় বিচিত্রভাবে ইহার প্রয়োগ করিয়াছেন ('খাঁচার পাখী ছিল,' 'বেলা যে প'ড়ে এল,' 'গাহিছে কাশীনাথ,' 'উতল সাগরের'...। এই সপ্তমাত্রিক গঠনটির সাঙ্গীতিক নাম 'রূপকতাল'। কবিতার ছন্দোরূপে **রূপক ছন্দই** ইহার যোগ্য নাম। ছন্দের মূলসূত্র-নির্ণয়ে সঙ্গীতের কথা বিশেষ করিয়া ভাবিতে হয় ; কারণ, আগে গান পরে কবিতা, আগে তাল পরে ছন্দ।

**(ঘ) তিনমাত্রার চা'লের ছন্দ :**

তিনমাত্রার চা'লের ছন্দ বিদ্যাপতিতে নাই, জয়দেবে নাই। ব্রজবুলিতে এই গতি-ভঙ্গীর সৃষ্টি বৈষ্ণব কবির। আধুনিক কালে রবীন্দ্রনাথ ইহার বিচিত্র প্রয়োগ করিয়াছেন। ইহাও সঙ্গীতের তাল হইতে আসিয়াছে। বারোমাত্রা (অর্থাৎ চারি বার আবৃত্ত তিনমাত্রা)-র তাল 'একতালা'; ছয়মাত্রার পরে 'সম'। রবীন্দ্রনাথের কবিতাতেও দেখিতেছি যে বারোমাত্রাতেই ছন্দের পূর্ণতা ধরা হইয়াছে, ছয়ের পর পড়িয়াছে 'যতি' (সঙ্গীতের 'সম') —" ক্ষমা করো মোরে, | কুমার কিশোর "। এই বারোর দুইবার আবৃত্তির দ্বারা পঙ্‌ক্তিকে,

প্রয়োজনমত, দীর্ঘ করা হয়; দ্বিতীয় অংশে মাত্রাসংখ্যা কম থাকে। "বাতাস, হয়েছে, উতলা, আকুল"-এ তিনমাত্রার চা'লটি স্পষ্ট দেখা যাইতেছে।

(১) শেখরের

"আওয়ত শ্রী | দামচন্দ্র রঙ্গিয়া পাগড়ি মাথে"

ঐ তিনমাত্রা চা'লের বারোমাত্রার আধারে রচিত। পঙ্‌ক্তিটিতে বারোর দুইবার অর্থাৎ ছয়ের চারিবার আবৃত্তি—শেষাংশে মাত্রাসংখ্যা চার (পূর্ণ যতি)। এই পদখানির স্বরধ্বনির হ্রস্ব-দীর্ঘবিন্যাস নিখুঁত-ভাবে দেখা যাইবে "স্ফুট চম্পক- | দলনিন্দিত | উজ্জ্বল তনু | শোভা"-তে। বাঙলা মাত্রাচ্ছন্দে যুক্তব্যঞ্জনের পূর্ব্বস্বর, হসন্ত বর্ণের পূর্ব্বস্বর, অনুস্বার বিসর্গের পূর্ব্বস্বর, 'ঐ', 'ঔ' দ্বিমাত্রিক; বাকী পূর্ণ উচ্চারিত স্বরমাত্রই একমাত্রিক (হ্রস্ব)। পদকর্ত্তা এখানে সংস্কৃত-বাঙলা মেশামেশি করিয়াছেন। 'রঙ্গিয়া'-কে দ্রুত উচ্চারণে 'রঙিয়া,' কিন্তু 'অঙ্গদ'-কে 'অংগদ' পড়িতে হইবে। "ধৈর্য্যং রহু | ধৈর্য্যং হম | গচ্ছং মথু- | রায়ে" পদখানিও এই ছন্দে রচিত। এই পদের "মথুরা-বাসিনী | এক রমণী"-তে তিনের লক্ষণ স্পষ্ট। রবীন্দ্রনাথের "নির্জন পথে | জ্যোৎস্না-আলোতে | সন্ন্যাসী একা | যাত্রী" এবং "দহনশয়নে তপ্তধরণী" (গীতবিতান) যথাক্রমে "ধৈর্য্যং রহু......" ও "মথুরাবাসিনী এক রমণীর" সহিত মিলাইয়া পড়া যাইতে পারে।

(২) জগদানন্দের "মঞ্জুবিকচকুসুমপুঞ্জ..." এবং শশিশেখরের "আজু অদ্ভুত তিমিররঙ্গ..." ঐ তিনমাত্রার চা'লের বারোমাত্রার আধারে রচিত দীর্ঘচতুষ্পদী। প্রথম তিন পঙ্‌ক্তির প্রত্যেকটির মাত্রাসংখ্যা বারো এবং শেষ পঙ্‌ক্তির প্রথম গানটিতে দশ ("মঞ্জুলকুলনারী") ও দ্বিতীয়টির এগারো (অঙ্কুশ নাহি মান রে)—এইখানে পূর্ণ যতি। রবীন্দ্রনাথের

"গহনকুসুমকুঞ্জমাঝে
সজনি আও আও লো"—ভানুসিংহ

"আজু অদ্ভুত..." পদেরই মত ১২+১২+১২+১১। বৈষ্ণবকবির মত রবীন্দ্র-নাথও বহু স্থলে দীর্ঘস্বরের হ্রস্বমূল্য ধরিয়াছেন—"ভানুসিংহ কহে ছিয়ে ছিয়ে রাধা"-র তিনটি 'এ' একমাত্রিক। (এই পঙ্‌ক্তিটি "গহনকুসুমে"র সগোত্র নহে; ইহাতে চারের চা'ল)।

নিষ্প্রয়োজন বলিয়া পয়ার ত্রিপদী প্রভৃতি অক্ষরবৃত্ত-ছন্দের আলোচনা করিলাম না। কেবল দুটি বিশেষ রূপের সংক্ষিপ্ত পরিচয় দিতেছি।

(১) "আজু কে গো মুরলী বা- জায়।
এত কভু নহে শ্যাম- রায়॥"

—সংস্কৃতে উচ্চারণগত স্বাভাবিক কারণে সর্ব্বত্রই অক্ষর=বর্ণ ও syllable দুইই। বাঙলা অক্ষরবৃত্তে তাহা নহে—পঙ্‌ক্তিতে পঙ্‌ক্তিতে বর্ণসংখ্যা এক; syllable-সংখ্যার তারতম্য ঘটিতে পারে। আমাদের এই উদাহরণটিতে দুটি পঙ্‌ক্তিতেই বর্ণসংখ্যা দশ, অক্ষরসংখ্যা নয় (৯)। এই গানেরই "এত নহে নন্দসুত কানু"-তে বর্ণ ও syllable দুইই দশ; আবার "এনা বেশ কোন দেশে ছিল"-তে বর্ণ দশ, syllable আট। এই জটিলতা এড়াইবার জন্য আমরা syllable-এর প্রশ্ন না তুলিয়া অক্ষর'=বর্ণ ধরিলাম। একটা কথা এই প্রসঙ্গে মনে রাখা উচিত যে ব্যঞ্জনান্ত syllable-এর (যেমন 'বেশ' 'কোন') হসন্ত ব্যঞ্জনে যেমন 'শ্,' 'ন্' syllable না থাকিলেও, তাহার দ্যোতনা রহিয়াছে। অর্থাৎ 'বেশ,' 'কোন' প্রকৃতপক্ষে দুটি syllable-এরই প্রতীক। গানখানির ছন্দ দশাক্ষর, ছন্দোনাম 'দিগক্ষরা,' যতি অষ্টমাক্ষরে, | পূর্ণ যতি দশমে এবং চা'ল চা'রের।

চণ্ডীদাসের "বহু দিন পরে | বঁধুয়া এলে" ও মাধব ঘোষের "ব্রজবাসিগণ | জীবন-শেষ" পদ দুইখানির ছন্দ একাদশাক্ষরা 'একাবলী,' যতি ষষ্ঠে ও পূর্ণযতি একাদশে, চা'ল তিনের। 'দিগক্ষরা'র মত অষ্টমাক্ষরে যতিবিশিষ্ট একপ্রকার একাবলী আছে:

'সভাস্থলে নরপতি | আসিয়া
মন্ত্রিবরে কহিলেন | হাসিয়া।'

ইহার সহিত পূর্ব্বরূপটির গতিপার্থক্য সহজেই বুঝা যাইবে।

## (৬) বৈষ্ণবপদাবলীর কাব্যমূল্য

রবীন্দ্রকাব্যের বহু স্থলে বৈষ্ণবলক্ষণ এত বেশী যে মনে হয় তাঁহার উপর বৈষ্ণবপ্রভাব গুরুতর। কিন্তু এই মনে-হওয়া যে সত্য নহে, তাহাই দেখাইবার জন্য প্রথমে রবীন্দ্রকাব্য-সম্বন্ধে একটু আলোচনা করিতেছি।

বৈষ্ণব ভক্তিবাদী, রবীন্দ্রনাথ ভক্তিবাদী। কিন্তু

"যে ভক্তি তোমারে লয়ে ধৈর্য্য নাহি মানে,
মুহূর্ত্তে বিহ্বল হয় নৃত্য-গীত-গানে
ভাবোন্মাদমত্ততায়, সেই জ্ঞানহারা
উদ্‌ভ্রান্ত উচ্ছলফেন ভক্তিমদধারা
নাহি চাহি, নাথ।
দাও ভক্তি শান্তিরস,
স্নিগ্ধ সুধা পূর্ণ করি মঙ্গলকলস
সংসার-ভবনদ্বারে।"

ইহাই মহাকবির ভক্তিস্বরূপ। শ্রীচৈতন্য কিন্তু 'ভাবোন্মাদমত্ততা'রই মূর্ত্তিমান্ বিগ্রহ। কবির ভক্তি 'শান্তিরস,' রসশাস্ত্রের 'শান্তরস' নহে। শান্তরসে জগৎ অসার বলিয়া

বিষয়াসক্তিহীন চিত্তে সারাৎসার ভগবানে আত্মসমর্পণের কথা, স্থায়িভাব নির্বেদ। কিন্তু কবির কামনা

"যে-কিছু আনন্দ আছে দৃশ্যে গন্ধে গানে,
তোমার আনন্দ রবে তা'র মাঝখানে।"

বৈষ্ণবেরও দৃশ্যগন্ধগান আছে, কিন্তু উদ্দীপনবিভাবরূপে। রবীন্দ্রনাথের ইহাই আলম্বন বিভাব; কারণ, ইহা অরূপেরই রূপলীলা। এক এক সময়ে মনে হয় রবীন্দ্রনাথ বুঝি বৈষ্ণবের পাশেই আসিয়া দাঁড়াইলেন। বৈষ্ণবের কৃষ্ণ সচ্চিদানন্দ বিগ্রহ, রাধা তাঁহার হ্লাদিনীর নারীরূপ; রাধাকৃষ্ণের মধুর রসলীলা কৃষ্ণ-কর্ত্তৃক আপনাকে আপনি আস্বাদন। রবীন্দ্রনাথের

"আপনারে তুমি দেখিছ মধুর রসে
আমার মাঝারে নিজেরে করিয়া দান"

যেন ঐ বৈষ্ণবতত্ত্বেরই কাব্যায়ন। কিন্তু তাহা নহে। বৈষ্ণবতত্ত্ব বৈষ্ণব সাধারণের তত্ত্ব; রবীন্দ্রতত্ত্ব বিশেষভাবে রবীন্দ্রব্যক্তির তত্ত্ব।

কবিধর্ম্মে রবীন্দ্রনাথ পাশ্চাত্ত্যদেশের আধুনিক গীতিকবির মত 'অহং'-তন্ত্রী (Subjective). এই 'অহং' বস্তুজগৎকে বিচিত্রভাবে তিরস্-কৃত (refractive) করিয়া অভিনব ভাবজগতে পরিবর্ত্তিত করে—"যথাস্মৈ রোচতে বিশ্বং তথেদং পরিবর্ত্ততে"। ইহাই রবীন্দ্রনাথের কবিস্বরূপ। কিন্তু আমার বর্ত্তমান আলোচ্য বিষয় 'ভক্ত'-কবি রবীন্দ্রনাথ, যদিও 'ভক্ত' কথাটি পরিচিত অর্থে রবীন্দ্রনাথের বিশেষণরূপে প্রয়োগ করা কঠিন। সুন্দর ভগবান্ তাঁহার সুন্দর সৃষ্টির সৌন্দর্য্যরস পান করিতেছেন কবির রসনা দিয়া। অসীমের সঙ্গীত অনাহত; কবির 'অহং'-এর বেণুরন্ধ্রপথে তাহা বাহির হইতেছে ধ্বনিত সঙ্গীতরূপে এবং অসীম তাহা শুনিতেছেন সসীম কবির "মুগ্ধ শ্রবণে নীরব রহি।" কবি বলিতেছেন,

"অসীম যিনি তিনি স্বয়ং করেছেন সাধনা
মানুষের সীমানায়
তাকেই বলে 'আমি'।"

কবির 'অহং' তাঁহার খণ্ডিত মানবসত্তায় অখণ্ড অসীমেরই অহংকার; সুতরাং কবির 'অহং'-দৃষ্টি অসীম 'অহং'-এরই দৃষ্টি। এই 'অহং'-এরই

"চেতনার রঙে পান্না হল সবুজ,
চুনি উঠল রাঙা হ'য়ে।...
গোলাপের দিকে চেয়ে বললুম, সুন্দর—
সুন্দর হল সে।
তুমি বলবে, এ যে তত্ত্বকথা,
এ কবির বাণী নয়।
আমি বলব, এ সত্য,
তাই এ কাব্য।"

বলা বাহুল্য যে কবির সত্য, দর্শনের সত্য, বিজ্ঞানের সত্য এক নহে। কবির এই 'সত্য'-অবধারণার পশ্চাতে প্রজ্ঞা রহিয়াছে; কিন্তু এ প্রজ্ঞা দর্শনবিজ্ঞানের শুদ্ধ প্রজ্ঞা নহে, কবি-মানসের ভাবপ্রজ্ঞা। অহং-এর দ্বারা ভাবিত বিশ্বের যে বিচিত্র বর্ণাঢ্য চিত্র রবীন্দ্রনাথ আঁকিয়াছেন, তাহা প্রকৃতপক্ষে বিশ্বচিত্র নহে, কবির অহং-এরই বিচিত্র রূপায়ণ—

"একে বোলো না তত্ত্ব;
আমার মন হয়েছে পুলকিত
বিশ্ব-আমির রচনার আসরে
হাতে নিয়ে তুলি, পাত্রে নিয়ে রঙ।"

এই আলোকে বিচার করিলে দেখা যাইবে যে কবিরবির

"আপনারে তুমি দেখিছ মধুর রসে
আমার মাঝারে নিজেরে করিয়া দান"

যে তুমি-আমির লীলার কথা বলিতেছে, তাহা বৈষ্ণবীয় মধুর রসলীলার সহিত একেবারে নিঃসম্পর্ক।

রবীন্দ্রনাথের বহু গানে, কবিতায়, প্রবন্ধে বাঁশী-অভিসার-উৎকণ্ঠা-মিলন-বিরহের আলেখ্য যেভাবে অঙ্কিত হইয়াছে, তাহাতে মনে হয় ইহারা বৈষ্ণব-উত্তরাধিকারের স্বাধিকৃত রূপ। কিন্তু 'এহ বাহ্য'। "রঙিন খেলেনা দিলে ও রাঙা হাতে" ইত্যাদি কবিতায় বৈষ্ণবীয় বাৎসল্য রসের রূপ অজিতকুমারও দেখিয়াছিলেন; কিন্তু একটু অবহিত হইলেই তিনি দেখিতে পাইতেন যে এখানে ভগবান্ শিশু (সন্তান) নহেন, মাতা এবং রবীন্দ্রনাথের দৃষ্টি বিশ্বের রূপ-রস-গন্ধ-শব্দ-স্পর্শে পরিব্যাপ্ত, ইহা বিশ্বসন্তানের জন্য বিশ্বেশ্বর-জননীর পরিবেষিত আনন্দ-অন্ন।

রবীন্দ্রনাথের বৈষ্ণবসাদৃশ্য বাহ্য; অন্তস্তত্ত্বে তিনি বৈষ্ণব-অসদৃশ 'রবীন্দ্রনাথ'। বৈষ্ণব মাধুর্য্যবাদী, রবীন্দ্রনাথ সৌন্দর্য্যবাদী এবং এই সৌন্দর্য্যবাদ আবার ঐশ্বর্য্যবাদে সমাহিত। তাঁহার 'প্রিয়,' 'নাথ' প্রভৃতি নায়ক-সম্বোধন নহে, মানসিক অবস্থার (mood) অনুগত 'প্রভু'-সম্বোধন। তাঁহার ভগবান্ রসের নহে, ভাবের। মানুষের ধূলিমলিন মর্ত্ত্য পরিবেশে মানুষের বেশে মানুষের কণ্ঠলগ্ন ভগবান্ রবীন্দ্রনাথের কল্পনাকে আঘাত করে—

"আমিও কি আপন হাতে
করবো ছোট বিশ্বনাথে,
জানাবো আর জানবো তোমায়
ক্ষুদ্র পরিচয়ে?"

তাঁহার ভগবান্ রাজা; তাঁহার বেশও মহার্ঘ, পূজার উপচারও মহার্ঘ। তাঁহার ভগবান্ যেমন ঐশ্বর্য্যময়, ভাবও তেমনি ঐশ্বর্য্যময় এবং ভাবের বাহনও পদপরিপাটীতে, ছন্দে, অলঙ্কারে ঐশ্বর্য্যময়। কবির অসামান্য শিল্পিমনের পরমৈশ্বর্য্যই সকল ঐশ্বর্য্যের মূলে। রবীন্দ্রনাথের উপর বৈষ্ণবপ্রভাবও প্রচুর; কিন্তু সে অন্যদিকে। প্রেমের রাজ্যে নারী-পুরুষের হৃদয়ধারার সূক্ষ্মাদপিসূক্ষ্ম স্পন্দনগুলিও আকারিত হইয়াছে পদাবলী-কাব্যে। বৈষ্ণব

মহাজন প্রেম-মনস্তত্ত্বের (Psychology of love) সুনিপুণ রূপকার। এই বিশেষ ক্ষেত্রে উত্তরকালের কবিদের পক্ষে সম্পূর্ণ নূতন কথা বলা সত্যই সুকঠিন—নূতন প্রকাশ-ভঙ্গী, নূতন ব্যঞ্জনা সত্ত্বেও বৈষ্ণবসুরের ফল্গুধারার সন্ধান অনেক স্থলেই পাওয়া যায়।

বৈষ্ণবকবি ও রবীন্দ্রনাথ উভয়েরই কাব্যভিত্তি দার্শনিক তত্ত্বে। শক্তিমান্ শিল্পীর হাতে তত্ত্বও যে রসরূপতা লাভ করিতে পারে রবিকাব্যের মত বৈষ্ণবকাব্যেও তাহার প্রচুর নিদর্শন রহিয়াছে।

কবি বর্ণশিল্পী। এই বর্ণ কোথাও তূলিকামুখে ফলাইয়া তুলে ইন্দ্রিয়গ্রাহ্য ছবি, যাহা দর্শকের ভাবলোকে ঊর্মি তুলিয়া নিবৃত্ত হয়, তরঙ্গ তুলে না; কোথাও আবার লেখনীমুখে স্বল্পরেখায় আভাসিত করে 'খানিক কালো খানিক আলো'-র স্বপ্নচিত্র, যাহা দর্শকমনে যে আনন্দের সৃষ্টি করে, তাহা ধ্যানানন্দ। বৈষ্ণবকাব্যে দুই লক্ষণেরই প্রচুর নিদর্শন রহিয়াছে। ব্যঞ্জনার সম্রাট্ রবীন্দ্রনাথ; তাঁহার সমুচ্চ স্তরে বৈষ্ণবকবিও কখনো কখনো উঠিয়াছেন। চণ্ডীদাস-সম্বন্ধে রবীন্দ্রনাথই বলিয়াছেন, "তিনি (চণ্ডীদাস) একছত্র লেখেন ও দশছত্র পাঠকদের দ্বারা লেখাইয়া লন"। অধিকাংশ ক্ষেত্রে অকৃত্রিমতা ও আন্তরিকতা বৈষ্ণবকবির বৈশিষ্ট্য। একজন মর্ম্মজ্ঞ ইংরেজ লেখক বলিয়াছেন, "Poetry is the speech of Soul to Soul"। কথাটি সুন্দর এবং দুইভাবে তাৎপর্য্যপূর্ণ। মানুষের মুখের ভাষা স্থূল, ইহার অর্থ বাচ্য; আত্মার ভাষা সূক্ষ্ম, ইহার অর্থ ব্যঙ্গ্য। শ্রেষ্ঠ বৈষ্ণবকবির ভাষা আত্মার ভাষা। আবার, কবির আত্মা যদি আন্তরিকতার ও তন্ময়তার কবোষ্ণ স্পর্শে পাঠকের আত্মাকে আনন্দমুগ্ধ করিতে না পারে, কবির সৃষ্টি হয় অকৃতার্থ। এদিকেও বৈষ্ণবকাব্যের কৃতার্থতা। প্রেমধর্ম্মে যাঁহাদের দীক্ষা, তাঁহাদের রচিত পদাবলী প্রিয়তমের পূজাঞ্জলি। বৈষ্ণবকবির প্রেরণা কবিযশঃপ্রার্থনা নহে, নৈবেদ্য-রচনা। কে কত বিচিত্রভাবে পূজার থালী সাজাইতে পারে, কবিদের মধ্যে তাহারই যেন একটা উল্লাসময় প্রতিযোগিতা।

বিদ্যাপতি ও গোবিন্দদাস দুই জনেই পণ্ডিত কবি—রসশাস্ত্রে ও অলঙ্কারশাস্ত্রে দুই জনেরই অসামান্য পাণ্ডিত্য। পার্থক্য এইটুকু যে গোবিন্দদাস রসসম্পর্কে রূপ গোস্বামীর অনুগত এবং বিদ্যাপতি দণ্ডী প্রভৃতির সহিত বাৎস্যায়নেরও অনুগত। দুই জনের প্রকাশ-ভঙ্গী বিভিন্ন—বিদ্যাপতি তরল, গোবিন্দদাস সান্দ্র। বিদ্যাপতির রচনায় যুক্তবর্ণের বাহুল্য, অনুপ্রাসাদি শব্দালঙ্কার, দীর্ঘসমাস নাই বলিলেই চলে; গোবিন্দদাস ইহাদের বহুল প্রয়োগ করিয়াছেন। গোবিন্দদাসের রচনাকে কোথাও কোথাও ইহা ভারাক্রান্ত করিয়াছে; কিন্তু বহু ক্ষেত্রে উদাত্ত-অনুদাত্ত মৃদঙ্গ-ধ্বনিবৈচিত্র্যে বিষয়বস্তুকে তথা ভাববস্তুকে ইহা মহনীয়ই করিয়া তুলিয়াছে—"স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত বিকসিত ভাব-কদম্ব" বা "ত্রিভুবন-মণ্ডন কলিযুগ-কালভুজগ-ভয়-খণ্ডন রে" ইহার উদাহরণ। "রূপক, সমা-সোক্তি প্রভৃতি জটিল অলঙ্কারপূর্ণ"-তাকে বিদ্যাপতির তুলনায় গোবিন্দদাসের কাঠিন্যের কারণরূপে সতীশচন্দ্র নির্দ্দেশ করিয়াছেন। এ নির্দ্দেশ তথ্যসম্মত নহে; কারণ, বিদ্যাপতি রূপক, অতিশয়োক্তি, সমাসোক্তি, সূক্ষ্ম, অর্থান্তরন্যাস, অপ্রস্তুত-প্রশংসা প্রভৃতি অর্থালঙ্কারের প্রচুর প্রয়োগ করিয়াছেন, মনে হয় গোবিন্দদাস অপেক্ষা অধিক করিয়াছেন। তবু বিদ্যাপতির রচনা অনেক স্থলে ব্যঞ্জনাসত্ত্বেও কতকটা পানীয়; গোবিন্দদাসের চর্বণীয়। বিদ্যাপতির

অলঙ্কারমালামণ্ডিত "হথেক দরপণ" পদখানির সহিত গোবিন্দদাসের প্রায়-নিরলঙ্কার "যাঁহা পঁহু অরুণ-চরণ" পদখানি তুলনায় পড়িলে দেখা যাইবে বিদ্যাপতির রাধা চলিয়াছেন সহজ হৃদয়ধর্ম্মের পথে এবং গোবিন্দদাসের রাধা চলিয়াছেন কঠিন দার্শনিকতার পথে। দুখানি পদই রসমধুর; কিন্তু প্রথমটির আবেদন প্রত্যক্ষভাবে হৃদয়ের কাছে, দ্বিতীয়টির মস্তিষ্কের মধ্যবর্ত্তিতায় হৃদয়ের কাছে। গোবিন্দদাসের কঠিনতার বহু কারণ আছে। বিদ্যাপতির রস তরুণ, গোবিন্দদাসের প্রৌঢ়। গোবিন্দদাস বিদ্যাপতির দ্বারা অনুপ্রাণিত হইলেও দুইজন দুই প্রকৃতির। বিদ্যাপতি ভক্ত নহেন, কবি; গোবিন্দদাস যত বড় কবি, ততোধিক ভক্ত। বিদ্যাপতির রাধায় কোনও তত্ত্ব নাই; গোবিন্দদাসের রাধায় গভীরভাবে তাহা বর্ত্তমান। বিদ্যাপতির রাধা উচচাঙ্গের নায়িকামাত্র, যদিও পরিমণ্ডলটি বৈষ্ণবীয়। নায়িকা-রূপে তিনি ভাববিলাসিনী, বিদগ্ধা, খরদীপ্তিময়ী। গোবিন্দদাসের রাধা মাধবের "অভি-সারক লাগি, দূতরপন্থগমন ধনি সাধয়ে মন্দিরে যামিনী জাগি", বিদ্যাপতির রাধার পক্ষে ইহা অনাবশ্যক। গোবিন্দদাস চল্লিশের পর বৈষ্ণবধর্ম্মে দীক্ষা লইয়া পরে অর্থাৎ অতি-পরিণত বয়সে প্রেমলীলার পদ রচনা করিয়াছিলেন, একথা না হয় নাই বলিলাম। গোবিন্দ-দাস প্রতিভাবান কবি। এমন কি যেখানে তিনি অন্য কবির নিকট ঋণী, সেখানেও তাঁহার রচনা মৌলিক হইয়া উঠিয়াছে। পূর্ব্বোক্ত "যাঁহা পঁহু" পদখানি রূপ গোস্বামিসঙ্কলিত 'পদ্যাবলী' গ্রন্থের

"তদ্বাপীষু পয়ঃ, তদীয়মুকুরে জ্যোতিঃ, তদীয়ালয়-
ব্যোম্নি ব্যোম, তদীয়বর্ত্মনি ধরা, তত্তালবৃন্তে'নিলঃ"

কবিতারই মুক্তানুবাদ। তবু কবি গোবিন্দদাসের নৈপুণ্যে ইহা অভিনব আস্বাদের বস্তু হইয়া উঠিয়াছে, যেমন হইয়াছে রবীন্দ্রনাথের 'শরৎ'-প্রবন্ধে Watson-এর 'Autumn' কবিতার অংশবিশেষের মুক্তানুবাদ।

একজন প্রসিদ্ধ রূপকার কবি জগদানন্দ। ইনি ব্রজবুলি ও বাঙলা উভয় ভাষাতেই পদ রচনা করিয়াছেন। ইঁহার কাব্যে ভাবগভীরতা তেমন নাই, কিন্তু ভাষার ঝঙ্কার অতুলনীয়। "মঞ্জুবিকচকুসুমপুঞ্জ"-র অপূর্ব্ব সঙ্গীতময় তরঙ্গভঙ্গ জয়দেবকে স্মরণ করাইয়া দেয়। এই পদে শ্রবণ-নন্দন অনুপ্রাসের তলে উপমার আলোকে দীপ্তি পাইতেছেন সখীসঙ্গিনী রাধা—ভাবের রাধা নহে, রূপের রাধা। আবার, ভাবের রাধাকে দেখিতেছি "কেন গেলাম যমুনার জলে" পদখানিতে। পূর্ব্বোক্ত গানের ধ্বনি-ঐশ্বর্য্য এই বাঙলা গান-খানিতে নাই। অলঙ্কার এখানে অথ লোকে প্রবেশ করিয়া রাধাহৃদয়ের অভিমুখী হইয়াছে। ব্যঞ্জনার গূঢ়পথে এ হৃদয়ে অবতরণ করিতে না হইলেও ইহা একেবারে ব্যঞ্জনাস্পর্শহীন নহে।

বলরামদাস, জ্ঞানদাসও বাঙলা এবং ব্রজবুলি দুই ভাষারই পদকর্ত্তা। ইহাদের কাব্যসিদ্ধি বাঙলাতেই অধিকতর। দুইজনেই উচচশ্রেণীর কবি। ভাবাবেগপ্রবণতা দুইজনেরই কবিধর্ম্ম এবং এই কারণেই ইঁহাদের রচনাধারা স্বচ্ছন্দপ্রবাহ। উভয়ের মধ্যে কাহার আসন উচচতর তাহা নির্ণয় করা কঠিন। অলঙ্কার-প্রয়োগ বলরাম করিয়াছেন বেশী, জ্ঞানদাস কম। তবু বহু ক্ষেত্রেই বলরামের অলঙ্কার বাহ্যভূষণমাত্রে পর্য্যবসিত না হইয়া রসাঙ্গ

হইয়াছে—" তুমি মোর নিধি রাই " পদখানির অলঙ্কার প্রকৃতপক্ষে অলঙ্কারধ্বনি। " হিয়ার ভিতর হৈতে কে কৈল বাহির " দর্শনদৃষ্টিতে বৈষ্ণবের রাধাতত্ত্ব ; কিন্তু এই তত্ত্বকেই কেন্দ্র করিয়া কবি ফুটাইয়াছেন কাব্যকমল, যাহার মর্ম্মকোষে টলটল করিতেছে অনুরাগরূপ বিপ্রলম্ভ শৃঙ্গার রস। বলরাম রবীন্দ্রনাথকেও প্রভাবিত করিয়াছেন। ' উর্বশী ' কবিতার " মুনিগণ ধ্যান ভাঙি দেয় পদে তপস্যার ফল " বলরামেরই " কোথা হৈথে আইলে তুমি " ইত্যাদি অতুলনীয় পদের " মুনিগণ ধ্যান ভাঙ্গি দেখে ও চরণ "-কেই মনে পড়াইয়া দেয়। বলরামের ঐ " তুমি মোর নিধি রাই "-এর কৃষ্ণের পাশে রাখিয়া দেখিতে ইচ্ছা করে জ্ঞানদাসের নিরাভরণ " রূপ লাগি আঁখি ঝুরে " এবং সাভরণ " আলো মুঞি কেন গেলুঁ " পদ দুইখানিতে অঙ্কিত অনুরাগময়ী রাধার ব্যঞ্জনামধুর ভাবমূর্ত্তিখানিকে। " প্রতি অঙ্গ লাগি কাঁদে প্রতি অঙ্গ মোর," অথবা

> " রূপের পাথারে আঁখি ডুবিয়া রহিল।
> যৌবনের বনে মন হারাইয়া গেল ।।
> ঘরে যাইতে পথ মোর হৈল অফুরাণ।"

প্রেমের দেশকালজয়ী কাব্যরূপ।

বলরামের ' তুমি মোর নিধি '-র ছায়ায় রচিত কবিবল্লভের সুন্দর পদ " কি পুছসি অনুভব মোয় "—উক্তিটি অবশ্য রাধার। কবিবল্লভ শুধু ছায়াটুকু লইয়াই তাহাকে নবতররূপে ঘনীভূত করিয়াছেন। " কি পুছসি "-র প্রায়-সদৃশ পদ গোবিন্দদাসের " আধকি আধ-আধ দিঠি অঞ্চলে "—আবেগকম্পিত অথচ ব্যঞ্জনামধুর। সতীশচন্দ্রের মতে কবিবল্লভের তুলনায় গোবিন্দদাসের এই পদখানি উৎকৃষ্ট। আমাদের মতে দুটি পদ দুই ভাবে উৎকৃষ্ট ; তুলনায় বিচার ঠিক চলে না। ' আধকি আধ '-পদের তাৎপর্য্য : ' সুনয়নী '-র কাছে কৃষ্ণ ঘনশ্যাম, রাধার কাছে বিদ্যুতের মত। ' রসবতী 'র কাছে কৃষ্ণস্পর্শ স্নিগ্ধরস, রাধার কাছে আগুনের জ্বালা। দুই চক্ষু ভরিয়া যিনি কৃষ্ণকে দেখেন, ধন্য তিনি, তাঁহার চরণে রাধার প্রণাম ; রাধার কিন্তু অতি-ঈষৎ অপাঙ্গে কৃষ্ণকে দেখা অবধি ' রহত কি যাত পরাণ '। বস্তুতঃ ইহাই কৃষ্ণপ্রেমিকার জীবন—' রহত কি যাত '। এ প্রেমে বিরুদ্ধের সমাবেশ—কৃষ্ণ শ্যাম মেঘ, আবার বিদ্যুৎ ; কৃষ্ণস্পর্শ রসস্নিগ্ধ, আবার জ্বালাময়। অদ্‌ভুত, বোধাতীত এই প্রেম। রাধা তাহা জানেন। ' প্রেম কি লাগি জিউ ' ত্যাগ না করিয়া নশ্বর জীবনই তিনি কামনা করেন। এই দুদিনের জীবনে বিষামৃতময় কৃষ্ণপ্রেমের যতটুকু তিনি আস্বাদন করিতে পারেন, তাহাই তিনি করিতে চাহেন। গোবিন্দদাসের এই পদ ' বিদগ্ধমাধব ' নাটকের " জ্ঞায়ন্তে স্ফুটমস্য বক্রমধুরাস্তেনৈব বিক্রান্তয়ঃ " এবং কৃষ্ণদাস কবিরাজকৃত ইহারই অনুবাদ—"সেই প্রেম যার মনে, তার বিক্রম সেই জানে, বিষামৃতে একত্র মিলন" মনে পড়াইয়া দেয়। ' কি পুছসি '-র মধ্যে—যে রাগ পলে পলে নূতন হইয়া সতত আস্বাদিত (অনুভূত) প্রিয়কে (প্রিয়াকেও) পলকে পলকে নবনবরূপে আস্বাদনীয় করিয়া তুলে, বৈষ্ণব-রসশাস্ত্রের সেই ' অনুরাগে '-র কথা। লক্ষভাবে কৃষ্ণানুভব করিয়াও রাধা অনুভবের সীমা পান নাই —এ পদে রাধা এই কথাই বলিয়াছেন। গোবিন্দদাসের রাধা ও কবিবল্লভের রাধা দৃষ্টি-ভঙ্গীতে বিভিন্না, যদিও দুই জনেই অনুরাগময়ী। এ অবস্থায় তুলনায় বিচার কেন ? " লাখ

লাখ যুগ হিয়ে হিয়ে রাখলুঁ তব হিয়া জুড়ন না গেল "-র মধ্যে সতীশচন্দ্র "শক্তিমান্ ও শক্তিরূপা শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার অনাদি-অনন্ত-কালব্যাপী নিত্য প্রেমসম্বন্ধরূপ বৈষ্ণবদর্শনের প্রসিদ্ধ তত্ত্ব" দেখিলেন কেন? 'লাখ লাখ' যে 'অনাদি-অনন্ত' অর্থে কবি লিখেন নাই, লিখিয়াছেন 'বহু' অর্থে তাহা পূর্ব্ববর্ত্তী 'জনম অবধি,' 'কত মধুযামিনী' ইত্যাদি দেখিলেই বুঝা যায়। পদখানিতে চণ্ডীদাসের "তবু না বুঝিলুঁ কালা তোমার পিরীতি"-র এবং বিদ্যাপতির "তুহুঁ কৈছে মাধব কহ তুহুঁ মোয়"-এর রেশ বাজিতেছে। রবীন্দ্রনাথের "কো তুহুঁ বোলবি মোয়" এই সুরে বাঁধা। শশিশেখরের "প্রতি দিবস নৌতুনা রাই মৃগীলোচনা"-র রাই-রূপ রাইনিষ্ঠ নহে, কৃষ্ণের রাই-অনুরাগ-নিষ্ঠ। সবচেয়ে মূল্যবান্ গোবিন্দদাসের পদখানির ভণিতা; এ ভণিতায় গোবিন্দদাসের পরেই কবিবল্লভের নাম রহিয়াছে। সতীশচন্দ্র এই যুক্তনামকে কবিবল্লভের শুধু কালনিরূপণের কাজেই লাগাইয়াছেন। গোবিন্দদাসের কবিবল্লভের প্রতি পরম শ্রদ্ধার ইঙ্গিতটুকু সুবিধামত এড়াইয়া গিয়াছেন। গোবিন্দদাস বলিতেছেন—রসবতী রাধার রসসীমা জানেন কবি শ্রীবল্লভ ("গোবিন্দদাস ভণে শ্রীবল্লভজানে রসবতী-রসমরিযাদ")। 'কি পুছসি-'র সম্বন্ধে সবচেয়ে বড় কথা এই যে ইহা বৈষ্ণবীয় পদ হইয়াও সর্ব্বদেশের সর্ব্বকালের ধর্ম্মনির্ব্বিশেষে অনুরাগকাব্যে পরিণত হইয়াছে। আর একখানি উৎকৃষ্ট অনুরাগের পদ পরমানন্দ গুপ্ত (কর্ণপূর পরমানন্দ সেন নহেন) রচিত "পরশমণির সাথে কি দিব তুলনা রে"। গৌরাঙ্গের প্রতি কবির অনুরাগের এই কবিতাটি ভাবাবেগময়ী, সালঙ্কারা; কিন্তু অলঙ্কার রসকেন্দ্র হইতে সমুচ্ছ্রিত বলিয়া স্বচ্ছন্দবিকসিত। পদখানি সহজেই অসাধারণের দলে পড়ে।

বলরাম মধুর রসে যেমন, বাৎসল্য রসেও তেমনি সিদ্ধ। "দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে" পদখানিতে অভিমানী শিশু কৃষ্ণের যে রূপটি ফুটিয়া উঠিয়াছে, তাহা অপূর্ব্ব। রবীন্দ্রনাথের শিশু ভাবশিশু; তাহাকে অনুভব করা যায়, ধরা যায় না। কিন্তু বৈষ্ণবের শিশুকৃষ্ণ অসীমের রক্তে-মাংসে-গড়া সীমায়িত রূপ। এ শিশু অমানবীয় হইয়া পড়িলে বৈষ্ণব বাৎসল্য খণ্ডিত হয়। তাই মানবশিশুর স্বভাব পূর্ণমাত্রায় ইহাতে বর্ত্তমান। ঠোঁট ফুলাইয়া কান্নার সহিত পরের ঘাড়ে দোষ চাপাইয়া নিজে সাধু সাজিবার চেষ্টা, মাতা যশোমতীর নামে অনুযোগ করিয়া একটু বেশী আদর আদায়ের সুমধুর কৌশল কবির লেখনীমুখে যে অভিনব ভঙ্গীতে ব্যঞ্জিত হইয়াছে, যে কোনও যুগের শিশু-কাব্যরচয়িতার পক্ষে তাহা গৌরবের।

বিরহের পদে বিদ্যাপতির "বিপথে পড়ল যৈছে মালতীমালা"-র মধ্যে রাধার আর্ত্ত হৃদয়ের যে ব্যঞ্জনাগূঢ় পরিচয়টি রহিয়াছে, তাহা সত্যই চমৎকার—এ মালাকে কৃষ্ণ কণ্ঠে রাখিয়া মহিমান্বিতা করিয়াছিলেন। কৃষ্ণচ্যুতা রাধা অথহীনা, ধূলিলুণ্ঠিতা মালা; শত পথিক আজ অনায়াসে চলিয়া যাইবে ইহার বুকের উপর দিয়া। তবু শেখরের "কহিও কানুরে সই"-এর কাছে বিদ্যাপতি ম্লান হইয়া গিয়াছেন। রাধার প্রার্থনা "একবার পিয়া যেন আইসে ব্রজপুরে"। আসিয়া তিনি কি দেখিবেন? দেখিবেন রাধারোপিত মল্লিকা, শারীশুক, রঙ্গিণী হরিণী, শ্রীদামসুবল, যশোমতী . . . রাধা ছাড়া আর যাহা কিছু সবই। ইহার তাৎপর্য্য যে বুঝিল, সে ('দূতী') তৎক্ষণাৎ আকুল চিত্তে "চলু মধুপুর"।

এবং পদকর্ত্তা ?—" কি কহব শেখর বচন নাহি ফুর "। চমৎকার ! বিদ্যাপতির " চীর চন্দন উর হার ন দেলা "-র ব্যঞ্জনাও সুন্দর ; তবু এক নিঃশ্বাসে 'চীর' 'চন্দন' 'হার' যেন মিলনবাধা ঘটাইবার উপকরণের একটা তালিকায় পরিণত হইয়াছে। কোথায় পড়িয়াছি, " বিরহক ডর উর হার ন দেলা " ; —শুধু 'হার' ব্যঞ্জনাকে যেমন গাঢ় করিয়াছে, পূর্ব্বোক্ত তিনটি তাহা করিতে দেয় নাই বলিয়াই মনে করি।

এতক্ষণ আমরা এক একখানি পদকে স্বয়ংপূর্ণ এক একটি কবিতারূপে গ্রহণ করিয়া তাহার কাব্যমূল্যনির্দ্ধারণের চেষ্টা করিলাম। কিন্তু গীতিকবিতারূপে ইহাদের পৃথক্ বিচার যেমন চলে, তেমনি গীতিনাট্যরূপেও ইহাদের একপ্রকার সমবেত বিচার চলে। পদকীর্ত্তন প্রবর্ত্তিত হওয়ার সময় হইতে একই রসের বহু পদকে পর্য্যায়ক্রমে সাজাইয়া পৃথক্ পৃথক্ 'পালা'-র সৃষ্টি করা হইয়াছে। পালায় পদগুলি এমন কৌশলে পরপর বিন্যস্ত থাকে যে পূর্ব্ববর্ত্তী পদটি রসপুষ্টির জন্য পরবর্ত্তী পদের অপেক্ষা রাখে এবং রস ক্রমশঃ ঘনীভূত হইতে হইতে শেষ পদে পরিপূর্ণতা লাভ করে। এই ভাবের আস্বাদ আরও আনন্দদায়ক। কীর্ত্তনের আসরে এই আস্বাদ আবার আরও বিচিত্র ও গভীর। কীর্ত্তনীয়া একাধারে গায়ক ও অভিনেতা, ভাষ্যকার ও রসপোষ্টা। 'আঁখরে,' 'ঘটকালি'তে, 'দশা'য় নূতন নূতন সঞ্চারীর সৃষ্টিও যেমন হয়, মাঝে মাঝে নাটকীয় 'suspense' সৃষ্টিও তেমনি হয়। মুদ্রিত পুস্তকের পালায় এইভাবের আনন্দ সম্ভব নহে ; আবার বিশেষ উদ্দেশ্যের চয়নগ্রন্থে সম্পূর্ণ পালানুক্রমিক পদসজ্জাও সম্ভব নহে। বাঙলার পালাকীর্ত্তন বাঙালীর প্রকৃতির সহিত সুসঙ্গত সম্পূর্ণ নিজস্ব সম্পদ্ ; অন্যের পক্ষে অনুকরণ অসম্ভব।

# প্রথম সংস্করণের ভূমিকা

[ ১ ]

বৈষ্ণব পদাবলীর প্রথম যুগ ও চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগ হইতে পঞ্চদশ শতাব্দীর শেষভাগ। অবশ্য আমরা জয়দেবকে বৈষ্ণব পদকর্ত্তাদের লভুক্ত করিতে চাই না,—তিনি সংস্কৃতে লিখিয়াছিলেন। জয়দেবের ভাষা সংস্কৃত হইলেও অনেক বিষয়ে ইহা বাঙ্গালা ভাষার কাছাকাছি। জয়দেবের গানে যে সকল ছন্দ অবলম্বিত হইয়াছে, তাহা প্রাকৃত অলঙ্কার-সাহিত্যের অনুগামী. সংস্কৃতের নহে। গীতগোবিন্দের ভাষাও অবিমিশ্র সংস্কৃত নহে—উহাতে অনেক প্রাকৃত শব্দ স্থান পাইয়াছে।

আদিযুগের প্রধান কবি চণ্ডীদাস ও বিদ্যাপতি। বিদ্যাপতি মিথিলার কবি। কিন্তু বাঙ্গালা পদসংগ্রহে যে পদগুলি পাওয়া যায়, তাহা অনেকটা বাঙ্গালারই মত। অনেকে বলেন বাঙ্গালীর হাতে পড়িয়া ইহার বেশপরিবর্ত্তন হইয়া গিয়াছে—আমরা ইহাকে কতকটা বাঙ্গালীর মত করিয়া গ্রহণ করিয়াছি। এই বেশপরিবর্ত্তন কিরূপ, তাহা মিথিলায় প্রাপ্ত পদের সঙ্গে পদকল্পতরু প্রভৃতি সংগ্রহ-পুস্তকে উদ্ধৃত বিদ্যাপতির পদ মিলাইয়া দেখিলেই বুঝিতে পারা যাইবে। বিদ্যাপতির পদ মহাপ্রভু সর্বদা গাহিতেন। বিদ্যাপতি মিথিলার রাজকবি ছিলেন, ইনি সংস্কৃতে অনেক গ্রন্থ লিখিয়া গিয়াছেন। রাজা শিবসিংহ ও তৎপত্নী লছিমাদেবীর অনুগ্রহ লাভ করিয়া ইনি রাধা-কৃষ্ণ-বিষয়ক অনেক পদ লিখিয়াছেন, ভণিতায় তাহার উল্লেখ আছে। ইনি অতি দীর্ঘজীবী হইয়াছিলেন এবং পর পর অনেক রাজার সহায়তা ও আশ্রয় লাভ করিয়াছিলেন, এমন কি তিনি 'গ্যাসদেব সুলতানে'র প্রশংসাসূচক কথাও লিখিয়া গিয়াছেন। বিদ্যাপতির উপমা দেশবিশ্রুত;—"লোচন জনু থির ভৃঙ্গ আকার। মধু মাতল কিয়ে উড়ই না পার।।"—প্রভৃতি কত সুন্দর উপমা দিয়াই না তিনি ললনা-চক্ষুর ভাবমুগ্ধ আত্মহারা দৃষ্টি বুঝাইয়াছেন! সেই উপমার প্রত্যেকটি মৌলিক ও কবিত্বময়।

কয়েকটি প্রাচীন পদে বিদ্যাপতি ও চণ্ডীদাসের মিলনের কাহিনী আছে। তাঁহারা পরস্পরের যশে আকৃষ্ট হইয়া উভয়ের দর্শনের জন্য উদ্‌গ্রীব হইয়া ছিলেন। বিদ্যাপতি এই অভিপ্রায়ে 'রূপনারায়ণ'কে সঙ্গে লইয়া গঙ্গার পথে অগ্রসর হইয়াছিলেন, চণ্ডীদাসও কতকটা অগ্রসর হইয়া আসিয়া শুভ বসন্ত ঋতুতে গঙ্গাতীরে তাঁহার সহিত সাক্ষাৎ করেন;—প্রেমের স্বরূপ কি তৎসম্বন্ধে উভয়ের মধ্যে অনেক আলোচনা হইয়াছিল। কিন্তু এইরূপ প্রবাদের বিশেষ মূল্য আছে বলিয়া বোধ হয় না।

চণ্ডীদাস সহজিয়া ছিলেন—এইরূপ একটি মত প্রচলিত আছে। তাঁহার কৃষ্ণকীর্ত্তনে এই সহজিয়া ভাবের প্রভাব দেখিতে পাওয়া যায়। এই সহজিয়া মত বহু প্রাচীন। ইহার গোড়াপত্তন করিয়াছিলেন—বৌদ্ধ সমভিপ্পায়ীর দল (খ্রী° পূ° তিন শত বৎসর)। 'সমভিপ্পায়ী' পালি শব্দ, 'সমভিপ্রায়ী' শব্দের রূপান্তর। বৌদ্ধ বিহারের একদল

সমভাবের ভাবুক ভিক্ষু ও ভিক্ষুণী এই সময় হইতেই একত্র বসিয়া ধর্ম্মালোচনা করিতেন এবং এজন্য ভিক্ষু-সমাজে তাঁহারা নিন্দনীয় হইয়াছিলেন। কতকগুলি সহজিয়া পদ চণ্ডীদাসের ভণিতায় পাওয়া যায়। তাহার মধ্যে দুই চারিটি এত কবিত্বময় ও উচ্চ-ভাবাপন্ন যে, সেগুলি চণ্ডীদাসের প্রতিভার অনুপযুক্ত নহে। তাঁহার রাধা-কৃষ্ণ-বিষয়ক পদেও কোথাও কোথাও সহজিয়া ভাব অন্তর্নিহিত আছে বলিয়া মনে হয়। আবার এমন কতকগুলি পদও আছে যাহা হয়ত চণ্ডীদাসের নামে সহজিয়ারা চালাইয়াছেন। বস্তুতঃ এই সমস্ত বিভিন্ন ভাবের পদ দেখিয়া অভিজ্ঞ সমালোচকেরা স্থির করিয়াছেন চণ্ডীদাসের নামে যে পদ প্রচলিত আছে সেগুলি সব একই চণ্ডীদাসের রচিত নহে।)

বিদ্যাপতি ও চণ্ডীদাসের সঙ্গে প্রথম যুগের বৈষ্ণব কবিদের মধ্যে আর এক জনের নাম করিব; ইনি চৈতন্যের সন্ন্যাসের পূর্বে রাধা-কৃষ্ণ-সম্বন্ধে গান রচনা করিতেন, কিন্তু তাঁহার সন্ন্যাসের পর সমস্ত পদই তিনি গৌরাঙ্গ-বিষয়ে রচনা করিয়াছিলেন। ইনি শ্রীখণ্ডের নরহরি সরকার ঠাকুর।)

পঞ্চদশ শতাব্দীর শেষভাগ হইতে সপ্তদশ শতাব্দীর শেষভাগ পর্য্যন্ত বৈষ্ণব কবিগণের কাকলীতে সাহিত্যের কুঞ্জ মুখরিত। এই সময়ে কত বৈষ্ণব কবির যে অভ্যুদয় হইয়াছিল, তাহা নির্ণয় করা শক্ত। বাসু ঘোষ, গোবিন্দদাস, জ্ঞানদাস, বলরামদাস, রায়শেখর, ঘনশ্যাম প্রভৃতি কবি এই দলের অগ্রণী। ইঁহাদের মধ্যে গোবিন্দদাস শীর্ষস্থানীয়। ভক্তি-রত্নাকর, নরোত্তম-বিলাস, প্রেম-বিলাস, কর্ণানন্দ প্রভৃতি বহু পুস্তকে গোবিন্দদাসের অদ্বিতীয় প্রতিষ্ঠার কথা বিস্তারিতভাবে বর্ণিত হইয়াছে। ভাগবতকুলতিলক তৎসাময়িক পণ্ডিতকুলচক্রবর্ত্তী জীব গোস্বামী সর্বদা গোবিন্দদাসের পদ শুনিতেন, এবং মুগ্ধ হইয়া তিনি তাঁহাকে যে সকল পত্র লিখিয়াছিলেন, তাহার কতকগুলি ভক্তি-রত্নাকরে প্রদত্ত হইয়াছে।,

এই সকল কবির বিবরণ 'বঙ্গভাষা ও সাহিত্য' এবং অপরাপর অনেক গ্রন্থে প্রদত্ত হইয়াছে।

বৈষ্ণব পদাবলীর তৃতীয় যুগ সপ্তদশ শতাব্দীর শেষভাগ হইতে উনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্য্যন্ত। উনবিংশ শতাব্দীর শেষেও কবিওয়ালাদের গানে তাহার কিছু কিছু জের চলিয়াছিল। এই সময়ের কবিদের মধ্যে কৃষ্ণকমল গোস্বামীর 'দিব্যোন্মাদ' সর্বশ্রেষ্ঠ গ্রন্থ।

[ ২ ]

পদাবলীর রচয়িতাদিগের পরিচয় তাঁহাদের স্বরচিত পদেই পাওয়া যায়। প্রায় প্রত্যেক পদকর্ত্তা স্বরচিত পদের বা গানের শেষ কলিতে নিজের নাম উল্লেখ করিয়াছেন। এইরূপে মুদ্রাঙ্কিত হওয়াতেই আমরা এত সহজে কবির সন্ধান পাই। পদের শেষে এইরূপ কবির নামসংযোগ করিবার পদ্ধতিকে 'ভণিতা' বলে। প্রায় সকল পদের শেষেই ভণিতা দেখিতে পাওয়া যায়। বৈষ্ণব পদের প্রায় সমকালে রচিত কৃত্তিবাসের রামায়ণ ও কাশীদাসের মহাভারতে ভণিতা আছে। তাহার কারণ আমাদের মনে হয় ঐ কাব্যগুলি পাঁচালীর আকারে পঠিত এবং গীত হইত বলিয়া ভণিতা দিবার প্রয়োজন হইয়াছিল। ইহাতে শ্রোতৃবর্গের পক্ষে রচয়িতাকে নির্দ্দেশ করা সহজ হইত।

এই প্রসঙ্গে বলা আবশ্যক যে অধিকাংশ কবিতায় ভণিতা থাকিলেও ভণিতাবিহীন কবিতাও বিরল নহে। কোন ক্ষেত্রে হয়ত কবি নামের কাঙ্গাল ছিলেন না, এ জন্য তিনি স্বীয় নাম যোগ করেন নাই। আবার কোনও কোনও স্থানে হয়ত এমনও হইয়াছে যে কাল-ক্রমে ভণিতার কলিটি লুপ্ত হইয়াছে। প্রায় দুই শত বৎসর পূর্বে রাধামোহন ঠাকুর পদামৃত-সমুদ্রের সংস্কৃত ভাষায় লিখিত ভূমিকায় বলিয়াছেন যে বহু পদের অংশ বিলুপ্ত হইয়াছে। লিপিকরের দোষে অনেক সময়ে এক নামের স্থলে অন্য নাম চলিয়া গিয়াছে, এবং লিপিকর-পরম্পরায় সেই ভুল চলিয়া আসিতেছে। যে স্থলে এইরূপ কোনও ভুল হয় নাই, সেখানেও অন্য কারণে কখনও কখনও কবি-পরিচয়ে আমাদের বাধা ঘটে। বিদ্যাপতি কখনও কবি-শেখর, কখনও কবিকণ্ঠহার, কখনও কবিবল্লভ নামে আপনার ভণিতা দিয়াছেন। অন্য কবিও যে এ সকল ভণিতা প্রয়োগ করিতে পারেন না. এমন নহে। এরূপ ক্ষেত্রে নিশ্চয় করিয়া বলা কঠিন যে কোন্ পদটি বিদ্যাপতির এবং কোন্ পদটি অন্য কবির। বিদ্যাপতির নামে পরিচিত বহু পদ গ্রীয়ার্সন সাহেব কর্ত্তৃক অপরের বলিয়া পরিত্যক্ত হইয়াছে। ইহা নিশ্চিত জানা গিয়াছে একাধিক যদুনন্দন, ১০।১১ জন বলরামদাস, ৮ জন গোবিন্দদাস, ২ জন রামানন্দ, ২ জন ঘনশ্যাম এবং ২ জন নরহরি ছিলেন। সুতরাং ভণিতাও সকল সময়ে আমাদিগকে নিঃসংশয়রূপে কবি-নির্ণয়ে সহায়তা করে না। তাহা হইলেও সাহিত্যের ইতিহাসে ভণিতার বিশেষ মূল্য আছে। এই ভণিতা হইতেই আমরা জানিতে পারি—যাহা অন্য কোনও প্রকারে জানা সম্ভব হইত না—যে চৈতন্যের পরে বঙ্গে অনেক মহিলা-কবি এবং মুসলমান পদকর্ত্তার অবির্ভাব হইয়াছিল।

[ ৩ ]

বৈষ্ণব পদাবলীর ভাষা-সম্বন্ধে দুই একটি কথা বলা আবশ্যক। ইহা স্বীকার করিতেই হইবে যে পদাবলীর ভাষা আধুনিক কবিতার ভাষা হইতে কতকটা পৃথক্। ভাষার এই পার্থক্যই যে অনেক সময়ে পাঠকের পক্ষে এই সকল কবিতার অর্থবোধের অন্তরায় সৃষ্টি করিয়াছে, সে সম্বন্ধে সন্দেহ নাই। ঐছন, পেখলুঁ, ভেল, কহত, ডারত, রহু প্রভৃতি শব্দের ব্যবহার বৈষ্ণব কবিতায় এত অধিক যে, পড়িতে গিয়াই গোলে পড়িতে হয়। এই সকল পদ যখন আমরা কীর্ত্তনীয়ার মুখে শুনিতে পাই, তখন আমাদের তেমন অসুবিধা হয় না; কারণ কীর্ত্তনীয়া 'অলঙ্কার' বা 'আখর' দিয়া দুর্বোধ বা অপরিচিত শব্দগুলিকে বিশদ করিয়া দেন। উদাহরণ-স্বরূপ যে-কোনও পদ লওয়া যাইতে পারে। মনে করুন কীর্ত্তনীয়া গোবিন্দদাসের একটি পদ ধরিয়াছেন:

কো কহ কাম অনঙ্গ।
কেলি-কদম্বমূলে সো রতি-নায়ক
পেখলুঁ নটবর-ভঙ্গ ॥

কীর্ত্তনীয়া গাহিবার মুখে বলিলেন, 'কে বলে তার অঙ্গ নাই গো? আমি এই এখনি দেখে

এলাম। রূপ ধ'রে মদন দাঁড়ায়ে আছে।' সেই রতি-পতি কেলি-কদম্বের মূলে নৃত্যভঙ্গীতে দাঁড়াইয়া আছেন, ইহা আমি প্রত্যক্ষ দেখিয়া আসিয়াছি। পরে পদকর্ত্তা বলিতেছেন যে, হাঁ, তুমি ঠিকই দেখিয়াছ; তবে সে মদন নহে, 'মদন-মোহন অবতার'।

এই ভাবে ব্যাখ্যা করিলে, তবেই কবিতাগুলির মাধুর্য্য সকলের পক্ষে আস্বাদন-যোগ্য হইয়া উঠে। পদাবলীর মধ্যে এই যে অপেক্ষাকৃত অপরিচিত শব্দের ব্যবহার দৃষ্ট হয়, ইহাকে সচরাচর 'ব্রজবুলি' নামে অভিহিত করা হয়। অনেকে অনুমান করেন—ব্রজবুলি নামক ভাষা মৈথিল ভাষার অনুকরণে সৃষ্ট হইয়াছিল। পিঙ্গলের ছন্দোগ্রন্থে ব্রজবুলির মত প্রাকৃতে বিরচিত রাধা-কৃষ্ণ-পদের নমুনা আছে। অবশ্য পরবর্ত্তী যুগে বিদ্যাপতির পদ সর্বত্র প্রচারিত হওয়াতে মৈথিল ভাষার অনেকটা প্রভাব ঐরূপ প্রাকৃতের উপর পড়িয়াছিল। গোবিন্দদাস প্রভৃতি কবির পদ বিদ্যাপতির দ্বারা বিশেষরূপ প্রভাবান্বিত। মিশ্র ভাষায় বৈষ্ণব পদাবলী রচিত হওয়ায় সে সময়ে বৈষ্ণব পদাবলীর প্রচারে সুবিধা ঘটিয়াছিল বলিয়া মনে হয়; কারণ সকল প্রদেশের লোকই বৈষ্ণব কবিতা সহজে বুঝিতে পারিত। বৈষ্ণব ধর্ম্মের প্রচারের সঙ্গে সঙ্গে বৈষ্ণব পদাবলীও ভারতের বিভিন্ন স্থলে প্রচারিত হইয়াছিল। এখনও রাজ-পুতানা ও মধ্যভারতের কোন কোন রাজ্য গৌড়ীয় বৈষ্ণব ধর্ম্ম স্বীকার করেন। উড়িষ্যার রাজারা প্রায় সকলেই সেই মতাবলম্বী। বৈষ্ণব পদের প্রসার বাড়াইবার জন্য কবিরা হিন্দী, মৈথিল প্রভৃতি ভাষার বহু শব্দ ও ক্রিয়া ব্রজবুলিতে গ্রহণ করিয়াছিলেন। এই ভাষার আদি খুঁজিতে গেলে আমরা দেশীয় প্রাকৃতের সঙ্গে সাক্ষাৎকার লাভ করিব।

যাহা হউক, মহাজন পদাবলী ব্যতীত অন্য কোথাও আমরা 'ব্রজবুলি'র সাক্ষাৎ পাই না। রাধা-কৃষ্ণ-লীলা-বিষয়ক পদে এই ভাষা ব্যবহৃত হয় এবং ব্রজ বা বৃন্দাবন রাধা-কৃষ্ণের লীলাস্থলী, এই জন্যই বোধ হয় এই ভাষার নাম ব্রজবুলি (ব্রজের বুলি বা ভাষা) হইয়াছে। বৃন্দাবনেও বাঙ্গালা ও হিন্দীর সংমিশ্রণে উৎপন্ন একপ্রকার ভাষা ব্যবহৃত হয়। কিন্তু সে ভাষার সহিত পদাবলী-প্রচলিত 'ব্রজবুলি'র সম্বন্ধ নাই। মৈথিল, হিন্দী, উড়িয়া ও অসমীয়া ভাষার প্রভাব পদাবলীতে যথেষ্ট পরিলক্ষিত হয়। তাহার কারণ কবিদিগের ব্যক্তিগত পক্ষপাত ব্যতীত আর কিছুই নহে। নিজ নিজ দেশের ভাষা সকলের নিকটেই মিষ্ট লাগে। 'দেসিল বঅনা সব জন মিট্ঠা।' তার পরে সংস্কৃত ভাষার প্রভাবও কম নহে। অনেক মহাজন-পদ সংস্কৃত ভাষায় বিরচিত, আবার অনেক পদ সংস্কৃতের অনুকরণে গ্রথিত, যথা:

নন্দ-নন্দন চন্দ-চন্দন-গন্ধ-নিন্দিত অঙ্গ।
জলদ-সুন্দর কম্বু-কন্ধর নিন্দি সিন্ধুর ভঙ্গ।।

এই সকল কারণে পদাবলী সাধারণ পাঠকের পক্ষে কিছু দুর্বোধ হইয়া পড়িয়াছে। পদাবলীর এই দুর্বোধ্যতা দূর করিয়া যাহাতে সাধারণের পক্ষে ইহা উপভোগ্য করা যায়, তজ্জন্য এই পুস্তকে প্রত্যেক পদের নিম্নে বিস্তৃত ব্যাখ্যা দেওয়া হইয়াছে। সর্বত্রই যে আমরা অর্থ ঠিক ধরিতে পারিয়াছি, বা ব্যাখ্যা যথাযোগ্যভাবে দিতে পারিয়াছি, তাহা সাহস করিয়া বলিতে পারি না। পদাবলীর মধ্যে এরূপ বহু ভাব-সমৃদ্ধ কবিতা আছে, যাহার অর্থ বাহির করা বহু ভাষাতত্ত্ববিৎ ভাবুক ব্যক্তির অক্লান্ত পরিশ্রমসাপেক্ষ।

[ ৪ ]

বৈষ্ণব পদাবলীর দ্বারা বঙ্গদেশে এক বিপুল কাব্য-সাহিত্য গড়িয়া উঠিয়াছিল। যে যুগে এই সাহিত্য গঠিত হইয়াছিল, তাহাকে গীতি-কবিতার যুগ বলা হয়। এরূপ বিপুল গীতি-কবিতা-ভাণ্ডার আর কোনও দেশের সাহিত্যে আছে কিনা সন্দেহ। কি অদ্ভুত প্রেরণার ফলে এই পদাবলী-সাহিত্য গড়িয়া উঠিয়াছিল, তাহা জানিতে হইলে শ্রীচৈতন্য মাহপ্রভুর জীবনী ও তৎপ্রচারিত ধর্ম্মের সহিত পরিচয় থাকা একান্ত আবশ্যক। যদিও বিদ্যাপতি ও চণ্ডীদাস চৈতন্যের পূর্বে আবির্ভূত হইয়া কাব্য-সাহিত্যে অমূল্য রত্নরাজি প্রদান করিয়া গিয়াছিলেন, তথাপি পদাবলীর প্রসার ও আদর চৈতন্যের আবির্ভাবের পরেই বেশী হইয়াছিল। তাঁহার সমসাময়িক ও পরবর্ত্তী কবিগণের দ্বারাই বৈষ্ণব কবিতার অফুরন্ত ভাণ্ডার রচিত হইয়াছিল। গোবিন্দদাস, জ্ঞানদাস, নরোত্তমদাস, বলরামদাস, ঘনশ্যামদাস প্রভৃতি বহু কবি সাহিত্যের দরবারে শ্রেষ্ঠ আসন পাইবার যোগ্য। অবশ্য বিদ্যাপতি ও চণ্ডীদাস গীতি-কবিতা-সাহিত্যের অবিসংবাদিত সম্রাট্। পদাবলীর রচয়িতৃগণ প্রতিষ্ঠা অপেক্ষা ভজনের উৎকর্ষের উদ্দেশ্যেই কবিতা রচনা করিয়াছিলেন, এই জন্য এই সকল কবিকে 'মহাজন' আখ্যা দেওয়া হয়। সকল কবিই শ্রেষ্ঠ নহেন, সকল কবিতাও মনোজ্ঞ নহে; কিন্তু যে প্রেরণা হইতে ঐ সকল কবিতার উদ্ভব তাহা যে অসাধারণ, সে সম্বন্ধে সন্দেহ নাই।

এই গীতি-কাব্যের প্রধান উপজীব্য শ্রীরাধাকৃষ্ণের প্রেম। দাম্পত্য প্রেম জগতের সমস্ত কাব্য-কলার জীবন্ত প্রেরণা যোগাইয়া আসিতেছে; তাহার কারণ রসই কাব্যের প্রাণ বা আত্মা। যেখানে রস বা আনন্দ নাই, সেখানে কাব্য নাই। দুঃখের অভিব্যক্তিতেও আনন্দ থাকিতে পারে; সুতরাং তাহাও 'রস' শব্দের অন্তর্ভুক্ত। সুখ-দুঃখ লইয়াই জীবন; সুখ-দুঃখ লইয়াই কবিতা। সমালোচক সত্যই বলিয়াছেন, Poetry is the criticism of life. জীবনের মধ্যে যত প্রকার রসানুভূতি আছে, ভালবাসা তাহার মধ্যে শ্রেষ্ঠ। সেই জন্যই অনুরাগ, মিলন, বিরহ, বেদনা লইয়াই জগতের শ্রেষ্ঠ কবিতা রচিত হইয়াছে। পুত্রের প্রতি মাতার সকরুণ স্নেহ, পুত্রের বিরহে মাতার কাতর ক্রন্দন, সখার জন্য সখার অসীম ব্যাকুলতা, সখার সঙ্গে সখার নিবিড় সম্মিলন, নায়িকার প্রতি নায়কের প্রগাঢ় প্রীতি, নায়কের জন্য নায়িকার উৎকণ্ঠা, প্রেমাস্পদের বিরহে বেদনাতুর হৃদয়ের মর্ম্মভেদী হাহাকার—এই লইয়াই যাবতীয় কবিতা। বৈষ্ণব কবিতায়ও এই সকল রসের অনুবৃত্তি ও বৈচিত্র্য দেখিতে পাওয়া যায়। প্রভেদ এই, সাধারণ কবিতায় সখ্য, বাৎসল্য, দাম্পত্যপ্রেম মানুষের মধ্যে নিবদ্ধ; বৈষ্ণব কবিতায় উহা শ্রীকৃষ্ণের লীলা-বৈচিত্র্যে স্ফূর্ত্তি লাভ করিয়াছে। বৈষ্ণব পদাবলী-সাহিত্যে যে ভাবে সেই লীলা বর্ণিত হইয়াছে, তাহাতে মনে হয় যে মানুষ যদি এ কবিতার অবলম্বন হইত, তাহা হইলে ঐ রসগুলি এ প্রকারে পরিণতি-প্রাপ্ত হইত কিনা সন্দেহ। বৈষ্ণব কবিতায় শ্রীদাম প্রভৃতি সখা সখ্য-রসের প্রতীক। 'অত্যাগসহনো বন্ধুঃ সমপ্রাণঃ সখা মতঃ।' সখা হইতে হয় ত এমনই হওয়া উচিত। যশোমতী বিশুদ্ধ বাৎসল্যময়ী; বাৎসল্য হইতে তাঁহাকে পৃথক্ করিয়া দেখিলে কিছুই থাকে না। শ্রীরাধিকা কৃষ্ণপ্রেমের জীবন্ত বিগ্রহ-স্বরূপ; তাঁহার জীবনের সবখানিই সেই প্রীতির মাধুর্য্যে ভরপুর।

অনেকের মনে সন্দেহ হইতে পারে যে, রাধাকৃষ্ণ যদি ভগবৎপদ-বাচ্য হয়েন, তবে তাঁহাদিগকে দিয়া সাধারণ মানুষের মত লীলা-খেলা না করাইলেই ভাল হইত। এ স্থলে একটি কথা মনে রাখা আবশ্যক যে, বৈষ্ণবেরা ভগবান্‌কে অনন্ত ঐশ্বর্য্যের অধিকারী করিয়া আমাদের জীবনের সুখদুঃখের পরপারে নির্বাসন করিয়া দেন নাই—ইংরেজ কবি যাহাকে বলিয়াছেন " Too far from the sphere of our sorrow." শ্রীচৈতন্য যে ধর্ম্ম প্রচার করেন, তাহাতে শ্রীকৃষ্ণ পরতত্ত্ব এবং স্বয়ং ভগবান্ বলিয়া কথিত হইলেও তিনি যে জীবের একান্ত আপনার, তাহাই প্রতিপাদিত হইয়াছে। অখিল-রসামৃত-মূর্ত্তি শ্রীকৃষ্ণ যে মানুষের অত্যন্ত অন্তরঙ্গ, অত্যন্ত প্রেমাস্পদ, ইহাই শ্রীগৌরাঙ্গ-প্রচারিত ধর্ম্মমতের প্রধান বৈশিষ্ট্য। আরও অনেক ধর্ম্মমতে ভগবানের সহিত মানব নিকট সম্বন্ধ পাতাইবার চেষ্টা করিয়াছে। খ্রীষ্টানেরা ভগবান্‌কে পিতা বলিয়া সম্ভাষণ করেন, শৈবেরাও উপাস্য দেবতাকে ঐরূপভাবে সম্বোধন করেন, শাক্তরা ইষ্টদেবতাকে 'মা' বলিয়া ডাকেন। ভগবান্‌কে একবার আপনার জন বলিয়া মনে করিলে সখা, পুত্র, প্রাণপতি, কিছুই বলিতে আর দ্বিধা হয় না। রামপ্রসাদ যে মুহূর্ত্তে ভগবান্‌কে 'মা' বলিয়া চিনিতে পারিলেন, তখনই তাঁহার কবিতার উৎস খুলিয়া গেল। তিনি কখনও তাঁহার সহিত খেলা করিতেছেন, কখনও কোন্দল করিতেছেন, কখনও তাঁহার নিকট আব্দার করিতেছেন। শ্রীচৈতন্যও যখন নিজের জীবনের সুখ-দুঃখ, বেদনা-ব্যথার মধ্যে ভগবান্‌কে পাইলেন, তখন ঈশ্বরের ঐশ্বর্য্য-মণ্ডিত রূপ আর রহিল না। হৃদয়-দেবতাকে লইয়া তখন কাব্য-কলার সমস্ত বিলাসই সম্ভবপর হইল।

'পূজ্যেষ্বনুরাগো ভক্তিঃ'—পূজনীয় ব্যক্তির প্রতি যে অনুরাগ তাহার সাধারণ নাম ভক্তি। কিন্তু এখানে ঈশ্বরে যে পরানুরক্তি বা প্রগাঢ় প্রেম, যে প্রেম সকল ভুলাইয়া দেয়, যে প্রেমে ভেদ-বুদ্ধি থাকে না, যাহা আপনাকে সম্পূর্ণভাবে বিলাইয়া দিয়া চরিতার্থতা লাভ করে, তাহাই ভক্তি। 'সা পরানুরক্তিরীশ্বরে।' এই পরানুরক্তি বা প্রেমই বৈষ্ণব কবিতার সবগুলি ঝরণার ধারা ছুটাইয়া দিয়াছে। ইহাই পদ-সাহিত্যে শ্রীচৈতন্য মহাপ্রভুর সর্বশ্রেষ্ঠ দান। ইহাই কাব্য-জগতে নূতন প্রেরণা আনয়ন করিল। ইহারই জন্য বৈষ্ণব কবিতার মাধুর্য্য চির-নবীন; বহুবার শুনিলেও ইহা পুরাতন হয় না। রস-সম্পদেও এই জন্য ইহা গরিষ্ঠ। একজন সুধী সমালোচক সত্যই বলিয়াছেন, "ইহা দৃঢ়তার সহিত বলা যাইতে পারে যে এরূপ শত শত পদ পাওয়া গিয়াছে যাহাতে কি শব্দ-লালিত্য, কি ছন্দের ঝঙ্কার, কি ভাবের চমৎকারিত্ব, যে দিক্ দিয়াই বিচার করা যাউক না কেন, সেরূপ কবিতা শুধু ভারতীয় সাহিত্য কেন, বোধ হয় বিশ্ব-সাহিত্যেও খুব কম আছে।"*

পদাবলী গীতি-কবিতার সমষ্টি হইলেও তাহাদের মধ্যে পরস্পর একটি সম্বন্ধ রহিয়াছে। এগুলি প্যাল্‌গ্রেভের Golden Treasury কবিতার মত খণ্ড কবিতা নহে, বরং ইহাদিগকে খণ্ডকাব্য বলা যাইতে পারে। লীলার বৈচিত্র্য অনুসারে কতকগুলি কবিতা গোষ্ঠ, কতকগুলি বিরহ, কতকগুলি মান—এই ভাবে গ্রথিত হইতে পারে। কোন্ কবিতা কোন্ রসের বা কোন্ পর্য্যায়ের অন্তর্গত, তাহা সেই কবিতা দেখিলেই বুঝা যায়। বহু কবি 'মান'-সম্বন্ধে পদ রচনা করিয়া গিয়াছেন, সেগুলির মধ্য হইতে পদ বাছিয়া সাজাইলেই

* সতীশচন্দ্র রায়, এম.এ., 'অপ্রকাশিত পদরত্নাবলীর ভূমিকা'।

চৈতন্যের পরবর্ত্তী রাধাকৃষ্ণ-পদাবলীতে ত কথাই নাই, কিন্তু তাঁহার পূর্ব্ববর্ত্তী কবি চণ্ডীদাসের কবিতায়ও তাঁহার আসন্ন লীলার পূর্বাভাস পড়িয়াছিল :

অকথন বেয়াধি এ কহা নাহি যায়।
যে করে কানুর নাম ধরে তার পায়॥
পায়ে ধরি পড়ে সে চিকুর গড়ি যায়।
সোনার পুতলি যেন ধূলায় লুটায়॥

চণ্ডীদাস তাঁহাকে দেখেন নাই—জগতে একমাত্র চৈতন্যই হরিনাম শুনিলে সকলের পায়ে গড়াগড়ি যাইতেন। চণ্ডীদাসের রাধা এখানে গৌরলীলার পূর্বাভাস। কোন শ্রেষ্ঠ ধর্ম্মবীর কিংবা কর্ম্মবীরের আগমনের পূর্বে শ্রেষ্ঠ লেখকদের আবির্ভাব হয়, তাঁহারা সেই ধর্ম্মবীর বা কর্ম্মবীরের আগমনী গান করেন, ভাবী ঘটনা তাঁহাদের হৃদয়ে ছায়াপাত করে। এইভাবে রুসো ও ভল্টেয়ার নেপোলিয়ানের আবির্ভাবের পূর্ব-সূচনা করিয়াছিলেন এবং চণ্ডীদাস মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে তাঁহার লীলার সুর সুমধুর সঙ্গীতে বহিয়া আনিয়াছিলেন। যখন বিদ্যাপতি বিসপী গ্রামে বসিয়া সংস্কৃত অলঙ্কার শাস্ত্রের সঙ্গে সুর মিলাইয়া রাধিকার বয়ঃসন্ধি বর্ণন করিতেছিলেন—যখন লিখিতেছিলেন, "থীর নয়ন অথির কি ভেল" কিংবা "আধ আচর খসি, আধ বদনে হসি, আধহি নয়ান তরঙ্গ।"—তখন নান্নুরের কবি পূর্ব-রাগের যে চিত্র উন্মুক্ত করিয়া আমাদিগকে দেখাইলেন, তাহাতে যৌবনাবেগের প্রসঙ্গ নাই। তাহা ক্লিষ্ট-কর্ম্মা তপস্বীর,—"জপিতে জপিতে নাম অবশ করিল গো"—যে রাধিকা নীলাম্বর পরিয়া কৃষ্ণের বর্ণ-সাদৃশ্য অনুভব করেন, এ রাধা সে রাধা নহে :

বিরতি আহারে রাঙ্গা বাস পরে
যেমতি যোগিনী পারা।

রাধা উপবাস করেন এবং গেরুয়া বস্ত্র পরেন। বস্তুতঃ বেণু-বীণার সঙ্গীতমুখর—নানা রাগালাপনে বিচিত্র—পার্থিব কাহিনীর চিহ্ন চণ্ডীদাসের পূর্বরাগে বেশী পাওয়া যায় না। যতই গভীরভাবে তাহার গূঢ়ার্থের বিচার করা যাইবে ততই দেখা যাইবে, এখানে অনুরাগের নামে ঘোর বিরাগ, সংযোগের নামে পার্থিব সুখ-ভোগের সম্পূর্ণ বিয়োগ। প্রেমময়ের বাঁশীর সুর শুনিলে ঘর আর ঘর থাকে না। তখন সংসারের সাধ্য কি তাহাকে কর্ত্তব্যের বাঁধন দিয়া ঘরে আট্‌কাইয়া রাখিবে? চণ্ডীদাসের কবিতায় সর্বত্র সেই বৈরাগ্যের সুরটি শুনিতে পাওয়া যায়।

চণ্ডীদাসের বহু পদে একান্তভাবে প্রেমাস্পদের চরণে আত্মসমর্পণের কথা আছে; যথা, "কানু অনুরাগে এ দেহ সঁপিনু তিল তুলসী দিয়া।" তিল তুলসী দিয়া—অর্থাৎ সমস্ত স্বত্ব পরিত্যাগ করিয়া—তাঁহার অনুরাগে দেহ-সমর্পণ। বিদ্যাপতির প্রার্থনার পদেও এই সুরটি পাওয়া যায় :

দেই তুলসী তিল, এ দেহ সমর্পিলুঁ
দয়া জনু ছোড়বি মোয়॥

বলিতেছেন আমার চক্ষু, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয় তোমার সেবায় চিরতরে নিযুক্ত করিব—সংসারের দাবী-দাওয়া আমার উপর আর রহিল না, আমি একেবারে তোমারই হইলাম।

সমস্ত বৈষ্ণব পদেই এই বিশ্বনিয়ন্তা আনন্দময় পুরুষবরের বাঁশীর সুর ধ্বনিত হইতেছে। কীর্ত্তনগানের গৌরচন্দ্রিকা শ্রোতার লক্ষ্য সেই দিকে আকৃষ্ট করিয়া অধ্যাত্ম-রাজ্যের দিকে ইঙ্গিত করে।

[ ৭ ]

বৈষ্ণব কবিদিগের অধ্যাত্মভাবের কথা ছাড়িয়া দিলেও তাঁহাদের আর একটা দিক্ আছে—তাহা কবিত্বের দিক্। বৈষ্ণব কবিতা সমুদ্রগামী নদীর ন্যায়। নদী চলিয়াছে; দুই দিকে তটভূমি, তাহা আনন্দ-কলরবে মুখরিত করিয়া নদী চলিতেছে; দুই ধারে ফল-ফুল-সমন্বিত তরুলতা, জন-কোলাহল, পল্লীর অপূর্ব সৌন্দর্য্য, ফুলের বাগান। কিন্তু যখন নদী মোহনায় আসিল তখন সে-সমস্ত দৃশ্য সে পশ্চাতে ফেলিয়া আসিয়াছে, আর সে বিহগ-কূজিত, জন-কোলাহল-মুখরিত, উদ্যান-সঙ্কুল বনভূমি—এ সকলের কিছু নাই—সম্মুখে দুর্ভেদ্য প্রহেলিকার মত অসীমের প্রতীক মহাসমুদ্র। বৈষ্ণব কবিতা নানারূপ পার্থিব সৌন্দর্য্যের পথ বাহিয়া চলিয়াছে—কিন্তু তাহার পরম লক্ষ্য সেই অজ্ঞেয় দুরধিগম্য মহাসত্য। বিদ্যাপতি রাধার মুখে বলিতেছেন—হে কৃষ্ণ! তুমি আমার মাথার ফুল, চোখের কাজল, গলার মুক্তাহার, তাহা হইতেও বেশী, তুমি আমার নিকট পাখীর পাখা—তোমাকে ছাড়া আমি একেবারে অচল হই—মাছের পক্ষে জল যাহা, তুমি আমার কাছে তাহাই, জল হইতে তুলিলে সে তখনই মরিয়া যায়—আমি তোমাকে সব দিয়াছি। কিন্তু "মাধব তুহুঁ কৈছে কহবি মোয়"—আমার সর্বস্ব দিয়াও আমি তোমাকে চিনিতে পারি নাই। তুমি আমার নিকট দুর্জ্ঞেয়—মাধব, বল তুমি কে এবং কেমন!

রাধা কাহাকে তাঁহার সর্বস্ব দিয়াছেন?—সর্বস্ব দিয়া শেষে পরিচয় জিজ্ঞাসা,—এ মন্দ নয়! প্রেমিক এত তপস্যার পর বুঝিতেছেন—যাঁহাকে তিনি আপন হইতে আপন মনে করিয়াছিলেন, তিনি পরাৎপর, অবাঙ্মনসগোচর। বৈষ্ণব কবিতা এইভাবে জানা পথ দিয়া লইয়া যাইয়া অ-জানার সন্ধান দেয়।

এই ভাবের পদ চণ্ডীদাসেরও আছে। রাধিকা পরকে আপন করিয়াছেন, আপনার জনকে পর করিয়াছেন; ঘরে মন নাই, ঘর বাহিরের মত হইয়া গিয়াছে—আর বাহিরে অভিসারে যাইয়া যেন আসল ঘর পাইয়াছেন। সারারাত্রি জাগেন—এবং দিনের বেলায় ঘুমে এলাইয়া পড়েন—'রাতি কৈলাম দিবস, দিবস কৈলাম রাতি,' কিন্তু যাঁহার জন্য তিনি এই সর্বস্বত্যাগী প্রেমসাধনা করিলেন, যে প্রেমে প্রাকৃতিক নিয়মের বিপর্য্যয় করিয়া অসাধ্য-সাধন করিলেন, সেই পুরুষবরকে ত মুহূর্ত্তকালের জন্যও আপনার জন বলিয়া মনে করিতে সাহস করেন নাই। এত করিয়াও "বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি।" এত ভালবাসা দিয়াও সর্বদা

এই ভয় উঠে মনে এই ভয় উঠে।<br>
না জানি কানুর প্রেম তিলে যেন টুটে॥

বৈষ্ণব কবিতা এই সসীম ও অসীমের সন্ধিস্থলে। সসীমের মধ্যে সমস্ত নরলোকের সৌন্দর্য্য, বাণীকুঞ্জের সার কবিত্ব; এবং হঠাৎ সেই কবিতার সুর বদলাইয়া যায়, আসল পাওয়া জিনিষ হারাইয়া যায় এবং সমস্ত বিষয়টা—যাহা পরিষ্কার বলিয়া মনে হইয়াছিল তাহা—জটিল এবং অস্পষ্ট প্রহেলিকার মত হইয়া দাঁড়ায়। তখন প্রগাঢ় আলিঙ্গনেও আলিঙ্গনের স্পৃহা মিটে না, শত শত বাসন্তী রজনীর ক্রীড়া-কৌতুকেও হৃদয়ের ক্ষুধার তৃপ্তি হয় না। জন্ম ভরিয়া রূপ দেখিয়াও রূপের তৃষ্ণা মিটে না। এ কি অফুরন্ত রহস্য! এই অপার আনন্দের পর-পার দেখা যায় না।

রাধার তপস্যা যোগীর তপস্যা,—সারারাত্রি আঙ্গিনায় জল ঢালিয়া পিছল পথে যাতায়াত শিক্ষা করেন, প্রিয় যখন ডাকিবেন তখন সে দুর্গম পথে যাইতে হইবে,—পথে কাঁটা বিছাইয়া দুই চক্ষু বুজিয়া তিনি সারারাত্রি পথ হাঁটেন, অমাবস্যা-রাত্রিতে কণ্টকাকীর্ণ পিছল বনপথে তাঁহাকে বাঁশীর সুর শুনিয়া 'কৃষ্ণ কৃষ্ণ' বলিয়া যে ছুটিতে হইবে। এই সকল পদে পার্থিবের সঙ্গে অপার্থিবের মিলন, বিয়োগান্ত নাট্যের সমস্ত কারুণ্য অথচ তাহা সিঁড়ির পর সিঁড়ির ন্যায় প্রেমের উচ্চ স্বর্গরাজ্যে পৌঁছাইয়া দেয়।

আমরা 'পূর্ববঙ্গ-গীতিকা'য় পার্থিব প্রেমের চূড়ান্ত দৃশ্য দেখিয়াছি। ভালবাসার জন্য মানুষ যত কৃচ্ছ্র সহ্য করিতে পারে, পল্লী-কবিরা সেই পরিণামের কিছুই বাদ দেন নাই। প্রাসাদ-স্বামী কুটীরবাসিনীর পায়ে সর্বস্ব বিকাইয়া দিয়াছেন; কুটীরবাসিনী তাহার প্রেমের প্রায়শ্চিত্ত-স্বরূপ উত্তাল নদী-তরঙ্গে জীবন ভাসাইয়া দিয়াছে। কত বিরহীর অশ্রু, মনস্তাপ ও দীর্ঘশ্বাস, কত নিরাশ প্রণয়ীর আত্ম-সমর্পণ ও হত্যা, কত প্রেমিকের শ্বেতাব্জসুন্দর নির্ম্মলতা, কত বীরোচিত ধৈর্য্য ও মূর্ত্ত সহিষ্ণুতা—পল্লীগীতিকাগুলির পৃষ্ঠা উজ্জ্বল করিয়াছে। কিন্তু বৈষ্ণব কবিদের পদাবলীতে প্রেমের গতি আরও অগ্রসর হইয়া, যাহা লক্ষ্যের অতীত সেই মহাসত্যকে অবলম্বন করিয়াছে। কাজলরেখার সহিষ্ণুতা, মহুয়ার ক্রীড়াশীল বিচিত্র প্রেম, মলুয়ার ও চন্দ্রাবতীর নিষ্ঠা, কাঞ্চনমালার প্রেমের অগ্নিতে জীবন-আহুতি—এক কথায়, যে কোন কালে যে কোন নায়িকা প্রেমের পথে চলিয়া যে সকল অমানুষী গুণ দেখাইয়াছেন,—রাধা তাঁহাদের সকলের প্রতীক। রাধার পূর্ব্বরাগ, অভিসার, মিলন, মান, বিরহ ও ভাব-সম্মিলনের পরে প্রেমের কথা ফুরাইয়া গিয়াছে। কবিরা পৃথিবী আঁকিয়াছেন এবং স্বর্গও আঁকিয়াছেন—কিন্তু বৈষ্ণব কবিরা পৃথিবী ও স্বর্গ এক করিয়া দেখাইয়াছেন—তাঁহাদের আঁকা ছবি যে সত্য, চৈতন্যদেব তাহারই প্রমাণ। 'পূর্ববঙ্গ-গীতিকা'য় নায়িকাদিগকে প্রেমের যে উত্তুঙ্গ শিখরে দেখিতে পাই, তাহা হইতে বৈষ্ণব কবির বৈকুণ্ঠ আরও দূরে,—মনে হয়, গীতিকার নায়িকাদের আর এক ধাপ পরে বৈষ্ণব কবিদের গণ্ডী সুরু হইয়াছে। শত শত সতী যে চিতায় পুড়িয়া ছাই হইয়াছে, সেই চিতার পূত বিভূতি হইতে রাধিকার উদ্ভব। সেই সকল 'সতী' ও নায়িকা হব্য-স্বরূপ, কিন্তু যখন সেই হব্য হোমাগ্নির আহুতি হয়, তখন তাহার নাম হয় 'রাধা-ভাব'।

শ্রীদীনেশচন্দ্র সেন
শ্রীখগেন্দ্রনাথ মিত্র

( অকারাদিক্রমে )


| প্রথম পংক্তি | পদকর্ত্তা | পৃষ্ঠা |
|---|---|---|
| অঙ্কুর তপন-তাপে যদি জারব | বিদ্যাপতি | ৯৩ |
| অন্তরে জানিয়া নিজ অপরাধ | বলরাম দাস | ৬৩ |
| অব মথুরাপুর মাধব গেল | বিদ্যাপতি | ৮৯ |
| অবনত আনন কএ হম রহলিহুঁ | বিদ্যাপতি | ৩৮ |
| আইস আইস বন্ধু আইস আধ আঁচরে বৈস | অজ্ঞাত | ৮০ |
| আওত শ্রীদামচন্দ্র রঙ্গিয়া পাগড়ী মাথে | শেখর | ১৬ |
| আজি অদভুত তিমির-রঙ্গ | শশী | ৫৬ |
| আজিকার স্বপনের কথা শুনলো মালিনী সই | বাসুদেব ঘোষ | ১১ |
| আজু কেগো মুরলী বাজায় | চণ্ডীদাস | ৭১ |
| আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ | বিদ্যাপতি | ১০২ |
| আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ | রাধামোহন | ৫ |
| আদরে আগুসরি রাই হৃদয়ে ধরি | গোবিন্দদাস | ৫৭ |
| আধক আধ-আধ দিঠি-অঞ্চলে | গোবিন্দদাস | ৪৪ |
| আন্ধল প্রেম পহিল নহি জানলুঁ | গোবিন্দদাস | ৬৫ |
| আমার শপতি লাগে না ধাইও ধেনুর আগে | যাদবেন্দ্র | ১৭ |
| আলো মুঞি জানোনা | জ্ঞানদাস | ৩৩ |
| একে কুলবতী ধনি তাহে সে অবলা | চণ্ডীদাস | ৩৯ |
| এ ঘোর রজনী মেঘের ঘটা | চণ্ডীদাস | ৫৯ |
| এমন কালিয়া-চাঁদের কে বনাল্য বেশ | বংশীবদন | ৪৭ |
| এমন পিরীতি কভু নাহি দেখি শুনি | চণ্ডীদাস | ৪১ |
| এ সখি হামারি দুখের নাহি ওর | বিদ্যাপতি | ৯১ |
| ওগো মা আজি আমি চরাব বাছুব | বিপ্রদাস ঘোষ | ১৬ |
| কণ্টক গাড়ি কমল-সম পদতল | গোবিন্দদাস | ৫২ |
| কপট চাতুরী চিত্তে জন-মন ভুলাইতে | চন্দ্রশেখর | ১০৬ |
| কহিও কানুরে সই কহিও কানুরে | শেখর | ৯৫ |
| কানড় কুসুম জিনি কালিয়া বরণখানি | চণ্ডীদাস | ৪৭ |
| কানু-অনুরাগে হৃদয় ভেল কাতর | জ্ঞানদাস | ৫৫ |
| কাল জল ঢালিতে সই কালা পড়ে মনে | চণ্ডীদাস | ৮০ |
| কালিন্দীর এক দহে কালিনাগ তাহাঁ রহে | মাধব | ২২ |
| কাহারে কহিব মনের মরম কেবা যাবে পরতীত | চণ্ডীদাস | ৪৩ |

| প্রথম পংক্তি | পদকর্ত্তা | পৃষ্ঠা |
|---|---|---|
| কি কহব রে সখি আনন্দ ওর | বিদ্যাপতি | ১০৩ |
| কি পেখলুঁ বরজ-রাজ-কুলনন্দন | অনন্তদাস | ৩২ |
| কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান | চণ্ডীদাস | ৭৬ |
| কি লাগিয়া দণ্ডধরে অরুণ-বসন পরে | বাসুদেব ঘোষ | ৮ |
| কিয়ে সখি চম্পক-দাম বনায়সি | যদুনন্দন | ৮৯ |
| কুল মরিযাদ-কপাট উদ্‌ঘাটলুঁ | গোবিন্দদাস | ৫৩ |
| কুলবতী কোই নয়নে জনি হেরই | গোবিন্দদাস | ৬৬ |
| কৈছে চরণে কর-পল্লব ঠেললি | বৃন্দাবন | ৬৪ |
| গগনে অব ঘন মেহ দারুণ | রায় শেখর | ৫৪ |
| ঘর হৈতে আইলাম বাঁশী শিখিবার তরে | জ্ঞানদাস | ৭০ |
| ঘরের বাহিরে দণ্ডে শতবার | চণ্ডীদাস | ৩০ |
| চম্পক শোন-কুসুম কনকাচল | গোবিন্দদাস | ৪ |
| চলত রাম সুন্দর শ্যাম | নসিরমামুদ | ২০ |
| চাঁদবদনী নাচত দেখি | দুখিনী | ৭২ |
| চাঁদমুখে বেণু দিয়া সব ধেনু নাম লইয়া | বলরাম দাস | ২১ |
| চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি | জ্ঞানদাস | ৬২ |
| চির চন্দন উরে হার না দেলা | বিদ্যাপতি | ৯০ |
| চূড়াটি বান্ধিয়া উচচ কে দিল ময়ূর পুচ্ছ | জ্ঞানদাস | ২৫ |
| জপিতে তোমার নাম বংশী ধরি অনুপাম | চণ্ডীদাস | ৮৫ |
| ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি | গোবিন্দদাস | ৩০ |
| তাতল সৈকত বারিবিন্দু সম | বিদ্যাপতি | ১০৫ |
| তোমারে বুঝাই বঁধু তোমারে বুঝাই | চণ্ডীদাস | ৭৭ |
| দধি-মন্থ-ধ্বনি শুনইতে নীলমণি | বলরাম দাস | ১৪ |
| দণ্ডে শতবার খায় যাহা দেখে তাহা চায় | বাসুদেব | ১৮ |
| দরশনে উনমুখী দরশন-সুখে-সুখী | শ্যামদাস | ৪৯ |
| দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কাঁদে অনুরাগে | বলরাম দাস | ১৫ |
| দেইখ্যা আইলাম তারে | জ্ঞানদাস | ৪৮ |
| দেখ মায়ি নাচত নন্দ-দুলাল | শ্যামচাঁদ | ১৩ |
| দেখসিয়া রামের মাগো গোপাল নাচিছে তুড়ি দিয়া | যাদবেন্দ্র দাস | ১৩ |
| দুহুঁ মুখ-দরশনে দুহুঁ ভেল ভোর | নরোত্তম দাস | ৬৯ |
| ধনি ভেলি মানিনী সখীগণ মাঝ | কবিশেখর | ৬১ |
| ধরণী জনমিল এথা কি পুণ্য করিয়া | শ্রীরঘুনন্দন | ৪৩ |
| ধরবা ধরবা ধর মোর পীতবাস পর | জ্ঞানদাস | ৭০ |
| ধৈর্য্যং রক্ষ ধৈর্য্যং রাই গচ্ছং মথুরাওয়ে | যদুনন্দন | ৯৭ |

| প্রথম পংক্তি | পদকর্ত্তা | পৃষ্ঠা |
|---|---|---|
| নবরে নবরে নব নবঘন শ্যাম | যদুনাথ | ৮৪ |
| নহাই উঠল তীরে রাই কমলমুখী | বিদ্যাপতি | ৩৭ |
| নাগর-সঙ্গে রঙ্গে যব বিলসই | গোবিন্দদাস | ৭৪ |
| নামহি অক্রূর ক্রূর নাহি যা সম | গোবিন্দদাস | ৮৮ |
| নিতাই করিয়া আগে চলিলেন অনুরাগে | বল্লভদাস | ১০ |
| নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে | গোবিন্দদাস | ৩ |
| নীলাচল হৈতে শচীরে দেখিতে | মাধবীদাস | ১০ |
| পতিত হেরিয়া কাঁদে স্থির নাহি বাঁধে | গোবিন্দদাস | ৭ |
| পরশ-মণির সাথে কি দিব তুলনা রে | পরমানন্দ | ৫ |
| পাগলিনী বিষ্ণুপ্রিয়া ভিজা বস্ত্র-চুলে | বাসুদেব | ৭ |
| পিয়া যব আওব এ মঝু গেহে | বিদ্যাপতি | ১০১ |
| পিয়ার ফুলের বনে পিয়ার ভ্রমরা | গোবিন্দদাস | ৯২ |
| পুরুবে যতেক করিলুঁ সুতপ | নরহরি দাস | ৮৫ |
| প্রণতি করিয়া মায় চলিলা যাদব রায় | মাধব | ১৯ |
| প্রেমক অঙ্কুর জাত আত ভেল | বিদ্যাপতি | ৯২ |
| বঁধু, কি আর বলিব আমি | চণ্ডীদাস | ৮২ |
| বঁধু, কি আর বলিব তোরে | চণ্ডীদাস | ৭৫ |
| বঁধু, তুমি সে আমার প্রাণ | চণ্ডীদাস | ৮৩ |
| বঁধু, তোমার গরবে গরবিণী আমি | জ্ঞানদাস | ৮৪ |
| বহুদিন পরে বঁধুয়া এলে | চণ্ডীদাস | ১০১ |
| বিবিধ কুসুম দিয়া সিংহাসন নিরমিয়া | উদ্ধবদাস | ২০ |
| বেলি অবসান-কালে একা গিয়েছিলাম জলে | রামানন্দ বসু | ৩৬ |
| ব্রজ-নিজ-জন হেরি আনন-চন্দ | মাধবদাস | ২৪ |
| ব্রজবাসিগণ কান্দে ধেনু-বৎস শিশু | বলরাম | ২২ |
| ব্রজবাসিগণ-জীবন শেষ | মাধব | ২৩ |
| মঞ্জু বিকচ কুসুম-পুঞ্জ | জগদানন্দ | ২৬ |
| মন-চোরার বাঁশী বাজিও ধীরে ধীরে | কানাই | ৭৭ |
| মন মোর আর নাহি লাগে গৃহকাজে | চণ্ডীদাস | ৭৮ |
| মন্দির বাহির কঠিন কপাট | গোবিন্দদাস | ৫২ |
| মাধব, কাহে কান্দাওসি হামে | রাধামোহন | ৬৩ |
| মাধব কি কহব দৈব-বিপাক | গোবিন্দদাস | ৫৮ |
| মাধব, দূবরী পেখলু তাই | ভূপতি | ৯৮ |
| মাধব, বহুত মিনতি করি তোয় | বিদ্যাপতি | ১০৪ |
| মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার | জ্ঞানদাস | ৫৫ |
| যত নিবারিয়ে চাই নিবার না যায়রে | চণ্ডীদাস | ৭৫ |
| যাঁহা পহুঁ অরুণ-চরণে চলি যাত | গোবিন্দদাস | ৩৫ |
| যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু-জ্যোতি | গোবিন্দদাস | ৩৫ |
| যো মুখ নিরখনে নিমিখ না সহই | গোবিন্দদাস | ৯৪ |

| প্রথম পংক্তি | পদকর্ত্তা | পৃষ্ঠা |
|---|---|---|
| রাইয়ের দশা সখীর মুখে | চণ্ডীদাস | ৯৮ |
| রাধার কি হৈল অন্তরে ব্যথা | চণ্ডীদাস | ২৯ |
| রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর | জ্ঞানদাস | ৪০ |
| রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি | গোবিন্দদাস | ৪২ |
| ললিতার কথা শুনি হাসি হাসি বিনোদিনী | চণ্ডীদাস | ৮৭ |
| শুনইতে কানু-মুরলীরব-মাধুরী | গোবিন্দদাস | ৬৬ |
| শ্যাম তোমাকে নাচিতে হবে | দুখিনী | ৭৩ |
| শ্রিত-কমলা-কুচমণ্ডল | জয়দেব | ১ |
| শ্রীদাম সুদাম দাম শুন ওরে বলরাম | বলরাম দাস | ১৭ |
| সই, কেনে গেলাম যমুনার জলে | জগদানন্দ | ৩৪ |
| সই, কেবা শুনাইল শ্যাম-নাম | চণ্ডীদাস | ২৮ |
| সই, জানি কুদিন সুদিন ভেল | চণ্ডীদাস | ১০০ |
| সখি কি পুছসি অনুভব মোয় | কবিবল্লভ | ৪৫ |
| সহচর-অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া | জ্ঞানদাস | ৬ |
| সহচরী মেলি চললি বররঙ্গিণী | গোবিন্দদাস | ৩৬ |
| সহজই বিষম অরুণ-দিঠি তাকর | ঘনশ্যাম | ৩১ |
| সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু | জ্ঞানদাস | ৭৯ |
| সুবাসিত বারি ঝারি ভরি তৈখনে | গোবিন্দদাস | ৬৮ |
| হরি গেও মধুপুর হাম কুলবালা | বিদ্যাপতি | ৯০ |
| হরি হরি আর কবে এমন দশা হব | নরোত্তম দাস | ১০৮ |
| হরি হরি, হেন দিন হইবে আমাব | নরোত্তম দাস | ১০৭ |
| হাথক দরপণ মাথক ফুল | বিদ্যাপতি | ৪০ |
| হেদে গো মালিনী সই অদ্বৈত মন্দিরে যাই | বল্লভ | ৯ |
| হেদে রে নদীয়াবাসী কার মুখ চাও | গোবিন্দ ঘোষ | ৮ |
| হেন রূপ কবহুঁ না দেখি | বংশীদাস | ৪৯ |

# বৈষ্ণব পদাবলী

( চয়ন )

## প্রথম স্তবক

শ্রিত-কমলা-কুচমণ্ডল, ধৃত-কুণ্ডল
কলিত-ললিত-বনমাল
জয় জয় দেব হরে ॥ ১ ॥

দিনমণি-মণ্ডল-মণ্ডন, ভব-খণ্ডন,
মুনিজন-মানস-হংস
জয় জয় দেব হরে ॥ ২ ॥

কালিয়-বিষধর-গঞ্জন, জন-রঞ্জন,
যদুকুল-নলিন-দিনেশ
জয় জয় দেব হরে ॥ ৩ ॥

মধু-মুর-নরক-বিনাশন, গরুড়াসন,
সুরকুল-কেলি-নিদান
জয় জয় দেব হরে ॥ ৪ ॥

অমল-কমল-দললোচন, ভবমোচন
ত্রিভুবন-ভবন-নিধান
জয় জয় দেব হরে ॥ ৫ ॥

হে কমলা-হৃদয়-বিহারী, কুণ্ডলধারী, ললিত-বনমালাবিভূষণ দেব হরি, তোমার জয় হউক ॥ ১ ॥

হে সূর্য্যমণ্ডল-ভূষণ, ভববন্ধন-ছেদনকারী, মুনিগণের মানস-সরোবরের হংস দেব হরি, তোমার জয় হউক ॥ ২ ॥

হে কালিয়-ভুজঙ্গ-দমন, জনগণরঞ্জন, যদুকুল-পঙ্কজ-রবি দেব হরি, তোমার জয় হউক ॥ ৩ ॥

হে মুরারি, হে মধুসূদন, হে নরকাসুর-বিনাশন, গরুড়-বাহন, দেবগণের আনন্দলীলার আদি কারণ দেব হরি, তোমার জয় হউক ॥ ৪ ॥

হে পদ্মপলাশলোচন, সংসার-দুঃখ-হরণ, ত্রিভুবনাশ্রয় দেব হরি, তোমার জয় হউক ॥ ৫ ॥

জনক-সুতা-কৃতভূষণ, জিত-দূষণ,
সমর-শমিত-দশকণ্ঠ
জয় জয় দেব হরে ।। ৬ ।

অভিনব-জলধর-সুন্দর, ধৃতমন্দর,
শ্রীমুখ-চন্দ্র-চকোর
জয় জয় দেব হরে ।। ৭ ।

তব চরণে প্রণতা বয়মিতি ভাবয়
কুরু কুশলং প্রণতেষু
জয় জয় দেব হরে ।। ৮ ।।

শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং
মঙ্গলমুজ্জ্বল-গীতি,
জয় জয় দেব হরে ।। ৯

হে জানকীভূষণ, হে দূষণ-রাক্ষস-নাশন, হে দশানন-দমন দেব হরি, তোমার জয় হউক ।। ৬ ।।

হে নবজলধর-সুন্দর, হে মন্দর-ধারী, হে কমলা-মুখচন্দ্রের সুধাপায়ী চকোর দেব হরি, তোমার জয় হউক ।। ৭ ।।

তোমার চরণে আমরা প্রণত ইহা ভাবিয়া আমাদের কুশল কর ; হে দেব হরি, তোমার জয় হউক ।। ৮ ।।

শ্রীজয়দেব কবির উজ্জ্বলরসাশ্রিত গীতময় এই মাঙ্গলিক বচন আমাদের আনন্দ বিধান করে। হে দেব হরি, তোমার জয় হউক ।। ৯ ।।

## দ্বিতীয় স্তবক

### গৌরাঙ্গ-বিষয়ক

### (১)

নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল-অবলম্ব।
স্বেদ-মকরন্দ বিন্দু বিন্দু চুয়ত
বিকশিত ভাব-কদম্ব ॥
কি পেখলুঁ নটবর গৌর কিশোর।
অভিনব হেম কলপতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর ॥
চঞ্চল চরণ- কমল-তলে ঝঙ্করু
ভকত-ভ্রমরগণ ভোর।
পরিমলে লুবধ সুরাসুর ধাবই
অহনিশি রহত অগোর ॥

নীরদ....অবলম্ব—চক্ষুদুটি মেঘের ন্যায়, কেন না উহা অবিরত জলধারা বর্ষণ করিতেছে। অবিরল বারিপাত হইলে যেমন বৃক্ষে বৃক্ষে মুকুল হয়, তেমনি গৌরাঙ্গের দেহে রোমাঞ্চরূপ মুকুলের উদ্গম হইতেছে। জীবন্ত প্রেমভাবের বিগ্রহ চৈতন্যপ্রভুকে পুষ্পতরুর সহিত তুলনা করা হইয়াছে; নিরবধি চোখের জলে এই তরু বর্দ্ধিত হইয়াছে, তাঁহার অঙ্গের স্বেদজল মকরন্দের মত বিন্দু বিন্দু ঝরিতেছে, এবং তাহাতে নানাপ্রকার ভাব ফুটিয়া উঠিতেছে।

মুকুল-অবলম্ব—মুকুলের অবলম্বন-তরু। কদম্ব—সমূহ।

বিকশিত ভাব-কদম্ব—অশ্রু, পুলক, স্বেদ প্রভৃতি সাত্ত্বিক ভাবোদয়ের সহিত অন্যান্য নানাপ্রকার ভাব প্রকাশিত হইতেছে। পেখলুঁ—দেখিলাম। গৌর কিশোর—কিশোর-বয়স্ক গৌরাঙ্গ।

অভিনব....সঞ্চরু—ভাগীরথীর তীর উজ্জ্বল করিয়া যেন একটি সোনার গাছ চলিয়া বেড়াইতেছে (সঞ্চরু)।

অভিনব—আর কখনও যাহা দেখা যায় নাই।

কলপতরু—শ্রীচৈতন্য গৌরবর্ণ বলিয়া, তাঁহাকে সোনার গাছ বলা হইয়াছে; কিন্তু তিনি সামান্য তরু নহেন, তিনি পরম বাঞ্ছিত ফল প্রদান করেন, প্রেমস্বরূপ অপার্থিব ফল বিতরণ করেন বলিয়া তাঁহাকে কল্পবৃক্ষ বলা হইয়াছে। উজোর—উজ্জ্বল। চঞ্চল—নৃত্যপরায়ণ।

চরণ-কমল-তলে ঝঙ্করু—চরণতলে ঝঙ্কার করিতেছে; অর্থাৎ ভক্তগণ (বিভোর হইয়া) পদতলে নানা গুণগান করিতেছেন। পরিমলে লুবধ—সুগন্ধে লুব্ধ হইয়া। ধাবই—ধাবিত হইতেছে।

অগোর—অজ্ঞান। তাঁহার পদতলে অজ্ঞান হইয়া পড়িয়া আছে। অচৈতন্য অর্থে গ্রাম্যভাষায় অঘোর শব্দের ব্যবহার আছে।

অবিরত প্রেম- রতন-ফল-বিতরণে
অখিল-মনোরথ পূর।
তাকর চরণে দীনহীন বঞ্চিত
গোবিন্দদাস রহু দূর॥

২

চম্পক শোন- কুসুম কনকাচল
জিতল গৌর-তনু-লাবণি রে।
উন্নত গীম সীম নাহি অনুভব
জগ-মনোমোহন ভাঙনি রে॥
জয় শচীনন্দন রে।
ত্রিভুবন-মণ্ডন কলিযুগ-কাল-
ভুজগ-ভয়-খণ্ডন রে॥
বিপুল পুলককুল- আকুল কলেবর
গরগর অন্তর প্রেম-ভরে।
লহু লহু হাসনি গদগদ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে॥
নিজ-রসে নাচত নয়ন ঢুলায়ত
গাওত কত কত ভকতহি মেলি।
যো রসে ভাসি অবশ মহিমণ্ডল
গোবিন্দদাস তহিঁ পরশ না ভেলি॥

অখিল....পূর—সমস্ত বিশ্বের মনোরথ পূর্ণ হইতেছে।
তাকর....দূর—শুধু দীনহীন গোবিন্দদাস তাঁহার (তাকর) সেই চরণ হইতে বঞ্চিত হইয়া দূরে পড়িয়া আছে।
২। চম্পক....লাবণি রে—গৌরদেহের লাবণ্য চাঁপা, শোন ফুল ও স্বর্ণ-গিরিকে পরাজিত করিয়াছে।
উন্নত গীম—গ্রীবাদেশ সমুন্নত।
সীম নাহি অনুভব—গৌরদেহের লাবণ্য চম্পক, শোনপুষ্প এবং স্বর্ণ-গিরিকে পরাজিত করিয়াছে, একথা বলিয়াও পদকর্ত্তার মন তৃপ্ত হইল না,—মনে হইল এত বলিয়াও কিছুই বলা হইল না; তাই এখন বলিতেছেন, সে সৌন্দর্য্যের সীমা অনুভব করা যায় না অর্থাৎ সে সৌন্দর্য্য ধারণাতীত।
জগ-মনোমোহন—জগতের মনোমোহকর। ভাঙনি—ভঙ্গি। মণ্ডন—অলঙ্কার, শোভা।
কলিযুগ....খণ্ডন—কলিযুগরূপ কালসর্পের ভয় যিনি খণ্ডন করেন।
বিপুল....কলেবর—সকল শরীরে রোমাঞ্চ ব্যাপ্ত হইয়াছে। লহু—লঘু, মৃদু।
কত মন্দাকিনী....ঝরে—কত স্বর্গঙ্গা নয়ন হইতে ঝরিয়া পড়িতেছে।
নিজ-রসে—নিজের প্রেম-রসে; তিনি আপনার প্রেমে আপনি নাচিতেছেন।
গাওত....মেলি—কত ভক্ত মিলিয়া গান করিতেছে।
যো রসে....ভেলি—যে রসে, যে প্রেমবন্যায় সমস্ত জগৎ ভাসিয়া গেল, গোবিন্দদাস (পদকর্ত্তা) সেই প্রেমবন্যায় নিমগ্ন হওয়া দূরে থাক, তাহার স্পর্শ হইতেও বঞ্চিত রহিল।

//৩ 63

(পরশ-মণির সাথে কি দিব তুলনা রে
পরশ ছোঁয়াইলে হয় সোনা।
আমার গৌরাঙ্গের গুণে নাচিয়া গাইয়া রে
রতন হইল কত জনা ॥)
শচীর নন্দন বনমালী।
এ তিন ভুবনে যার তুলনা দিবার নাই
গোরা মোর পরাণ-পুতলি ॥
গৌরাঙ্গ-চাঁদের ছাঁদে ও চাঁদ কলঙ্কী রে
এমন করিতে নারে আলো।
অকলঙ্ক পূর্ণ চাঁদ উদয় নদিয়া-পুরে
মনের আন্ধার দূরে গেলো ॥
এ গুণে সুরভি সুর- তরু সম নহে রে
মাগিলে সে পায় কোন জন।
না মাগিতে অখিল ভুবন ভরি জনে জনে
যাচিয়া দেওল প্রেমধন ॥
গোরাচাঁদের তুলনা গোরাচাঁদ গোসাঁই রে
বিচার করিয়া দেখ সভে।
পরমানন্দের মনে এ বড় আকুতি রে
গৌরাঙ্গের দয়া কবে হবে ॥

[আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ
করতলে করই বয়ন অবলম্ব ॥

৩। পরশ-মণির....জনা—স্পর্শমণির সহিত শ্রীগৌরাঙ্গের কি তুলনা দিব? স্পর্শমণি যাহা স্পর্শ করে তাহাই কেবল সোনা হইয়া যায়। গৌরাঙ্গদেবের কিন্তু এমনই অদ্ভুত শক্তি যে সে শক্তির প্রভাবে যে কোন ব্যক্তি শুধু নাচিয়া গাহিয়া অনায়াসে রত্ন হইয়া যায়।

এ গুণে....প্রেমধন—গুণের দিক হইতে বিচার করিয়া দেখিলে শ্রীগৌরাঙ্গের সহিত কামধেনু বা সুরতরুর (কল্পতরুর) তুলনা হয় না। কারণ পুণ্যাত্মা ছাড়া আর কাহারও ভাগ্যে কামধেনু বা সুরতরুর সান্নিধ্য-লাভ ঘটে না; তাহা ছাড়া কামধেনু বা সুরতরুর নিকট প্রার্থনা না করিলে কিছুই পাওয়া যায় না; কিন্তু গৌরাঙ্গদেব এমনই করুণাময় যে আপামর সকলকেই তিনি (না চাহিতেই) নিজে যাচিয়া প্রেমধন বিলাইয়া দেন। সুরভি—কামধেনু।

৪। করতলে....অবলম্ব—হস্তের উপর মুখ ন্যস্ত করিয়া আছেন।

পুনি পুন গতাগতি করু ঘর পন্থ।
খেনে খেনে ফুলবনে চলই একান্ত॥
ছল ছল নয়ন-কমল—সুবিলাস।
নব নব ভাব করত পরকাশ॥
পুলক-মুকুলবর ভরু সব দেহ।
রাধামোহন কছু না পাওল থেহ॥

সহচর-অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া।
চলিতে না পারে খেণে পড়ে মূরছিয়া॥
অতি দুরবল দেহ ধরণে না যায়।
ক্ষিতিতলে পড়ি সহচর-মুখ চায়॥
কোথায় পরাণনাথ বলি খেণে কান্দে।
পূরব বিরহ-জ্বরে থির নাহি বান্ধে॥
কেন হেন হৈল গোরা বুঝিতে না পারি।
জ্ঞানদাস কহে নিছনি লৈয়া মরি॥

পুন পুন....পন্থ—তুলনীয়: "ঘরের বাহিরে, দণ্ডে শতবার, তিলে তিলে আইসে যায়।"—চণ্ডীদাস ৬১ পৃষ্ঠা।

ঘর পন্থ—ঘর ও বাহির (পথ)।

খেনে....একান্ত—তুলনীয়: "মন উচাটন, নিশ্বাস সঘন, কদম্ব-কাননে চায়।"—চণ্ডীদাস।—৬১ পৃষ্ঠা।

পুলক....থেহ—পুলকে সমস্ত দেহ শিহরিত। পুলক-মুকুলবর—পুলকজাত রোমাঞ্চ; ভরু—ভরিল। রাধা-মোহন (পদকর্ত্তা) সে অতলস্পর্শ প্রেমসাগরের কোন থৈ (থেহা) অর্থাৎ তল খুঁজিয়া পাইল না।

চণ্ডীদাসের পূর্ব্বরাগোক্ত রাধা-ভাবের সঙ্গে এই পদের আশ্চর্য্য ঐক্য দৃষ্ট হয়। জয়ানন্দের চৈতন্য-মঙ্গলে বর্ণিত চৈতন্যদেবের প্রথম ভাবোচ্ছ্বাসের সঙ্গে মিলাইয়া পড়ুন।

৫। খেণে—ক্ষণে, ক্ষণেক্ষণে। মূরছিয়া—মূর্চ্ছিত হইয়া।

অতি দুরবল....যায়—দেহ এত দুর্ব্বল হইয়া পড়িয়াছে যে ধরিয়া রাখা যায় না, অর্থাৎ খাড়া করিয়া রাখা দুষ্কর,—ক্ষণেক্ষণে টলিয়া পড়ে।

পূরব—পূর্ব্ব।

থির নাহি বান্ধে—স্থৈর্য্যের বন্ধন থাকে না, অর্থাৎ স্থৈর্য্যের বন্ধন শিথিল হইয়া পড়ে।

পূরব....বান্ধে—রাধাভাবে ভাবিত হইয়া গৌরাঙ্গদেব নিজের সহিত শ্রীরাধার একাত্মতা মর্ম্মে মর্ম্মে অনুভব করিতেছেন, এবং তাহার ফলে অতীতের কৃষ্ণবিরহ-জ্বালায় জর্জরিত হইয়া চিত্তের স্থৈর্য্য হারাইয়া ফেলিতেছেন।

নিছনি—বালাই।

৬৫৩

পতিত হেরিয়া কাঁদে স্থির নাহি বাঁধে
করুণ নয়নে চায়।
নিরুপম হেম জিনি উজোর গোরা-তনু
অবনী ঘন পড়ি যায়॥
গৌরাঙ্গের নিছনি লইয়া মরি।
ও রূপ-মাধুরী পিরীতি-চাতুরী
তিল আধ পাসরিতে নারি॥
বরণ-আশ্রম কিঞ্চন-অকিঞ্চন
কার কোন দোষ নাহি মানে।
কমলা-শিব-বিহি- দুলহ প্রেমধন
দান করয়ে জগজনে॥
ঐছন সদয় হৃদয় রসময়
গৌর ভেল পরকাশ।
প্রেমধনের ধনী কয়ল অবনী
বঞ্চিত গোবিন্দদাস॥

## সন্ন্যাসের পূর্ব্বাভাস

পাগলিনী বিষ্ণুপ্রিয়া ভিজা বস্ত্র-চুলে।
ত্বরা করি বাড়ী আসি শাশুড়ীরে বলে॥
বলিতে না পারে কিছু কাঁদিয়া ফাঁফর।
শচী বলে মাগো এত কি লাগি কাতর॥

৬। পতিত হেরিয়া কাঁদে—পতিত ব্যক্তিদিগকে দেখিয়া করুণায় চক্ষু অশ্রু-সিক্ত হয়।
স্থির নাহি বাঁধে—তাহাদের দুঃখ দেখিয়া মন অস্থির হইয়া যায়।
করুণ নয়নে চায়—করুণ দৃষ্টিতে তাহাদিগকে নিরীক্ষণ করেন।
নিরুপম হেম....যায়—অতুল্য স্বর্ণ-নিন্দিত উজ্জ্বল (উজোর) গোরার দেহ ঘন ঘন ভূমিতে পড়িয়া যায়।
নিছনি—বালাই। পিরীতি-চাতুরী—তাঁহার প্রেমের বিচিত্র ভাব।
বরণ-আশ্রম—বর্ণাশ্রম; বর্ণাশ্রমের বিভিন্নতা, এবং ধনী বা দীন-দরিদ্র কাহারও প্রভেদ বা দোষ গণ্য করে না।
বিহি—বিধাতা। দুলহ—দুর্লভ।
কমলা....জগজনে—লক্ষ্মী, শিব ও বিধাতার পক্ষেও যে প্রেম দুর্লভ, তাহা জগজ্জনকে বিতরণ করে।
প্রেমধনের....গোবিন্দদাস—সমস্ত পৃথিবীবাসীকে প্রেমধনের ধনী করিলেন—কেবল গোবিন্দদাস বঞ্চিত রহিল।
কয়ল—করিল।

বিষ্ণুপ্রিয়া বলে আর কি কব জননী।
চারি দিকে অমঙ্গল কাঁপিছে পরাণী ॥
নাহিতে পড়িল জলে নাকের বেশর।
ভাঙ্গিবে কপাল, মাথে পড়িবে বজর ॥
থাকি থাকি প্রাণ কাঁদে নাচে বাম আঁখি।
দক্ষিণে ভুজঙ্গ যেন রহি রহি দেখি ॥
কাঁদি কহে বাসুদেব কি কহিব সতী।
আজি নবদ্বীপ ছাড়ি যাবে প্রাণপতি ॥

৮

হেদে রে নদীয়াবাসী কার মুখ চাও।
বাহু পসারিয়া গোরাচান্দেরে ফিরাও ॥
তো সবারে কে আর করিবে নিজ কোরে।
কে যাচিয়া দিবে প্রেম দেখিয়া কাতরে ॥
কি শেল হিয়ায় হায় কি শেল হিয়ায়।
নয়ান-পুতলি নবদ্বীপ ছাড়ি যায় ॥
আর না যাইব মোরা গৌরাঙ্গের পাশ।
আর না করিব মোরা কীর্ত্তন-বিলাস ॥
কাঁদয়ে ভকতগণ বুক বিদারিয়া।
পাষাণ গোবিন্দ ঘোষ না যায় মিলিয়া ॥

৯

কি লাগিয়া দণ্ড ধরে অরুণ-বসন পরে
কি লাগিয়া মুড়াইল কেশ।
কি লাগিয়া মুখ-চাঁদে রাধা রাধা বলি কাঁদে
কি লাগিয়া ছাড়িল নিজ দেশ ॥

৭। এই পদে চৈতন্যদেবের সন্ন্যাসগ্রহণের পূর্ব্বাভাস পাইয়া বিষ্ণুপ্রিয়া বিহ্বলা হইয়া পড়িয়াছেন।
বেশর—নাসিকার অলঙ্কার-বিশেষ।
বজর—বজ্র।

৮। পসারিয়া—প্রসারিত করিয়া। তো সবারে—তোমাদিগের সকলকে।
কোরে—কোলে। কাতরে—কাতর ব্যক্তিকে। বিলাস—আনন্দ।
মিলিয়া—মিলাইয়া; তুলনীয়: 'পাষাণ মিলাঞা যায়।'

৯। অরুণ-বসন—গেরুয়া বস্ত্র।

শ্রীবাসের উচচ রায় পাষাণ মিলাঞা যায়
গদাধর না জিয়ে পরাণে।
বহিছে তপত ধারা যেন মন্দাকিনী পারা
মুকুন্দের ও-দুই নয়ানে ॥
সকল মোহান্ত-ঘরে বিধাতা বুঝাইয়া ফিরে
তবু স্থির নাহি হয় কেহ।
জ্বলন্ত অনল হেন রমণী ছাড়িল কেন
কি লাগি তেজিল তার লেহ ॥
কি কব দুখের কথা কহিতে মরম-ব্যথা
না দেখি বিদরে মোর হিয়া।
দিবানিশি নাহি জানি বিরহে আকুল প্রাণী
বাসু ঘোষ পড়ে মুরছিয়া ॥

১০

হেদে গো মালিনী সই অদ্বৈত-মন্দিরে চল যাই
নিমাঞি আইল তাহা কহিল নিতাই ॥
সে চাঁচর-কেশ-হীন কেমনে দেখিব।
দণ্ড-কমণ্ডলু দেখি পরাণ ত্যজিব ॥
এত বলি শচীমাতা কাতর হইয়া।
শান্তিপুর মুখে ধায় নিমাই বলিয়া ॥
ধাইল নদীয়ার লোক গৌরাঙ্গ দেখিতে।
দুঃখিত বল্লভ যায় কান্দিতে কান্দিতে ॥

উচচ রায়—উচচ রবে, উচ্চৈঃস্বরে ক্রন্দনের রোলে।
জিয়ে—বাঁচে।
বিধাতা—হরিদাস, ব্রহ্মার অবতার বলিয়া গৃহীত।
জ্বলন্ত অনল—রূপ-যৌবন-সম্পন্না রমণীতে মানুষের মন স্বভাবতঃ অনলে পতঙ্গের ন্যায় আকৃষ্ট হয়; কিন্তু মহাপ্রভু তাহাতে বিন্দুমাত্র আকৃষ্ট হইলেন না কেন?
লেহ, নেহ—স্নেহ, প্রেম। শুধু অতুলনীয় রূপ-যৌবন-সম্পন্না স্ত্রী নহে, তাহার প্রগাঢ় প্রেম উপেক্ষা করিলেন কেন?

১০। শ্রীগৌরাঙ্গ সন্ন্যাস গ্রহণ করিয়া শান্তিপুরে অদ্বৈত আচার্য্যের ভবনে আসিয়াছেন, নিতাই সেই সংবাদ লইয়া নবদ্বীপে আসিলে শচীমাতা বলিতেছেন।
চাঁচর—কুঞ্চিত।
বল্লভ—কবির নাম।

১১

নিতাই করিয়া আগে চলিলেন অনুরাগে
আইলা সবাই শান্তিপুরে।
মুড়াইছে মাথার কেশ ধর‍্যাছে সন্ন্যাসীর বেশ
দেখিয়া সবার প্রাণ ঝুরে॥
করযোড় করি আগে দাঁড়াইলা মায়ের আগে
পড়িলেন দণ্ডবৎ হৈয়া।
দুই হাত তুলি বুকে চুম্ব দিয়া চাঁদ-মুখে
কান্দে শচী গলায় ধরিয়া॥
ইহার লাগিয়া যত পড়াইল ভাগবত
এ কথা কহিব আমি কায়।
অনাথিনী করি মোরে যাবে বাছা দেশান্তরে
বিষ্ণুপ্রিয়ার কি হইবে উপায়॥
এ ডোর কৌপীন পরি কি লাগিয়া দণ্ড ধরি
ঘরে ঘরে খাবে ভিক্ষা মাগি।
জীয়ন্ত থাকিতে মায় ইহা নাহি সহা যায়
কার বোলে হইলা বৈরাগী॥
গৌরাঙ্গের বৈরাগে ধরণী বিদার মাগে
আর তাহে শচীর করুণা।
কহয়ে বল্লভদাস গোরাচাঁদের বৈরাগ
ত্রিজগতে রহিল ঘোষণা॥

১২

নীলাচল হৈতে শচীরে দেখিতে
আইসে জগদানন্দ।
রহি কত দূরে দেখে নদীয়ারে
গোকুলপুরের ছন্দ॥

১১। ঝুরে—কান্দে। পড়াইল—পড়াইলাম।
ইহার লাগিয়া—ইহারই জন্য; তুমি অবশেষে সন্ন্যাসী হইয়া আমাকে ত্যাগ করিবে এই জন্য।
বিদার মাগে—বিদারিত হইতে চায়; ফাটিয়া যাইতে চায়।

১২। জগদানন্দ—মহাপ্রভুর অনুরাগী ভক্ত, ইনি পুরীতে তাঁহার নিত্যসহচর ছিলেন। মহাপ্রভু খাওয়া-দাওয়াতে কঠোর ভাব অবলম্বন করিলে ইনি অভিমান করিয়া নিজে না খাইয়া থাকিতেন। এই অভিমান-পরায়ণতার জন্য ভক্তমণ্ডলী ইঁহাকে সত্যভামার অবতার মনে করিয়াছেন। একদা মহাপ্রভু ভক্ত-দত্ত সুগন্ধ তৈল ব্যবহার করিতে অনিচ্ছা প্রকাশ করিয়া সেই তৈল দ্বারা পুরীর মন্দিরে আলো জ্বালিবার আদেশ প্রদান করিলে জগদানন্দ এতটা চটিয়া গিয়াছিলেন যে, তিনি

ভাবয়ে পণ্ডিত রায়।
পাই কি না পাই          শচীরে দেখিতে
এহি অনুমানে যায়॥
লতা-তরু যত          দেখে শত শত
অকালে খসিছে পাতা।
রবির কিরণ          না হয় ফুটন
মেঘগণ দেখে রাতা॥
শাখে বসি পাখী          মুদি দুটি আঁখি
ফল-জল তেয়াগিয়া।
কান্দয়ে ফুকরি          ডুকরি ডুকরি
গোরাচাঁদ নাম লৈয়া॥
ধেনু যূথে যূখে          দাঁড়াইয়া পথে
কারও মুখে নাহি রা।
মাধবীদাসের          ঠাকুর পণ্ডিত
পড়িল আছাড়ে গা॥

[illegible]

আজিকার স্বপনের কথা          শুন লো মালিনী সই
নিমাই আসিয়াছিল ঘরে।
আঙ্গিনাতে দাঁড়াইয়া          গৃহপানে নেহারিয়া
মা বলিয়া ডাকিল আমারে॥

আঙ্গিনায় সেই তেলের হাঁড়িটি আনিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছিলেন। মহাপ্রভু জগদানন্দকে এই জন্য ভয় করিতেন ('জগদানন্দ চাহে আমায় বিষয় ভুঞ্জাইতে।'—চৈ.চ.)। পুরীগমনের পরে শচীদেবীকে আশ্বাস দেওয়ার জন্য মহাপ্রভু জগদানন্দকে নবদ্বীপে পাঠাইয়াছিলেন। এখানে সেই ঘটনা বর্ণিত হইতেছে।

গোকুলপুরের ছন্দ—কৃষ্ণ গোকুল ত্যাগ করিলে তথাকার যে ভাব হইয়াছিল সেইরূপ। ছন্দ—ছাঁদ, ধারা, ন্যায়।

পাই....যায়—শচী হয়ত চৈতন্যের শোকে প্রাণত্যাগ করিয়াছেন, সুতরাং তাঁহাকে দেখিতে পাইবেন কিনা এই আশঙ্কা করিয়া যাইতেছেন।

রাতা—রক্তবর্ণ; মেঘগুলি যেন কাঁদিয়া কাঁদিয়া চোখ রাঙ্গা করিয়াছে।

মাধবীদাস—পদকর্ত্তা; তাঁহার ঠাকুর যে জগদানন্দ, তিনি নবদ্বীপের এই অবস্থা দেখিয়া মাটিতে আছাড় খাইয়া পড়িলেন।

ঘরেতে শুতিয়াছিলাম অচেতনে বাহির হৈলাম
নিমাইয়ের গলার সাড়া পাঞা।
আমার চরণের ধূলি নিল নিমাই শিরে তুলি
পুন কাঁদে গলায় ধরিয়া ॥
তোমার প্রেমের বশে ফিরি আমি দেশে দেশে
রহিতে নারিলাম নীলাচলে।
তোমারে দেখিবার তরে আইলাম নদীয়াপুরে
কাঁদিতে কাঁদিতে ইহা বলে ॥
আইস মোর বাছা বলি হিয়ার মাঝারে তুলি
হেন কালে নিদ্রাভঙ্গ হৈল।
পুন না দেখিয়া তারে পরাণ কেমন করে
কাঁদিয়া রজনী পোহাইল ॥
সেই হৈতে প্রাণ কাঁদে হিয়া থির নাহি বাঁধে
কি করিব কহ না উপায়।
বাসুদেব ঘোষে কয় গৌরাঙ্গ তোমারি হয়
নহিলে কি সদা দেখ তায় ॥

১৩। যে শ্রীবাস মহাপ্রভুর নিতান্ত অন্তরঙ্গ সঙ্গী ছিলেন, এবং যাঁহার আঙ্গিনায় মহাপ্রভু প্রতি রাত্রিতে নৃত্য ও কীর্তন করিতেন, মালিনী সেই শ্রীবাসের স্ত্রী ও শচীদেবীর অত্যন্ত অন্তরঙ্গ বন্ধু ছিলেন। এখানে বলা আবশ্যক যে, শ্রীবাস চৈতন্যদেব হইতে বয়সে অনেক বড় ছিলেন।

## তৃতীয় স্তবক

# শ্রীকৃষ্ণের বাল্যলীলা ও কালিয়দমন

দেখ মায়ি নাচত নন্দ-দুলাল।
মণিময় নূপুর কটিপর ঘাঘর
মোহন উরে বনমাল ॥
গোপিনী কত শত বালক যূথ যূথ
গাওত বোলত ভাল।
তীন্দ্র দ্রিমিকি ধ্বনি তাথৈ তাথৈ শুনি
নৃগধি দৃগধি বাজে তাল ॥
লহু লহু হাস ভাষ মৃদু বোলত
নিকসত মোতিম দন্ত রসাল।
শ্যামচাঁদ দাস ভণ জগজন-জীবন
পহুঁ মোর পরম দয়াল ॥

২

দেখসিয়া রামের মাগো গোপাল নাচিছে তুড়ি দিয়া।
কোথা গেল নন্দ রায় আনন্দ বহিয়া যায়
নয়ান ভরিয়া দেখসিয়া ॥
চিত্র বিচিত্র নাট চরণে চাঁদের হাট
চলে যেন খঞ্জনিয়া পাখী।
সাধ করিয়া মায় নূপুর দেছে রাঙ্গা পায়
নাচিয়া নাচিয়া আইস দেখি ॥

১। ঘাঘর—অলঙ্কার-বিশেষ। উরে—বক্ষে। যূথ যূথ—দলে দলে।
নিকসত—বাহির হয়, প্রকাশিত হয়। মোতিম—মুক্তা।
২। রামের মা—রোহিণী। নাট—নৃত্য।
চরণে চাঁদের হাট—পদকর্ত্তা এখানে শ্রীকৃষ্ণের দুই চরণের দশটি নখকে চাঁদের সহিত তুলনা করিয়াছেন। দশ-দশটি চাঁদ চরণে শোভা পাইতেছে। কবি তাই বলিতেছেন—দুই চরণে যেন চাঁদের হাট বসিয়া গিয়াছে।

প্রতি পদচিহ্ন তায় পৃথক পড়িয়া যায়
ধ্বজবজ্রাঙ্কুশ তাহে সাজে।
যাদবেন্দ্র দাসে কয় নাটুয়া গোবিন্দ রায়
প্রেমভরে অধিক বিরাজে ॥

৩

দধি-মন্থ-ধ্বনি শুনইতে নীলমণি
আওল সঙ্গে বলরাম।
যশোমতী হেরি মুখ পাওল মরমে সুখ
চুম্বয়ে চাঁদ-বয়ান ॥
কহে শুন যাদুমণি তোরে দিব ক্ষীর-ননী
খাইয়া নাচহ মোর আগে।
নবনী-লোভিত হরি মায়ের বদন হেরি
কর পাতি নবনীত মাগে ॥
রাণী দিল পূরি কর খাইতে রঙ্গিমাধর
অতি সুশোভিত ভেল তায়।
খাইতে খাইতে নাচে কটিতে কিঙ্কিণী বাজে
হেরি হরষিত ভেল মায় ॥
নন্দ-দুলাল নাচে ভালি।
ছাড়িল মন্থন-দণ্ড উথলিল মহানন্দ
সঘনে দেই করতালি ॥
দেখ দেখ রোহিণী গদ গদ কহে রাণী
যাদুয়া নাচিছে দেখ মোর।
ঘনরাম দাসে কয় রোহিণী আনন্দময়
দুহু ভেল প্রেমে বিভোর ॥

ধ্বজবজ্রাঙ্কুশ—ধ্বজাকার, বজ্রাকার ও অঙ্কুশাকার চিহ্ন। এই ত্রিবিধ চিহ্ন ভগবান বিষ্ণুর পাদপদ্মে বিদ্যমান।
নাটুয়া—নৃত্যকারী। অধিক বিরাজে—অধিক শোভা পাইতেছেন।
যাদবেন্দ্র....বিরাজে—পূর্ব্বের পঙ্‌ক্তিতে ধ্বজবজ্রাঙ্কুশ-চিহ্নের কথা উল্লেখ করিয়া শ্রীকৃষ্ণ যে স্বয়ং ভগবান পদকর্ত্তা তাহা আমাদের স্পষ্টই জানাইয়া দিয়াছেন। এখন তিনি বলিতেছেন, সেই ষড়ৈশ্বর্য্যশালী ভগবান আজ বাৎসল্য-রসে অভিষিক্ত হইয়া যেন আরও অধিক শোভা পাইতেছেন, অর্থাৎ আরও অধিক মনোরম হইয়া উঠিয়াছেন।

৩। আগে—সম্মুখে। নবনী-লোভিত—নবনী-লুব্ধ।
পূরি—পূর্ণ করিয়া। ভালি—ভাল, উত্তম, সুন্দর।
ছাড়িল মন্থন-দণ্ড—গোপালের নৃত্য-রসে মজিয়া গৃহকর্ম্ম বিস্মৃত হইল।

৪

দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে
বুক বাহিয়া পড়ে ধারা।
না থাকিব তোমার ঘরে অপযশ দেহ মোরে
মা হইয়া বলে ননি-চোরা ॥
ধরিয়া যুগল করে বাঁধিয়া ছান্দন-ডোরে
বাঁধে রাণী নবনী লাগিয়া।
আহীরী রমণী হাসে দাঁড়াইয়া চারি পাশে
হয় নয় দেখ সুধাইয়া ॥
অন্যের ছাওয়াল যত তারা ননি খায় কত
মা হইয়া কেবা বান্ধে করে।
যে বল সে বল মোরে না থাকিব তোর ঘরে
এ না দুঃখ সহিতে না পারে ॥
বলাই খায়্যাছে ননি মিছা চোর বলে রাণী
ভাল মন্দ না করি বিচার।
পরের ছাওয়াল পাইয়া মারেন আসেন ধাইয়া
শিশু বলি দয়া নাহি তার ॥
অঙ্গদ-বলয়-তাড় আর যত অলঙ্কার
আর মণি-মুকুতার হার।
সকল খসায়্যা লহ আমারে বিদায় দেহ
এ দুঃখে যমুনা হব পার ॥
বলরাম দাসে কয় এই কর্ম্ম ভাল নয়
ধাইয়া গোপাল কর কোড়ে।
যশোদা আসিয়া কাছে গোপালের মুখ মুছে
অপরাধ ক্ষমা কর মোরে ॥

৪। গোপাল কান্দে অনুরাগে—এ কান্না দুঃখের কান্না নয়, ইহা অনুরাগের কান্না, সোহাগের কান্না, অভিমানের কান্না।

ছান্দন-ডোর—ছাঁদন-দড়ি। দোহন-কালে গাভীর পদবন্ধন-রজ্জু।

আহীরী—গোয়ালিনী, গোপী। ছাওয়াল—ছেলে, পুত্র।

পরের ছাওয়াল—শ্রীকৃষ্ণ যশোদার গর্ভজাত সন্তান নন। বসুদেবের ঔরসে, দেবকীর গর্ভে তাঁহার জন্ম। কংসের ভয়ে বসুদেব কৃষ্ণের জন্মের অব্যবহিত পরেই তাঁহাকে নন্দালয়ে রাখিয়া আসেন। নন্দ ও তৎপত্নী যশোদা তাঁহাকে পুত্রবৎ লালন-পালন করেন।

অঙ্গদ—একপ্রকার বাহুভূষণ। বলয়—বালা। তাড়—তাগা।

আওত শ্রীদামচন্দ্র রঙ্গিয়া পাগড়ী মাথে।
স্তোক-কৃষ্ণ অংশুমান্ দাম বসুদাম সাথে॥
কটি কাছনি বঙ্কিম ধটি বেণুবর বাম কাঁখে।
জিতি কুঞ্জর গতি মন্থর, ভায়্যা ভায়্যা বলি ডাকে॥
গো-ছান্দন ডোরি কান্ধহি শোভে কানে কুণ্ডল-খেলা
গলে লম্বিত গুঞ্জাহার ভুজে অঙ্গদ-বালা॥
স্ফুট চম্পক-দল-নিন্দিত উজ্জ্বল তনু-শোভা।
পদ-পঙ্কজে নূপুর বাজে শেখর মনোলোভা॥

ওগো মা আজি আমি চরাব বাছুর।
পরাইয়া দেহ ধড়া মন্ত্র পড়ি বান্ধ চূড়া
চরণেতে পরাহ নূপুর॥
অলকা তিলক ভালে বনমালা দেহ গলে
শিঙ্গা-বেত্র-বেণু দেহ হাতে।
শ্রীদাম সুদাম দাম সুবলাদি বলরাম
সভাই দাড়াঞা রাজপথে॥
বিশাল অর্জুন জান কিঙ্কিণী অংশুমান্
সাজিয়া সভাই গোষ্ঠে যায়।
গোপালের কথা শুনি সজল নয়নে রাণী
অচেতনে ধরণী লোটায়॥
চঞ্চল বাছুরি সনে কেমনে ধাইবা বনে
কোমল দুখানি রাঙ্গা পায়।
বিপ্রদাস ঘোষে বলে এ বয়সে গোঠে গেলে
প্রাণ কি ধরিতে পারে মায়॥

৫। রঙ্গিয়া—রঙ্গিন। কটি কাছনি....ধটি—কটি বেড়িয়া মালকোঁচা বঙ্কিমভাবে পরা। কাঁখে—কক্ষে। জিতি—জয় করিয়া। গো-ছান্দন....কান্ধহি—স্কন্ধে গরু বাঁধিবার দড়ি। স্ফুট....শোভা—শ্রীদামের রূপ প্রস্ফুটিত চম্পকের অপেক্ষা উজ্জ্বল।
৬। ভালে—কপালে। দাড়াঞা—দাঁড়াইয়া (অপেক্ষা করিতেছে)।
বিশাল....অংশুমান্—সখাদের নাম।

৭

শ্রীদাম সুদাম দাম শুন ওরে বলরাম
মিনতি করিয়ে তো সভারে।
বন কত অতিদূর নব তৃণ কুশাঙ্কুর
গোপাল লৈয়া না যাইহ দূরে।।
সখাগণ আগেপাছে গোপাল করিয়া মাঝে
ধীরে ধীরে করিহ গমন।
নব তৃণাঙ্কুর আগে রাঙ্গা পায় যদি লাগে
প্রবোধ না মানে মায়ের মন।।
নিকটে গোধন রেখো মা বলে শিঙ্গাতে ডেকো
ঘরে থাকি শুনি যেন রব।
বিহি কৈলা গোপ-জাতি গোধন-পালন-বৃত্তি
তেঞি বনে পাঠাইয়া দিব।।
বলরামদাসের বাণী শুন ওগো নন্দ-রাণী
মনে কিছু না ভাবিহ ভয়।
চরণের বাধা লৈয়া দিব আমরা যোগাইয়া
তোমার আগে কহিনু নিশ্চয়।।

৮

আমার শপতি লাগে না ধাইও ধেনুর আগে
পরাণের পরাণ নীলমণি।
নিকটে রাখিহ ধেনু পূরিহ মোহন বেণু
ঘরে বসি আমি যেন শুনি।।
বলাই ধাইবে আগে আর শিশু বাম ভাগে
শ্রীদাম সুদাম সব পাছে।
তুমি তার মাঝে ধাইও সঙ্গ-ছাড়া না হইও
মাঠে বড় রিপু-ভয় আছে।।

৭। বিহি—বিধাতা। তেঞি—সেই জন্য।
বাধা—পাদুকা, খড়ম। পদকর্ত্তা রাখালের ভাবে ভাবিত হইয়া বলিতেছেন, আমরা পথে তোমার গোপালের পাদুকা যোগাইয়া দিব; তাহার পায়ে কুশাঙ্কুরটিও বিঁধিবে না।

৮। শপতি—শপথ, দিব্য।
শ্রীদাম..পাছে—'মাঝে তার যাইওরে কানাই'—পাঠান্তর। রিপু-ভয়—শত্রুর ভয়।
তুমি...আছে—'তৃষ্ণা হলে চেয়ো বারি বলাই ধরিবে ঝারি
নামিও না যেন যমুনায়।' —পাঠান্তর।

ক্ষুধা পেলে চাঞা খাইও পথ-পানে চাহি যাইও
অতিশয় তৃণাঙ্কুর পথে।
কারু বোলে বড় ধেনু ফিরাইতে না যাইও কানু
হাত তুলি দেহ মোর মাথে।।
থাকিহ তরুর ছায় মিনতি করিছে মায়
রবি যেন না লাগয়ে গায়।
শ্রীদবেন্দ্রে সঙ্গে লইও বাধা পানই হাতে থুইও
বুঝিয়া যোগাবে রাঙ্গা পায়।।

দণ্ডে শতবার খায় যাহা দেখে তাহা চায়
ছানা দধি এ ক্ষীর-নবনী।
রাখিও আপন কাছে ভোকছানি লাগে পাছে
আমার সোনার যাদুমণি।।
শুন বাপ হলধর এক নিবেদন মোর
এই গোপাল মায়ের পরাণ।
যাইতে তোমার সনে সাধ করিয়াছে মনে
আপনি হইও সাবধান।।
দামালিয়া যাদু মোর না জানে আপন পর
ভাল-মন্দ নাহিক গেয়ান।
দারুণ কংসের চর তারা ফিরে নিরন্তর
আপনি হইও সাবধান।।

চাহি—ভাল করিয়া লক্ষ্য করিয়া।
কারু..কানু—কাহারও কথায় বড় গরুগুলি চরাইতে যাইও না।
হাত..মাথে—আমার মাথায় হাত দিয়া ঐ সকল কথা দিব্য করিয়া বল।
রবি—রৌদ্র।
পানই—পাদুকা; 'পানই' শব্দ 'উপানৎ' হইতে আসিয়াছে; উপানৎ—জুতা।
৯। ভোকছানি লাগা—ক্ষুধা-তৃষ্ণায় গলা শুকাইয়া শ্বাসরুদ্ধ হওয়া।
দামালিয়া—দামাল; দুরন্ত; অস্থির।

বাম করে হলধর দক্ষিণ করে গিরিধর
শুন বলাই সাবধান-বাণী।
বাসুদেব দাস বলে তিতিল নয়ন-জলে
মুরছিয়া পড়িল ধরণী॥

১০

প্রণতি করিয়া মায় চলিলা যাদব রায়
আগে পাছে ধায় শিশুগণ।
ঘন বাজে শিঙ্গা বেণু গগনে গো-খুর-রেণু
শুনি সবার হরষিত মন॥
আগে আগে বৎসপাল পাছে ধায় ব্রজ-বাল
হৈ হৈ শবদ ঘন রোল।
মধ্যে নাচি যায় শ্যাম দক্ষিণে সে বলরাম
ব্রজবাসী হেরিয়া বিভোর॥
নবীন রাখাল সব আবা আবা কলরব
শিরে চূড়া নটবর-বেশ।
আসিয়া যমুনা-তীরে নানা রঙ্গে খেলা করে
কত কত কৌতুক বিশেষ॥
কেহো যায় বৃষ-ছান্দে কেহো কারো চড়ে কান্ধে
কেহো নাচে কেহো গান গায়।
এ দাস মাধব বলে কি শোভা যমুনা-কূলে
রাম-কানাই আনন্দে খেলায়॥

তিতিল—সিক্ত হইল, ভিজিল।
হলধর—বলরাম। গিরিধর—শ্রীকৃষ্ণ; যিনি গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন।
বাম করে....সাবধান-বাণী—কৃষ্ণ এবং বলরাম উভয়েই অসীম শক্তিশালী; উঁহাদের জন্য যশোদার ভয় ও উৎকণ্ঠায় কবি বেশ একটু স্নিগ্ধ কৌতুক অনুভব করিতেছেন।

১০। ব্রজ-বাল—ব্রজের বালক। শবদ—শব্দ।
রোল—ধ্বনি। বৃষ-ছান্দে—বৃষের ভঙ্গিতে।

১১

চলত রাম সুন্দর শ্যাম
পাঁচনি কাচনি বেত্র বেণু
মুরলী-খুরলী গান রি
প্রিয় শ্রীদাম সুদাম মেলি
তরণি-তনয়া-তীরে কেলি
ধবলী শাঙলী আওরি আওরি
ফুকরি চলত কান রি ॥

বয়সে কিশোর মোহন ভাতি
বদন ইন্দু জলদ-কাঁতি
চারু চন্দ্রি গুঞ্জা-হার
বদনে মদন-ভান রি।
আগম-নিগম-বেদ-সার
লীলায় করত গোঠ-বিহার
নসিরমামুদ করত আশ
চরণে শরণ-দান রি ॥

১২

বিবিধ কুসুম দিয়া সিংহাসন নিরমিয়া
কানাই বসিলা রাজাসনে।
রচিয়া ফুলের দাম ছত্র ধরে বলরাম
গদ গদ নেহারে বদনে ॥
অশোক-পল্লব-করে সুবল চামর করে
সুদামের করে শিখিপুচ্ছ।
ভদ্রসেন গাঁথি মালে পরায় কানাইয়ের গলে
শিরে দেয় গুঞ্জাফল-গুচ্ছ ॥

১১। পাঁচনি—গোচারণের যষ্টি। কাচনি—দড়ি। খুরলী—অভ্যাস।
মুরলী-খুরলী গান রি—মুরলীতে অভ্যাস করা গান (বাঁশীতে সাধা গান) গাহিতেছে।
তরণি-তনয়া—সূর্য্যকন্যা, যমুনা।
বদন....কাঁতি—মুখখানি চাঁদের ন্যায় এবং কান্তি মেঘের মত।
চারু চন্দ্রি—সুন্দর শিখিপুচ্ছ-চূড়া। ভান—দীপ্তি, শোভা। মদন-ভান—মদনের দীপ্তি।
আগম....বিহার—আগম-নিগম-বেদের যিনি সার, অর্থাৎ মূল প্রতিপাদ্য, সেই অখিল বিশ্বের আদিকারণ বিরাট পুরুষ আজ লীলার ছলে সামান্য রাখালবেশে গোষ্ঠবিহার করিতেছেন।

স্তোক-কৃষ্ণ আনাগোনা ঠাঞি ঠাঞি বানায় থানা
আজ্ঞা বিনে আসিতে না পায়।
শ্রীদামাদি দূত হৈয়া কানাইয়ের দোহাই দিয়া
চারি পার্শে ঘুরিয়া বেড়ায়॥
করযুগ যুড়ি তথি অংশুমান্ করে স্তুতি
রাজ-আজ্ঞা-বচন চালায়।
বটু করে বেদ-ধ্বনি পড়ে আশীর্বাদ-বাণী
দাম সুদাম নাচে গায়॥
অতি মনোহর ঠাট নিরখিয়া রাজপাট
কতেক হইল রস-কেলি।
এ দাস উদ্ধব কয় সখ্য-দাস্য-রসময়
সেবয়ে সকল সখা মেলি॥

১৩

চাঁদমুখে বেণু দিয়া সব ধেনু নাম লইয়া
ডাকিতে লাগিলা উচ্চস্বরে।
শুনিয়া কানুর বেণু ঊর্দ্ধমুখে ধায় ধেনু
পুচ্ছ ফেলি পিঠের উপরে॥
অবসান বেণু-রব বুঝিয়া রাখাল সব
আসিয়া মিলিল নিজ-সুখে।
যে বনে যে ধেনু ছিল ফিরিয়া একত্র কৈল
চালাইলা গোকুলের মুখে॥
শ্বেত-কান্তি অনুপাম আগে ধায় বলরাম
আর শিশু চলে ডাহিন বাম।
শ্রীদাম সুদাম পাছে ভাল শোভা করিয়াছে
তার মাঝে নবঘন-শ্যাম॥
ঘন বাজে শিঙ্গা বেণু গগনে গো-ক্ষুর-রেণু
পথে চলে করি কত ভঙ্গে।
যতেক রাখালগণ আবা আবা ঘনে ঘন
বলরাম দাস চলু সঙ্গে॥

১২। স্তোক-কৃষ্ণ—কৃষ্ণের জনৈক সখা। বটু—ব্রাহ্মণ-বালক, এখানে মধুমঙ্গল; কৃষ্ণসখাদের মধ্যে ইনিই ব্রাহ্মণ ছিলেন। কৃষ্ণ রাখাল-রাজা সাজিলে মধুমঙ্গলই ব্রাহ্মণ-পণ্ডিতের সাজ পরিতেন।

১৩। গো-ক্ষুর-বেণু—গরুর খুরের আঘাতে উত্থিত ধূলিরাশি।
আবা আবা—ক্রীড়া স্থগিত রাখার সঙ্কেত-সূচক শব্দ-বিশেষ।

## কালিয়দমন

১৪

কালিন্দীর এক দহে কালী নাগ তাহাঁ রহে
বিষ-জল দহন সমান।
তাহার উপরে বায় পাখী যদি উড়ি যায়
পড়ে তাহে তেজিয়া পরাণ॥
বিষ উথলিছে জলে প্রাণী যায় যদি কূলে
জলের বাতাস পাঞা মরে।
স্থাবর জঙ্গম যত কূলে মরি আছে কত
বিষ-জ্বালা সহিতে না পারে॥
দেখি যদুনন্দন দুষ্ট-দর্প-বিনাশন
উঠিলেক কদম্বের ডালে।
তাহার উপরে চড়ি ঘন মাল্‌সাট মারি
ঝাঁপ দিলা কালী-দহ-জলে॥
দেখিয়া রাখালগণ কান্দিয়া আকুল-মন
পড়ে সভে মুরছিত হৈয়া।
ফুকরি শ্রীদাম কান্দে কেহ থির নাহি বান্ধে
ক্ষণেকে চেতন সভে পাঞা॥
কি বলি যাইব ঘরে কি বলিব যশোদারে
ধেনু-বৎস কান্দে উভরায়।
শুনিতে এ সব বাণী পাষাণ হইল পানি
মাধব অবনী গড়ি যায়॥

১৫

ব্রজবাসিগণ কান্দে ধেনু-বৎস শিশু।
কোকিল ময়ূর কান্দে যত মৃগ পশু॥
যশোদা রোহিণী দেহ ধরণে না যায়।
সবে মাত্র বলরাম প্রবোধে সভায়॥

১৪। দহে—নদীর কোন অংশের চারিদিক্ শুকাইয়া যে একটা জলাশয় থাকিয়া যায়, তাহাকেই 'দহ' বলে। বড় হইলে উহা হ্রদ নামে অভিহিত হয়।

দহন—অগ্নি। পাঞা—পাইয়া। ফুকরি—চীৎকার করিয়া।
থির নাহি বান্ধে—মন স্থির করিতে পারে না। উভরায়—উচ্চৈঃস্বরে।
পাষাণ....পানি—পাষাণ দ্রব হইয়া জলে পরিণত হইল। গড়ি—গড়াগড়ি।

নন্দ উপানন্দ আদি যত গোপগণ।
ধাইয়া চলয়ে বিষ করিতে ভক্ষণ।।
শ্রীদাম সুদাম আদি যত সখাগণ।
সবে বলে বিষ-জল করিব ভক্ষণ।।
বলরাম রাখে সভায় প্রবোধ করিয়া।
এখনি উঠিছে কালী-দমন করিয়া।।

১৬

ব্রজবাসিগণ-জীবন শেষ।
দেখিয়া উঠিলা নটন-বেশ।।
কালিয়-ফণায় নটন রঙ্গ।
হেরি জনু তনু জীবন-সঙ্গ।।
মরণ-শরীরে আইল প্রাণ।
হেরিয়া ঐছন সবহুঁ মান।।
ফণায় ফণায় দমন করি।
নটবর-ভঙ্গে নাচয়ে হরি।।
ভাঙ্গিল দরপ ভুজগ-ঈশ।
উগরে অনল-সমান বিষ।।
ফণি-মণিগণ পড়য়ে খসি।
ভুঞ্জয়ে চরণ-নখর-শশী।।
নাগাঙ্গনাগণ করয়ে স্তুতি।
শুনি ব্রজমণি হরিষ-মতি।।
ফণিপতি অতি হইয়া ভীত।
শরণ লইল চরণ নিত।।
ফণিপতি বরে অভয় করি।
জল সঞে তীরে আইলা হরি।।
মাতা যশোমতী লইল কোরে।
মাধব ভাসয়ে আনন্দ-সাগরে।।

**১৬।** নটন—নৃত্যশীল।
হেরি....সঙ্গ—তাহা দেখিয়া যেন (জনু) দেহ পুনরায় জীবনের সঙ্গে একত্র হইল, অর্থাৎ দেহে প্রাণ আসিল।
মরণ-শরীরে—মৃতদেহে।
হেরিয়া....মান—তাঁহাকে দেখিয়া সকলে (সবহুঁ) এইরূপ মনে করিলেন (মান) যে, তাঁহাদের মৃতদেহে পুনরায় প্রাণ আসিল। ঐছন—ঐরূপ।
ভঞ্জয়ে—ভোগ করে। সর্প-রাজের মাথার উজ্জ্বল মণিগণ খসিয়া পড়িল। সর্প-রাজ মণিহারা হইয়াও কৃষ্ণনখ-চন্দ্রের শোভা মস্তকে ধারণ করিয়া সেই সুখই উপভোগ করিতে লাগিল।
বরে—বরদান দ্বারা। সঞে—হইতে। কোরে—ক্রোড়ে, কোলে।

ব্রজ-নিজ-জন হেরি আনন-চন্দ।
হেরই ভুখল চকোরক-ছন্দ ॥
কাহুক বয়ানে না নিকসয়ে বাত।
কর-সরসীরুহে মাজই গাত ॥
বিষ-জলে জনু দাহন ভেল।
ব্রজ-প্রেমামৃতে শীতল কৈল ॥
যৈছন যাহে করই সম্ভাষ।
সবহুঁ আলিঙ্গয়ে গদ-গদ-ভাষ ॥
সহচরীগণ লোচন ভরি দেখ।
ঈষদবলোকনে করু অভিষেক ॥
পূরল মনোরথ দরশ-রস-পানে।
আনন্দে সুবদনী আপনা না জানে ॥
দ্বিজকুল আকুল আনন্দে ভাস।
নিরখি নিরাপদ মাধবদাস ॥

১৭। ব্রজ-নিজ-জন....ছন্দ—ব্রজবাসী স্বজনগণ (ব্রজ-নিজ-জন) শ্রীকৃষ্ণের মুখচন্দ্র (আনন-চন্দ) দেখিয়া (হেরি) পিপাসিত (ভুখল) চকোরের মত (ছন্দ) তাকাইয়া রহিল (হেরই)।

কাহুক—কাহারও। না নিকসয়ে—বাহির হয় না। বাত—কথা।

কর....গাত—তাহারা শ্রীকৃষ্ণের গায়ে (গাত) পদ্মতুল্য কোমল হস্ত (কর-সরসীরুহ) বুলাইতে লাগিল (মাজই—মার্জন করিতে লাগিল)। ব্রজবাসীদের মনের অবস্থা তখন এরূপ যে ভাষা তাহা প্রকাশ করিতে পারে না, তাই তাহারা নির্বাক্ হইয়া দাঁড়াইয়া শ্রীকৃষ্ণের সর্বাঙ্গে নিজেদের কল্যাণ-হস্ত বুলাইয়া দিতে লাগিল।

বিষ-জলে....কৈল—বিষাক্ত জলে (বিষ-জলে) শ্রীকৃষ্ণের অঙ্গ পুড়িয়া যাইবার মত (জনু) হইতেছিল, ব্রজবাসীদের প্রেমামৃত তাহা শীতল করিল (কৈল)।

যৈছন....সম্ভাষ—যে যেরূপ সম্ভাষণের যোগ্য, তাহাকে সেইরূপে সম্ভাষণ করিলেন।

সহচরীগণ....দেখ—সহচরীগণ তাঁহাকে নয়ন ভরিয়া দেখিল।

ঈষদব.....অভিষেক—আবার (প্রেমপূর্ণ) কটাক্ষ (অপাঙ্গ-দৃষ্টি) দ্বারা তাঁহার অভিষেক করিল।

সুবদনী—সুমুখী; এখানে শ্রীরাধা। তিনি আনন্দে আত্মহারা হইলেন।

## চতুর্থ স্তবক

# শ্রীকৃষ্ণের ও শ্রীরাধার রূপ

চূড়াটি বান্ধিয়া উচচ  কে দিল ময়ূর-পুচছ
ভালে সে রমণী-মনোলোভা।
আকাশ চাহিতে কিবা  ইন্দ্রের ধনুকখানি
নব মেঘে করিয়াছে শোভা॥

মল্লিকা মালতী-মালে  গাঁথনি গাঁথিয়া ভালে
কেবা দিল চূড়াটি বেড়িয়া।
হেন মনে অনুমানি  বহিতেছে সুরধুনী
নীল গিরি-শিখর বাহিয়া॥

কালার কপালে চাঁদ  চন্দনের ঝিকিমিকি
কেবা দিলে ফাগু রঙ্গিয়া।
রজতের পাতে কেবা  কালিন্দী পূজিয়াছে
জবা কুসুম তাহে দিয়া॥

১। আকাশ....শোভা—শ্রীকৃষ্ণের উচচচূড়াস্থিত ময়ূর-পুচ্ছের দিকে চাহিয়া মনে হয়, বুঝিবা আকাশের দিকে চাহিয়া নব-মেঘে ইন্দ্রধনুর শোভা নিরীক্ষণ করিতেছি।

মল্লিকা....বাহিয়া—মোহনচূড়া বেড়িয়া থরে থরে মালতীর মালা দুলাইয়া দিয়াছে; তাহাতে মনে হইতেছে যেন সুরধুনীর ধারা বহিতেছে। হিমগিরি হইতেই গঙ্গার উদ্ভব, কিন্তু আমি দেখিতেছি, নীলগিরি হইতে গঙ্গার ধারা বহিতেছে।

কালার কপালে....ফাগু রঙ্গিয়া—শ্রীকৃষ্ণের কৃষ্ণবর্ণ প্রশস্ত ললাট জুড়িয়া সারি সারি চন্দনের টিপ এবং তাহার মাঝে মাঝে ফাগুর বিন্দু। যেন কোন ভাগ্যবতী রজতের আধারে জবাফুল দিয়া যমুনার কাল জলে ভাসাইয়া দিয়াছে (যমুনা দেবীর পূজার জন্য)।

হিঙ্গুল গুলিয়া কালার অঙ্গে কে দিয়েছে
কালিন্দী পূজিল করবীরে।
জ্ঞানদাসেতে কয় মোর মনে হেন লয়
শ্যাম-রূপ দেখি ধীরে ধীরে ॥

২

মঞ্জু বিকচ কুসুম-পুঞ্জ
মধুপ-শব্দ গঞ্জি গুঞ্জ
কুঞ্জর-গতি গঞ্জি গমন
মঞ্জুল কুলনারী।
ঘন-গঞ্জন চিকুর-পুঞ্জ
মালতী-ফুল-মাল রঞ্জ
অঞ্জন-যুত কঞ্জ-নয়নী
খঞ্জন-গতি-হারী ॥
কাঞ্চন-রুচি রুচির অঙ্গ
অঙ্গে অঙ্গে ভরু অনঙ্গ
কিঙ্কিণী করকঙ্কণ মৃদু
ঝঙ্কৃত মনোহারী ॥
নাচত যুগ ভুরু-ভুজঙ্গ
কালিদমন-দমন-রঙ্গ
সঙ্গিনী সব রঙ্গে পহিরে
রঙ্গিল নীল শাড়ী ॥

হিঙ্গুল..করবীরে—শ্রীকৃষ্ণের কাল অঙ্গে রক্তবর্ণ হিঙ্গুল গুলিয়া কে ছিটাইয়া দিয়াছে। তাহাতে মনে হইতেছে, কে যেন রক্তকরবী দিয়া কৃষ্ণসলিলা যমুনার পজা করিয়াছে। অথবা শ্রীকৃষ্ণের কাল অঙ্গের ঠাঁই ঠাঁই লাল। (যথা, অধরে, করতলে ইত্যাদি) মনে হয় যেন কেহ রক্তকরবী দিয়া যমুনার পূজা করিয়াছে।

শ্যামরূপ....ধীরে ধীরে—পদকর্ত্তার মনে হইতেছে, নানাবর্ণ-বিভূষিত এই অনুপম রূপ এক-নজরে দেখিবার বস্তু নয়; ইহা ধীরে ধীরে রহিয়া-বসিয়া উপভোগ করিবার সামগ্রী।

২। মঞ্জু—সুন্দর।

গুঞ্জ—গুঞ্জনধ্বনি। এখানে শ্রীরাধার চরণেব নূপুর-গুঞ্জনধ্বনি।

গঞ্জি—গঞ্জনা করিয়া, লাঞ্ছিত করিয়া। কুঞ্জর-গতি—গজ-গতি।

মঞ্জুল—সুন্দর। রঞ্জ—রঞ্জক, রাগজনক, প্রীতিজনক।

অঞ্জন-যুত—কজ্জলযুক্ত। কঞ্জ-নয়নী—পদ্মপলাশলোচনা।

নাচত....দমন-রঙ্গ—কালিয় নামক ভয়ঙ্কর বিষধর ভুজঙ্গকে যিনি দমন করিয়াছিলেন, সেই ভুজঙ্গ-দমন শ্রীকৃষ্ণকেও দমন করিতে পারে এমন রঙ্গ (অর্থাৎ ক্রীড়াকৌশল) প্রকাশ করিয়া শ্রীরাধার কটাক্ষপর্ণ নয়নেব ভ্রূ-ভুজঙ্গ-যুগল (ফণা তুলিয়া) নাচিতেছে, শ্রীকৃষ্ণকে কাছে পাইলেই যেন দংশন করিবে।

দশন কুন্দ-কুসুম-নিন্দু
বদন জিতল শারদ ইন্দু
বিন্দু বিন্দু ছুরমে ঘরমে
প্রেমসিন্ধু প্যারী ॥
অমরাবতী-যুবতীবৃন্দ
হেরি হেরি পড়ল ধন্ধ
মন্দ মন্দ হসনানন্দ
নন্দন-সুখকারী ॥
মণি-মানিক নখে বিরাজ
কনক-নূপুর মধুর বাজ
জগদানন্দ থল-জলরুহ
চরণকি বলিহারি ॥

বিন্দু....ঘরমে—পথ চলার শ্রমের ফলে শ্রীরাধার অঙ্গে বিন্দু বিন্দু ঘাম দেখা দিয়াছে।
থল-জলরুহ—স্থলের জলরুহ (পদ্ম)। পদ্ম জলেই শোভা পায়, শ্রীকৃষ্ণের চরণ-পদ্ম কিন্তু স্থলেই শোভা পাইতেছে।

## পঞ্চম স্তবক

# পূর্ব্বরাগ ও অনুরাগ

(১)

সই কেবা শুনাইল শ্যাম-নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ ।।
না জানি কতেক মধু শ্যাম-নামে আছে গো
বদন ছাড়িতে নাহি পারে।
জপিতে জপিতে নাম অবশ করিল গো
কেমনে পাইব সই তারে ।।
নাম-পরতাপে যার ঐছন করল গো
অঙ্গের পরশে কিবা হয়।
যেখানে বসতি তার নয়নে দেখিয়া গো
যুবতী-ধরম কৈছে রয় ।।
পাসরিতে করি মনে পাসরা না যায় গো
কি করিব কি হবে উপায়।
কহে দ্বিজ চণ্ডীদাসে কুলবতী কুল নাশে
আপনার যৌবন যাচায় ।।

১। এই কবিতাটিতে প্রথমতঃ নাম শোনার প্রসঙ্গ। সামান্য নায়ক-নায়িকার নাম শুনিয়া প্রেম উৎপন্ন হয় না। দ্বিতীয়তঃ নামের মাধুর্য্য—ইহাও ভগবৎ-প্রেমের লক্ষণ। তৃতীয়তঃ নাম-জপ (মন্ত্রস্য সুলঘুচচারো জপঃ)—ইহাও ভগবৎ-প্রেম ভিন্ন অন্য কিছু বুঝায় না।

**পরতাপে**—প্রতাপে।

**ঐছন**—এইরূপ ('অবশ'); শুধু নামের প্রতাপে অর্থাৎ নাম জপ করিতে করিতে যখন আমার অঙ্গ এইরূপ অবশ হইয়া আসিতেছে, তখন তাঁহার অঙ্গের স্পর্শে না জানি কি হয়।

**নয়নে দেখিয়া গো**—সেই নামের বসতি যেখানে অর্থাৎ যে দেহে, সেই দেহ বা রূপ দেখিয়া যুবতী-ধর্ম্ম (সতীত্ব) কেমন করিয়া থাকে? পাঠান্তর—'সেখানে থাকিয়া গো।'

**আপনার যৌবন যাচায়**—কুলবতী অর্থাৎ সতী-সাধ্বী রমণীগণ সেই নাম শুনিয়া এবং রূপ দেখিয়া আপন আপন রূপ-যৌবন সাধিয়া দান করে।

সাধারণ নায়ক-নায়িকার প্রেমে যে অপূর্ব আত্মসমর্পণ দেখিতে পাওয়া যায়, তাহা ভগবৎ-প্রেমের উন্মাদনা ও সর্বপ্রকার আত্মাভিমান-বিলয়ের জাগতিক উদাহরণ। এই ধারণাই 'পূর্বরাগে'র ও 'অনুরাগে'র কবিতা-গুলির মূলে নিহিত রহিয়াছে।

(২)

রাধার কি হৈল অন্তরে ব্যথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে
না শুনে কাহারো কথা ॥
সদাই ধেয়ানে চাহে মেঘ-পানে
না চলে নয়ান-তারা।
বিরতি আহারে রাঙ্গাবাস পরে
যেমত যোগিনী-পারা॥
এলাইয়া বেণী ফুলের গাঁথনি
দেখয়ে খসায়ে চুলি।
হসিত বয়ানে চাহে মেঘ-পানে
কি কহে দুহাত তুলি ॥
একদিঠ করি ময়ূর-ময়ূরী-
কণ্ঠ করে নিরীক্ষণে।
চণ্ডীদাস কয় নব পরিচয়
কালিয়া-বঁধর সনে

২। এই পদে চণ্ডীদাস রাধার পূর্বরাগের যে অবস্থা বর্ণনা করিয়াছেন মহাপ্রভুর জীবনে অনেকটা সেইরূপ দেখিতে পাওয়া গিয়াছিল। ভগবৎ-প্রেমের উদয় হইতেই মহাপ্রভু একা নির্জনে বসিয়া কাঁদিতেছেন—চৈতন্য-ভাগবত, চৈতন্যমঙ্গল প্রভৃতি গ্রন্থে সেই ভাবের বিস্তৃত বর্ণনা আছে।

ধেয়ানে—ধ্যানে।

না চলে....তারা—মেঘ-দর্শনে মুগ্ধ হইয়া তাহাতেই নিশ্চলভাবে দৃষ্টি নিবদ্ধ করিয়া রাখে। তুলনীয়:

"মাধবেন্দ্র পুরী-কথা অকথ্য কথন।
মেঘ-দরশন মাত্র হয় অচেতন।" চৈতন্যভাগবত।

বিরতি আহারে—যতি-ধর্ম্মের নিয়মানুসারে উপবাস। মহাপ্রভু প্রথম প্রেমাবেশে আহার-নিদ্রা ত্যাগ করিয়াছিলেন।

রাঙ্গাবাস পরে—গেরুয়া রঙ্গের কাপড় পরিধান করে—রাধা নীলাম্বরই পরিতেন, কিন্তু যোগিনীর মত এক্ষণে বেশভূষার প্রতি বিরক্ত হইয়াছেন। এখানে সন্ন্যাস-ধর্ম্মের প্রতি স্পষ্ট ইঙ্গিত। এই সকল পদে চণ্ডীদাস মহাপ্রভুর "আগমনী" গান করিয়াছেন।

যেমত যোগিনী-পারা—এখানে ইঙ্গিত আরও স্পষ্ট।

এলাইয়া....চুলি—ফুলের গাঁথনি খুলিয়া ফেলিয়া চুলের বর্ণ নিবিষ্টভাবে দেখিতে থাকেন; কারণ তাহাতে কৃষ্ণের বর্ণ দেখিতে পান।

চুলি—চুল।

একদিঠ....নিরীক্ষণে—ময়ূর-ময়ূরীর কণ্ঠে শ্রীকৃষ্ণের নীলাভকৃষ্ণ বর্ণ আছে—এজন্য একদৃষ্টে তাহা দেখিতে থাকেন।

ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়।
মন উচাটন নিশ্বাস সঘন
কদম্ব-কাননে চায়॥
রাই এমন কেন বা হৈল।
গুরু দুরজন ভয় নাহি মন
কোথা বা কি দেব পাইল॥
সদাই চঞ্চল বসন-অঞ্চল
সম্বরণ নাহি করে।
বসি থাকি থাকি উঠয়ে চমকি
ভূষণ খসাঞা পরে॥
বয়সে কিশোরী রাজার কুমারী
তাহে কুলবধূ বালা।
কিবা অভিলাষে বাঢ়য়ে লালসে
না বুঝি তাহার ছলা॥
তাহার চরিতে হেন বুঝি চিতে
হাত বাঢ়াইল চাঁদে।
চণ্ডীদাস কয় করি অনুনয়
ঠেকেছে কালিয়া-ফাঁদে॥

৪

ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি
অবনী বহিয়া যায়।
ঈষত হাসির তরঙ্গ-হিলোলে
মদন মূরুছা পায়॥

৩। তিলে তিলে—মুহূর্তে মুহূর্তে। উচাটন—উদ্বিগ্ন। দুরজন—দুর্জন।
গুরু....পাইল—গুরুজনকে ভয় করে না, দুর্জনের নিন্দাবাদে ভয় নাই, কোন দেবতা বোধ হয় ইহাকে পাইয়া বসিয়াছেন।
তাহার চরিতে....চাঁদে—তাহার চরিত্র দেখিয়া এমন মনে হয় যে সে চাঁদ ধরিবার জন্য হাত বাড়াইতেছে, অর্থাৎ অতি দুর্লভ কোন সামগ্রী পাওয়ার জন্য আশা করিয়াছে।
৪। ঢল ঢল....অবনী বহিয়া যায়—ঢল ঢল কাঁচা (তরল) অঙ্গ-কান্তি যেন ভূতলে বহিয়া চলিয়াছে. অর্থাৎ সে অপরূপ তরলতাপূর্ণ লাবণ্যে যেন পৃথিবী ভাসাইয়া দিল।
হিলোলে—হিল্লোলে। মদন মূরুছা পায়—স্বয়ং মদন মূর্চ্ছিত হইয়া পড়েন।

কিবা সে নাগর কি খেণে দেখিলুঁ
ধৈরয রহল দূরে।
নিরবধি মোর চিত বেয়াকুল
কেন বা সদাই ঝুরে॥
হাসিয়া হাসিয়া অঙ্গ দোলাইয়া
নাচিয়া নাচিয়া যায়।
নয়ান-কটাখে বিষম বিশিখে
পরাণ বিন্ধিতে ধায়॥
মালতী ফুলের মালাটি গলে
হিয়ার মাঝারে দোলে।
উড়িয়া পড়িয়া মাতল ভ্রমর
ঘুরিয়া ঘুরিয়া বুলে॥
কপালে চন্দন- ফোঁটার ছটা
লাগিল হিয়ার মাঝে।
না জানি কি ব্যাধি মরমে বাধল
না কহি লোকের লাজে॥
এমন কঠিন নারীর পরাণ
বাহির নাহিক হয়।
না জানি কি জানি হয় পরিণামে
দাস গোবিন্দ কয়॥

৫

সহজই বিষম অরুণ-দিঠি তাকর
আর তাহে কুটিল কটাখ।
হেরইতে হামারি ভেদি উর-অন্তর
ছেদল ধৈরজ-শাখ॥

ধৈরয—ধৈর্য্য। বেয়াকুল—ব্যাকুল। ঝুরে—কাঁদে।
বিষম বিশিখে—দারুণ শরে। মাতল—উন্মত্ত। বুলে—ভ্রমণ করে।
৫। দিঠি—নয়ন। তাকর—তাহার। কটাখ—কটাক্ষ। ভেদি—ভেদ করিয়া।
উর-অন্তর—বক্ষের অন্তস্তল। ছেদল—ছেদন করিল। ধৈরজ-শাখ—ধৈর্য্যের শাখা।
সহজই....শাখ—একে ত আপনা হইতেই তাহার রাগারুণ নয়নদুটি দুঃসহ। তাহার উপর আবার বক্র কটাক্ষ। আমার পানে চাহিবামাত্র (সে কটাক্ষ) আমার বক্ষের অন্তস্তল ভেদ করিয়া আমার ধৈর্য্যের শাখা ছেদন করিল।

এ সখি, বিহরয়ে কো পুন এহ।
পীত বসন জনু বিজুরী বিরাজিত
সজল জলদ-রুচি দেহ ॥
(মৃদু মৃদু ভাখি হাসি উপজায়ল
দারুণ মনসিজ-আগি।
যাকর ধূমে ধরম-পথ কুলবতী
হেরই রহু পুন ভাগি ॥)
তহিঁ পুন বেণু অধরে ধরি ফুকরই
দহইতে গৌরব লাজ।
কহ ঘনশ্যাম- দাস ধনি ঐছন
আনহ হৃদয়ক মাঝ ॥

৬

কি পেখলুঁ বরজ- রাজ-কুলনন্দন
রূপে রহল পরাণ।
নিরমিয়া রসনিধি আমারে না দিল বিধি
প্রতি অঙ্গে অধিক নয়ান ॥

**এ সখি....দেহ**—সখি, এই যে বিহার করিতেছেন, ইনি কে? সজল মেঘের লাবণ্য ইঁহার দেহে। তাহাতে আবার পীত-বসন পরিয়াছেন। মনে হইতেছে যেন মেঘের কোলে বিদ্যুৎ বিরাজ করিতেছে।

**উপজায়ল**—উৎপাদন করিল। মনসিজ-আগি—কামাগ্নি।

**মৃদু মৃদু....আগি**—মৃদু মৃদু সম্ভাষণ এবং হাস্যের দ্বারা আমার অন্তরে দারুণ কামানল জ্বালাইয়া তুলিল।

**হেরই**—দেখে। রহু পুন ভাগি—কিন্তু দূরে থাকে। অর্থাৎ অগ্রসর হইতে পারে না।

**যাকর....ভাগি**—যাহার (যে কামাগ্নির) ধূমে কুলরমণী ধর্ম্মপথ দেখিয়াও অগ্রসর হইতে পারে না। শ্রীরাধা পূর্ব্বেই বলিয়াছেন, শ্রীকৃষ্ণের কুটিল কটাক্ষ তাঁর ধৈর্য্যের শাখা ছেদন করিয়াছে। এখন সেই কাঁচা ডালে আগুন লাগায় ধোঁয়ায় চারিদিক একবারে আচ্ছন্ন হইয়া গিয়াছে।

**তহিঁ পুন....লাজ**—তাহার উপর আবার কুলকামিনীর কুলগর্ব্ব এবং লজ্জা পুড়াইয়া ভস্মে পরিণত করিবার জন্য অধরে বেণু ধরিয়া তাহাতে ফুঁ দিতেছে অর্থাৎ ফুঁ দিয়া অগ্নিকে আরও প্রবলভাবে প্রজ্বলিত করিয়া তুলিতেছে।

'বেণু অধরে ধরি ফুকরই'—ইহার দুই অর্থ—(১) বেণুতে ফুঁ দিতেছে অর্থাৎ বাঁশী বাজাইতেছে। (২) বাঁশের চোঙায় ফুঁ দিয়া অগ্নিকে প্রবলতর তেজে প্রজ্বলিত করিয়া তুলিতেছে।

**ঐছন**—ঐরূপ। আনহ—অন্যেরও, অপর পক্ষেরও অর্থাৎ শ্রীকৃষ্ণেরও।

**কহ....মাঝ**—পদকর্ত্তা বলিতেছেন—সুন্দরি, এরূপ অবস্থা শুধু তোমারই হয় নাই, শ্রীকৃষ্ণেরও ঐ একই অবস্থা।

**৬। বরজ**—ব্রজ। রূপে রহল পরাণ—রূপে প্রাণ লাগিয়া রহিল।

**নিরমিয়া**—নির্ম্মাণ করিয়া।

একে সে চিকণ তনু          কাঞ্চন-অভরণ
    কিরণহি ভুবন উজোর।
দরশনে লোচন          লোরে অগোরল
    না চিহ্নলুঁ কাল কি গোর॥
সহজে দৃগঞ্চল          অরুণ কঞ্জ-দল
    তাহে কত ফুল-শর সাজে।
দিঠি মোর পরশিতে          ও হাসি অলখিতে
    শেল রহল হৃদি মাঝে॥
সরস কপোল          লোল মণি-কুণ্ডল
    ঝাঁপল দিনকর-ভাস।
ও রূপ-লাবণি          দিঠি ভরি না পেখলুঁ
    দুখিয়া অনন্ত দাস॥

আলো মুঞি জানো না—
জানিলে যাইতাম না কদম্বের তলে।
চিত মোর হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে॥
(রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল।
যৌবনের বনে মন হারাইয়া গেল॥)
(ঘরে যাইতে পথ মোর হৈল অফুরান।
অন্তরে বিদরে হিয়া কি জানি করে প্রাণ॥)
চন্দন চান্দের মাঝে মৃগমদ ধান্ধা।
তার মাঝে হিয়ার পুতলি রৈল বান্ধা॥
(কটি পীত-বসন রসনা তাহে জড়া।
বিধি নিরমিল কুল-কলঙ্কের কোঁড়া॥)

কিরণহি—কিরণেতে। উজোর—উজ্জ্বল।
অগোরল—আগ্‌লাইল, অবরুদ্ধ করিল। চিহ্নলুঁ—চিনিলাম। সহজে—স্বভাবতঃ।
দৃগঞ্চল—নেত্র-প্রান্ত। কঞ্জ-দল—পদ্ম-দল; পদ্মের পাপড়ি।
অলখিতে—অলক্ষ্যে। লোল—চঞ্চল; দোদুল্যমান। ঝাঁপল—ঢাকিল।
দিনকর-ভাস—সূর্য্যের দীপ্তি। লাবণি—লাবণ্য। দিঠি—দৃষ্টি, নয়ন।

৭। যৌবনের....গেল—যৌবনের স্বপ্ন-কাননে প্রবেশ করিয়া আমার এই রূপমুগ্ধ চিত্ত বাহিরে আসিবার পথ খুঁজিয়া পাইতেছে না,—রূপের গোলকধাঁধাঁয় ঘুরিয়া মরিতেছে।

অফুরান—যাহা ফুরায় না, অনন্ত।

ঘরে....অফুরান—ঘরে ফিরিবার পথ আজ আমার নিকট অনন্ত বলিয়া মনে হইতেছে অর্থাৎ সংসার এবং আমার মধ্যে আজ অনন্ত ব্যবধান রচিত হইল।

রসনা—কটি-ভূষণ-বিশেষ। জড়া—জড়িত। কোঁড়া—কুঁড়ি, অঙ্কুর।

জাতি কুল শীল মোর সব বুঝি গেল।
ভুবন ভরিয়া মোর ঘোষণা রহিল।।
(কুলবতী সতী হৈয়া দু-কুলে দিলুঁ দুখ
জ্ঞানদাস কহে দঢ় করি থাক বুক।।)

(৮)

সই, কেনে গেলাম যমুনার জলে।
নন্দের নন্দন চাঁদ পাতিয়া রূপের ফাঁদ
ব্যাধ ছিল কদম্বের তলে।।
দিয়া হাস্য-সুধা চার অঙ্গছটা আঠা তার
আঁখি-পাখী তাহাতে পড়িল।
মন-মৃগী সেইকালে পড়িল রূপের জালে
বাঁশী—ফাঁসি গলায় লাগিল।।
ধৈর্য্য-শীল-হেমাগার গুরু-গৌরব-সিংহদ্বার
ধরম-কপাট ছিল তায়।
বংশীরব-বজ্রাঘাতে পড়ি গেল অকস্মাতে
সমভূমি করিল আমায়।।
(আমার) চিত্তশালে মত্ত হাতী বাঁধা ছিল দিবারাতি
ক্ষিপ্ত কৈল কটাক্ষ-অঙ্কুশে।
দম্ভের শিকল কাটি চারিদিকে যায় ছুটি
না পাইলাম তাহার উদ্দেশে।।

**ঘোষণা**—প্রচার; এস্থলে কলঙ্ক-প্রচার। দঢ়—দৃঢ়।

৮। নন্দের নন্দন....তলে—নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ ব্যাধ হইয়া কদম্ব-বৃক্ষের তলায় রূপের ফাঁদ পাতিয়া দাঁড়াইয়া আছেন।

দিয়া হাস্য....পড়িল—ব্যাধ যেমন প্রলোভনজনক চার দিয়া ও নলে আঠা মাখাইয়া পাখী ধরে, কৃষ্ণ ঠিক তেমনি করিয়া হাস্য-সুধার চার ফেলিয়া ও অঙ্গকান্তির আঠা দিয়া আমার নয়ন-পাখীকে ধরিয়াছে।

ধৈর্য্য-শীল-হেমাগার....আমায়—আমার চিত্ত ধৈর্য্য এবং শিষ্টাচারের হেম-ভাণ্ডার হইয়া উঠিয়াছিল, সেই ধন-ভাণ্ডারের সিংহদ্বার ছিল গুরুজনের প্রতি সম্ভ্রম ও মর্য্যাদাবোধ এবং তাহার কপাট হইয়াছিল ধর্ম্ম।

বংশীরব-বজ্রাঘাতে....আমায়—শ্রীকৃষ্ণের বংশীরবের বজ্রাঘাতে আমার সেই ধন-ভাণ্ডার অকস্মাৎ ভাঙ্গিয়া পড়িল। আমায় একেবারে সকল দিক হইতে ধূলিসাৎ করিয়া দিল। অথবা আমার আমিত্ব-বোধকে একেবারে ধূলিসাৎ করিয়া দিল।

চিত্তশালে....উদ্দেশে—আমার চিত্তশালায় মাৎসর্য্যের মত্ত মাতঙ্গ কুলগর্ব্বের শিকল দিয়া বাঁধা ছিল, শ্রীকৃষ্ণের কটাক্ষ-অঙ্কুশের আঘাতে আজ শিকল কাটিয়া কোথায় যে ছুটিয়া পলাইল, তাহার আর উদ্দেশ পাইলাম না।

কালিয়া কুটিল বানে কুল-শীল কোন্ খানে
ডুবিল, উঠিল ব্রজের বাস।
প্রাণমাত্র আছে বাকী তাও বুঝি যায় সখি
ভণয়ে জগদানন্দ দাস ॥

৯

যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু-জ্যোতি
তাঁহা তাঁহা বিজুরি চমকময় হোতি ॥
যাঁহা যাঁহা অরুণ-চরণ চল চলই।
তাঁহা তাঁহা থল-কমল-দল খলই ॥
দেখ সখি কো ধনি সহচরী মেলি।
আমারি জীবন সঞে করতহি খেলি ॥
যাঁহা যাঁহা ভাঙ্গুর ভাঙু বিলোল।
তাঁহা তাঁহা উছলই কালিন্দী-হিলোল ॥
যাঁহা যাঁহা তরল বিলোকন পড়ই।
তাঁহা তাঁহা নীল উতপল বন ভরই ॥
যাঁহা যাঁহা হেরিয়ে মধুরিম হাস।
তাঁহা তাঁহা কুন্দ-কুমুদপরকাশ ॥
গোবিন্দদাস কহ মুগধল কান।
চিনলহুঁ রাই চিনই নাহি জান ॥

কালিয়া....বাস—শ্রীকৃষ্ণের আকর্ষণ কুটিল বন্যার মত আমার কুল-শীল সব কোথায় ভাসাইয়া লইয়া গেল। আজ হইতে আমার ব্রজের বাস উঠিল।

৯। এইটি এবং ইহার পরেরটি শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগের পদ।

যাঁহা যাঁহা—যেখানে যেখানে। নিকসয়ে—নিঃসৃত হয়। তনু—ক্ষীণ, কৃশ।
তনু—দেহ। তাঁহা তাঁহা—সেখানে সেখানে।
বিজুরি—বিদ্যুৎ। চমকময় হোতি—চমকায়।
চল—চঞ্চলভাবে। চলই—চলিয়া যায়।
থল-কমল-দল—স্থলপদ্মের দল। খলই—(যেন) স্খলিত হয়।
দেখ সখি কো ধনী....খেলি—হে সখি দেখত, এ কোন্ রমণী যে সহচরীদের সঙ্গে মিলিত হইয়া আমার জীবন লইয়া খেলা করিতেছে।
ভাঙ্গুর—বঙ্কিম। ভাঙু—ভ্রূ। মুগধল—মুগ্ধ হইল।
চিনলহুঁ....জান—মুগ্ধ হইয়াছে বলিয়া রাধাকে চিনিয়াও চিনিতে পারিতেছ না।

## ১০

সহচরী মেলি চললি বররঙ্গিণী
কালিন্দী করই সিনান।
কাঞ্চন শিরীষ— কুসুম জনু তনু-রুচি
দিনকর-কিরণে মৈলান ॥
সজনি, সো ধনি চিতক চোর।
চোরিক পন্থ ভোরি দরশায়লি
চঞ্চল নয়নক ওর ॥
কোমল চরণ চলত অতি মন্থর
উতপত বালুক বেল।
হেরইতে হামারি সজল দিঠি-পঙ্কজ
দুহুঁ পাদুক করি নেল ॥
চিত-নয়ন মঝু দুহুঁ সে চোরায়লি
শূন হৃদয় অব মান।
মনমথ পাপ দহনে তনু জারত
গোবিন্দদাস ভালে জান ॥

## ১১

বেলি অবসান-কালে একা গিয়েছিলাম জলে
জলের ভিতরে শ্যাম রায়।
ফুলের চূড়াটি মাথে মোহন মুরলী হাতে
পুন কানু জলেতে লুকায় ॥

১০। সিনান—স্নান। মৈলান—ম্লান। চিতক চোর—চিত্ত-চোর।
চোরিক পন্থ—চুরির পথ, চৌর্য্য-পন্থা। ভোরি—বিভোর করিয়া, জ্ঞানশূন্য করিয়া।
নয়নক ওর—নয়নের প্রান্ত, কটাক্ষ, অপাঙ্গ-দৃষ্টি। বালুক বেল—বালুর বেলা, যমুনা-সৈকত।
কোমল চরণ....করি নেল—শ্রীরাধার সুকোমল পদদ্বয় মন্থর গতিতে সাবধানে চলিতেছে, কারণ যমুনা-সৈকত প্রখর সূর্য্যকিরণে উত্তপ্ত। শ্রীকৃষ্ণ বলিতেছেন, সেই মন্থরগামী চরণদুটির পানে চাহিবামাত্র শ্রীরাধা আমার সজল বিমুগ্ধ নয়ন-পদ্মদুটিকে তাহার পাদুকা করিয়া লইল অর্থাৎ সেই সুকোমল পদদ্বয়ে আমার বিমুগ্ধ চক্ষুদুটি পাদুকার মত সংলগ্ন হইয়া রহিল। শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণের অনুরাগ প্রথম দর্শনেই এত প্রবল যে উত্তপ্ত বালুকার উপর দিয়া চলিবার সময়ে রাধার কষ্ট হইতেছে ইহা ভাবিয়া মনে মনে নিজের চক্ষুদুটিকে পাদুকা-রূপে কল্পনা করিতেছেন।
চিত....চোরায়লি—চিত্ত এবং নয়ন দুইই সে চুরি করিল।
শূন....মান—হৃদয় এখন শূন্য বলিয়া মনে করিতেছি। জারত—দগ্ধ।
১১। জলের....রায়—যমুনার জলে শ্যামের প্রতিবিম্ব দেখিয়া মুগ্ধা শ্রীরাধা ভাবিতেছেন যে, জলের ভিতরেই তিনি লুকাইয়া আছেন।

যমুনাতে ঢেউ দিতে বিম্ব উঠে আচম্বিতে
বিম্বের মাঝারে শ্যাম রায়।
চূড়ার টালনি বামে ত্রিভঙ্গ-ভঙ্গিম ঠামে
হেরিয়া সে কুল রাখা দায়।।
পুন জলে দিতে ঢেউ কোথাও না দেখি কেউ
জল স্থির হৈলে দেখি কানু।
ধরি ধরি মনে করি ধরিবারে নাহি পারি
অনুরাগে জলে ডুবেছিনু।।
কর বাড়াইয়া যাই শ্যামের নাগাল নাহি পাই
কান্দিতে কান্দিতে আইলাম ঘরে।
হায় আমি অভাগিনী না পাইলাম শ্যাম গুণমণি
সেই দুখে হৃদয় বিদরে।।
বসু রামানন্দের বাণী শুন শুন বিনোদিনী
অকারণে জলে ডুবেছিলে।
বুঝিতে নারিলে মায়া জলে ছিল অঙ্গ-ছায়া
শ্যাম ছিল কদম্বের মূলে।।

(১২)

নহাই উঠল তীরে রাই কমলমুখী
সমুখে হেরল বর কান।
গুরুজন সঙ্গে লাজে ধনি নতমুখী
কৈসনে হেরব বয়ান।।
সখি হে, অপরূব চাতুরী গোরী।
সব জন তেজি অগুসরি সঞ্চরি
আড় বদন তঁহি ফেরি।।

জল....কানু—তরঙ্গ উঠিলে প্রতিবিম্ব অদৃশ্য হইতেছে; আবার জল স্থির হইলে দেখা যাইতেছে।
বসু....বাণী—'চণ্ডীদাসের বাণী'—পাঠান্তর।

১২। নহাই—স্নান করিয়া।
গুরুজন....বয়ান—গুরুজনের সঙ্গে রাই চলিয়াছে কাজেই লজ্জায় নতমুখী;—কেমন করিয়া শ্রীকৃষ্ণের মুখ দেখিবে।
সখি হে....ফেরি—এক সখী অন্য সখীকে বলিতেছে—সখি, রাধার অপূর্ব্ব চাতুরী। সকলকে ত্যাগ করিয়া আগাইয়া গিয়া সে বদন আড় করিয়া ফিরাইল।

তঁহি পুন মোতি-হার তোড়ি ফেকল
কহত হার টুটি গেল।
সব জন এক এক চুনি সঞ্চরু
শ্যাম-দরশ ধনি লেল ॥
নয়ন-চকোর কানু-মুখ-শশিবর
কএল অমিয়-রস-পান।
দুহুঁ দুহুঁ দরশনে রসহু পসারল
কবি বিদ্যাপতি ভাণ

১৩

অবনত আনন কএ হম রহলিহুঁ
বারল লোচন-চোর।
পিয়া-মুখ-রুচি পিবএ ধাওল
জনি সে চাঁদ চকোর ॥
ততহুঁ সঞো হঠে হটি মোঞে আনল
ধএল চরণ রাখি।
মধুপ মাতল উড়এ ন পারএ
তইঅও পসারএ পাঁখি ॥

তঁহি পুন—তাহার পর আবার। তোড়ি—ছিঁড়িয়া।
ফেকল—ছড়াইয়া ফেলিয়া দিল। কহত—কহিল।
চুনি—কুড়াইয়া। সঞ্চরু—ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিল।
তঁহি পুন....লেল—তাহার পর আবার মোতিহার ছিঁড়িয়া ইতস্ততঃ ছড়াইয়া ফেলিয়া দিল (যাহাতে কুড়াইতে বিলম্ব হয়)। বলিল, আমার হার ছিঁড়িয়া গেল। তখন সকলে এখান-সেখান করিয়া হেট-মুখে খুঁটিয়া খুঁটিয়া একটি একটি করিয়া মুক্তা কুড়াইতে লাগিল। সেই ফাঁকে রাধা শ্রীকৃষ্ণকে দেখিয়া লইল।
পসারল—প্রসারিত হইল।
১৩। কএ—করিয়া। রহলিহুঁ—রহিলাম। বারল—বারণ করিলাম। পিবএ—পান করিতে।
অবনত....চকোর—আমি বদন অবনত করিয়া রহিলাম এবং আমার লুব্ধ লোচন-চোরদুটিকে নিবারণ করিলাম অর্থাৎ আমার চোখদুটি পাছে চুরি করিয়া ফাঁকি দিয়া শ্রীকৃষ্ণকে দেখিয়া লয়, সেই ভয়ে মুখ তুলিলাম না। কিন্তু তাহারা বাধা মানিল না। চকোর যেমন চাঁদের সুধা পান করিবার জন্য ছুটিতে থাকে, আমার চোখদুটি সেইরূপ প্রিয়তমের মুখ-রুচি পান করিবার জন্য ধাবিত হইল।
ততহুঁ সঞো—সেই স্থান হইতে। হঠ—হঠকারী, গোঁয়ার, একগুঁয়ে। হটি—হটাইয়া, ফিরাইয়া।
ততহুঁ....পাঁখি—সেই স্থান হইতে সেই একগুঁয়ে নয়নদুটিকে জোর করিয়া ফিরাইয়া আনিয়া আমার চরণে ধরিয়া রাখিলাম অর্থাৎ চোখের দৃষ্টি চরণে স্থাপিত করিলাম অর্থাৎ দৃষ্টি নত করিলাম। মধু পান করিবার পর মত্ত ভ্রমর উড়িতে পারে না, তথাপি পক্ষ বিস্তার করে, অর্থাৎ উড়িবার জন্য ছটফট করিতে থাকে; তেমনি আমার রূপমুগ্ধ নয়ন উড়িবার শক্তি হারাইয়াও পক্ষ বিস্তার করিতে ছাড়িল না।

মাধব বোলল মধুর বাণী
　　　　সে শুনি মুদু মোঞে কান।
তাহি অবসর ঠাম বাম ভেল
　　　　ধরি ধনু পঁচবাণ॥
তনু-পসেবে পসাহনি ভাসলি
　　　　পুলক তৈসন জাগু।
চুনি চুনি ভএ কাঁচুঅ ফাটলি
　　　　বাহু-বলয়া ভাগু॥
ভণ বিদ্যাপতি কম্পিত কর হো
　　　　বোলল বোল ন যায়।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
　　　　শ্যামসুন্দর—কায়॥

## ১৪

একে কুলবতী ধনি তাহে সে অবলা।
ঠেকিল বিষম প্রেমে কত সবে জ্বালা॥
অকথন বেয়াধি কহন নাহি যায়।
যে করে কানুর নাম ধরে তার পায়॥
পায়ে ধরি কাঁদে সে চিকুর গড়ি যায়।
সোনার পুতলি যেন ভূমেতে লোটায়॥
পুছয়ে কানুর কথা ছল ছল আঁখি।
কোথায় দেখিলা শ্যাম কহ দেখি সখি।
চণ্ডীদাস বলে কাঁদে কিসের লাগিয়া।
সে কালা আছয়ে তার হৃদয়ে জাগিয়া॥

মাধব. . পাঁচবাণ—মাধব মধুর বাণী বলিলেন, আমি তাহা শুনিয়া কর্ণ মুদিলাম অর্থাৎ হস্তদ্বারা কর্ণ আচ্ছাদন করিলাম। সেই অবসরে অর্থাৎ কানে হাত চাপা দিতে যেটুকু সময় লাগে তাহারই মধ্যে সেইস্থানে মদন ধনু ধরিয়া আমার বৈরী হইল, অর্থাৎ শরাঘাতে আমাকে অস্থির করিয়া তুলিল।

পসেব—প্রস্বেদ, ঘাম। পসাহনি—প্রসাধনী, অঙ্গরাগ। তৈসন—সেইরূপ, তেমনই অধিক।

তনু-পসেবে. . . . ভাগু—দেহের ঘামে অঙ্গরাগ ধুইয়া ভাসিয়া গেল। দেহ এত অধিক পুলকান্বিত হইল যে চুন চুন শব্দ করিয়া কাঁচলি ছিঁড়িয়া গেল এবং বাহুর বলয় ভগ্ন হইল।

হো—হয়।

ভণ. . . . যায়—বিদ্যাপতি বলিতেছেন—কর কম্পিত হইতেছে, কথা আবেগ-রুদ্ধ হইতেছে।

১৪। অকথন—যাহা কহা যায় না, অর্থাৎ যাহা কথায় বুঝান যায় না।

গড়ি যায়—গড়াগড়ি যায়, লুটাইয়া যায়।

* ১৫

হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার॥
পাখীক পাখ মীনক পানি।
জীবক জীবন হাম ঐছে জানি॥
তুহুঁ কৈছে মাধব কহ তুহুঁ মোয়।
বিদ্যাপতি কহ দুহুঁ দোহাঁ হোয়॥

* ১৬

রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥
হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।
পরাণ পিরীতি লাগি থির নাহি বান্ধে॥
সই, কি আর বলিব।
যে পণ করাছি মনে সেই সে করিব॥
রূপ দেখি হিয়ার আরতি নাহি টুটে।
বল কি বলিতে পারি যত মনে উঠে॥

১৫। হাথক—হাতের। দরপণ—দর্পণ। মাথক—মাথার।
মৃগমদ—কস্তুরী-লেপন। গীমক—গ্রীবার। সরবস—সর্বস্ব।
পাখীক—পাখীর। দুহুঁ—দুইজনে।

তুহুঁ কৈছে ....হোয়— রাধা বলিতেছেন, হে কৃষ্ণ, তুমি আমার পক্ষে হাতের দর্পণ-স্বরূপ (পূর্বকালে হিন্দু স্ত্রীলোকেরা মুখ দেখিবার জন্য সর্বদা হাতে দর্পণ রাখিতেন, সেটি তাঁহাদের বড় প্রিয় জিনিষ ছিল। উড়িষ্যা ও অপরাপর স্থলে পাথরে রচিত ও অঙ্কিত অনেক নারীমূর্তির হাতে দর্পণ দৃষ্ট হয়। বিবাহের কালে বরের হাতে অনেক স্থলে দর্পণ দেওয়া হয়); মাথার ফুল, নয়নের অঞ্জন, মুখের তাম্বূল, বক্ষের মৃগমদ চিত্র-পাঁতি, গলার হার, দেহের সর্বস্ব, গৃহের সার, পাখীর পক্ষ, মৎস্যের জল, জীবের জীবন,; অর্থাৎ তুমিই আমার সব। কিন্তু তোমাকে এত ভালবাসিয়াও তুমি যে কে তাহা বুঝিতে পারিলাম না। (ভক্ত ভগবানকে এত গভীরভাবে অন্তরে অন্তরে অনুভব করিয়াও তাঁহার বিরাট্ রহস্যের তত্ত্ব বুঝিতে না পারিয়া ক্ষণে ক্ষণে দ্বিধার ভাবে মনে ভাবেন—তিনি কে? এত করিয়াও তাঁহার তত্ত্ব তো কিছুই বুঝিতে পারিলাম না।) তুমি তো আমার সব—কিন্তু হে মাধব, তুমি কেমন তাহা আমাকে বল। বিদ্যাপতি বলেন, তোমরা দুইজনে দুই- জনেরই মত; অর্থাৎ ভগবান্ যেমন অসীম, ভক্তের প্রেমও তেমনই অসীম।

১৬। আঁখি ঝুরে—চোখের জল পড়ে। আরতি—ব্যগ্রতা, ঐকান্তিকী ইচ্ছা।
আরতি নাহি টুটে—আকাঙ্ক্ষার তৃপ্তি হয় না।

দেখিতে যে সুখ উঠে কি বলিব তা।
দরশ পরশ লাগি আউলাইছে গা ॥
হাসিতে খসিয়া পড়ে কত মধু-ধার।
লহু লহু হাসে পহুঁ পিরীতির সার ॥
গুরু-গরবিত মাঝে রহি সখী-সঙ্গে।
পুলকে পূরয়ে তনু শ্যাম-পরসঙ্গে ॥
পুলক ঢাকিতে করি কত পরকার।
নয়নের ধারা মোর বহে অনিবার ॥
ঘরের যতেক সবে করে কানাকানি।
জ্ঞান কহে লাজ-ঘরে ভেজাই আগুনি ॥

* ১৭

এমন পিরীতি কভু নাহি দেখি শুনি।
পরাণে পরাণে বান্ধা আপনা আপনি ॥
দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।
আধ তিল না দেখিলে যায় যে মরিয়া ॥
জল বিনু মীন যেন কবহুঁ না জীয়ে।
মানুষে এমন প্রেম কোথা না শুনিয়ে ॥
ভানু-কমল বলি সেহো হেন নয়।
হিমে কমল মরে ভানু সুখে রয় ॥
চাতক-জলদ কহি সে নহে তুলনা।
সময় নহিলে সে না দেয় এক কণা ॥

পহুঁ—প্রভু।
দরশ....গা—দর্শন এবং স্পর্শের আশায় শরীর এলাইয়া পড়িতেছে।
পরসঙ্গে—প্রসঙ্গে।
গুরু-গরবিত মাঝে—গুরু ও পূজনীয়গণের মধ্যে।
পুলক ঢাকিতে....পরকার—দেহে যাহাতে রোমাঞ্চ-প্রকাশ না হয়, তজ্জন্য কত চেষ্টা করি। পরকার—প্রকার, উপায়; কিন্তু প্রবহমাণ অশ্রু আমার সমস্ত লুকাইবার চেষ্টাকে ব্যর্থ করিয়া দেয়।
লাজ-ঘরে....আগুনি— লজ্জা ও গৃহের মুখে আগুন (আগুনি) জ্বালাইয়া দিলাম (ভেজাই)।
১৭। কোর—ক্রোড়, কোল, আলিঙ্গন।
দুহুঁ কোরে....ভাবিয়া—অত্যন্ত নিকটে থাকিয়াও নিজেদের মধ্যে বিচ্ছেদের দুরন্ত অনুভব করিয়া উভয়ে দুঃখিত হয়।
ভানু....রয়—সূর্য্য এবং কমলের পরস্পরের প্রতি ভালবাসার কথা আমরা বলিয়া থাকি বটে, কিন্তু রাধাকৃষ্ণের প্রেমের তুলনায় সে ভালবাসা কিছুই নয়; কারণ শীতের সময় পদ্ম যখন মরিয়া যায়, সূর্য্য তখনও দিব্য সুখে থাকে। যে প্রেমে একজন আর এক জনের সুখ-দুঃখকে নিজের করিয়া লইতে না পারে, সে প্রেমের সহিত এ প্রেমের কিরূপে তুলনা হইতে পারে?
চাতক....কণা—চাতক এবং মেঘের পরস্পরের প্রতি ভালবাসার কথা আমরা বলিয়া থাকি, কিন্তু এ প্রেমের সহিত তাহারও তুলনা হয় না; কারণ বর্ষাকাল না আসিলে মেঘ চাতককে এক বিন্দু জল দেয় না, অর্থাৎ এ প্রেম সাময়িক, নিত্যকালের নয়।

কুসুমে মধুপ কহি সেহো নহে তুল।
না যাইলে ভ্রমর আপনি না দেয় ফুল
কি ছার চকোর-চান্দ দুহুঁ সম নহে।
ত্রিভুবনে হেন নাহি চণ্ডীদাসে কহে॥

১৮

রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি
পুলক না তেজই অঙ্গ।
মোহন মুরলী-রবে শ্রুতি পরিপূরিত
না শুনে আন পরসঙ্গ॥
সজনি, অব কি করবি উপদেশ।
কানু-অনুরাগে মোর তনু-মন মাতল
না শুনে ধরম-লব-লেশ॥
নাসিকাহো সে অঙ্গের সৌরভে উনমত
বদনে না লয় আন নাম।
নব নব গুণগণে বান্ধল মঝু মনে
ধরম রহব কোন ঠাম॥
গৃহপতি-তরজনে গুরুজন-গরজনে
অন্তরে উপজয়ে হাস।
তহিঁ এক মনোরথ যদি হয় অনুরত
পুছত গোবিন্দদাস॥

কুসুমে....ফুল—পুষ্প এবং ভ্রমরের যে ভালবাসার কথা বলিবা বলিয়া থাকেন, তাহাও ইহার কাছে কিছুই নয়; কেন না ভ্রমর ফুলের নিকট আসিলে তবে সে মধু পায়;—ফুল নিজে গিয়া তাহাকে মধু দিয়া আসে না, অর্থাৎ এ প্রেমে দুজনের সমান আগ্রহ নাই।

১৮। রূপে....দিঠি—(শ্যাম) রূপে আমার নয়ন (দিঠি=দৃষ্টি) পরিপূর্ণ হইয়া গেল।

সোঙরি....অঙ্গ—সেই মধুর স্পর্শ স্মরণ করিয়া আমার অঙ্গে মুহুর্মুহু রোমাঞ্চ হইতেছে।

না....পরসঙ্গ—আমার কানে সর্বদাই সেই বাঁশী বাজিতেছে; অন্য কথা (প্রসঙ্গ) সেখানে প্রবেশ করিতে পায় না!

লব-লেশ—কণামাত্র। লব—লেশ, কণা।

নাসিকা হো—নাসিকাও।

নব....ঠাম—নূতন নূতন গুণরাশি আমার চিত্তকে অধিকার করিয়া ফেলিয়াছে। সেখানে ধর্ম্মের আর স্থান হইবে কোথায়?

অন্তরে....হাস—আত্মীয়-স্বজনের তর্জন-গর্জনে আমার শুধু হাসি পায়; (তাহারা ত জানে না যে আমার চিত্ত আমার বশে নাই)।

তহিঁ....অনুরত—একমাত্র কামনা এই যে তিনি যদি আমার প্রতি অনুরক্ত, প্রীতিমান্ হন।

১৯

ধরণী জন্মিল এথা কি পুণ্য করিয়া।
মোর বন্ধু যায় যাতে নাচিয়া নাচিয়া ॥
নূপুর হয়্যাছে সোনা কি পুণ্য করিয়া।
বন্ধুর চরণে যায় বাজিয়া বাজিয়া ॥
বনমালা হল্য পুষ্প কি পুণ্য করিয়া।
বন্ধুর বুকেতে যায় দুলিয়া দুলিয়া ॥
মুরলী হইল বাঁশ কি পুণ্য করিয়া।
বাজে ও অধরামৃত খাইয়া খাইয়া ॥
এ সকল সখা হল্য কি পুণ্য করিয়া।
যাইছে বন্ধুর সনে খেলিয়া খেলিয়া ॥
শ্রীরঘুনন্দন রটে দু-পাণি জুড়িয়া।
এ সব না জানা যায় ভাবিয়া ভাবিয়া ॥

২০

কাহারে কহিব মনের মরম
কেবা যাবে পরতীত।
হিয়ার মাঝারে মরম-বেদনা
সদাই চমকে চিত ॥

১৯। ধরণী....নাচিয়া—এখানকার মৃত্তিকার কি সৌভাগ্য,—আমার বধু নাচিয়া নাচিয়া ইহাতে পা ফেলিয়া যান।

নূপুর....সোনা—স্বর্ণ কি পুণ্যবলে তাঁহার নূপুরের রূপ ধারণ করিয়াছে?

পুষ্প....করিয়া—কি পুণ্যবলে এখানকার ফুলগুলি বনমালায় গ্রথিত হইয়া তাঁহার গলে দুলিতেছে? সর্ব-ঋতুতে যে সকল ফুল প্রস্ফুটিত হয় সেই সকল ফুলে গাঁথা আজানুলম্বিনী মালাকে বনমালা বলে। ইহার মধ্যস্থলে কদম্ব ফুল থাকে।

মুরলী....করিয়া—বংশ কি পুণ্যবলে বংশী হইয়াছে?

বাজে....খাইয়া—যে পুণ্যে ইহা কৃষ্ণের অধরামৃত পান করিয়া বাজিতে থাকে।

এ সকল....খেলিয়া—এই রাখাল-বালকদের কত পুণ্য ছিল, তাই তাঁহার সখা হইতে পারিয়াছে এবং তাঁহার সঙ্গে খেলা করিতে করিতে যাইতেছে।

শ্রীরঘুনন্দন....ভাবিয়া—পদকর্ত্তা রঘুনন্দন করযোড়ে নিবেদন করিতেছেন, কোন ভাগ্যে বৃন্দাবনের এই গৌরব, সেই গূঢ় তথ্য ভাবিয়া পাওয়া যায় না।

২০। পরতীত—প্রতীতি, বিশ্বাস।

গুরুজন-আগে দাঁড়াইতে নারি
সদা ছল ছল আঁখি।
পুলকে আকুল দিক নেহারিতে
সব শ্যামময় দেখি ॥
সখীর সহিতে জলেতে যাইতে
সে কথা কহিবার নয়।
যমুনার জল করে ঝলমল
তাহে কি পরাণ রয় ॥
কুলের ধরম রাখিতে নারিনু
কহিলুঁ সবার আগে।
কহে চণ্ডীদাস শ্যাম স্থনাগর
সদাই হিয়ায় জাগে ॥

(২১)

আধক আধ- আধ দিঠি-অঞ্চলে
যব ধরি পেখলুঁ কান।
কত শত কোটি কুসুম-শরে জর জর
রহত কি যাত পরাণ ॥
সজনি, জানলুঁ বিহি মোহে বাম।
দুহুঁ লোচন ভরি যো হরি হেরই
তছু পায়ে মঝু পরণাম ॥

যমুনার জল....পরাণ রয়—যমুনার কাল জল চোখের সামনে ঝলমল করিতে থাকে। তাহা দেখিয়া মনকে ধরিয়া রাখি কেমন করিয়া? যমুনার সেই উচছল কাল জল যে শ্রীকৃষ্ণের ঝলমলে কালরূপের কথা মনে করাইয়া দেয়।

২১। যব ধরি—যখন হইতে। দিঠি-অঞ্চল—নয়ন-প্রান্ত।

আধক আধ....পরাণ—অর্দ্ধেকের অর্দ্ধেকেরও অর্দ্ধেক নয়ন-প্রান্ত দিয়া অর্থাৎ ঈষৎ অপাঙ্গ-দৃষ্টিতে শ্রীকৃষ্ণকে যখন হইতে দেখিয়াছি, তখন হইতে শতকোটি মদন-বাণে আমি জর্জরিত হইতেছি; প্রাণ আছে কি গেছে বুঝিতে পারিতেছি না।

বিহি—বিধি। বাম—বিমুখ।

দুহুঁ....পরণাম—(ঈষৎ অপাঙ্গ-দৃষ্টিতে যে হরিকে দেখিয়া আমার এই অবস্থা) সেই হরিকে যে নারী দুই চক্ষু ভরিয়া দেখিতে পারে, তাহার চরণে প্রণাম জানাই, অর্থাৎ তাহার নিকট পরাজয় স্বীকার করি।

সুনয়নী কহত কানু ঘন-শ্যামর
মোহে বিজুরি সম লাগি।
রসবতী তাক পরশ-রসে ভাসত
হামারি হৃদয়ে জ্বলু আগি॥
প্রেমবতী প্রেম- লাগি জিউ তেজত
চপল জীবন মঝু সাধ।
গোবিন্দদাস ভণে শ্রীবল্লভ জানে
রসবতী-রস-মরিযাদ॥

২২

সখি কি পুছসি অনুভব মোয়।
সোই পিরিতি অনু- রাগ বাখানিতে
তিলে তিলে নূতন হোয়॥

আগি—অগ্নি। সুনয়নী—যে নারী সুনয়নের অর্থাৎ দৃষ্টিশক্তির বড়াই করে (ঈষৎ ব্যঙ্গার্থে প্রযুক্ত)।

সুনয়নী....আগি—শ্রীরাধা বলিতেছেন, সুনয়নীরা বলে, শ্রীকৃষ্ণের রূপ সজল মেঘের শ্যামল রূপের মতই স্নিগ্ধ এবং নয়নাভিরাম; আমার নিকট কিন্তু সে রূপ বিদ্যুতের মত জ্বালাদায়ক। সে রূপ বিদ্যুতের মত দৃষ্টিকে ধাঁধাইয়া দেয় এবং অন্তরকে দগ্ধ করে। অন্যান্য রসিকারা শ্রীকৃষ্ণের স্পর্শ লাভ করিয়া রস-সাগরে ভাসিতে থাকে, অর্থাৎ শ্রীকৃষ্ণের স্পর্শ তাহাদের নিকট সুখদায়ক। আমার নিকট কিন্তু সে রূপ তাপদায়ক। সে রূপ আমার অন্তরে আগুন জ্বালাইয়া দেয়। অর্থাৎ শ্রীকৃষ্ণের রূপ যতই দেখি, রূপতৃষ্ণা ততই বাড়িয়া যায়; যতই তাঁহার স্পর্শ লাভ করি, নিবিড়তর স্পর্শলাভের বাসনা মনকে ততই অস্থির করিয়া তুলে।

প্রেমবতী....সাধ—অন্যান্য প্রেমিকারা প্রেমের জন্য জীবন ত্যাগ করে; আমার কিন্তু এই ক্ষণস্থায়ী চপল জীবন ধারণ করিতে সাধ যায়। জীবন যে চপল অর্থাৎ ক্ষণস্থায়ী শ্রীরাধা তাহা ভাল করিয়াই জানেন। জীবন চিরস্থায়ী হইলে তিনি কৃষ্ণপ্রেম অনন্তকাল ধরিয়া আস্বাদন করিতে পারিতেন। সে উপায় যখন নাই, তখন এই ক্ষণস্থায়ী জীবনের কটা দিনই বা তিনি কৃষ্ণপ্রেম-আস্বাদনের সুখ হইতে বঞ্চিত হন কেন?

রস মরিযাদ—রসের বা প্রেমের মর্য্যাদা।

২২। পুছসি—জিজ্ঞাসা করিতেছ।

অনুভব মোয়—আমার ভাব (অনুভব—অনুভূতি) সম্বন্ধে কি জিজ্ঞাসা করিতেছ?

সোই....হোয়—ভালবাসার গুণ বর্ণনা করিতে পারা যায় না, কারণ ইহা অসাড় জড় পদার্থের মত এক অবস্থায় থাকে না। প্রেম কখনও পুরাতন হয় না, ইহা তিলে তিলে, প্রতি মুহূর্ত্তে নূতন হয়। যাহা ক্ষণে ক্ষণে নূতন হয়, তাহাকে কি বলিয়া বর্ণনা করিব?

জনম অবধি হাম রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল।
সোই মধুর বোল শ্রবণহি শুনলুঁ
শ্রুতিপথে পরশ না গেল ॥
কত মধু-যামিনী রভসে গোঁয়াইলুঁ
না বুঝলুঁ কৈছন কেল।
লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখলুঁ
তব হিয়া জুড়ন না গেল ॥
কত বিদগধ জন রসে অনুমগন
অনুভব কাহু না পেখ।
কহ কবিবল্লভ প্রাণ জুড়াইতে
লাখে না মিলিল এক ॥

নেহারলুঁ—দেখিলাম। তিরপিত—তৃপ্ত।
শ্রুতিপথে....গেল—শ্রুতিপথে গিয়াও যেন স্পর্শ করিল না, অর্থাৎ শুনিয়াও যেন শুনিলাম না—আবার শুনিতে ইচ্ছা হইতেছে।
মধু-যামিনী—বসন্তকালের রাত্রি। রভসে—ক্রীড়া-কৌতুকে।
না বুঝলুঁ....কেল—কিরূপ ভাবে কাটাইলাম তাহা বুঝিলাম না। হিয়ে হিয়ে—বক্ষে বক্ষে।
তব....গেলি—তবু বক্ষ জুড়াইল না, আরও সাধ হয়। বিদগধ—বিদগ্ধ, রসজ্ঞ।
কত....পেখ—কত রসজ্ঞ ব্যক্তিই দেখিলাম, কিন্তু কাহারও মধ্যে প্রকৃত অনুভব দেখিলাম না; অর্থাৎ কেহ যে বুঝিয়াছে, এমন দেখিলাম না। পেখ—দেখিলাম।
কহ কবিবল্লভ—'বিদ্যাপতি কহ' পাঠান্তর। পদটি এত সুন্দর যে অনেক রসজ্ঞ ব্যক্তি ইহা বিদ্যাপতির রচিত বলিয়া মনে করেন।

## ষষ্ঠ স্তবক

# রূপোল্লাস

১

এমন কালিয়া-চাঁদের কে বনাল্য বেশ।
অকলঙ্ক কুলেতে কলঙ্ক রৈল শেষ॥
গগনেতে এক চাঁদ তাই সে মোরা জানি।
তরু-মূলে চাঁদের গাছ্ কে রুপিল আনি॥
দশ চাঁদ নাচে গায় মুরলীর রন্ধে।
আর দশ চাঁদ রাঙ্গা চরণারবিন্দে॥
মকর-কুণ্ডল কাণে চাঁদে ঝলমল।
গলায়ে মালতী-মালা চাঁদে দিছে কোল॥
কপালে চন্দন-চাঁদ করিয়াছে আলা।
চূড়াতে ময়ূর-পুচ্ছে চাঁদে করে খেলা॥
বংশীবদনে বোলে চাঁদ-মাঝে চাঁদ।
দেখিলে এড়ান নাহি প্রেম-রস-ফাঁদ॥

২

কানড় কুসুম জিনি কালিয়া বরণখানি
তিলেক নয়নে যদি লাগে।
তেজিয়া সকল কাজ জাতি-কুল-শীল-লাজ
মরিবে কালিয়া-অনুরাগে॥

১। বনাল্য—বানাইল। রুপিল—রোপণ করিল। রন্ধে—রন্ধ্রে ছিদ্রে।
দশ চাঁদ....রন্ধে—মুরলীর রন্ধ্রে রন্ধ্রে শ্রীকৃষ্ণের দশটি অঙ্গুলি খেলিতেছে; সেই দশটি অঙ্গুলির দশটি নখকে এখানে দশটি চন্দ্ররূপে কল্পনা করা হইয়াছে।
আর দশ....চরণারবিন্দে—শ্রীকৃষ্ণের পায়ের দশটি নখ আর দশটি চন্দ্র।
এড়ান নাহি—ছাড়ান্ নাই; মুক্তি নাই।
২। কানড়—নীলোৎপল।

সই আমার বচন যদি রাখ।
ফিরিয়া নয়ন-কোণে না চাইহ তাহার পানে
কালিয়া-বরণ যার দেখ ॥
আরতি পিরীতি মনে যে করে কালিয়া-সনে
কখন তাহার নহে ভাল।
কালিয়া-ভূষণ কালা মনেতে গাঁথিয়া মালা
জপিয়া জপিয়া প্রাণ গেল ॥
নিশি দিশি অনুখন প্রাণ করে উচাটন
বিরহ-অনলে জ্বলে তনু।
ছাড়িলে ছাড়ন নয় পরিণামে কিবা হয়
কি মোহিনী জানে কালা কানু ॥
দারুণ মুরলী-স্বর না মানে আপন পর
মরম ভেদিয়া যার থাকে।
দ্বিজ চণ্ডীদাসে কয় তনু মন তার নয়
যোগিনী হইবে সেই পাকে ॥

৩

দেইখ্যা আইলাম তারে—
সই দেইখ্যা আইলাম তারে।
এক অঙ্গে এত রূপ নয়ানে না ধরে ॥
বান্ধ্যাচে বিনোদ চূড়া নব-গুঞ্জা দিয়া।
উপরে ময়ূরের পাখা বামে হেলাইয়া ॥
কালিয়া-বরণখানি চন্দনেতে মাখা।
আমা হৈতে জাতি-কুল নাহি গেল রাখা
মোহন মুরলী হাতে কদম্ব-হিলন।
দেখিয়া শ্যামের রূপ হৈলাম অচেতন ॥
গৃহকর্ম্ম করিতে আল্যায় সব দেহ।
জ্ঞানদাস কহে বিষম শ্যামের লেহ ॥

আরতি—অনুরাগ, প্রেম। উচাটন—অস্থির। পাকে—পরিণামে।

৩। এক অঙ্গে....ধরে—একই দেহে একসঙ্গে এত রূপ দেখিবার পক্ষে দুটি মাত্র চক্ষু যথেষ্ট নয়।—এক দিক দেখিতে আর এক দিক বাদ পড়িয়া যায়।

কদম্ব-হিলন—কদম্ববৃক্ষে হেলিয়া দণ্ডায়মান। আল্যায়—এলাইয়া পড়ে।

৪

দরশনে উনমুখী 	দরশন-সুখে-সুখী
আঁখি মোর নাহি জানে আন।
যাঁহা যাঁহা পড়ে দিঠি 	তাঁহা অনিমিখে ছুটি
সে রূপ-মাধুরী করে পান॥
মধুর হৈতে সুমধুর 	মধুর অমিয়া-পূর
মধুর মধুর মৃদু হাস।
চঞ্চল কুণ্ডল-আভা 	ঝলমল মুখ-শোভা
দেখিতে লোচন-অভিলাষ॥
কহিতে রূপের কথা 	মরমে পরম ব্যথা
লাখে বিধি না দিল বয়ান।
দেখে আঁখি কহে মুখ 	তাতে কি পূরয়ে সুখ
তাহে বড় রসের পরাণ॥
দেখে আন কহে আন 	অনুভব অনুমান
তাহে কি পরাণ পরবোধ।
কহিতে না পারি দেখি 	এতেকেব ঝরে আঁখি
শ্যামদাসের মরম-বিরোধ॥

৫

হেন রূপ কবহুঁ না দেখি।
যে অঙ্গে নয়ন থুই 	সেই অঙ্গ হৈতে মুঞি
ফিরাইয়া লৈতে নারি আঁখি॥

৪। উনমুখী—উন্মুখী, উৎসুকা। 	আন—অন্য।
দিঠি—দৃষ্টি, নয়ন। 	অনিমিখে—অনিমেষে।
কহিতে....বয়ান—রূপের কথা বলিতে গিয়া মনে মনে এই ভাবিয়া ব্যথা পাই যে বিধাতা আমাকে লক্ষ মুখ দিলেন না কেন।
দেখে আঁখি....পরবোধ—রূপ যে দেখে (চোখ) সে বর্ণনা করে না, বর্ণনা করে অন্যে (মুখ); সুতরাং সে বর্ণনা প্রত্যক্ষ-দর্শনের ফল না হইয়া অনুমানের বস্তু হইয়া দাঁড়ায়। রসিক-চিত্ত ইহাতে প্রবোধ লাভ করিবে কিরূপে?
৫। কবহুঁ—কখনও।

(অঙ্গে নানা অভরণ কালিন্দী-তরঙ্গে যেন
চাঁদ চলিছে হেন বাসি।
মিশামিশি হৈল রূপে ডুবিলাম রসের কূপে
প্রতি অঙ্গে হেরি কত শশী ॥)
বিনা মেঘে ঘন-আভা পীত-বসন-শোভা
অলপ উড়িছে মন্দ বায়।
কিবা সে মোহন চূড়া দো-সূতী মুকুতা বেড়া
মত্ত ময়ূর-পুচ্ছ তায় ॥
গলায় কদম্ব-মালা জিনিয়া মদন-কলা
অধরে মধুর মৃদু হাস।
তাহাতে মুরলী পূরে অবলা পরাণে মরে
বলিহারি যায় বংশীদাস ॥

অভরণ—আভরণ, অলঙ্কার। বাসি—মনে করি।

অঙ্গে....বাসি—শ্রীকৃষ্ণের লাবণ্য-চঞ্চল কাল অঙ্গে নানা রত্নালঙ্কার ঝিকমিক করিতেছে; মনে হইল যেন কালিন্দীর (কাল জলে) তরঙ্গে তরঙ্গে চাঁদের প্রতিবিম্ব ভাসিয়া চলিয়াছে।

মিশামিশি হৈল রূপে—উপমান ও উপমেয়ের সৌন্দর্য্য মিশিয়া এক হইয়া গেল; আভরণ-আভা ও চন্দ্রদ্যুতি যেন শ্রীকৃষ্ণের লাবণ্যতরঙ্গোচ্ছল দেহে অভিন্নরূপে প্রতিভাত হইতেছে।

মত্ত ময়ূর-পুচ্ছ—ময়ূরের আবেগ-মত্ততা যেন বায়ুভরে ঈষৎ দোদুল্যমান শিখিপুচ্ছে সঞ্চারিত হইয়াছে।

গলায়....মদন-কলা—কদম্ব-মালার সহজ সজ্জা যেন প্রণয়কলার সমস্ত প্রসাধন-চাতুরীকে ধিক্কার দিয়াছে।

## সপ্তম স্তবক

## অভিসার

১

কণ্টক গাড়ি কমল-সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি-বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥

মাধব তুয়া অভিসারক লাগি।
দূতর পন্থ- গমন ধনি সাধয়ে
মন্দিরে যামিনী জাগি॥

১। কণ্টক গাড়ি....ঝাঁপি—কণ্টক পুঁতিয়া (গাড়ি), কমলের ন্যায় কোমল পদের নূপুর বস্ত্র (চীর) দ্বারা আবৃত করিয়া, পাছে নূপুরের শব্দ হয়, এই আশঙ্কায়। যখন বঁধুর বাঁশী বাজিবে তখন হয়ত কণ্টকময় পথে চলিতে হইবে, এই জন্য আঙ্গিনায় কণ্টক পুঁতিয়া কণ্টকময় পথে চলা অভ্যাস করিতেছেন।

গাগরি.....চাপি—কলসীর জল ঢালিয়া আঙ্গিনা পিছল করিয়া মাটিতে পদাঙ্গুলি চাপিয়া চলিতেছেন। পথে পা হড়কাইয়া না যায় এই জন্য অঙ্গুলি চাপিয়া চলিতেছেন। বর্ষাকালে পিছল পথে আঁধার রাতে বঁধুর লাগিয়া অভিসারে যাইতে হইবে, সেই জন্য পিছল পথে চলা অভ্যাস করিতেছেন।

কৃষ্ণকমল গোস্বামী এই পদ ভাঙ্গিয়া লিখিয়াছেন:

"অঙ্গনে ঢালিয়া জল, করিয়া অতি পিছল,
গড়াগড়ি করিয়া শিখিতাম—
আমার চল্‌তে যে হবে গো, বঁধুর লাগি পিছল পথে।"

মাধব....জাগি—হে মাধব, তোমার লাগিয়া অতি দুস্তর (দূতর) পথে কিরূপে অভিসার করিতে হইবে, নিজ গৃহে রাত্রি জাগিয়া রাধা সেই সাধনা করিতেছেন।

কর-যুগে নয়ন মুদি চলু ভামিনী
তিমির-পয়ানক আশে।
কর-কঙ্কণ-পণ ফণিমুখ-বন্ধন
শিখই ভুজগ-গুরু-পাশে॥
গুরুজন-বচন বধির সম মানই
আন শুনই কহ আন।
পরিজন বচনে মুগধী সম হাসই
গোবিন্দদাস পরমাণ॥

২

মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট॥
তহিঁ অতি দূরতর বাদর দোল।
বারি কি বারই নীল নিচোল॥
সুন্দরি কৈছে করবি অভিসার।
হরি রহ মানস-সুরধুনী-পার॥

কর-যুগে—হস্তদ্বয় দ্বারা। নয়ন মুদি—চক্ষু মুদিত করিয়া। চলু ভামিনী—রমণী (রাধা) চলেন।
তিমির....আশে—অন্ধকারে ভ্রমণ করা শিখিবার আশায়। আঁধার রাতে বঁধুর নিকটে যাইতে হইবে বলিয়া অভ্যাস করিতেছেন।
কর-কঙ্কণ পণ—হস্তের কঙ্কণ পণ (পুরস্কার দেওয়া স্বীকার) করিয়া।
ফণিমুখ-বন্ধন—সর্পের মুখ কিরূপে বন্ধ করিতে হয় (অর্থাৎ যাহাতে সাপ কামড়াইতে না পারে)।
শিখই....পাশে—ভুজগ-গুরু অর্থাৎ সাপের ওঝার নিকট শিক্ষা করিতেছেন। আঁধার রাতে বঁধুর উদ্দেশে পথ চলিতে সাপ সম্মুখে পড়িলেও ক্ষতি না হয়, এই জন্য।
গুরুজন....আন—গুরুজনের উক্তি শুনিয়াও শোনে না—বধিরের ন্যায়, এক কথা শোনেন অন্যরূপ উত্তর দেন।
মুগধি—নির্বোধ।
পরিজন....পরমাণ—পরিজনের বাক্য শুনিয়া মুগ্ধার (বিহ্বলার) মত হাসিতে থাকেন।
পরমাণ—সাক্ষী।

২। মন্দির....কপাট—গৃহের বাহিরে কঠিন দরজা—ইহা প্রথম বাধা।
চলইতে....বাট—দ্বিতীয় বাধা—চলিবার সময়ে পথ (বাট) পঙ্কিল বা কর্দমময় এবং শঙ্কাপূর্ণ বা বিপজ্জনক (শঙ্কিল)।
তহিঁ—তাহার উপর। দূরতর—দূরব্যাপী।
বাদর দোল—বর্ষা দোল খাইতেছে, বৃষ্টি ঝাঁপিয়া আসিতেছে।
বারি....নিচোল—বারি কি নীল অঞ্চলে বারণ করিতে পারে—তোমার নীল শাড়ী কি এই বর্ষার জলধারা ঠেকাইয়া রাখিতে পারে? কৈছে—কিরূপে।
হরি....পার—হরি মানসগঙ্গার (বৃন্দাবনে মানসগঙ্গা নামে এক হ্রদ আছে) অপর পারে আছেন।

ঘন ঘন ঝন ঝন বজর-নিপাত।
শুনইতে শ্রবণে মরম জরি যাত ॥
দশ দিশ দামিনী দহন বিথার।
হেরইতে উচকই লোচন-তার ॥
ইথে যদি সুন্দরি তেজবি গেহ।
প্রেমক লাগি উপেখবি দেহ ॥
গোবিন্দদাস কহ ইথে কি বিচার।
ছুটল বাণ কিয়ে যতনে নিবার ॥

কুল মরিযাদ- কপাট উদঘাটলুঁ
তাহে কি কাঠকি বাধা।
নিজ মরিযাদ- সিন্ধু সঞে পঙারলু
তাহে কি তটিনী অগাধা ॥
সজনি মঝু পরিখন কর দূর।
কৈছে হৃদয় করি পন্থ হেরত হরি
সোঙরি সোঙরি মন ঝুর ॥
কোটি কুসুম শর বরিখয়ে যছুপর
তাহে কি জলদজল লাগি।
প্রেম দহন দহ যাক হৃদয় সহ
তাহে কি বজরকি আগি ॥

শুনইতে....যাত—শুনিলে মর্ম্ম জ্বলিয়া যায়। দহন—জ্বালা। বিথার—বিস্তৃত স্থান ব্যাপিয়া।
উচকই—চমকিত হইয়া উঠে। লোচন-তার—চক্ষুর তারা। ইথে—ইহাতে।
উপেখবি—উপেক্ষা করিবি, অর্থাৎ মৃত্যুকে বরণ করিবে।
ইথে....বিচার—এখন আর কি বিচার চলে?
ছুটল বাণ....নিবার—যে বাণ ছুটিয়াছে তাহাকে কি যত্ন করিলে নিবারণ করা যায়?
ছুটল—ছোঁড়া, যাহা ছাড়িয়া দেওয়া হইয়াছে (বিশেষণ)।

৩। মরিযাদ—মর্য্যাদা : কুলমর্য্যাদা-রূপ কঠিন কপাট উদ্‌ঘাটন করিলাম, কাঠের কপাট আমার অভিসারে বাধা দিবে?
নিজ....সিন্ধু—আত্মসম্মানরূপ সমুদ্র। পঙারলু—(গোষ্পদের ন্যায়) পার হইলাম—বৃন্দাবনে প্রচলিত।
তটিনী অগাধা—সখীরা মানসগঙ্গার কথা বলিয়াছেন, শ্রীমতী এখানে তাহার উত্তরে বলিতেছেন।
পরিখন....দূর—আর আমাকে পরীক্ষা করিও না।
কৈছে....ঝুর—হরি আমার জন্য ব্যাকুল হৃদয়ে প্রতীক্ষা করিতেছেন, তাহাই স্মরণ করিয়া আমার মন কাঁদিয়া উঠিতেছে।
কোটি....লাগি—মদনের শরে যে অহর্নিশি জ্বলিয়া পুড়িয়া মরিতেছে, বাদলধারায় তাহার কি করিবে?
সহ—সহিতেছে।
বজরকি আগি—বজ্রের অগ্নি।

যছু পদতলে নিজ জীবন সোঁপলু
তাহে তনু অনুরোধ।
গোবিন্দদাস কহই ধনি অভিসর
সহচরী পাওল বোধ॥

৪

গগনে অব ঘন মেহ দারুণ
সঘনে দামিনী চমকই।
কুলিশ-পাতন শবদ ঝন ঝন
পবন খরতর বলগই॥
সজনি, আজু দুরদিন ভেল।
হামারি কান্ত নিতান্ত আগুসরি
সঙ্কেত-কুঞ্জহি গেল॥
তরল জলধর বরিখে ঝর ঝর
গরজে ঘন ঘন ঘোর।
শ্যাম নাগর একলি কৈছনে
পন্থ হেরই মোর॥
সঙরি মঝু তনু অবশ ভেল জনু
অথির থর থর কাঁপ।
এ মঝু গুরুজন- নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ॥
তুরিতে চল অব কিয়ে বিচারহ
জীবন মঝু আগুসার।
রায় শেখর- বচনে অভিসর
কিয়ে সে বিঘিনি বিথার॥

যছু....অনুরোধ—আমার জীবনই তাহার পদতলে সমর্পণ করিয়াছি, এখন কি দেহের মায়া করিব? "প্রেমক লাগি উপেখবি দেহ"—এই কথার উত্তর।

৪। মেহ—মেঘ। কুলিশ-পাতন—বজ্রপাত।

বলগই—আস্ফালন করিতেছে, অর্থাৎ শোঁ শোঁ শব্দে মাতামাতি করিতেছে।

আগুসরি—অগ্রসর হইয়া।

এ মঝু....ঝাঁপ—গুরুজনদের নিষ্ঠুর (সতর্ক) দৃষ্টি এখন দুর্য্যোগের ঘনান্ধকারে আচ্ছন্ন।

তুরিতে....আগুসার—সখি, বসিয়া বসিয়া কি বিচার করিতেছ? (অর্থাৎ এই দুর্য্যোগ মাথায় করিয়া অভিসারে বাহির হওয়া উচিত কিনা, সে বিচার এখন ছাড়িয়া দাও।) আমার জীবনের জীবন শ্রীকৃষ্ণ সঙ্কেত-কুঞ্জে আগেই চলিয়া গিয়াছেন। অথবা আমার মন-প্রাণ আগেই সঙ্কেত-কুঞ্জে গিয়া উপস্থিত হইয়াছে; দেহটাই কেবল এখানে পড়িয়া রহিয়াছে।

রায় শেখর....বিথার—পদকর্ত্তা বলিতেছেন, শ্রীরাধা, আমার কথায় তুমি অভিসারে বাহির হইয়া পড়। এই (বিস্তৃত) বিথার বিঘ্নরাশি কি আর এমন একটা সাংঘাতিক বাধা।

৫

কানু-অনুরাগে হৃদয় ভেল কাতর
রহই ন পারই গেহ।
গুরু-দুরুজন-ভয় কিছু নাহি মানয়
চীর নহি সম্বরু দেহ॥
দেখ দেখ অনুরাগরীত।
ঘন আন্ধিয়ার ভুজগভয় শতশত
তবু নহি মানয়ে ভীত॥
সখীগণ তেজি চললি একেশ্বরী
হেরি সহচরীগণ ধায়।
অদভুত প্রেম- তরঙ্গে তরঙ্গিত
তেঞি সঙ্গ নহি পায়॥
চললি কলাবতী অতিশয় রসভরে
পন্থ-বিপথ নহি মান।
জ্ঞানদাস কহ এহ অপরূপ নহ
মনহি উজোরল কান॥

৬

মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার।
ঐছে সময়ে ধনি করু অভিসার॥
ঝলকত দামিনী দশ দিশ আপি।
নীল বসনে ধনি সব তনু ঝাঁপি॥

৫। দেখ দেখ....ভীত—প্রেমের কি বিচিত্র রীতি দেখ। ঘন—অন্ধকারাচ্ছন্ন দুর্যোগময়ী রজনী, পথে শত শত সর্পের ভয়, তথাপি মনে এতটুকু ভয় নাই।

সখীগণ তেজি....নাহি পায়—সখীগণকে ত্যাগ করিয়া শ্রীরাধা একাই পথে বাহির হইয়া পড়িলেন। অগত্যা সখীগণকেও যাইতে হইল। তাহারা এই দুর্যোগময়ী রজনীতে পথে বাহির হইতে সাহস করিতেছিল না; রাইকে যাইতে দেখিয়া তাহাদিগকেও বাধ্য হইয়া পথে বাহির হইয়া পড়িতে হইল, —একাকিনী তাহাকে কি করিয়া ছাড়িয়া দেয়? শ্রীরাধাকে তাহারা অনুসরণ করিল বটে কিন্তু অদ্ভুত প্রেমতরঙ্গে তরঙ্গিতচিত্ত শ্রীরাধা দিগ্বিদিক-জ্ঞানশূন্য হইয়া পথ-বিপথ না মানিয়া দ্রুত ছুটিয়াছেন, তাই সখীরা তাহার নাগাল পাইল না।

জ্ঞানদাস....কান—পদকর্ত্তা বলিতেছেন—ইহাতে আশ্চর্য্য হইবার কিছুই নাই। যাহার চিত্তে শ্রীকৃষ্ণ উজ্জ্বল হইয়া উঠিয়াছেন, অর্থাৎ কৃষ্ণপ্রেমে যাহার চিত্ত উদ্ভাসিত হইয়া উঠিয়াছে, তাহার পক্ষে সবই সম্ভব।

৬। মেঘ-যামিনী—মেঘাবৃত রাত্রি। আন্ধিয়ার—অন্ধকার। ঐছে—এমন। করু—করে। আপি—ব্যাপিয়া। ঝাঁপি—আবৃত করিয়া।

দুই চারি সহচরী সঙ্গহি নেল।
নব অনুরাগ-ভরে চলি গেল ॥
বরিখত ঝর ঝর খরতর মেহ।
পাওল সুবদনী সঙ্কেত-গেহ ॥
না হেরিয়া নাহ নিকুঞ্জক মাঝ
জ্ঞানদাস চলু যাঁহা নাগররাজ ॥

৭

আজি অদভুত তিমির-রঙ্গ
আপনি না চিহ্নে আপন অঙ্গ
নিরখি রাইক মন-মাতঙ্গ
অঙ্কুশ নাহি মান রে ॥
সাজলি ধনি শ্যাম-বিহার
শিথিলীকৃত কবরী-ভার
নীলোৎপল-রচিত হার
কণ্ঠহি অনুপাম রে ॥
নীল বসন দোঁহার গায়
কি মেঘে বিজুরী লুকিয়া যায়
মদন-দীপ পথ দেখায়
অনুরাগ আগুয়ান রে ॥
পরিমল পাই ভ্রমর-পুঞ্জ
বৈঠল আসি চরণ-কুঞ্জ
মন্দ মন্দ মধুর গুঞ্জ
লাগল মধুপান রে ॥

বরিখত—বর্ষণ করে। মেহ—মেঘ। নাহ—নাথ (কৃষ্ণকে)। যাঁহা—যেখানে।

৭। না চিহ্নে—চিনিতে পারে না। অঙ্কুশ—লৌহনির্ম্মিত সূক্ষ্মাগ্র হস্তিতাড়ন-দণ্ড, ডাঙ্গশ। অঙ্কুশ নাহি মান রে—শ্রীরাধার মন-রূপ মত্ত-মাতঙ্গ আজ কোন কিছুর শাসন মানিতেছে না।

নীল বসন....আগুয়ান রে—গগন এবং শ্রীরাধা দুজনেরই সর্ব্বাঙ্গ আজ নীল বসনে আবৃত। শ্রীরাধার সর্ব্বাঙ্গ যেমন নীলবসনে ঢাকা, সারাটা আকাশও সেইরূপ ঘন নীল মেঘে সমাচ্ছন্ন। বিদ্যুদ্‌গর্ভ মেঘের মত শ্রীরাধা তাঁর অপূর্ব্ব অঙ্গজ্যোতি নীলবসনের আড়ালে লুকাইয়া লইয়া অভিসারে চলিয়াছেন। ওদিকে আকাশও এমন ঘন মেঘে আচ্ছন্ন যে বিদ্যুদ্দীপ্তি তাহাতে ঢাকা পড়িয়া গিয়াছে অর্থাৎ বিদ্যুতের চকিত আলোকেও যে কোন প্রকারে পথ চিনিয়া লইবেন, সে উপায় নাই। এহেন নীরন্ধ্র অন্ধকারে কৃষ্ণপ্রেম-রূপ দীপবর্ত্তিকাই শ্রীরাধাকে পথ দেখাইয়া চলিল এবং শ্রীকৃষ্ণের প্রতি তাঁহার যে গভীর অনুরাগ, সেই অনুরাগই শ্রীরাধাকে সঙ্কেত-কুঞ্জের পানে আগাইয়া দিল।

মুখ-মণ্ডল শশী উজোর
হেরি ধায়ল তহিঁ চকোর
উড়িয়া পড়ে হই বিভোর
চাহে পীযূষ দান রে॥
পথে পরমাদ হেরিয়া রাই
নীল-বসনে মুখ ছিপাই
সঙ্কেত-কুঞ্জে মিলল আই
যাঁহা নিবসই কানু রে॥
রাই—আগমন নিরখি কান
শীতল ভেল তপত প্রাণ
নিজ দয়িতার বাঢ়ায় মান
আদরে আগুসার রে॥
আইস আইস ধরহ হাত
লহু লহু নাথ পুছত বাত
শশী কহে শুন পরাণনাথ
আজ বড় আন্ধিয়ারি রে

৮

আদরে আগুসরি রাই হৃদয়ে ধরি
জানু উপরে পুন রাখি।
নিজ কর-কমলে চরণ-যুগ মোছই
হেরইতে চির থির আঁখি॥
পিরীতি-মূরতি অধিদেবা।
যাকর দরশনে সব দুখ মিটল
সোই আপনে করু সেবা॥

মুখ-মণ্ডল....দান রে—এই সময়ে অসাবধানতাবশতঃ মুখাবরণখানি কখন খসিয়া পড়িয়াছে, শ্রীরাধা তাহা টের পান নাই, ফলে চন্দ্রের মত উজ্জ্বল সুন্দর মুখখানি প্রকাশিত হইল। তাহা দেখিয়া চকোর চন্দ্র-ভ্রমে সেই দিকে ধাবিত হইল।

পথে....ছিপাই—চকোরকে ছুটিয়া আসিতে দেখিয়া শ্রীরাধা বুঝিতে পারিলেন, তাঁর চন্দ্রবদনখানি কখন অলক্ষিতে অনাবৃত হইয়া পড়িয়াছে। তখন পথের বিপদের কথা শ্রীরাধার মনে পড়িয়া গেল অর্থাৎ তাঁহার ভয় হইল এখনি কেহ তাঁহাকে চিনিয়া ফেলিবে।

৮। আগুসরি—অগ্রসর হইয়া আসিয়া।

হেরইতে....আঁখি—সুন্দর পদযুগল মুছাইতে গিয়া অনিমিখে সেই চরণ-পানে চাহিয়া রহিলেন।

পিরীতি....সেবা—প্রেমের যিনি মূর্ত্তিমতী দেবতা এবং যাঁহার দর্শনে সকল দুঃখ দূর হইল, তিনি নিজে চরণ সেবা করিতেছেন।

হিমকর-শীতল নীরহি তিতল
করতলে মাজই মুখ।
সজল নলিনী-দলে মৃদু মৃদু বীজই
পুছই পন্থকি দুখ॥
অঙ্গুলে চিবুক ধরি অধরে তাম্বুল পুরি
মধুর সম্ভাষই কান।
গোবিন্দদাস ভণ নিতি নব নৌতুন
রাইক অমিয়া-সিনান॥

৯

মাধব কি কহব দৈব-বিপাক।
পথ-আগমন-কথা কত না কহিব হে
যদি হয় মুখ লাখে লাখ॥
মন্দির তেজি যব পদ চার আওলুঁ
নিশি হেরি কম্পিত অঙ্গ।
তিমির দুরন্ত পথ হেরই না পারিয়ে
পদযুগে বেঢ়ল ভুজঙ্গ॥
একে কুলকামিনী তাহে কুহু যামিনী
ঘোর গহন অতি দূর।
আর তাহে জলধর বরিখয়ে ঝর ঝর
হাম যাওব কোন পুর॥

**হিমকর....মুখ**—চন্দ্রের কিরণে যে জল শীতল হইয়াছে, তাহাতে আর্দ্র (তিতল) করতল দিয়া মুখ মুছাইয়া দিতেছেন।

**বীজই**—ব্যজন করিতেছেন।

**পুছই....দুখ**—পথের ক্লেশ সম্বন্ধে জিজ্ঞাসা করিতেছেন।

**গোবিন্দদাস....সিনান**—পদকর্ত্তা গোবিন্দদাস বলিতেছেন, রাইয়ের কৃষ্ণপ্রেম-সুধাধারায় নিত্য নূতন করিয়া স্নান হইতেছে।

৯। **দৈব-বিপাক**—দৈব-দুর্দ্দশা।

**পথ....লাখ**—যদি লক্ষ মুখ পাই তবুও পথ-ভ্রমণের সমস্ত কথা বলিয়া উঠিতে পারিব না।

**মন্দির....আওলুঁ**—গৃহত্যাগ করিয়া যখন দুই চারি পদ অগ্রসর হইলাম।

**নিশি....অঙ্গ**—অন্ধকার রাত্রি দেখিয়া আমার অঙ্গ কাঁপিতে লাগিল।

**পথ..পারিয়ে**—পথ দেখিতে পাইলাম না। **বেঢ়ল**—বেড়িল।

**কুহু যামিনী**—অমাবস্যা রাত্রি। **বরিখয়ে**—বর্ষণ করে।

**হাম....কোন পুর**—আমি কোন্ স্থানে যাইব, তাহা ঠিক করিতে পারিলাম না।

একে পদ-পঙ্কজ পঙ্কে বিভূষিত
কণ্টকে জর জর ভেল।
তুয়া দরশন আশে কছু নাহি জানলুঁ
চিরদুখ অব দূরে গেল॥
তোহারি মুরলী যব শ্রবণে প্রবেশল
ছোড়লুঁ গৃহ-সুখ-আশ।
পন্থক দুখ তৃণ- হুঁ করি না গণলুঁ
কহতহি গোবিন্দদাস॥

১০

এ ঘোর রজনী মেঘের ঘটা
কেমনে আইল বাটে।
আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে
দেখিয়া পরাণ ফাটে॥
সই, কি আর বলিব তোরে।
কোন পুণ্যফলে সে হেন বঁধুয়া
আসিয়া মিলল মোরে॥

একে পদ-পঙ্কজ....জর জর ভেল—একে আমার পদ কর্দ্দমাবৃত, তাহাতে আবার তাহা কণ্টকে ক্ষতবিক্ষত হইল। "পঙ্কজ" স্থলে "কম্পিত" পাঠ হইলেই অধিক সঙ্গত হয়; নিজের মুখে পদ-পঙ্কজ বলা শোভন হয় না।

জর জর—জর্জরিত। কছু নাহি জানলুঁ—কিছুই জানিতে পারিলাম না।

অব—এখন। প্রবেশল—প্রবেশ করিল। ছোড়লুঁ—ছাড়িলাম।

পন্থক....গণলুঁ—পথের কষ্টও তৃণবৎ গণ্য করিলাম না। কহতহি—কহিতেছেন।

১০। এটি এবং পরের দুইটি পদ রসোদ্গারের। রসোদ্গার অর্থে (সখীদের নিকট) স্বীয় অনুভূতি ব্যক্ত করা। বাটে—বর্ত্মে, পথে।

রবীন্দ্রনাথ 'ভারতী' পত্রিকায় এই পদটির খুব সুন্দর ব্যাখ্যা করিয়াছিলেন। এই পদের ইঙ্গিত এইরূপ —ভগবান্ আমাদিগকে কখনই ছাড়েন না; পাপের ঘোর অন্ধকারে যখন আমরা পড়িয়া থাকি, তখনও সেই পাপীর দুঃখের ভার নিজ মাথায় লইয়া তিনি তাহার জন্য অপেক্ষা করেন। সংসারাসক্তচিত্ত আমরা সংসারের সহস্র ঝঞ্ঝাট ছাড়িয়া তাঁহার কাছে যাইতে পারি না। তিনি দুর্গম পন্থায় দাঁড়াইয়া আমাদের জন্য প্রতীক্ষা করিতে থাকেন—পাপীর কাছে আসিতে কণ্টকাকীর্ণ পথে তাঁহার পদতল ক্ষতবিক্ষত হইয়া যায়, তথাপি তিনি আমাদের ত্যাগ করেন না।

ঘরে গুরুজন ননদী দারুণ
বিলম্বে বাহির হৈনু।
আহা মরি মরি সঙ্কেত করিয়া
কত না যাতনা দিনু ॥
বঁধুর পিরীতি আরতি দেখিয়া
মোর মনে হেন করে।
কলঙ্কের ডালি মাথায় করিয়া
আনল ভেজাই ঘরে ॥
আপনার দুখ সুখ করি মানে
আমার দুখের দুখী।
চণ্ডীদাস কহে বঁধুর পিরীতি
শুনিতে জগত সুখী ॥

সঙ্কেত করিয়া—একবার তাঁহাকে সঙ্কেত করিয়া ডাকিয়াছিলাম।
আনল—অনল, অগ্নি। ভেজাই—লাগাইয়া দিই।

## অষ্টম স্তবক

# মান ও কলহান্তরিতা

১

ধনি ভেলি মানিনী সখীগণ মাঝ।
অনুনয় করইতে উপজায় লাজ ॥
পিরীতিক আরতি বিরতি না সহই।
ইঙ্গিত-ভঙ্গিয়ে দুহুঁ সব কহই ॥
রাই সুচেতনী কানু সিয়ান।
মনহি সমাধল মন-অভিমান ॥
হরি শির-ছায় ধরলি ধনি-পায়।
সম্ভ্রমে বৈঠলি ধনি কর লায় ॥
নিজ নূপুর যব ধরু বনমালী।
সখী-সঞ্জে অনত চলত বর নারী ॥

১। ভেলি—হইল।
ধনি....মাঝ—শ্রীরাধা সখীদের সাক্ষাতেই মান করিয়া বসিলেন।
অনুনয়....লাজ—(সকলের সাক্ষাতে) অনুনয় করিতে লজ্জায় বাধিল।
বিরতি না সহই—বিলম্ব সহে না।
ইঙ্গিত-ভঙ্গিয়ে....কহই—ইঙ্গিতের ভঙ্গিতে, অর্থাৎ ইসারায় দুজনে সব কথা কহিলেন।
হরি....ধনি-পায়—কৃষ্ণ তাঁহার মস্তকের ছায়া শ্রীমতীর পায়ের উপর ফেলিলেন, অর্থাৎ চরণে মাথা ঠেকাইবার উদ্দেশ্যে মস্তক নত করায় কৃষ্ণের মস্তকের ছায়া শ্রীমতীর পায়ের উপর গিয়া পড়িল।
ধনি....লায়—অমনি শ্রীমতী (কৃষ্ণের উদ্দেশ্য) বুঝিতে পারিয়া করদ্বারা নিজ পদ গ্রহণ করিলেন, অর্থাৎ হাত দিয়া পা ঢাকিলেন।
নিজ নূপুর....বনমালী—(তখন) চরণ ধরিয়া ক্ষমা ভিক্ষা করিবার ছলে কৃষ্ণ নিজের নূপুর স্পর্শ করিলেন।
সখী-সঞ্জে....বর নারী—(অমনি) শ্রীরাধা উঠিয়া সখীগণের সঙ্গে অন্যত্র (অনত) চলিলেন।

অধরে মুরলী যব ধরু বনমালী।
ফোই কবরী ধনি বান্ধি সঙারি॥
কহ কবিশেখর বুঝয়ে গিয়ান।
ইঙ্গিতে রস বরখল পাঁচবাণ॥

২

চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি।
নয়ান-নাচনে নাচে হিয়ার পুতলী॥
পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে।
পরাণ চমকে যদি ছাড়হ নিঃশ্বাসে॥
রাই কত পরখসি মোরে আর।
তুয়া আরাধন মোর বিদিত সংসার॥
লেহ লেহ লেহ রাই সাধের মুরলী।
পরশিতে চাহি তোমার চরণের ধূলি॥
তুয়া মুখ নিরখিতে আঁখি ভেল ভোর।
নয়ন-অঞ্জন তুয়া পর-চিত-চোর॥
রূপে গুণে যৌবনে ভুবনে আগুলি।
বিহি নিরমিল তুয়া পিরীতি-পুতলী॥
এত ধনে ধনী যেই সে কেনে কৃপণ।
জ্ঞানদাস কহে কেবা জানিবে মরম॥

**সঙারি**—সংস্কার করিয়া।

**অধরে....সঙারি**—(কোনও রূপে মান ভাঙ্গিল না দেখিয়া) কৃষ্ণ তাঁহার বাঁশীটি (বাজাইবেন বলিয়া) যেন অধরে ধরিয়াছেন, (অমনি) রাধা কবরী খুলিয়া আবার বাঁধিতে প্রবৃত্ত হইলেন. অর্থাৎ সন্ধ্যা-সমাগমে মিলন হইবে, নিজ ঘন তিমিরবর্ণ কেশরাশি দেখাইয়া তাহারই ইঙ্গিত দিলেন।

২। রাধিকার মানের পরে কৃষ্ণের অনুনয়।

**নয়ান-নাচনে....পুতলী**—তোমার চোখের নাচনে আমার হৃদয় নাচিয়া উঠে।

**হিয়ার পুতলী**—হৃদয়, চিত্ত পুত্তলিকা। **পীত পিন্ধন**—পীতবর্ণ বস্ত্র। **তুয়া**—তোমার।

**তুয়া অভিলাষে**—তুমি গৌরী, এই জন্য আমি পীতবর্ণের বসন পরিয়া থাকি, তোমার কথা মনে পড়িবে বলিয়া।

**পরাণ..নিঃশ্বাসে**—তুমি যদি একটি বার নিঃশ্বাস ফেল, তবে আমার প্রাণ কাঁপিয়া উঠে (তোমার কষ্টের আশঙ্কায়)।

**পরখসি**—কত আর আমাকে পরীক্ষা করিয়া দেখিবে?

**তুয়া....সংসার**—আমি যে তোমাকে আরাধনা করি তাহা সমস্ত সংসারের লোক জানে।

**লেহ লেহ....মুরলী**—আমার এই হাতের বাঁশীটি একবার ধর, আমি উভয় হস্তে তোমার চরণ ধারণ করিব।

**লেহ**—লও। **ভোর**—বিভোর।

**তুয়া....চোর**—তোমার চোখের অঞ্জন পরের চিত্ত চুরি করিতে দক্ষ।

**আগুলি**—অগ্রগণ্য, শ্রেষ্ঠ। **বিহি**—বিধি।

**এত ধনে....কৃপণ**—যে এত ধনী সে কেন আমাকে প্রেম দিতে কার্পণ্য প্রকাশ করে?

৩

মাধব, কাহে কান্দাওসি হামে।
চল চল সো ধনি-ঠামে।।
তুহাঁরি হৃদয়-অধিদেবী।
তাক চরণ যাউ সেবি।।
যো যাবক তুয় অঙ্গ।
ততহিঁ করহ পুন রঙ্গ।।
সোই পূরব তুয় কাম।
কি ফল মুগুধিনী-ঠাম।।
এত কহু গদগদ ভাষ।
ভণ রাধামোহন দাস।।

৪

অন্তরে জানিয়া নিজ অপরাধ।
করযোড়ে মাধব মাগে পরসাদ।।
নয়নে গরয়ে লোর গদগদ বাণী।
রাইক চরণে পসারল পাণি।।
চরণযুগল ধরি করু পরিহার।
রোই রোই বচন কহই ন পার।।
মানিনী ন হেরই নাহ-বয়ান।
পদতলে লুঠই নাগর কান।।
চরণ ঠেলি জনি যাওত রাই।
বলরাম দাস কানু-মুখ চাই।।

৩। মাধব....সেবি—মানিনী শ্রীরাধা এখানে অভিমান করিয়া শ্রীকৃষ্ণকে বলিতেছেন—অন্য নারীর সহিত রাত্রিযাপন করিয়া এখন মানভঞ্জনের ছলে প্রেমের কপট অভিনয় করিয়া আমাকে বৃথা কাঁদাইতে আসিয়াছ কেন? যে নারী তোমার হৃদয়ের অধিষ্ঠাত্রী দেবতা (আমার চরণ ছাড়িয়া) তাহার চরণ-সেবা করিতে যাও।

যো যাবক....রঙ্গ—যে রমণীর চরণের অলক্তক-রাগচিহ্ন তোমার অঙ্গে শোভা পাইতেছে (আমাকে পরিত্যাগ করিয়া) সেই রমণী যেখানে রহিয়াছে, তথায় গিয়া পুনর্ব্বার প্রেমলীলা কর।

মুগুধিনী—মুগ্ধা, সরলা।

সোই পূরব....মুগুধিনী-ঠাম—শ্রীরাধা বলিতেছেন—আমার মত সরলা নারীর নিকট আসিয়া কি ফল হইবে? তোমার মত কুটিল ব্যক্তির সহিত কুটিল নারীরই ঠিক মিল হইবে।

৪। পরসাদ—প্রসাদ, অনুগ্রহ। গরয়ে—গলয়ে, গলিয়া পড়ে, গড়াইয়া পড়ে।
লোর—অশ্রু। পসারল—প্রসারিত করিল। পরিহার—মিনতি।
নাহ—নাথ। জনি—যেন না।

৫

কৈছে চরণে কর- পল্লব ঠেললি
মিললি মান-ভুজঙ্গে।
কবলে কবলে জীউ জরি যব যায়ব
তবহিঁ দেখব ইহ রঙ্গে।।
মা গো, কিয়ে ইহ জীদ অপার।
কো অছু বীর ধীর মহাবল
পাঙরী উতারব পার।।
শ্যামর ঝামর মলিন নলিন-মুখ
ঝর ঝর নয়নক নীর।
পীতাম্বর গলে পদহি লোটায়ল
হিয়া কৈছে বান্ধলি থির।।
সাধি সাধি ছুরমি ঘরমি মহা বিকল
ঘন ঘন দীঘ নিশাস।
মনমথ দাহ— দহনে মন ধসি গেও
রোখে চলল নিজ বাস।।
অবিরোধি প্রেম— পন্থ তুহুঁ রোধলি
দোষ-লেশ নাহি নাহ।
বৃন্দাবন কহ নিষেধ না মানলি
হামারি ওরে নহি চাহ।।

৫। কৈছে....রঙ্গে—ইহা সখীর উক্তি। সখী বলিতেছে—মানভঙ্গ করিবার জন্য শ্রীকৃষ্ণ তোর পায়ে ধরিতে আসিলে তুই কেমন করিয়া (কোন্ প্রাণে) তার সেই কর-পল্লব পায়ে করিয়া ঠেলিয়া দিলি? তুই অভিমান-রূপ কালসাপের সহিত মিতালি করিয়াছিস অর্থাৎ অভিমান-রূপ কালসর্পের পাল্লায় পড়িয়া হিতাহিত-জ্ঞানশূন্য হইয়াছিস। এই কালসর্প দংশনের পর দংশন করিয়া তোর জীবন যখন নৈরাশ্যের বিষে জর্জরিত করিবে, তখন মজাটা দেখিবি।

কো অছু....পার—কে এমন ধীরমতি মহাবল বীর আছে, যে তোর মত পামরীকে (পাঙরী) এই বিপদ্-সমুদ্র পার করিয়া দিবে? অর্থাৎ তোর মত পামরীকে বিপদ্ হইতে রক্ষা করা অতিবড় শক্তিশালী ব্যক্তিরও অসাধ্য।

পীতাম্বর....থির—গললগ্নীকৃতবাসে তোর পায়ে ধরিয়া ক্ষমাভিক্ষা চাহিবার সময়ে শ্রীকৃষ্ণের গলার পীতবাস-খানি তোর পায়ের উপর লুটাইয়া পড়িল। ইহার পরও তুই কেমন করিয়া বুক বাঁধিয়া রহিলি?

ছুরমি—শ্রমযুক্ত। ঘরমি—ঘর্ম্মযুক্ত।

অবিরোধি....নাহ—যে প্রেমপ্রবাহ স্বচ্ছন্দ অবাধ গতিতে বহিতেছিল, তাহার সেই অবিচ্ছিন্ন একমুখী গতি তুই রুদ্ধ করিলি।—ইহাতে নায়ক শ্রীকৃষ্ণের লেশমাত্র দোষ দেখিতেছি না।

হামারি ওরে—আমার দিকে; আমার পানে।

বৃন্দাবন কহ....চাহ—পদকর্ত্তা বৃন্দাবন দাস সখীভাবে ভাবিত হইয়া বলিতেছেন, আমার নিষেধ যখন মানিলে না, তখন আমার মুখের প্যানে চাহিও না অর্থাৎ আমার ভরসা ত্যাগ কর অর্থাৎ মিলন ঘটাইবার জন্য আমি যে দূতী হইয়া শ্রীকৃষ্ণের নিকট যাইব, সে আশা করিও না।

৬

আন্ধল প্রেম পহিল নহি জানলুঁ
সো বহুবল্লভ কান।
আদর-সাধে বাদ করি তা সঞে
অহনিশি জ্বলত পরাণ।।
সজনি, তোহে কহুঁ মরমক দাহ।
কানুক দোখে যো ধনি রোখয়ে
সোই তাপিনী জগমাহ।।
যো হাম মান বহুত করি মানলুঁ
কানুক মিনতি উপেখি।
সো অব মনসিজ- শরে ভেল জরজর
তাকর দরশ না দেখি।।
ধৈরয লাজ মান সঞে ভাঙ্গল
জীবন রহত সন্দেহ।
গোবিন্দদাস কহই সতি ভামিনি
কানক ঐছন নেহ।।

৬। আন্ধল....পরাণ—শ্রীরাধা বলিতেছেন—স্বার্থপূর্ণ সঙ্কীর্ণ প্রেমে অন্ধ হইয়া পূর্ব্বে আমি শ্রীকৃষ্ণের বহুবল্লভত্ব-সম্বন্ধে সচেতন হই নাই, অর্থাৎ শ্রীকৃষ্ণ যে শুধু আমার নন, বিশ্ববাসী সকলেরই যে তিনি হৃদয়বল্লভ পূর্ব্বে সে কথা বুঝিতে না পারিয়া আমি আদর পাইবার অভিলাষে (অর্থাৎ আমিই একা তাঁহার আদরিণী হইব এই অভিলাষ করিয়া) তাঁহার সহিত বিবাদ করিয়া দিবা-রাত্র প্রাণের জ্বালায় জ্বলিয়া মরিতেছি।

ধৈরজ....সন্দেহ—মানভঙ্গের সঙ্গে সঙ্গে ধৈর্য্য এবং লজ্জার বাঁধও ভাঙ্গিয়া গিয়াছে, অর্থাৎ মানাবস্থা যতক্ষণ ছিল ততক্ষণ কৃষ্ণ-বিরহ ধৈর্য্য ধরিয়া সহিয়াছিলাম এবং মিলিত হইবার প্রবল ইচ্ছাসত্ত্বেও লজ্জায় নিজেকে সংযত করিয়াছিলাম; এখন মানাবসানে সে ধৈর্য্য এবং লজ্জার বাঁধ ভাঙ্গিয়া গিয়াছে, অথচ কৃষ্ণ-বিরহের জ্বালা পূর্ব্বের মতই রহিয়াছে। এ অবস্থায় যে অধিকক্ষণ বাঁচিয়া থাকিব সে বিষয়ে যথেষ্ট সন্দেহ রহিয়াছে।

কানুক ঐছন নেহ—পদকর্ত্তা বলিতেছেন—শ্রীকৃষ্ণের প্রেম ঐরূপই, অর্থাৎ তাঁর প্রেমের ক্ষেত্র সত্যই সর্ব্বব্যাপী অর্থাৎ তিনি সকল জীবেরই হৃদয়-বল্লভ।

৭

শুনইতে কানু- মুরলীরব-মাধুরী
শ্রবণ নিবারলুঁ তোর।
হেরইতে রূপ নয়ন-যুগ ঝাঁপলু
তব মোহে রোখলি ভোর ॥
সুন্দরি, তৈখনে কহলম তোয়।
ভরমহি তা সঞে প্রেম বাঢ়ায়বি
জনম গোঙায়বি রোয় ॥
বিনু গুণ পরখি পরক রূপ-লালসে
কাহে সোঁপলি নিজ দেহা।
দিনে দিনে খোয়সি ইহ রূপ-লাবনী
জীবইতে ভেল সন্দেহা ॥
যো তুহুঁ হৃদয়ে প্রেম-তরু রোপলি
শ্যাম-জলদ-রস-আশে।
সো অব নয়ন— নীর দেই সিঞ্চহ
কহতহি গোবিন্দদাসে ॥

৮

কুলবতী কোই নয়নে জনি হেরই
হেরত পুন জনি কান।
কানু হেরি জনি প্রেম বাঢ়াওই
প্রেমে করয়ে জনি মান ॥

৭। শ্রবণ....তোর—তোব কানে হাত চাপা দিয়াছিলাম. পাছে শ্রীকৃষ্ণের মধুর মুরলীধ্বনি কর্ণে প্রবেশ করিয়া তোকে পাগল করিয়া তোলে।

হেরইতে....ভোর—তোর চোখদুটি হাত দিয়া ঢাকিয়াছিলাম. পাছে শ্রীকৃষ্ণের রূপ দেখিয়া আপন-হারা হইয়া একটা কাণ্ড করিয়া বসিস। তুই তখন কৃষ্ণপ্রেমে বিভোর হইয়া আমার উপর রাগ করিয়াছিলি।

সুন্দরি....রোয়—আমি তখনই বলিয়াছিলাম, ভুল করিয়া অর্থাৎ অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া তাহার সহিত যদি প্রেম করিস, তাহা হইলে তোকে সারাটা জীবন কাঁদিয়া কাটাইতে হইবে। বিনু গুণ পরখি—গুণাগুণ পরীক্ষা না করিয়া। খোয়সি—খোয়াইতেছিস।

যো তুহুঁ....গোবিন্দদাসে—পদকর্ত্তা গোবিন্দদাস সখীভাবে বলিতেছেন,—প্রবল বাতাস যেমন মেঘকে উড়াইয়া লইয়া যায়, তুই ঠিক তেমনি করিয়া তোর প্রচণ্ড মানের প্রবল বাতাসে শ্যাম-জলধরকে দূরে সরাইয়া দিলি. এখন তোর প্রেম-তরুটির উপর কে বারি-সিঞ্চন করিবে বল্? এখন দিবা-রাত্র 'হা কৃষ্ণ, হা কৃষ্ণ' বলিয়া কাঁদিয়া নয়ন-জলে অভিষিঞ্চিত করিয়া তোর সেই বড় সাধের প্রেমতরুটিকে কোন রকমে বাঁচাইয়া রাখ্!

৮। কুলবতী....মান—কুলবতী হইয়া কেহ যেন (পরপুরুষের পানে) না চায়; আর যদিই বা চায় ত শ্রীকৃষ্ণের পানে যেন না তাকায়; আর শ্রীকৃষ্ণের পানে যদিই বা চায় ত (ভুলিয়াও) তাহার সহিত যেন প্রেম করিতে অগ্রসর না হয়। আর যদিই বা প্রেম করে, তবে সে প্রেমের মধ্যে যেন মানেব স্পর্শ না থাকে।

সজনি, অতএ মানিয়ে নিজ দোখ।
মান দগধি জীউ অবহু ন নিকসই
কানু সঞে কি করব রোখ॥
যো মঝু চরণ- পরশরস-লালসে
লাখ মিনতি মোহে কেল।
তাকর দরশন বিনু তনু জরজর
পরশ পরশ-সম ভেল॥
সহচরী মেলি লাখ সমুঝায়লি
সো নহিঁ শুনলহুঁ হাম।
গোবিন্দদাস কহ সরস বচনামৃতে
অব বাহুড়াওব কান॥

৯

সখীর বচনে অথির কান।
বুঝল সুন্দরী তেজল মান॥
অরুণ নয়ান ঝরয়ে লোর।
গদ গদ স্বরে বচন বোল॥
কেমনে সুন্দরী মিলব মোয়।
অনুকূল যদি বিধাতা হোয়॥
এত কহি হরি সখীর সঙ্গে।
মিলল রাই আনন্দ-রঙ্গে॥
হেরি বিধুমুখী বিমুখী ভেল।
কানুরে সো সখী ইঙ্গিত কেল॥
চরণ-কমলে পড়ল কান।
সখীর বচনে তেজল মান॥

**পরশ পরশ-সম ভেল**—শ্রীকৃষ্ণের স্পর্শ এখন আমার নিকট স্পর্শমণির মতই দুর্লভ হইয়া উঠিল।
**বাহুড়াওব**—ফিরাইয়া আনিব।

৯। **হেরি বিধুমুখী....মান**—শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইবার জন্য ভিতরে ভিতরে শ্রীরাধা অস্থির হইয়া উঠিয়াছিলেন, বাহিরে কিন্তু সে ভাব এতটুকু প্রকাশ করিলেন না। শ্রীকৃষ্ণকে আসিতে দেখিয়া কোনরূপ আগ্রহ প্রকাশ করা ত দূরের কথা, বরং সম্পূর্ণ বিরক্তির ভাব প্রকাশ করিয়া বিমুখ হইয়া বসিলেন। আসল কথা নারী হইয়া পুরুষের নিকট নিজের দুর্বলতা প্রকাশ করিতে শ্রীরাধার সম্ভ্রমে বাধিল। সুচতুরা সখী তখন শ্রীরাধার মতলব বুঝিতে পারিয়া শ্রীকৃষ্ণকে শ্রীরাধার পায়ে ধরিয়া ক্ষমাভিক্ষা চাহিতে ইঙ্গিত করিল। শ্রীকৃষ্ণও সখীর ইঙ্গিতমত কাজ করিলেন, অর্থাৎ শ্রীরাধার পায়ে ধরিলেন। শ্রীরাধা ঠিক এইটুকুর জন্যই অপেক্ষা করিতেছিলেন কাজেই সঙ্গে সঙ্গে মান পরিত্যাগ করিলেন; কিন্তু বাহিরে এমন ভাব প্রকাশ করিলেন, যেন তিনি স্বেচ্ছায় মান পরিত্যাগ করেন নাই, নিতান্ত সখীর অনুরোধে অনিচ্ছায় মান ত্যাগ করিলেন।

ধনি-মুখ-শশী হরি-চকোর।
হেরিতে দুহুঁক গলয়ে লোর।
হৃদয়-উপরে থুওল রাই।
প্রেমদাস তব জীবন পাই।।

১০

সুবাসিত বারি ঝারি ভরি তৈখনে
আনল রসবতী রাই।
দুখানি চরণ পাখালিয়ে সুন্দরী
আপন কেশেতে মোছাই।।
অঙ্গক ধূলি বসনহি ঝাড়ই
অনিমিখে হেরই বয়ান।
তুহুঁ সনে মান করলুঁ বর মাধব
হাম অতি অলপ-পরাণ।।
রমণীক মাঝে কহই শ্যাম-সোহাগিনী
গরবে ভরল মঝু দেহ।
হামারি গরব তুহুঁ আগে বাঢ়াঅলি
অবহু টুটায়ব কেহ।।
সব অপরাধ খেমহ বর মাধব
তুআ পায়ে সোপলুঁ পরাণ।
গোবিন্দদাস কহ কানু ভেল গদ্‌গদ
হেরইতে রাই-বয়ান।।

১০। সুবাসিত....রাই—রাই তখন (তৈখনে) কলসী (ঝারি) ভরিয়া সুবাসিত বারি আনিলেন।
দুখানি....মোছাই—(শ্যামের) দুইখানি চরণ ধৌত করিয়া (পাখালিয়ে) সুন্দরী রাধা আপনার কেশগুচ্ছ দ্বারা (কেশেতে) মুছাইলেন (মোছাই)। অলপ-পরাণ—সঙ্কীর্ণ চিত্ত।
রমণীক....দেহ—সকল রমণীর (রমণীক) মধ্যে (মাঝে) লোকে আমাকে শ্যাম-সোহাগিনী বলে (কহই), তাহাতে গর্বে (গরবে) আমার (মঝু) বুক ভরিয়া উঠে।
হামারি....কেহ—আমার গর্ব (গরব) তুমিই (তুহু) পূর্বে (আগে) বাঢ়াইয়াছ (বাঢ়াঅলি), এখন (অবহুঁ) কে তাহা ভাঙ্গিতে পারে (টুটায়ব)? অর্থাৎ রাধা বলিতেছেন, হে মাধব, তুমিই আমার গর্ব বাড়াইয়া দিয়াছ এবং সেই অহঙ্কারে মত্ত হইয়াই আমি তোমার উপর অভিমান করিয়াছিলাম।
খেমহ—ক্ষমা কর। তুআ—তোমার। সোপলুঁ—সমর্পণ করিলাম।

১১

দুহুঁ মুখ-দরশনে দহুঁ ভেল ভোর।
দুহুঁক নয়নে বহে আনন্দ-লোর ॥
দুহুঁ তনু পুলকিত গদ গদ ভাষ।
ঈষদবলোকনে লহু লহু হাস ॥
অপরূপ রাধা-মাধব-রঙ্গ।
মান-বিরামে ভেল এক সঙ্গ ॥
ললিতা বিশাখা আদি যত সখীগণ।
আনন্দে মগন ভেল দেখি দুহুঁ জন ॥
নিকুঞ্জের মাঝে দুহুঁ কেলি-বিলাস।
দূরহিঁ দূরে রহুঁ নরোত্তম দাস ॥

মান-বিরামে- মানের অবসানে।
আনন্দ-লোর—আনন্দাশ্রু।
১১। দূরহিঁ দূরে—দূর হইতেও দূরে; রাধাকৃষ্ণ কেলিবিলাস দেখার পক্ষে নিজ অযোগ্যতার জন্য পদকর্তা দীনতা প্রকাশ করিতেছেন।

## নবম স্তবক

# বংশী-শিক্ষা ও নৃত্য

১

ঘর হৈতে আইলাম বাঁশী শিখিবার তরে
নিজ দাসী বলি বাঁশী শিখাহ আমারে ।।
কোন্ রন্ধ্রেতে শ্যাম গাও কোন্ তান।
কোন্ রন্ধ্রের গানে বহে যমুনা উজান ।।
কোন্ রন্ধ্রেতে শ্যাম গাও কোন্ গীত।
কোন্ রন্ধ্রের গানে রাধার হরি লহে চিত।
কোন্ রন্ধ্রের গানেতে কদম্ব-ফুল ফুটে।
কোন্ রন্ধ্রের গানেতে রাধার প্রেম লুটে ।।
ভাল হৈল আইলা রাই মুরলী শিখাব।
জ্ঞানদাসের মনে বড় আনন্দ হইব ।।

২

ধরবা ধরবা ধর মোর পীতবাস পর
গৌর অঙ্গে মাখহ কস্তুরী।
শ্রবণে কুণ্ডল দিব বনমালা পরাইব
চূড়া বান্ধ আলাঞা কবরী ।।
গৌর অঙ্গুলি তোর সোনা-বান্ধা বাশী মোর
ধর দেখি রন্ধ্র মাঝে মাঝে।
চরণে চরণ রাখ কদম্ব-হিলনে থাক
তবে সে বিনোদ-বাঁশী বাজে ।।

২। গৌর অঙ্গে....কস্তুরী—শ্রীকৃষ্ণ রাধাকে কৃষ্ণ বানাইতে চান; তাই রাধাকে সর্ব্বাঙ্গে কস্তুরী মাখিয়া গৌর বর্ণ কাল করিয়া লইতে উপদেশ দিতেছেন।
আলাঞা কবরী—কবরী এলাইয়া, অর্থাৎ কবরী খুলিয়া।
কদম্ব-হিলনে—কদম্ববৃক্ষে হেলান দিয়া।

মুরলী অধরে লেহ এই রন্ধ্রে ফুক দেহ
অঙ্গুলি লোলায়্যা দিব আমি।
জ্ঞানদাস এই রটে যা বলিলা তাই বটে
ত্রিভঙ্গ হইতে পার তুমি ॥

৬৫৩

আজু কেগো মুরলী বাজায়।
এ ত কভু নহে শ্যামরায় ॥
ইহার গৌর বরণে করে আল।
চূড়াটি বান্ধিয়া কেবা দিল ॥
তাহার ইন্দ্রনীল-কান্তি তনু।
এ ত নহে নন্দ-সুত কানু ॥
ইহার রূপ দেখি নবীন আকৃতি
নটবর-বেশ পাইল কথি ॥
বনমালা গলে দোলে ভাল।
এ না বেশ কোন দেশে ছিল ॥
কে বনাইল হেন রূপখানি।
ইহার বামে দেখি চিকণবরণী ॥
হবে বুঝি ইহার সুন্দরী।
সখীগণ করে ঠারাঠারি ॥

লোলাঞা—লোলাইয়া, নোয়াইয়া, হেলাইয়া।

জ্ঞানদাস....তুমি—শ্রীকৃষ্ণ এখানে শ্রীরাধাকে কদম্ববৃক্ষে হেলান দিয়া ত্রিভঙ্গ হইয়া দাঁড়াইতে অর্থাৎ নিজেকে শ্রীকৃষ্ণ বলিয়া মনে করিয়া লইতে উপদেশ দিতেছেন। পদকর্ত্তা জ্ঞানদাস বলিতেছেন, শ্রীকৃষ্ণ ঠিকই উপদেশ দিয়াছেন, অর্থাৎ তাঁর এই উপদেশ-বাক্য আদৌ অযৌক্তিক বা অর্থহীন নয়। শ্রীরাধা যে শ্রীকৃষ্ণেরই পরাশক্তি বা পরাপ্রকৃতি; সুতরাং শ্রীকৃষ্ণের ভাবে ভাবিত হইয়া ত্রিভঙ্গ হইয়া দাঁড়ান অর্থাৎ নিজেকে শ্রীকৃষ্ণ বলিয়া মনে করা শ্রীরাধার পক্ষে খুবই স্বাভাবিক।

৩। শ্রীরাধা বাঁশী শিখিতে চাহিলে শ্রীকৃষ্ণ তাঁহাকে বলিলেন, আমার ন্যায় বেশ-ভূষা পর, আমার ন্যায় ত্রিভঙ্গ হইয়া দাঁড়াও, তাহা নহিলে আমার বাঁশী বাজিবে না। শ্রীমতী তখন অগত্যা তাহাই করিলেন, তিনি নিজের শাড়ী শ্রীকৃষ্ণকে দিয়া পীতধড়া ও চূড়া পরিলেন। সখীরা দূর বনে ফুলচয়নে গিয়াছিলেন, তাঁহারা ফিরিয়া আসিতে আসিতে শ্রীমতীর বাঁশী শুনিয়া বলিতেছেন,—আজ কে বাঁশী বাজাইতেছে? ইনি ত কখনও শ্যাম নহেন। ইঁহার গৌরবর্ণে বন আলো করিয়াছে।

নটবর....কথি—নর্ত্তকশ্রেষ্ঠের (অর্থাৎ কৃষ্ণের) বেশ এ কোথায় পাইল?

ইহার....চিকণবরণী—কৃষ্ণবর্ণা এক সুন্দরী ইহার বামে রহিয়াছেন। ইনি কে?

ঠারাঠারি—ইঙ্গিতে কথাবার্ত্তা।

কুঞ্জে ছিল কানু কমলিনী।
কোথায় গেল কিছুই না জানি ।।
আজু কেন দেখি বিপরীত।
হবে বঝি দোহার চরিত ।।
চণ্ডীদাস মনে মনে হাসে।
এ রূপ হইবে কোন দেশে ।।

৪

চাঁদবদনী নাচত দেখি।
না হবে ভূষণের ধ্বনি না নড়িবে চীর
দ্রুতগতি চরণে না বাজিবে মঞ্জীর ।।
বিষম সঙ্কট তালে বাজাইব বাঁশী।
ধনু-অঙ্কের মাঝে নাচ বুঝিব প্রেয়সী ।।

কুঞ্জে....কমলিনী—আমরা দেখিয়া গিয়াছি, কুঞ্জে কৃষ্ণ এবং রাধা ছিলেন। তাঁহারা কোথায় গেলেন? কিছুই বুঝিতে পারিতেছি না।

হবে....চরিত—বোধ হয় ইঁহাদের এইরূপ বেশ-বিপর্যয় (চরিত) কখনও ঘটিবে; অর্থাৎ ভবিষ্যতে কৃষ্ণ গৌরবর্ণ হইবেন।

এ রূপ....দেশে—অনেকে ইহা গৌরাঙ্গ-অবতারের পূর্বাভাস বলিয়া মনে করেন। নবদ্বীপে গৌরবর্ণ নটবর-বেশ পরে দেখা গিয়াছিল।

(৪) এটি এবং ইহার পরের কবিতাটি নৃত্য-রাসের পদ।

না হবে....মঞ্জীর—দ্রুত নাচিতে হইবে কিন্তু যেন অতিশয় গতি-হেতু ভূষণের ধ্বনি না হয়, অঞ্চল যেন না উড়ে, এবং নূপুরের শব্দ যেন না হয়।

চীর—বস্ত্র। মঞ্জীর—নূপুর।

বিষম সঙ্কট—তালের নাম। গায়কেরা এই গান গাহিবার সময়ে তাহার বোল আবৃত্তি করিয়া থাকেন: তাতা থৈয়া থৈয়া তিনি খিটি তিনি খিটি ঝাঁ ইত্যাদি।

ধনু-অঙ্কের—ধনুর-আকারে (অনেকটা ৪-এর মত) অঙ্কপাত (রেখাপাত) করিয়া স্থান নির্দেশ করিয়া দিব, তাহারই মধ্যে নাচিতে হইবে।

এই সকল বর্ণনায় কিছু অতিরঞ্জন থাকিতে পারে, কিন্তু এখনও এ দেশের নর্তক-নর্তকীরা তাঁহাদের প্রাচীন নৃত্য-কলা-কৌশল একেবারে হারান নাই। কয়েক বৎসর হইল লাট সাহেবের অভ্যর্থনা-উপলক্ষ্যে ভারতের একজন মহারাজ তাঁহাকে নর্তকীদের যে অদ্ভুত নর্তন-কৌশল দেখাইয়াছিলেন, তাহাতে লাট সাহেব এবং তদীয় অনুচর সাহেবেরা চমৎকৃত হইয়া গিয়াছিলেন। ষ্টেট্স্‌ম্যানের সংবাদদাতা তদুপলক্ষ্যে লিখিয়াছিলেন—নর্তকীরা "danced on sword-edges, on sharp spikes and saws, and finally on frail hollow sugar wafers without breaking them, in order to show their lightness of foot."

হারিলে তোমার লব বেশর কাঁচলি।
জিনিলে তোমারে দিব মোহন মুরলী॥
যেমন বলেন শ্যাম নাগর তেমনি নাচেন রাই।
মুরলী লুকান শ্যাম চারি দিকে চাই॥
সবাই বলে রাইয়ের জয় নাগর হারিলে।
দুখিনী কহিছে গোপী-মণ্ডলী হাসালে॥

৫

শ্যাম তোমাকে নাচিতে হবে।
না নড়িবে গণ্ড মুণ্ড নূপুরের কড়াই।
না নড়িবে বনমালা বুঝিব বড়াই॥
না নড়িবে ক্ষুদ্র ঘণ্টি শ্রবণের কুণ্ডল।
না নড়িবে নাসার মোতি নয়নের পল॥
ললিতা বাজায় বীণা বিশাখা মৃদঙ্গ।
সুচিত্রা বায় সপ্তস্বরা রাই দেখে রঙ্গ॥
তুঙ্গবিদ্যা কপিনাস তম্বুরা রঙ্গদেবী।
ইন্দুরেখা পিনাক বায় মন্দিরা সুদেবী॥
উদ্ঘট্ট-তালেতে যদি হার বনমালী।
চূড়া-বাঁশী কেড়ে লব দিব করতালি॥
যদি জিন রাইকে দিব আমরা হব দাসী।
নইলে কারাগারে থোব দুখিনী শুনে হাসি॥

মুরলী লুকান শ্যাম....চাই—কৃষ্ণ হারিয়া গিয়াছেন। পাছে তাঁহার সর্বস্ব-ধন বাঁশী হারাইতে হয় এই ভয়ে তিনি চারিদিকে চাহিয়া (কেহ দেখিতে পায় কি না—ভয়ে ভয়ে) বাঁশীটি লুকাইয়া ফেলিলেন।

দুখিনী—পদকর্ত্রীর নাম। কেহ কেহ মনে করেন, সপ্তদশ শতাব্দীর অন্যতম বৈষ্ণব-শ্রেষ্ঠ শ্যামানন্দই নিজেকে দুখিনী বলিয়া পরিচয় দিতেন।

৫। উদ্ঘট্ট—তালের নাম। গায়কেরা তাহার বোল আবৃত্তি করিয়া থাকেন, যথা—ঝেন্দা ঝেঞ্জা খেটা খোড় লাগ ঝিনি ঝাঁ ইত্যাদি। কপিনাস, পিনাক—বাদ্যযন্ত্রবিশেষ। বায়—বাজায়। থোব—রাখিব।

10—1807 B.T.

## দশম স্তবক

# প্রেমবৈচিত্ত্য ও আক্ষেপানুরাগ

১

নাগর-সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজপাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহ-হুতাশে ॥
এ সখি, আরতি কহনে ন যাই।
হেম আঁচরে রহু ভরমিত যৈছন
খোজি ফিরত আন ঠাঞি ॥
কাঁহা গেও সো বন্ধু রসিক সুনাগর
মোহে তেজল কথি লাগি।
কাতর হোই মহীতলে লুঠই
বিরহ-বেদনে রহু জাগি ॥
রাইক বিরহে কানু ভেল চমকিত
বয়ানে বাণী নহি ফুর।
প্রিয় সহচরী লেই করে কর বান্ধই
গোবিন্দদাস রহু দূর ॥

১। নাগর....বিরহ-হুতাশে—নিভৃত কুঞ্জে শ্রীকৃষ্ণকে ভুজবন্ধনের মধ্যে পাইয়াও শ্রীরাধা দারুণ বিরহে কাতর হইয়া কানু কানু করিয়া কাঁদিয়া অস্থির হইতেছেন।

হেম....আন ঠাঞি—স্বর্ণখণ্ড আঁচলে বাঁধা রহিয়াছে সে কথা ভুলিয়া গিয়া যেন অন্যত্র খুঁজিয়া ফিরিতেছেন।

কথি লাগি—কি জন্য, কি কারণে।

বিরহ-বেদনে রহু জাগি—বিরহের অসহ্য যন্ত্রণাই রাধাকে জাগাইয়া রাখিয়াছে; অর্থাৎ চেতনা হারাইতে দেয় নাই, নহিলে শ্রীরাধার এতক্ষণে চৈতন্যলোপ হইত।

রহু দূর—পদকর্ত্তা সসম্ভ্রমে দূর ব্যবধান হইতে এই অনুপম লীলা প্রত্যক্ষ করিতে চান।

২

যত নিবারিয়ে চাই নিবার না যায় রে।
আন পথে যাই সে কানু-পথে ধায় রে।।
এ ছার রসনা মোর হইল কি বাম রে।
যার নাম নাহি লই লয় তার নাম রে।।
এ ছার নাসিকা মুই যত করু বন্ধ।
তবু ত দারুণ নাসা পায় শ্যাম-গন্ধ।।
সে না কথা না শুনিব করি অনুমান।
পরসঙ্গ শুনিতে আপনি যায় কান।।
ধিক্ রহু এ ছার ইন্দ্রিয় মোর সব।
সদা সে কালিয়া কানু হয় অনুভব।।
কহে চণ্ডীদাসে রাই ভাল ভাবে আছ।
মনের মরম কথা কারে নাহি পুছ।।

৩

বঁধু, কি আর বলিব তোরে।
অলপ বয়সে পিরীতি করিয়া
রহিতে না দিলি ঘরে।।
কামনা করিয়া সাগরে মরিব
সাধিব মনের সাধা।
মরিয়া হইব শ্রীনন্দের নন্দন
তোমারে করিব রাধা।।

২। যত....ধায় রে—আমার ইন্দ্রিয় সম্পূর্ণরূপে তাহার বশীভূত। যতই তাহাকে আয়ত্ত করিতে চাই, ততই তাহা বিগ্‌ড়াইয়া যায়। অন্য পথে যাইতে চাই, কিন্তু কৃষ্ণের পথে অর্থাৎ তিনি যেখানে আছেন সেই দিকে পদ দুইটি আপনা আপনি ধাবিত হয়। আন—অন্য।

যার নাম নাহি লই—যাহার নাম লইব না বলিয়া মনে করি। পরসঙ্গ—(তাহারই) প্রসঙ্গ।

ধিক্....অনুভব—আমার ইন্দ্রিয়গণকে ধিক্, তাহারা আর আমাকে মানে না। সর্বদা সেই কানু আমার অনুভবের বিষয় হইয়া আছে।

ভাল ভাবে....পুছ—(অর্থাৎ গোপনে রাখিও—অনুরাগের কথা, সাধনের কথা কাহাকেও বলিতে নাই)। তুমি সুখেই আছ (অর্থাৎ এরূপ প্রগাঢ় অনুরাগ সর্বথা শুভলক্ষণ)—তোমার মর্ম্মের কথা কাহাকেও জিজ্ঞাসা করিও না।

৩। অলপ—অল্প।

কামনা করিয়া....রাধা—এই কামনা করিয়া সাগরে ডুবিয়া মরিব যে পরজন্মে আমি যেন নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ হইয়া জন্মগ্রহণ করি এবং তুমি (শ্রীকৃষ্ণ) যেন রাধা হইয়া জন্মলাভ কর।—এই ভাবে আমি আমার মনের সাধ মিটাইয়া লইব, অর্থাৎ এ জন্মে তুমি যেমন আমাকে বার বার কাঁদাইয়াছ, আমিও সেইরূপ পরজন্মে শ্রীকৃষ্ণরূপে জন্মগ্রহণ করিয়া তোমাকে কাঁদাইব; এইভাবে প্রতিশোধ লইয়া আমি আমার মনের ঝাল মিটাইয়া লইব।

পিরীতি করিয়া ছাড়িয়া যাইব
রহিব কদম্বতলে।
ত্রিভঙ্গ হইয়া মুরলী বাজাব
যখন যাইবে জলে ॥
মুরলী শুনিয়া মোহিত হইবা
সহজ কুলের বালা।
চণ্ডীদাস কয় তখনি জানিবে
পিরীতি কেমন জ্বালা ॥

৪

কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন ॥
ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর।
পর কৈনু আপন, আপন কৈনু পর ॥
রাতি কৈনু দিবস, দিবস কৈনু রাতি।
বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি ॥
কোন্ বিধি সিরজিল সোতের শেঁওলি।
এমন ব্যথিত নাই ডাকি বন্ধু বলি ॥
বঁধু যদি তুমি মোরে নিদারুণ হও।
মরিব তোমার আগে দাঁড়াইয়া রও ॥
বাশুলী-আদেশে দ্বিজ চণ্ডীদাস কয়।
পরের লাগিয়ে কি আপন পর হয় ॥

সহজ—সরল।

৪। অবলার....হেন—তোমার ন্যায় রমণীর মন মোহিত করিতে পারে, এরূপ আর কেহ নাই।

ঘর কৈনু....পিরীতি—তোমাকে পাইবার জন্য আমি কি না করিয়াছি? আমার স্বভাব, সংস্কার, আচরণ, এমন কি প্রকৃতির বিধান পর্য্যন্ত, বিপর্য্যস্ত করিয়া অসাধ্যসাধন করিলাম, তথাপি তোমার প্রেমের স্বরূপ আজও বুঝিতে পারিলাম না।

কোন্ বিধি....শেঁওলি—শেওলা যেমন স্রোতে ভাসিয়া যায়, যে দিকে প্রবাহ সেই দিকে তাদের গতি;—অর্থাৎ নিতান্ত অসহায়। তোমার প্রেমের দারুণ স্রোতোবেগে আমি আমার ব্যক্তিত্বের তটভূমি হইতে স্খলিত হইয়া অসহায়ভাবে ভাসিয়া যাইতেছি।

সিরজিল—সৃষ্টি করিল। ব্যথিত—সমবেদনশীল।

বঁধু....রও—একমাত্র তোমার মুখের দিকে চাহিয়া সমস্ত দুঃখ অম্লানবদনে সহ্য করিতেছি, তুমি যদি আমার প্রতি নির্ম্মম হও, তবে দাঁড়াও,—তোমার সম্মুখেই এই প্রাণ ত্যাগ করিব।

৫

তোমারে বুঝাই বঁধু তোমারে বুঝাই।
ডাকিয়া সুধায় মোরে হেন জন নাই॥
অনুক্ষণ গৃহে মোরে গঞ্জয়ে সকলে।
নিচয় জানিও মুঞি ভখিমু গরলে॥
এ ছার পরাণে আর কিবা আছে সুখ।
মোর আগে দাঁড়াও তোমার দেখি চাঁদ-মুখ
খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুখ্।
কে মোর ব্যথিত আছে কারে কব দুখ॥
চণ্ডীদাস কহে রাই ইহা না যুয়ায়।
পরের বোলে কেবা প্রাণ ছাড়িবারে চায়॥

৬

মন-চোরার বাঁশী বাজিও ধীরে ধীরে।
আকুল করিল তোমার সুমধুর স্বরে॥
আমরা কুলের নারী হই গুরুজনার মাঝে রই
না বাজিও খলের বদনে।
আমার বচন রাখ নীরব হইয়া থাক
না বধিও অবলার প্রাণে॥
যেবা ছিল কুলাচার সে গেল যমুনার পার
কেবল তোমার এই ডাকে।
যে আছে নিলাজ প্রাণ শুনিয়া তোমার গান
পথে যাইতে থাকে বা না থাকে॥

৫। সুধায়—জিজ্ঞাসা করে। ভখিমু—খাইব।
এ ছার....মুখ—এই দুঃখপূর্ণ জীবনে আর কি সুখ আছে? একবার এই দুঃখিনীর সম্মুখে দাঁড়াও, আমি তোমার মুখখানি দেখিয়া মরি। তোমার চাঁদমুখখানি দেখাই জীবনের একমাত্র আনন্দ ও সফলতা। সোয়াস্তি—আবাম। নাহি টুটে ভখ—আগার ক্ষুধার নিবৃত্তি হয় না। ব্যথিত—সমদুঃখী।
পরের বোলে....চায়—লোকে নিন্দা ও গঞ্জনা করে বলিয়াই কি তুমি প্রাণ ত্যাগ করিবে? পরের কথায় কে কবে জীবন ত্যাগ করিয়াছে?
ইহা না যুয়ায়—ইহা উচিত (যোগ্য) হয় না।

৬। খলের—প্রতারকের। নিলজ—নির্লজ্জ।

তরলে জনম তোর সরল হৃদয় মোর
ঠেকিয়াছ গোঙারের হাতে।
কানাই খুটিয়া কয় মোর মনে হেন লয়
বাঁশী হৈল অবলা বধিতে ।।

৭

মন মোর আর নাহি লাগে গৃহকাজে।
নিশিদিশি কাঁদি তবু হাসি লোকলাজে।
কালার লাগিয়া হাম হব বনবাসী।
কালা নিল জাতিকুল প্রাণ নিল বাঁশী ।।
হাঁরে সখি, কি দারুণ বাঁশী।
যাচিয়া যৌবন দিয়া হৈনু শ্যামের দাসী ।।
তরল বাঁশের বাঁশী নামে বেড়াজাল।
সভার সুলভ বাঁশী রাধার হৈল কাল ।।
অন্তরে অসার বাঁশী বাহিরে সরল।
পিবই অধরসুধা উগারে গরল ।।

তরলে জনম তোর—তরলা, তল্লা বা তল্তা বাঁশের বংশে তোর জন্ম। (ভিতর-ফোঁপরা এক জাতীয় পাতলা সরু বাঁশকে তরলা, তল্লা বা তল্তা বাঁশ বলে। এই বাঁশ অত্যন্ত নরম এবং একটুতেই নুইয়া পড়ে)।

তরলে....হাতে—শ্রীরাধা বলিতেছেন, তরলা বাঁশের বংশে তোর জন্ম। তুই ভিতর-ফোঁপরা, অর্থাৎ অন্তঃসারশূন্য। তোর নিজের ইচ্ছাশক্তি বলিয়া কিছুই নাই, তোকে যে কেহ অনায়াসে নোয়াইয়া ফেলিতে পারে, অর্থাৎ তোকে দিয়া নিজের ইচ্ছামত কাজ করাইয়া লইতে পারে। সম্প্রতি তুই গোঙারের হাতে পড়িয়াছিস, সুতরাং তুই যে তাহারই ইঙ্গিত মত চলিবি, ইহা তখুবই স্বাভাবিক।

খুটিয়া—উপাধি-বিশেষ।

৭। তরল....বেড়াজাল—শ্রীরাধা বলিতেছেন—হাল্কা পাতলা ফাঁপা তল্লা বাঁশের বংশে এই বাঁশীর জন্ম, সুতরাং উহাকে নিতান্ত নিরীহ বলিয়া মনে হওয়াই স্বাভাবিক। আসলে কিন্তু ওটি একটি সাংঘাতিক বস্তু। বেড়াজাল যেমন মাছকে চারিদিক হইতে জড়াইয়া ধরিয়া ডাঙ্গার দিকে টানিয়া আনে, শ্যামের ঐ বাঁশীটি সেইরূপ রাতদিন 'রাধা রাধা' বলিয়া ডাকিয়া নামের বেড়াজাল বিস্তার করিয়া চারিদিক হইতে আমাকে ঘেরিয়া ফেলিয়া শ্রীকৃষ্ণের পানে টানিয়া আনে।

সভার....কাল—সকলের পক্ষে এই বাঁশী নিতান্ত সাধারণ, কিন্তু আমার পক্ষে ইহা দারুণ মারণাস্ত্র।

অন্তরে....গরল—বাহির হইতে দেখিয়া বাঁশীটিকে সরল বলিয়াই মনে হয় অন্তরে কিন্তু ওটি একেবারেই সারহীন অর্থাৎ গুণহীন, হৃদয়হীন। বাঁশীটি শ্রীকৃষ্ণের অধর-সুধা সর্বদা পান করিতেছে, সুতরাং তাহার কাছ হইতে সুধাই আশা করা যায়, কিন্তু এমনই তার জঘন্য প্রকৃতি যে সুধা পান করিয়া বিষ উদ্‌গার করে, অর্থাৎ আমাকে মদন-বিষে জর্জরিত করে।

যে ঝাড়ের তরল বাঁশী তার লাগি পাও।
ডালে মূলে উপাড়িয়া সাগরে ভাসাও ॥
দ্বিজ চণ্ডীদাসে কহে বংশী কি করিবে।
সকলের মূল কালা তারে না পারিবে ॥

৮ *

সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
আনলে পুড়িয়া গেল।
অমিয়া-সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল ॥
সখি কি মোর করমে লেখি।
শীতল বলিয়া ও চাঁদ সেবিনু
ভানুর কিরণ দেখি ॥
উচল বলিয়া অচলে চড়িতে
পড়িনু অগাধ জলে।
লছিমী চাহিতে দারিদ্র্য বেঢ়ল
মাণিক হারানু হেলে ॥
নগর বসালাম সাগর বাঁধিলাম
মাণিক পাবার আশে।
সাগর শুকাল মাণিক লুকাল
অভাগীর করম-দোষে ॥
পিয়াস লাগিয়া জলদ সেবিনু
বজর পড়িয়া গেল।
জ্ঞানদাস কহে কানুর পিরীতি
মরণ অধিক শেল ॥

লাগি পাও—যদি তাহার নাগাল পাই।
সাগরে ভাসাও—কি জানি নদীতে ভাসাইলে আবার যদি তট-লগ্ন হইয়া মূল বিস্তার করে।

৮। উচল- উচচ। অচল—পর্বত। লছিমী—লক্ষ্মী, শ্রী। বেঢ়ল—বেরিয়া ধরিল।
পিয়াস—তৃষ্ণা বজর—বজ্র। কহে চণ্ডীদাস—পাঠান্তর।

৯

আইস আইস বন্ধু আইস আধ আঁচরে বৈস
নয়ান ভরিয়া তোমা দেখি।
অনেক দিবসে মনের মানসে
সফল করিয়ে আঁখি ॥
বন্ধু, আর কি ছাড়িয়া দিব।
হিয়ার মাঝারে যেখানে পরাণ
সেইখানে লঞা থোব ॥
কাল কেশের মাঝে তোমা বন্ধ রাখিব
পূরাব মনের সাধ।
যদি গুরুজন জিজ্ঞাসে বলিব
পর্য্যাছি কালা পাটের জাদ ॥
নহে ত লেহের নিগড় করিয়া
বান্ধিব চরণারবিন্দ।
কেবা নিতে পারে নেউক আসিয়া
পাঁজরে কাটিয়া সিন্ধ ॥

১০

কাল জল ঢালিতে সই কালা পড়ে মনে।
নিরবধি দেখি কালা শয়নে স্বপনে ॥
কাল কেশ এলাইয়া বেশ নাহি করি ;
কাল অঞ্জন আমি নয়নে না পরি ॥
আল সই যুঞি শুনিলাম নিদান।
বিনোদ বঁধুয়া বিনে না রহে পরাণ ॥

৯। এই পদটি চণ্ডীদাসের বলিয়া মনে হয়। বঙ্কিমচন্দ্রের 'কমলাকান্তের দপ্তরে' এই পদটির সুন্দর আস্বাদন পাওয়া যাইবে। পাঠভেদ লক্ষণীয়। জাদ—বেণীর সঙ্গে স্ত্রীলোকেরা যে থোপা পরেন। লেহের—নেহের, স্নেহের, প্রেমের। সিন্ধ—সিঁদ।

১০। নিদান—রোগের মূল কারণনির্ণয়; চিকিৎসকের চরম অভিমত।

মনের দুখের কথা মনেতে রহিল।
ফুটিল সে শ্যাম-শেল বাহির নহিল॥
চণ্ডীদাস কহে রূপ শেলের সমান।
নাহি বাহিরায় শেল দগধে পরাণ॥

আল সই....নিদান—শ্রীরাধা বলিতেছেন, আমার এই প্রেমব্যাধির মূল কারণ কি তাহা আমি শুনিয়াছি অর্থাৎ জানিতে পারিয়াছি। কৃষ্ণ-বিরহ হইতেই এ রোগের উৎপত্তি, সুতরাং তাঁহার সহিত মিলিত হইতে না পারিলে এ ব্যাধির উপশম হইবে না, এবং এই ব্যাধিই আমার মৃত্যুর কারণ হইবে।

নহিল—না হইল।

## একাদশ স্তবক

# নিবেদন

বঁধু কি আর বলিব আমি।
জীবনে মরণে জনমে জনমে
প্রাণনাথ হৈও তুমি ।।
তোমার চরণে আমার পরাণে
বাঁধিল প্রেমের ফাঁসি।
সব সমর্পিয়া একমন হৈয়া
নিশ্চয় হইলাম দাসী ।।
ভাবিয়াছিলাম এ তিন ভুবনে
আর মোর কেহ আছে।
রাধা বলি কেহ সুধাইতে নাই
দাঁড়াব কাহার কাছে ।।
একুলে ওকুলে দুকুলে গোকুলে
আপনা বলিব কায়।
শীতল বলিয়া শরণ লইনু
ও দুটি কমল-পায় ।।

১। জীবনে মরণে....তুমি—শুধু মৃত্যুকালে নহে, জীবনের প্রতিমুহূর্তে আমি তোমাকেই প্রাণপ্রিয় বলিয়া জানি। শুধু এই জন্মে নহে, যতবার আসিব যাইব—যত জন্ম হইবে—তুমিই আমার একমাত্র প্রিয় থাকিও।

তোমার চরণে....প্রেমের ফাঁসি—তোমার পদযুগল এবং আমার প্রাণের সঙ্গে প্রেমের ফাঁসি লাগিয়াছে, অর্থাৎ তোমার শ্রীচরণের আশ্রয় তিলমাত্র সরাইয়া লইলে আমার প্রাণ যাইবে।

একুলে....কায়—পিতৃকুল ও স্বামিকুল এই দুই কুলে এবং সমগ্র গোকুলে, অর্থাৎ ত্রিসংসারে আমার আপনার বলিতে কেহ নাই।

না ঠেলহ ছলে    অবলা অখলে
যে হয় উচিত তোর।
ভাবিয়া দেখিনু    প্রাণনাথ বিনে
গতি যে নাহিক মোর॥
আঁখির নিমিখে    যদি নাহি দেখি
তবে সে পরাণে মরি।
চণ্ডীদাস কহে    পরশ-রতন
গলায় গাঁথিয়া পরি॥

বঁধু তুমি সে আমার প্রাণ।
দেহ মন আদি    তোহারে সঁপেছি
কুল শীল জাতি মান॥
অখিলের নাথ    তুমি হে কালিয়া
যোগীর আরাধ্য ধন।
গোপ গোয়ালিনী    হাম অতি হীনা
না জানি ভজন পূজন॥
পিরীতি-রসেতে    ঢালি তনু-মন
দিয়াছি তোমার পায়।
তুমি মোর পতি    তুমি মোর গতি
মনে নাহি আন ভায়॥
কলঙ্কী বলিয়া    ডাকে সব লোকে
তাহাতে নাহিক দুখ।
তোমার লাগিয়া    কলঙ্কের হার
গলায় পরিতে সুখ॥
সতী বা অসতী    তোমাতে বিদিত
ভাল-মন্দ নাহি জানি।
কহে চণ্ডীদাস    পাপ পুণ্য সম
তোহারি চরণখানি॥

অখল—সরল (খলতাশূন্য)।
পরশ....পরি—তুমি আমার স্পর্শমণি (যাহার স্পর্শে সকল ধাতু সোনা অর্থাৎ অমূল্য রত্ন হয়), তোমাকে হার করিয়া গলায় পরিতে ইচ্ছা হয়: যেন এক মুহূর্তের জন্যও তোমাকে হৃদয় হইতে বিযুক্ত করিতে না হয়।
২। তোহারে—তোমাকে। আন—অন্য। ভায়—প্রতিভাত বা প্রকাশিত হয়।
পাপ পুণ্য....চরণখানি—পাপই হউক, আর পুণ্যই হউক তোমার পদযুগলই আমার সর্বস্ব।

৩

নবরে নবরে নব নবঘন শ্যাম।
তোমার পিরীতিখানি অতি অনুপাম।।
তোমার পিরীতি-সুখ-সায়রের মাঝ।
তাহাতে ডুবিল মোর কুল-শীল-লাজ।।
কি দিব কি দিব বন্ধু মনে করি আমি।
যে ধন তোমারে দিব সে ধন আমার তুমি।।
তুমি যে আমার বন্ধু, আমি যে তোমার।
তোমার ধন তোমারে দিব কি যাবে আমার।।
বাঁচি কি না বাচি বন্ধু, থাকি কি না থাকি।
অমূল্য ও রাঙ্গাচরণ জীয়ন্তে যেন দেখি।।
যদুনাথ দাসে কহে করুণার সিন্ধু।
কিসের অভাব তার তুমি যার বন্ধু।।

৪

বঁধু, তোমার গরবে গরবিণী আমি
রূপসী তোমার রূপে।
হেন মনে করি ও দুটি চরণ
সদা লইয়া রাখি বুকে।।
অন্যের আছয়ে অনেক জনা
আমার কেবল তুমি।
পরাণ হইতে শত শত গুণে
প্রিয়তম করি মানি।।
নয়নের অঞ্জন অঙ্গের ভূষণ
তুমি সে কালিয়া চান্দা।
জ্ঞানদাসে কয় তোমার পিরীতি
অন্তরে অন্তরে বান্ধা।।

৩। নবঘন শ্যাম—নব-জলধর তুল্য বর্ণ যাহার, অর্থাৎ শ্রীকৃষ্ণ।
তুমি যে....তোমার—এখানে ত্বদীয়তাময় ও মদীয়তাময় প্রেমের কথা বলা হইয়াছে: 'তুমি আমার'—ইহা মদীয়তাময় প্রেমের স্বরূপ। 'আমি তোমার'—ইহা ত্বদীয়তাময় বুদ্ধি-প্রসূত। উভয়ই প্রেমের উৎকর্ষ সূচনা করে।

৪। গরবে—গর্বে। অঞ্জন—কাজল।

৫

পূরুবে যতেক করিলুঁ সুতপ
তপের নাহিক সীমা।
সেই সব তপ বিফল নহিল
তেঞি সে পাইলুঁ তোমা॥
মৃগমদ বলি ঝাঁপিয়া কাঁচলি
রাখিব হিয়ার মাঝে।
তোমার বরণ বসনে ঝাঁপিয়া
রাখিব লোকের লাজে॥
কিম্বা কেশপাশে কুবলয়-দামে
রাখিব যতন করি।
একলা হইয়া মুকুত করিয়া
দেখিব নয়ান ভরি॥
যদি কদাচিত হয় জানাজানি
কহিব বেকত করি।
সে ভয়ে সভয় নহি কদাচিত
কহে দাস নরহরি॥

৬

জপিতে তোমার নাম বংশী ধরি অনুপাম
তোমার বরণের পরি বাস।
তুয়া প্রেম সাধি গোরি আইলুঁ গোকুলপুরী
বরজ-মণ্ডলে পরকাশ॥
ধনি, তোমার মহিমা জানে কে।
অবিরাম যুগ শত গুণ গাই অবিরত
গাহিয়া করিতে নারি শেষ॥

৫। পূরুবে—পূর্ব্বে।
মুকুত করিয়া—মুক্ত করিয়া।
ঝাঁপিয়া—আচ্ছাদিত করিয়া।
বেকত—ব্যক্ত, প্রকাশিত।

গঞ্জন-বচন তোর শুনি সুখের নাহি ওর
সুধাসম লাগয়ে মরমে।
তরল কমল-আঁখি তেরছ নয়ানে দেখি
বিকাইলুঁ জনমে জনমে ॥
তোমা বিনু যেবা যত পিরীতি করিলুঁ কত
সে পিরীতে না পূরল আশ।
তোমার পিরীতি বিনু স্বতন্ত্র না হৈল তনু
অনুভবে কহে চণ্ডীদাস ॥

৬। গঞ্জন-বচন—গঞ্জনা-বাক্য, তিরস্কার।
ওর—সীমা। তেরছ—বক্র, তেরচা।
তোমার পিরীতি....তনু—শ্রীকৃষ্ণ রাধাকে বলিতেছেন, তোমার প্রেম ব্যতীত আর কোনও প্রেম আমাকে স্বতন্ত্র অর্থাৎ পৃথক্ করিতে পারে নাই। তুমি আমারই হ্লাদিনী শক্তি। নিজের আনন্দ-চেতনার আস্বাদনের জন্যই আমার অন্তর্নিহিত হ্লাদিনী শক্তিকে তোমার ভিতর দিয়া রূপায়িত করিয়া নিজেকে তাহা হইতে স্বতন্ত্র করিতে হইয়াছে, অর্থাৎ আমাকে দ্বৈত হইতে হইয়াছে।

## দ্বাদশ স্তবক

# মাথুর

১

ললিতার কথা শুনি হাসি হাসি বিনোদিনী
কহিতে লাগিল ধনি রাই।
তোমরা যে বল শ্যাম মধুপুরে যাইবেন
সে কথা ত কভু শুনি নাই ॥
হিয়ার মাঝারে মোর এ ঘর মন্দির গো
রতন-পালঙ্ক বিছা আছে।
অনুরাগের তূলিকায় বিছানা হয়্যাছে গো
শ্যামচাঁদ ঘুমায়্যা রয়েছে ॥
তোমরা যে বল শ্যাম মধুপুরে যাইবেন
কোন্ পথে বঁধু পলাইবে।
এ বুক চিরিয়া যবে বাহির করিব গো
তবে ত শ্যাম মধুপুরে যাবে ॥
শুনিয়া রাইয়ের কথা ললিতা চম্পকলতা
মনে মনে মানিল বিস্ময়।
চণ্ডীদাসের মনে হরষ হইল গো
ঘুচে গেল বিরহের ভয় ॥

১। তূলিকায়—(নরম)-তূলা দিয়া।
তোমরা....যাবে—তোমরা যে বল শ্যামচাঁদ আমাকে ছাড়িয়া মথুরায় যাইবেন, ইহা কিরূপে সম্ভব হইতে পারে? আমার এই হৃদয়-মন্দিরে শ্রীকৃষ্ণ যে চিরদিন বিরাজ করিতেছেন। সেই আমার অন্তরবাসী শ্রীকৃষ্ণকে আমার এই হৃদয়-মন্দির হইতে যতক্ষণ পর্য্যন্ত না নিজে মুক্তি দিতেছি, ততক্ষণ পর্য্যন্ত তাঁহার সাধ্য কি আমাকে ছাড়িয়া যান? শ্রীরাধা বলিতে চান—শ্রীকৃষ্ণের সহিত তাঁহার দৈহিক বিচ্ছেদ ঘটিতে পারে, কিন্তু অন্তরে অন্তরে তাঁহার সহিত যে মধুর মিলন-লীলা অহরহঃ চলিতেছে, সে মিলনের মধ্যে বিচ্ছেদের আশঙ্কা কোথায়?

২

নামহি অক্রূর ক্রূর নাহি যা সম
সো আওল ব্রজ-মাঝ।
ঘরে ঘরে ঘোষই শ্রবণ-অমঙ্গল
কালি কালিহুঁ সাজ ॥
সজনি, রজনী পোহাইলে কালি।
রচহ উপায় যৈছে নহ প্রাতর
মন্দিরে রহু বনমালী ॥
যোগিনী-চরণ শরণ করি সাধহ
বান্ধহ যামিনীনাথে।
নখতর চান্দ বেকত রহু অম্বরে
যৈছে নহত পরভাতে ॥
কালিন্দীদেবী সেবি তাহে ভাখহ
সো রাখই নিজ তাতে।
কিয়ে শমন আনি তুরিতে মিলাওব
গোবিন্দদাস অনুমাতে ॥

২। নামহি....সাজ—শ্রীরাধা সখীকে বলিতেছেন,—'নামেই শুধু অক্রূর, আসলে কিন্তু যাহার মত ক্রূর আর দুটি নাই, সেই ব্যক্তি আজ বৃন্দাবনে আসিয়াছে, এবং কালই, ঠিক কালই (মথুরায় যাইবার জন্য) সাজিয়া-গুজিয়া প্রস্তুত হও'—এই শ্রবণকটু অশুভ বাক্য ঘরে ঘরে ঘোষণা করিয়া বেড়াইতেছে।

সজনি....বনমালী—সখি, রজনী প্রভাত হইলেই (অক্রূর-ঘোষিত) সেই কাল আসিয়া দেখা দিবে, অতএব এমন একটা উপায় খুঁজিয়া বাহির কর যাহাতে শ্রীকৃষ্ণ গৃহে থাকেন।

যোগিনী-চরণ....পরভাতে—যোগমায়া পৌর্ণমাসী দেবীর চরণে শরণ পাইয়া সাধ্যসাধনা করিয়া তাঁহাকে দিয়া চন্দ্রকে আটক কর। নক্ষত্র এবং চন্দ্র যেন গগনে প্রকাশিত থাকে।—প্রভাত যাহাতে না হয়।

কালিন্দী....অনুমাতে—যোগমায়ার দ্বারা যদি এ কাজ সম্ভব না হয়, তাহা হইলে যমুনা দেবীকে সেবার দ্বারা তুষ্ট করিয়া তাঁহাকে (ভাখহ) বল, তিনি যেন তাঁর পিতা সূর্য্যদেবকে আটকাইয়া রাখেন, অর্থাৎ তিনি যেন এমন ব্যবস্থা করেন যাহাতে তাঁহার পিতা সূর্য্যদেব পূর্ব গগনে উদিত হইয়া প্রভাতের সূচনা করিতে না পারেন। আর যমুনা দেবী যদি এ ভার লইতে রাজি না হন, তাহা হইলে তিনি যেন অবিলম্বে তাঁর ভ্রাতা যমরাজকে আনিয়া উপস্থিত করেন, অর্থাৎ আমার যেন অবিলম্বে মৃত্যু ঘটে। শ্রীরাধার মনের ভাব ঠিক এইরূপই হইয়াছিল বলিয়া পদকর্ত্তা গোবিন্দদাস অনুমান করেন।

৩

কিয়ে সখি চম্পক- দাম বনায়সি
করইতে রভস-বিহার।
সো বর নাগর যাওব মধুপুর
ব্রজপুর করি আন্ধিয়ার ।।
প্রিয়তম দাম শ্রীদাম আর হলধর
এসব সহচর সাথ।
শুনইতে মূরছি পড়ল সোই কামিনী
কুলিশ পড়ল জনু মাথ ।।
ক্ষণে ক্ষণে উঠত ক্ষণে ক্ষণে বৈঠত
অবশ কলেবর কাঁপি।
ভণ যদুনন্দন শুনইতে ঐছন
লোরে নয়নযুগ ঝাঁপি ।।

৪

অব মথুরাপুর মাধব গেল।
গোকুল-মাণিক কো হরি নেল ।।
গোকুলে উছলল করুণাক রোল।
নয়ন-জলে দেখ বহয়ে হিলোল ।।
শূন ভেল মন্দির শূন ভেল নগরী।
শূন ভেল দশ দিশ শূন ভেল সগরি ।।
কৈছনে যায়ব যমুনা-তীর।
কৈছে নেহারব কুঞ্জ-কুটীর ।।

৩। চম্পক-দাম—চম্পক-মাল্য, চাঁপার মালা। বনায়সি—বানাইতেছ, মাল্য রচনা করিতেছ। রভস-বিহার—সম্ভোগ-বিহার। কুলিশ—বজ্র।

৪। অব—এখন। কো—কে। শূন—শূন্য। নগরী—দেশ। সগরি—সকলি। কৈছনে—কেমন করিয়া। নেহারব—দেখিব।

সহচরী সঞে যাঁহা কয়ল ফুল-খেরি।
কৈছনে জীয়ব তাহি নেহারি॥
বিদ্যাপতি কহে কর অবধান।
কৌতুকে ছাপি তঁহি রহু কান॥

৫

হরি গেও মধুপুর হাম কুলবালা।
বিপথে পড়ল যৈছে মালতী-মালা॥
কি কহসি কি পুছসি শুন প্রিয় সজনী।
কৈছনে বঞ্চব ইহ দিন-রজনী॥
নয়নক নিন্দ গেও বয়নক হাস।
সুখ গেও পিয়া-সঙ্গ দুখ হাম পাশ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারী।
সুজনক কু-দিন দিবস দুই-চারি॥

৬

চির চন্দন উরে হার না দেলা।
সো অব নদী-গিরি আঁতর ভেলা॥
পিয়াক গরবে হাম কাহুক না গণলা।
সো পিয়া বিনা মোহে কে কি না কহলা॥

সঞে—সহিত। যাঁহা—যেখানে। কয়ল—করিল।
ফুল-খেরি—ফুল-খেলা। 'ফুলবারি' পাঠান্তর; অর্থ ফুলবাগান।
জীয়ব—জীবন ধারণ করিব। তাহি—তাহা।
বিদ্যাপতি....কান—বিদ্যাপতি সান্ত্বনা দিবার জন্য বলিতেছেন, তুমি দুঃখ করিও না, তিনি চিরতরে চলিয়া যান নাই, কৌতুক দেখিবার জন্য তিনি তথায় লুকাইয়া রহিয়াছেন।
ছাপি—লুকাইয়া। তঁহি—সেখানে। রহু—রহিয়াছেন।

৫। গেও—গিয়াছে। বিপথে....মালতি-মালা—যেন মালতি ফুলের মালা বিপথে কেহ ফেলিয়া দিয়াছে।
পড়ল—পড়িল। পুছসি—জিজ্ঞাসা করিতেছ। কৈছনে—কেমন করিয়া।
নয়নক—নয়নের। নিন্দ—নিদ্রা। বয়নক—বয়ানের, মুখের।
সুখ....পিয়া-সঙ্গ—প্রিয়ের সঙ্গে সুখ গিয়াছে। বরনারী—সুন্দরী রমণী। সুজনক—সুজনের।
সুজনক....চারি—সজ্জন ব্যক্তির অশুভ সময় (কুদিন) মাত্র দুই-চার দিনের জন্য।

৬। চির চন্দন....ভেলা—যাঁহার সঙ্গে মিলনে পাছে এতটুকুও বাধা হয় এই আশঙ্কায় আমি বক্ষে বস্ত্র, চন্দন বা হার পরিতাম না, সেই প্রিয় এখন নদী ও পর্বতের ব্যবধানে গিয়াছেন।

হারো নারোপিতঃ কণ্ঠে ময়া বিশ্লেষ-ভীরুণা।
ইদানীমাবয়োর্মধ্যে সরিৎ-সাগরভূধরাঃ॥

মহানাটকের এই শ্লোকটির ভাব এই পদে সুস্পষ্ট।

চির—চীর, বসন। উরে—বক্ষে। না দেলা—দিই নাই। আঁতর—অন্তর, ব্যবধান। কাহুক—কাহাকেও।
না গণলা—গণনা করি নাই। মোহে—আমাকে। কে কি না কহলা—কেই বা কি না বলিয়াছে।

বড় দুখ রহল মরমে।
পিয়া বিছুরল যদি কি আর জীবনে ।।
পূরব জনমে বিহি লিখিল ভরমে।
পিয়াক দোখ নাহি যে ছিল করমে ।।
আন অনুরাগে পিয়া আন দেশে গেলা।
পিয়া বিনে পাঁজর ঝাঁঝর ভেলা ।।
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরজ ধরহ চিতে মিলব মুরারি ।।

৭

এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ।।
ঝম্পি ঘন গর- জন্তি সন্ততি
ভুবন ভরি বরিখন্তিয়া।
কান্ত পাহুন কাম দারুণ
সঘনে খর শর হন্তিয়া ।।
কুলিশ শত শত পাত-মোদিত
ময়ূর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া ।।

বিছুরল—বিস্মৃত হইল, যদি আমায় ভুলিয়া গেল।
পূরব জনমে....ভরমে—পূর্বজন্মে ভুলক্রমে (ভরমে) বিধাতা আমার ভাগ্যে যাহা লিখিয়াছিলেন তাহাই হইল।
পিয়াক দোখ....করমে—আমার প্রিয়ের কোনও দোষ নাই; যাহা আমার কর্মে ছিল, তাহাই ফলিতেছে।
আন—অন্য। পাঁজর—বক্ষঃপঞ্জর। ঝাঁঝর—ছিদ্রময়।

৭। ওর—সীমা। ভরা—পূর্ণ। বাদর—বাদল, বর্ষা। মাহ—মাস।
ভাদর—ভাদ্র। এই ভাদ্রমাসে ভরা বাদল, কিন্তু আমার গৃহ শূন্য।
ঝম্পি—ঝাঁপিয়া, দশ দিক্ ব্যাপিয়া। ঘন—মেঘ। গরজন্তি—গর্জন করিতেছে।
সন্ততি—সতত। বরিখন্তিয়া—বর্ষণ করিতেছে। পাহুন—প্রবাসী।
কাম....হন্তিয়া—নিষ্ঠুর (দারুণ) কামদেব সঘনে তীক্ষ্ণ শর হানিতেছে।
কুলিশ....মাতিয়া—শত শত কুলিশপাত (বজ্রপাত) দ্বারা আনন্দিত (মোদিত) ময়ূর মত্ত হইয়া নাচিতেছে।
দাদুরী—ভেক।
ফাটি....ছাতিয়া—আমার বুক ফাটিয়া যাইতেছে, কারণ আমার প্রিয় নিকটে নাই।

তিমির দিগ ভরি ঘোর যামিনী
অথির বিজুরিক পাতিয়া।
বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি
হরি বিনে দিন রাতিয়া॥

৮

পিয়ার ফুলের বনে পিয়ার ভ্রমরা।
পিয়া বিনে মধু না খায় ঘুরি বুলে তারা॥
মো যদি জানিতাম পিয়া যাবেরে ছাড়িয়া।
পরাণে পরাণ দিয়া রাখিতাম বান্ধিয়া॥
কোন নিদারুণ বিধি মোর পিয়া নিল।
এ ছার পরাণ কেনে অবহুঁ রহিল॥
মরম-ভিতর মোর রহি গেল দুখ।
নিচয়ে মরিব পিয়ার না দেখিয়া মুখ॥
এইখানে করিত কেলি রসিয়া নাগর-রাজ।
কেবা নিল কিবা হৈল কে পাড়িল বাজ॥
সে পিয়ার প্রেয়সী আমি আছি একাকিনী।
এ ছার শরীরে রহে নিলজ পরাণী॥
চরণে ধরিয়া কান্দে গোবিন্দ দাসিয়া।
মুঞি অভাগিয়া আগে যাইব মরিয়া॥

৯

প্রেমক অঙ্কুর জাত আত ভেল
না ভেল যুগল পলাশা।
প্রতিপদ-চাঁদ উদয় যৈছে যামিনী
সুখ-লব ভৈ গেল নৈরাশা॥
সখি হে, অব মোহে নিঠুর মাধাই।
অবধি রহল বিছুরাই॥

অথির বিজুরিক পাঁতিয়া—বিদ্যুতের সমূহ (পঙ্‌ক্তি) অস্থির (অথির) হইয়া ছুটাছুটি করিতেছে।
গোঙায়বি—যাপন করিবি। রাতিয়া—রাত্রি।
৮। বুলে—ভ্রমণ করে। অবহুঁ—এখনও। নিচয়ে—নিশ্চয়।
রসিয়া—রসিক। নিলজ—নির্লজ্জ।
৯। প্রেমক অঙ্কুর....পলাশা—প্রেমের অঙ্কুর জাত-মাত্রেই অর্থাৎ জন্মলাভ করিবার সঙ্গে সঙ্গেই আতপ (আত) অর্থাৎ রৌদ্র দেখা দিল;—দুটি কচি পল্লবও মেলিবার সুযোগ পাইল না।
সুখ-লব—সুখ-কণা, কণামাত্র সুখ।
অবধি—মিলনের প্রতিশ্রুত সময়ের সীমা। বিছুরাই—ভুলিয়া।

কো জানে চাঁদ চকোরিণা বঞ্চব
মাধবী মধুপ সুজান।
অনুভবি কানু-পিরীতি অনুমানিয়ে
বিঘটিত বিহি-নিরমাণ॥
পাপ পরাণ আন নাহি জানত
কানু কানু করি ঝুর।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
গোবিন্দদাস রস-পূর॥

১০

অঙ্কুর তপন- তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।
এ নব যৌবন বিরহে গোঙায়ব
কি করব সো পিয়া-লেহে॥
হরি হরি কো ইহ দৈব দুরাশা।
সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা॥
চন্দন-তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিখব আগি।
চিন্তামণি যব নিজগুণ ছোড়ব
কি মোর করম অভাগি॥

অনুভবি.... বহি-নিরমাণ—শ্রীকৃষ্ণের প্রেম অনুভব করিয়া, অর্থাৎ শ্রীকৃষ্ণের প্রেমের অস্বাভাবিক গতি লক্ষ্য করিয়া অনুমান হইতেছে, বিধাতার নির্ম্মাণ অর্থাৎ বিধাতার বিধান সব উলোট-পালট হইয়া গিয়াছে, অর্থাৎ সৃষ্টিছাড়া কাণ্ড ঘটিতেছে। প্রেমিক প্রেমিকাকে প্রেমদানে বঞ্চিত করিবে ইহা ত সৃষ্টির নিয়ম নয়। তাই শ্রীকৃষ্ণের ব্যবহার প্রেমিকা শ্রীরাধার নিকট নিতান্ত সৃষ্টিছাড়া এবং অস্বাভাবিক বলিয়া মনে হইতেছে।

১০। জারব—পুড়িবে।

বারিদ মেহে—জলবাহী মেঘে। অঙ্কুর হইতেই যদি রবি-তাপে পুড়িয়া গেল, তাহা হইলে (পরে) জলপূর্ণ মেঘে আর কি করিবে? মেহে—মেঘে।

পিয়া-লেহে—বন্ধুর স্নেহে; তাঁহার ভালবাসায় তখন আর কি লাভ হইবে?

ইহ—এখানে।

দৈব-দুরাশা—কোন্ দুর্দ্দৈব এই ক্ষেত্রে (এমন) দুঃখ ঘটাইল। দুরাশা—নৈরাশ্য।

পিয়াসা—পিপাসা। ছোড়ব—ছাড়িবে। বরিখব—বর্ষণ করিবে। আগি—অগ্নি।

চিন্তামণি—একপ্রকার মণি যাহার গুণে যাহা চিন্তা করা যায়, তাহাই সুলভ হয়। আমার ভাগ্য-দোষে চিন্তামণিও নিজ গুণ ত্যাগ করিল, ইহা অপেক্ষা কর্ম্মফলজনিত অভাগ্য আর কি আছে?

শ্রাবণ মাহ ঘন বিন্দু না বরিখব
সুরতরু বাঁঝকি ছন্দে।
গিরিধর সেবি ঠাম নাহি পাওব
বিদ্যাপতি রহু ধন্ধে॥

১১

যো মুখ নিরখনে নিমিখ না সহই।
তাহে পরবোধসি আওব কহই॥
শুন সখি কি বোলব তোয়।
নিলজ প্রাণ সহজে রহু মোয়॥
সো গুণনিধি যদি প্রেম ছামে ছোড়।
তিল এক জীবইতে লাজ রহু মোর॥
জনু বড়বানল হৃদি-মাহা এহ।
কিয়ে সুখ-লাগি ভসম নহ দেহ॥
অব মঝু জীবন উপেখন হোয়।
গোবিন্দদাস ও মুখ হেরি রোয়॥

মাহ—মাস। ঘন—মেঘ। সুরতরু—কল্পতরু।
গিরিধর—যিনি গোবর্দ্ধনগিরি ধারণ করিয়া সমস্ত গোকুলকে ইন্দ্রের ক্রোধ হইতে আশ্রয় দিয়াছিলেন, সেই সর্বজন-শরণ্য শ্রীকৃষ্ণ।
বাঁঝকি ছন্দে—বন্ধ্যার মত (ছন্দে)। বাঁঝকি—বাঁঝার, বন্ধ্যার।
ঠাম—ঠাঁই, স্থান। পাওব—পাইব।
ধন্ধে—ধাঁধায়; বিদ্যাপতি ইহার মর্ম্ম বুঝিতে পারেন না, তাঁহার নিকট এটি একটি ধাঁধা (রহস্য)।
সমুদ্রের নিকটে যাইয়া শুষ্ককণ্ঠ হইয়া ফিরিয়া আসা (জলনিধির নিকট জল না পাওয়া), চন্দনবৃক্ষের নিকটে যাইয়া সুগন্ধ না পাওয়া, চন্দ্রকিরণে অগ্নির উত্তাপ লাভ করা, শ্রাবণ মাসে মেঘের নিকট এক বিন্দু জল না পাওয়া, চিন্তামণির গুণ ব্যর্থ হওয়া এবং কল্পতরুর বন্ধ্যাত্ব,—কৃষ্ণকে সেবা করিয়া ফল না পাওয়ার মতই। বিদ্যাপতি এই রহস্য ভেদ না করিতে পারিয়া গোলে পড়িয়াছেন।

১১। পরবোধসি—প্রবোধ দিতেছ।
যো মুখ....কহই—যে (শ্রীকৃষ্ণের) মুখ দেখিবার জন্য নিমেষের বাধা সহ্য হয় না, (সেই প্রিয়তম শ্রীকৃষ্ণ) আসিবেন বলিয়া তোমরা আমাকে প্রবোধ দিতেছ।
নিলজ....মোয়—(নিতান্ত) নির্লজ্জ বলিয়াই আমার এ প্রাণ সহজে অর্থাৎ অনায়াসে রহিয়া গেল—(প্রিয়তমের বিরহে দেহপিঞ্জর ছাড়িয়া বাহির হইয়া গেল না)।
বড়বানল—সমুদ্র-মধ্যস্থ অগ্নি। জনু—যেন।
জনু....দেহ—সমুদ্র-বক্ষে যেমন বড়বানল জ্বলিতে থাকে, আমার হৃদয়ের মধ্যে সেইরূপ কৃষ্ণবিরহ-রূপ বড়বানল জ্বলিতেছে। কি সুখের আশায় যে এ দেহ (সেই বিরহানলে) দগ্ধ হইয়া ভস্মে পরিণত হইতেছে না, তাহা বুঝিতে পারিতেছি না। উপেখন—উপেক্ষণীয়।

১২

কহিও কানুরে সই কহিও কানুরে।
এক বার পিয়া যেন আইসে ব্রজপুরে ॥
রোপিনু মল্লিকা নিজ করে।
গাঁথিয়া ফুলের মালা পরাইও তারে ॥
নিকুঞ্জে রাখিনু এই মোর হিয়ার হার।
পিয়া যেন গলায় পরয়ে এক বার ॥
এই তরুশাখায় রহিল শারিশুকে।
এই দশা পিয়া যেন শুনে ইহার মুখে ॥
এই বনে রহিল মোর রঙ্গিণী হরিণী।
পিয়া যেন ইহারে পুছয়ে সব বাণী ॥
শ্রীদাম সুবল আদি যত তার সখা।
ইহা সবার সনে তার পুন হবে দেখা ॥
দুখিনী আছয়ে তার মাতা যশোমতী।
আসিতে যাইতে তার নাহিক শকতি ॥
তারে আসি যেন পিয়া দেয় দরশন।
কহিও বন্ধুরে এই সব নিবেদন ॥
শুনিয়া আকুল দূতী চলু মধুপুর।
কি কহব শেখর বচন নাহি ফুর ॥

১৩

যাঁহা পহুঁ অরুণ-চরণে চলি যাত।
তাঁহা তাঁহ ধরণী হইয়ে মঝু গাত ॥

১২। এই পদটি রাধার দশমী দশার অর্থাৎ মৃত্যু-অবস্থার; কৃষ্ণের জন্য তিনি প্রাণত্যাগ করিতে বসিয়াছেন। মুমূর্ষু রাধা বলিতেছেন, আমার মৃত্যুর পরে কৃষ্ণ যেন এই বৃন্দাবনে এক বার আইসেন, এই অনুরোধ তাঁহাকে জানাইও।

মল্লিকা ফুলের চারা পুঁতিয়াছিলাম, তাঁহাকে সেই ফুলের মালা পরাইব বলিয়া। আমার ভাগ্যে তাহা হইল না, যখন এই গাছে ফুল ধরিবে তখন আমি আর এ জগতে থাকিব না—তোমরা ফুলের মালা গাঁথিয়া তাঁহাকে পরাইও।

এই....ইহার মুখে—ইহাদের মুখে যেন তিনি আমার এই দশার কথা শুনেন।

কি কহব....ফুর—পদকর্তা শেখর বলিতেছেন, তিনি আর কি কহিবেন, তাঁহার বাক্যস্ফুরণ হইতেছে না।

১৩। যাঁহা পহুঁ....ঠাম—বিরহ এবং মৃত্যু ইহাদের মধ্যে কোন্‌টি কাম্য তাহা লইয়া শ্রীরাধার মধ্যে দ্বন্দ্ব চলিতেছিল। অবশেষে শ্রীরাধা মৃত্যুকেই কাম্য বলিয়া স্থির করিলেন।—ভাবিলেন, বিরহ

যো দরপণে পহুঁ নিজ মুখ চাহ।
মঝু অঙ্গ জ্যোতি হোই তথি মাহ॥
এ সখি বিরহ-মরণ নিরদন্দ।
ঐছনে মিলই যব গোকুল-চন্দ॥
যো সরোবরে পহু নিতি নিতি নাহ।
মঝ অঙ্গ সলিল হোই তথি মাহ॥
যো বীজনে পহুঁ বীজই গাত।
মঝু অঙ্গ তাহি হোই মৃদু বাত॥
যাঁহা পহুঁ ভরমই জলধর-শ্যাম।
মঝু অঙ্গ গগন হোই তছু ঠাম॥
গোবিন্দদাস কহ কাঞ্চন-গোরি।
সো মরকত-তনু তোহে কিয়ে ছোড়ি

এবং মৃত্যুর দ্বন্দ্ব- সমস্যার এইখানেই সমাধান হইল। পরক্ষণেই কিন্তু শ্রীরাধার মনে পড়িয়া গেল, মৃত্যুর পর পঞ্চ-ভূতে-গড়া তাঁর এই নশ্বর দেহ ত পঞ্চ-ভূতে মিশিয়া নিশ্চিহ্ন হইয়া যাইবে। যদি দেহই নিশ্চিহ্ন হইয়া গেল, তবে শ্রীকৃষ্ণের সঙ্গ-সুখ কি দিয়া তিনি উপভোগ করিবেন? এইভাবে শ্রীরাধার দোলায়মান চিত্তে বিরহ এবং মৃত্যুর দ্বন্দ্ব আবার নূতন করিয়া দেখা দিল, অর্থাৎ তাঁহার মনে আবার নূতন করিয়া প্রশ্ন জাগিল, তাঁহার নিকট বিরহ এবং মৃত্যু কোন্‌টি কাম্য। শ্রীরাধা কিন্তু শেষ পর্য্যন্ত এ দ্বন্দ্বেরও সমাধান করিলেন।—তিনি মনে মনে কামনা করিলেন, তাঁহার দেহের যে অংশ (ক্ষিতি) মৃত্তিকার সহিত মিশিয়া যাইবে, তাহা যেন সেই স্থানের মৃত্তিকায় পরিণত হয়, যে স্থান দিয়া শ্রীকৃষ্ণ প্রতিদিন গমনাগমন করেন; তাঁহার দেহের তেজ-অংশ শ্রীকৃষ্ণ যে দর্পণে মুখ দেখেন, তাহারই জ্যোতি (তেজ) হইয়া যেন বিরাজ করে; তাঁহার দেহের সলিলাংশ, শ্রীকৃষ্ণ যে সরোবরে স্নান করেন, তাহারই সলিলে (অপ্) যেন পরিণত হয়; তাঁহার দেহের বায়ু-অংশ শ্রীকৃষ্ণ যে পাখাটি ব্যবহার করেন, তাহারই যেন মৃদু বাতাস (মরুৎ) হইয়া দেখা দেয়; তাঁহার দেহের আকাশাংশ, যে আকাশে শ্যাম-জলধর বিচরণ করেন, সেই শ্যাম-জলধরের বিহার-ক্ষেত্র আকাশ (ব্যোম) হইয়া যেন বিরাজ করে। বিরহ এবং মৃত্যুর যে দ্বন্দ্ব শ্রীরাধার দোলায়মান চিত্তকে এতক্ষণ বিক্ষুব্ধ করিতেছিল, সে দ্বন্দ্বের এতক্ষণে অবসান হইল। শ্রীরাধা এখন নিশ্চিন্ত মনে বলিতেছেন—সখি, মৃত্যুর ভিতর দিয়া শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইবার পথ যখন এতদিকে খোলা রহিয়াছে, তখন বিরহ এবং মৃত্যুর মধ্যে কোন্‌টিকে বাছিয়া লইব, তাহা লইয়া ত কোন প্রশ্নই উঠে না, অর্থাৎ বিরহ এবং মৃত্যুর দ্বন্দ্ব ত এখানেই মিটিয়া গেল।

✓ ১৪

ধৈর্য্যং রহু ধৈর্য্যং রাই গচ্ছং মথুরাওয়ে।
ঢুঁড়ব পুরী প্রতি প্রতক্ষে
যাঁহা দরশন পাওয়ে।।
ভদ্রং অতি ভদ্রং শীঘ্রং কুরু গমনা।
অবিলম্বনে মথুরপুর আওল ব্রজরমণা।।
মথুরাবাসিনী এক রমণী
তাকর দূতী পুছে।
নন্দ-নন্দন কৃষ্ণখ্যাত
কাহার ভবনে আছে।।
শুনি তার বাণী কহয়ে সো ধনি
সো কাহে ইহ আওয়ব।
দেবকীসুত কৃষ্ণখ্যাত কংসঘাতী মাধব।।
সোই সোই কোই কোই
(তারি) দরশনে মোর আসা।
যদনন্দন দাসে কহে ঐ যে উচচ বাসা।।

১৪। প্রতক্ষে—প্রত্যক্ষভাবে।

ধৈর্য্যং রহু....প্রতক্ষে—বিরহকাতরা শ্রীরাধাকে সখী বলিতেছে—রাই, ধৈর্য্য ধর, আমি (শ্রীকৃষ্ণকে ফিরাইয়া আনিবার জন্য) মথুরায় যাইতেছি। সেখানে গিয়া আমি প্রত্যেক গৃহে নিজে গিয়া প্রত্যক্ষভাবে তন্ন তন্ন করিয়া খুঁজিব।

ভদ্রং....গমনা—উত্তরে শ্রীরাধা বলিলেন—তোমার যাত্রা শুভ হৌক, অবিলম্বে তুমি বাহির হইয়া পড়।

অবিলম্বনে....আছে—অতঃপর সেই ব্রজরমণী অর্থাৎ রাধার সেই দূতীটি অবিলম্বে মথুরায় আসিয়া উপস্থিত হইল। সেখানে এক মথুরাবাসিনী রমণীর সহিত তাহার পথে দেখা। দূতী তাহাকে জিজ্ঞাসা করিল—হ্যাঁ গা, নন্দ-নন্দন কৃষ্ণ বলিয়া খ্যাত মানুষটি কাহার বাড়ীতে আছে বলিতে পার?

শুনি....মাধব—তাহার কথা শুনিয়া সেই মথুরাবাসিনীটি বলিল—সে এখানে আসিতে যাইবে কেন? এখানে কৃষ্ণ নামে খ্যাত এক ব্যক্তি আছেন বটে, কিন্তু তিনি ত নন্দ-নন্দন নন্, তিনি দেবকীনন্দন। তাঁর আর একটি নাম হচ্ছে কংসঘাতী মাধব।

সোই সোই....বাসা—উল্লসিত হইয়া দূতী বলিয়া উঠিল—হ্যাঁ, হ্যাঁ, সেই বটে, সেই বটে, কোথায় গেলে তাঁকে পাব বলিতে পার?—তাঁর সঙ্গে দেখা করিতেই ত আমার এতটা পথ আসা। দূতীর আগ্রহাতিশয্য দেখিয়া পদকর্ত্তা বলিতেছেন—"ঐ যে উচচ প্রাসাদ দেখিতেছ ঐখানে তাঁর দেখা পাইবে।

১৫

মাধব, দুবরী পেখলু তাই।
চৌদশী-চাঁদ জনু অনুখণ খীয়ত
ঐছন জীবয়ে রাই ॥
নিয়ড়ে সখীগণ বচন যো পুছত
উতর না দেয়ই রাধা।
হা হরি হা হরি করতহি অনুখণ
তুয়া মুখ হেরইতে সাধা ॥
সরসহি মলয়জ- পঙ্কহি পঙ্কজ
পরশে মানয়ে জনু আগি।
কবহি ধরণী- শয়নে তনু চমকিত
হৃদি-মাহা মনমথ জাগি ॥
মন্দ মলয়ানিল বিষ সম মানই
মূরছই পিককুল-রাবে।
মালতী-মাল- পরশে তনু কম্পিত
ভূপতি ইহ কহ ভাবে ॥

১৬

রাইয়ের দশা সখীর মুখে।
শুনিয়া নাগর মনের দুখে ॥
নয়নের জলে বহয়ে নদী।
চাহিতে চাহিতে হরল বুধি ॥

১৫। দুবরী—দুর্ব্বলা। তাই—তাহাকে। চৌদশী-চাঁদ—চতুর্দ্দশীর চাঁদ
খীয়ত—ক্ষীণ হয়। নিয়ড়ে—নিকটে। মলয়জ—মলয়-পর্ব্বত-জাত চন্দন।
মলয়জ-পঙ্ক—চন্দন-পঙ্ক; কর্দ্দমবৎ ঘষা চন্দন। আগি—অগ্নি।
সরসহি....আগি—সরস চন্দন-পঙ্ক এবং পঙ্কজ তাহার নিকট (অগ্নির মত) জ্বালাদায়ক মনে হয়।
ভূপতি ইহ কহ ভাবে—পদকর্ত্তা ভূপতি রাধার এই ভাবের অর্থাৎ অবস্থার কথা কহিতেছে।

১৬। বুধি—বুদ্ধি।

অনেক যতনে ধৈরজ ধরি।
বরজ-গমন ইছিল হরি ॥
আগে আগুয়ান করিয়া তার।
সখী পাঠাইল কহিয়া সার ॥
এখনি আসিছি মথুরা হৈতে।
ইথে আনমত না ভাব চিতে।
অধিক উল্লাসে সখিনী ধায়।
বড়ু চণ্ডীদাস তাহাই গায় ॥

বরজ-গমন--বৃন্দাবনে গমন।

ইছিল—ইচ্ছা করিলেন।

আনমত—অন্যথা, অন্যপ্রকার

### ত্রয়োদশ স্তবক

# ভাবোল্লাস ও মিলন

১

সই, জানি কুদিন সুদিন ভেল।
মাধব মন্দিরে তুরিতে আওব
কপাল কহিয়া গেল ।।
চিকুর ফুরিছে বসন উড়িছে
পুলক যৌবন-ভার।
বাম অঙ্গ আঁখি সঘনে নাচিছে
দুলিছে হিয়ার হার ।।
প্রভাত-সময় কাক-কোলাহলি
আহার বাঁটিয়া খায়।
পিয়া আসিবার কথা শুধাইতে
উড়িয়া বসিল তায় ।।
মুখের তাম্বূল খসিয়া পড়িছে
দেবের মাথার ফুল।
চণ্ডীদাস কহে সব ভেল শুভ
বিহি ভেল অনুকূল ।।

১। সই....ভেল—সখি, বোধ হয় কুদিন সুদিনে পরিণত হইল।
ভেল—হইল। মন্দিরে তুরিতে আওব—গৃহে শীঘ্র আসিবেন।
কপাল কহিয়া গেল—আমার অদৃষ্ট যেন আমাকে বলিয়া গেল। 'কপালি' পাঠান্তর—কপালগণক।
চিকুর ফুরিছে—আনন্দে চুলগুলি স্ফুরিত হইতেছে।
পুলক....ভার—যৌবন বোঝার মত পীড়া দিতেছে না, বরঞ্চ যৌবনের ভার আনন্দদায়ক বলিয়া বোধ হইতেছে।
প্রভাত....বসিল তায়—কাক ভবিষ্যদ্বক্তা বলিয়া বিদিত। কাকচরিত্র পাঠ করিলে জানা যায়, কাকের বিচিত্র প্রকার ডাকে শুভ বা অশুভ সূচিত হয়। কাকের মুখে প্রিয়ের আগমনবার্ত্তা শুনিবার জন্য রাধা ব্যাকুল হইয়া কত প্রশ্ন করেন—তাহাদিগকে খাবার জিনিষ দিয়া সুসংবাদ শুনিবার জন্য ব্যাকুল হন, কিন্তু কাকেরা খাবার খাইয়া চলিয়া যায়—তাঁহার কথার উত্তরে কোন শুভ ইঙ্গিত দেয় না। কিন্তু আজ তাহারা তাঁহার আহ্বানে প্রফুল্লচিত্তে নিকটে উড়িয়া আসিয়া বসিল।
মুখের তাম্বূল....ফুল—আনন্দের চিহ্নস্বরূপ চর্বিত পান আপনা আপনি খসিয়া পড়িতেছে এবং দেবতার মাথা হইতে আশীর্ব্বাদী ফুল পড়িতেছে।
বিহি....অনুকূল—বিধাতা অনুকূল হইয়াছেন।

২

পিয়া যব আওব এ মঝু গেহে।
মঙ্গল যতহুঁ করব নিজ দেহে॥
বেদি করব হাম আপন অঙ্গমে।
ঝাড়ু করব তাহে চিকুর বিছানে॥
আলিপনা দেওব মোতিম হার।
মঙ্গল-কলস করব কুচভার॥
কদলী-রোপব হাম গুরুয়া নিতম্ব।
আম্র-পল্লব তাহে কিঙ্কিণি সুঝম্প॥
দিশি দিশি আনব কামিনী-ঠাট।
চৌদিগে পসারব চাঁদক হাট॥
বিদ্যাপতি কহ পূরব আশ।
দুই-এক পলকে মিলব তুয়া পাশ॥

৩

বহুদিন পরে বঁধুয়া এলে।
দেখা না হইত পরাণ গেলে
এতেক সহিল অবলা ব'লে।
ফাটিয়া যাইত পাষাণ হ'লে॥
দুখিনীর দিন দুখেতে গেল।
মথুরা নগরে ছিলে ত ভাল॥

২। ভাবোল্লাসের পদ।

তত্ত্বের দিক্ দিয়া দেখিলে এই পদটিতে পরমাত্মার সঙ্গে জীবাত্মার মিলন-প্রসঙ্গ আছে বলিয়া মনে হয়। এখানে সাধকের দেহই মঙ্গল-আচারের স্থান,—সাধকের অঙ্গই বেদী, এবং তাঁহার নিজের কেশ দিয়াই সে বেদীতে ঝাট দেওয়া হইবে; আলিপনার দরকার নাই, শুভ্র মোতির হারই আলিপনা হইবে। "The human body is the highest temple of God" এই উক্তির সার্থকতা এই কবিতাটিতে দৃষ্ট হইবে। রসের দিক্ দিয়া দেখিলে এই পদে, বহুদিন পরে বন্ধুর আগমনের আশায়, নায়িকার অপূর্ব ভাবোল্লাস বা মিলনানন্দের কল্পনা সূচিত হইয়াছে।

সুঝম্প—আন্দোলিত।

দিশি দিশি....ঠাট—মাঙ্গলিক অনুষ্ঠানে বহু রমণীর উপস্থিতি আবশ্যক। আমি এরূপ বিচিত্র বিলাস-কলা বিস্তার করিব যে মনে হইবে বহু রমণীর সমাবেশ হইয়াছে।

চৌদিগে....হাট—এমন রূপ বিস্তার করিব যে মনে হইবে যেন চারিদিকে চাঁদের হাট মিলিয়াছে।

৩। এতেক....হ'লে—আমি অবলা এ জন্য এই কষ্ট সহ্য করিয়াছি। কিন্তু পাষাণ হইলেও এত দুঃখে ফাটিয়া যাইত।

এ সব দুখ কিছু না গণি।
তোমার কুশলে কুশল মানি॥
সব দুখ আজি গেল হে দূরে।
হারান রতন পাইলাম কোরে॥
(এখন) কোকিল আসিয়া করুক গান।
ভ্রমরা ধরুক তাহার তান॥
মলয়-পবন বহুক মন্দ।
গগনে উদয় হউক চন্দ॥
বাশুলী-আদেশে কহে চণ্ডীদাসে।
দুখ দূরে গেল সুখবিলাসে॥

৪

(আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়া-মুখ-চন্দা।
জীবন-যৌবন সফল করি মানলুঁ
দশ দিশ ভেল নিরদন্দা॥)
আজু মঝু গেহ গেহ করি মানলুঁ
আজু মঝু দেহ ভেল দেহা।
আজু বিহি মোহে অনুকূল হোয়ল
টুটল সবহুঁ সন্দেহা॥
সোই কোকিল অব লাখ লাখ ডাকউ
লাখ উদয় করু চন্দা।
পাঁচবাণ অব লাখ বাণ হোউ
মলয় পবন বহু মন্দা॥

তোমার কুশলে কুশল মানি—আমার নিজের দুঃখকে দুঃখ বলিয়া গণনা করি না, যদি তুমি কুশলে থাকিয়া থাক।
কোরে—ক্রোড়ে, বক্ষে।
(এখন) কোকিল....চন্দ—কোকিলের গান, অলিকুলের গুঞ্জন, মলয়ানিলহিল্লোল এবং চন্দ্রের কিরণ বিরহিণীর পক্ষে পীড়াদায়ক বলিয়া কবি-প্রসিদ্ধি আছে। তাই শ্রীরাধা বলিতেছেন, এখন তুমি আমার বক্ষে ফিরিয়া আসিয়াছ, এখন আমি মলয়ানিল প্রভৃতিকে আর ভয় করি না।

৪। ভাগে—বহু ভাগ্যে। পেখলুঁ—দেখিলাম।
পিয়া-মুখ-চন্দা—প্রিয়ের মুখচন্দ্র। নিরদন্দা—নির্দ্বন্দ্ব, প্রসন্ন। মঝু—আমার
আজু মঝু....দেহা—আজ আমার গৃহ গৃহ বলিয়া মানিলাম; আজ আমার দেহ দেহ বলিয়া মনে হইতেছে।
টুটল—দূর হইল। সবহুঁ—সকল।
সোই....মন্দা—সেই কোকিল এখন লক্ষবার ডাকুক, এখন লক্ষ চন্দ্র উদিত হউক, (কামদেবের) পঞ্চ শর এখন লক্ষ শর হউক এবং মলয় পবন মন্দ মন্দ প্রবাহিত হউক। পূর্বে কৃষ্ণকে না দেখিয়া প্রাকৃতিক সৌন্দর্য্য ও সুখরাশি আমার পক্ষে দুঃসহ হইয়াছিল। [পূর্বপদের সহিত তুলনীয়।]

অব মঝু যব পিয়া সঙ্গ হোয়ত
তবহুঁ মানব নিজ দেহা।
বিদ্যাপতি কহ অলপ ভাগি নহ
ধনি ধনি তুয়া নব লেহা ।।

৫

কি কহব রে সখি আনন্দ ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর ।।
পাপ সুধাকর যত দুখ দেল।
পিয়া-মুখ-দরশনে তত সুখ ভেল ।।
আঁচর ভরিয়া যদি মহানিধি পাই।
তব হাম পিয়া দূর দেশে না পাঠাই ।।
শীতের ওঢ়নী পিয়া গীরিষির বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ।।
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক দুখ দিবস দুই-চারি ।।

ধনি....লেহা—তোমার নবীন প্রেম ধন্যাতিধন্য।

৫। চিরদিনে....মন্দিরে মোর—বহুকাল পরে মাধব আমার গৃহে আসিয়াছেন। চিরদিনে—দীর্ঘ দিনের পরে।
আঁচর ভরিয়া....পাঠাই—অর্থের জন্য স্ত্রী স্বামীকে প্রবাসে পাঠাইতে বাধ্য হয়; কিন্তু আমি যদি আঁচল ভরিয়া মহামূল্য রত্ন পাই, তাহা হইলেও প্রিয়কে আর দূরে পাঠাইব না।
ওঢ়নী—গাত্রাবরণ, ওড়না। গীরিষির—গ্রীষ্মের। দরিয়া—নদী। না—নৌকা।

## চতুর্দ্দশ স্তবক

# প্রার্থনা

মাধব, বহুত মিনতি করি তোয়।
দেই তুলসী তিল দেহ সমর্পিলুঁ
দয়া জনু ছোড়বি মোয়॥
গণইতে দোষ গুণ-লেশ না পাওবি
যব্ তুহুঁ করবি বিচার।
তুহুঁ জগন্নাথ জগতে কহায়সি
জগ বাহির নহ মুঞি ছার॥
কিয়ে মানুষ পশু পাখী কিয়ে জনমিয়ে
অথবা কীট পতঙ্গ।
করম-বিপাকে গতাগতি পুন পুন
মতি রহু তুয়া পরসঙ্গ॥

১। দেই—দিয়া।

দেই তুলসী....সমর্পিলুঁ—তিল-তুলসী দ্বারা কোন জিনিষ দান করিলে তাহা আর ফিরাইয়া লইবার উপায় থাকে না—আমার এই দেহ তোমাকে তিল-তুলসী দিয়া সমপ ণ করিতেছি; অর্থাৎ এই দেহের উপর আমার দাবী একেবারে ত্যাগ করিলাম। তুমি ইহাকে যে ভাবে চালাইবে, ইহা সেই ভাবেই চলিবে। তোমারই মন্দিরের পথে আমার পা চলিবে, তোমার দিকে আমার চক্ষু চাহিয়া থাকিবে, তোমারই নাম আমার জিহ্বা জপ করিবে—ইত্যাদি।

জনু, জনি—যেন না।

গণইতে....বিচার—যখন তুমি আমার দোষগুণের বিচার করিবে, তখন দোষ গণিতে যাইয়া—গুণলেশ আমার মধ্যে পাইবে না।

তুহুঁ জগন্নাথ....কহায়সি—তুমি জগতের নাথ বলিয়া ঘোষণা করিতেছ। আমার কেবল ভরসা এই যে লোকে তোমাকে জগতের নাথ বলে; আমি অতি অপরাধী হইলেও, যখন তোমারই জগতে বাস করিতেছি, তখন একদিন না একদিন আমাকে উদ্ধার করিতেই হইবে।

কিয়ে—কিবা। করম—কর্ম্ম। তুয়া পরসঙ্গ—তোমার প্রসঙ্গ।

কিয়ে মানুষ....পরসঙ্গ—কর্ম্মফলবশতঃ কি মনুষ্য, কি পশু অথবা কীট-পতঙ্গ যেরূপ জন্মই না কেন আমি গ্রহণ করি—সকল জন্মেই যেন তোমার প্রসঙ্গে আমার মতি থাকে।

ভণয়ে বিদ্যাপতি অতিশয় কাতর
তরইতে ইহ ভবসিন্ধু।
তুয়া পদপল্লব করি অবলম্বন
তিল এক দেহ দীনবন্ধু ॥

২

তাতল সৈকত বারিবিন্দু সম
সুত-মিত-রমণী-সমাজে।
তোহে বিসরি' মন তাহে সমর্পিলুঁ
অব মঝু হব কোন কাজে ॥
মাধব, হাম পরিণাম নিরাশা।
তুহুঁ জগ-তারণ, দীন-দয়াময়,
অতয়ে তোহারি বিশোয়াসা ॥
আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ,
জরা শিশু কতদিন গেলা।
নিধুবনে রমণী- রসরঙ্গে মাতলুঁ,
তোহে ভজব কোন বেলা ॥

তরইতে—উত্তীর্ণ হইতে। ইহ—এই।
পদপল্লব—'পদপলব' (প্লব—ভেলা) অধিকতর সঙ্গত মনে হয়।
তিল এক—এক তিলের অর্থাৎ কিয়ৎক্ষণের জন্য।
২। তাতল—উত্তপ্ত। সৈকত—বালু। সুত-মিত-রমণীসমাজে—পুত্র, মিত্র ও স্ত্রী।
তাতল....কাজে—উত্তপ্ত বালুকারাশির উপব পতিত জলবিন্দুর মত পুত্র-মিত্র-রমণী প্রভৃতি অর্থাৎ পুত্র-মিত্র-ভার্য্যাদি-পরিবৃত এই সংসার ক্ষণস্থায়ী। চিরস্থায়ী, শাশ্বত তোমাকে ভুলিয়া এহেন ক্ষণস্থায়ী সংসারে মন সমর্পণ করিয়াছিলাম। এখন আমি কোন্ কাজে লাগিব? অর্থাৎ আমার এ জীবনের মূল্য কি? অর্থাৎ আমার এ জীবন ব্যর্থ হইল।
তোহে—তোমাকে। বিসরি'—বিস্মৃত হইয়া। তাহে—তাহাদিগকে।
তুহুঁ....বিশোয়াসা—তুমি জগৎ-ত্রাতা, দীনের প্রতি দয়াশীল, এই জন্যই তোমার উপর বিশ্বাস (বিশোয়াসা) রাখিতেছি—যেহেতু আমি জগতের একজন ও অতি দীন। "জগ বাহির নহ মুঞি ছার"—তুলনীয়।
আধ জনম—অর্দ্ধজন্ম। নিন্দে—নিদ্রায়। জরা—বার্দ্ধক্য।
আধ জনম....গেলা—জীবনের অর্দ্ধেক কাল নিদ্রায় অতিবাহিত করিলাম; তার পরে শৈশব এবং বার্দ্ধক্যেও অনেক সময় কাটিল।

কত চতুরানন মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।
তোহে জনমি' পুন, তোহে সমাওত,
সাগর-লহরী সমানা ॥
ভণয়ে বিদ্যাপতি, শেষ শমন-ভয়
তুয়া বিনু গতি নাহি আরা।
আদি-অনাদিক- নাথ কহায়সি,
অব তারণ-ভার তোহারা ॥

৩

কপট চাতুরী চিতে জন-মন ভুলাইতে
লইয়ে তোমার নামখানি।
দাঁড়াইয়া সত্য-পথে অসত্য যজিয়ে তাথে
পরিণামে কি হবে না জানি ॥
ওহে নাথ, মো বড় অধম দুরাচার।
সাধু-শাস্ত্র-গুরু-বাক্য না মানিলুঁ মুঞি ধিক্
অতয়ে সে না দেখি উদ্ধার ॥
লোকে করে সত্য-বুদ্ধি মোর নাহি নিজ-শুদ্ধি
উদার হইয়া লোকে ভাঁড়ি।

চতুরানন—ব্রহ্মা, এক এক ব্রহ্মার পরমায়ু যুগ-যুগব্যাপী, এরূপ বহু ব্রহ্মা মরিয়া যাইতেছেন।
তুয়া—তোমার। সমাওত—প্রবেশ করে, লীন হইয়া যায়।
আদি....তোহারা—তুমি আদি ও অনাদির নাথ বলিয়া লোকে ঘোষণা করিতেছে—এখন (অব) তারণের (ত্রাণ করিবার) ভার তোমার (তোহারা)। পাঠান্তর—ভবতারণ-ভার।

৩। যজিয়ে—যাজন করি, অর্থাৎ পূজা করি।
দাঁড়াইয়া....তাথে—শ্রীচৈতন্য-প্রদর্শিত সত্য-পথে দাঁড়াইয়া অসত্যের পূজা করি, অর্থাৎ কপটতাকে হৃদয়ে স্থাপন করিয়া তাহারই সেবা করিতেছি। অতয়ে—অতএব।
লোকে....ভাঁড়ি—আমার নিজের চিত্তশুদ্ধি হয় নাই, লোকে কিন্তু মনে করে আমি সত্য-বুদ্ধি লাভ করিয়াছি, অর্থাৎ সত্য-পথের সন্ধান পাইয়াছি। উদারতার ভাণ করিয়া আমি তাহাদিগকে প্রতারিত করিতেছি।

প্রেমভাব মোরে করে নিজ-গুণে তারা তরে
আপনি হইলুঁ ছোঁচ হাঁড়ি ॥
চন্দ্রশেখর দাস এই মনে অভিলাষ
আর কি এমন দশা হব।
গোরা-পারিষদ-সঙ্গে সঙ্কীর্ত্তন-রস-রঙ্গে
আনন্দে দিবস গোঙাইব ॥

৪

হরি হরি, হেন দিন হইবে আমার।
দুহুঁ-অঙ্গ পরশিব দুহুঁ-অঙ্গ নিরখিব
সেবন করিব দোহাঁকার ॥
ললিতা বিশাখা সঙ্গে সেবন করিব রঙ্গে
মালা গাঁথি দিব নানা ফুলে।
কনক-সম্পুট করি কর্পূর তাম্বূল পূরি
যোগাইব অধর-যুগলে ॥
রাধাকৃষ্ণ বৃন্দাবন সেই মোর প্রাণধন
সেই মোর জীবন-উপায়।
জয় পতিত-পাবন দেহ মোরে এই ধন
তোমা বিনে অন্য নাহি ভায় ॥
শ্রীগুরু করুণা-সিন্ধু অধম জনার বন্ধু
লোক-নাথ লোকের জীবন।
হাহা প্রভু কর দয়া দেহ মোরে পদ-ছায়া
নরোত্তম লইল শরণ ॥

প্রেমভাব....হাঁড়ি—আমার অন্তরে আজিও প্রেমভাবের উন্মেষ হয় নাই, লোকে কিন্তু আমার অন্তরে প্রকৃত প্রেমভাব জাগিয়াছে এই দৃঢ় বিশ্বাস লইয়া আমার নিকট ছুটিয়া আসে এবং তাহাদের সরল বিশ্বাসের ফলে আমার সংস্পর্শে আসিয়া তরিয়া যায়, আমি নিজে কিন্তু সংসারের এই আঁস্তাকুড়ে বিষয়-বাসনার আবর্জনারাশির মধ্যে উচ্ছিষ্ট ভাঙ্গা হাঁড়ির মত অস্পৃশ্য হইয়া পড়িয়া থাকি।

৪। সেবন—সেবা। সম্পুট—কৌটা, ডিবা।
ভায়—দীপ্তি পায়; ভাল লাগে। শরণ—আশ্রয়।

৫

হরি হরি আর কবে এমন দশা হব।
ছাড়িয়া পুরুষ-দেহ কবে বা প্রকৃতি হব
দোঁহারে নূপুর পরাইব ॥
টানিয়া বান্ধিব চূড়া তাহে দিব গুঞ্জা-বেড়া
নানা ফুলে, গাঁথি দিব হার।
পীতাম্বর বাস অঙ্গে পরাইব সখা সঙ্গে
বদনে তাম্বূল দিব আর ॥
দুই রূপ মনোহারী দেখিব নয়ন ভরি
নীলাম্বরে দিব সাজাইয়া।
রতনের জরি আনি বান্ধিব বিচিত্র বেণী
দিব তাহে মালতী গাঁথিয়া ॥
হেন রূপ-মাধুরী দেখিব নয়ন ভরি
এই করি মনে অভিলাষ।
জয় রূপ-সনাতন দেহ মোরে এই ধন
নিবেদয়ে নরোত্তম দাস ॥

৫। দশা—অবস্থা। প্রকৃতি—নারী। গুঞ্জা—কুচ। তাহে দিব গুঞ্জা-বেড়া—তাহাতে গুঞ্জা-মালার বেষ্টনী দিব অর্থাৎ গুঞ্জার মালা দিয়া চূড়াটি বেড়িয়া দিব। নরোত্তম সখী-ভাবে ভজনা করিবার ইচ্ছা প্রকাশ করিতেছেন।

# কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ভাষা ও সাহিত্য-বিষয়ক বাঙ্গালা গ্রন্থসমূহ

১। কবিকঙ্কণচণ্ডী (প্রথম ভাগ)—অধ্যাপক শ্রী শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ও শ্রীবিশ্বপতি চৌধুরী; ১৯৫২ খ্রীঃ; ৪৫৩+ ৬১ পৃষ্ঠা; মূল্য ১০৷৷০ (সাড়ে দশ টাকা)।

২। বৈষ্ণব পদাবলী (চতুর্থ সংস্করণ)—অধ্যাপক শ্রীখগেন্দ্রনাথ মিত্র প্রভৃতি; ১৯৫২ খ্রীঃ; ১৬০ পৃষ্ঠা; মূল্য ৪৲ (চারি টাকা)।

৩। বঙ্গসাহিত্যে স্বদেশপ্রেম ও ভাষাপ্রীতি—শ্রীঅমরেন্দ্রনাথ রায়; ১৯৫২ খ্রীঃ; ১২৩+১২ পৃষ্ঠা; মূল্য ৩৷৷০ (সাড়ে তিন টাকা)।

৪। বাংলা নাটক (গিরিশচন্দ্র ঘোষ বক্তৃতা)—শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ; ১৯৫২ খ্রীঃ; ১৭৯ পৃষ্ঠা; মূল্য ৫৲ (পাঁচ টাকা)।

৫। প্রাচীন বাঙ্গালা সাহিত্যের ইতিহাস—ডক্টর শ্রীতমোনাশচন্দ্র দাশগুপ্ত; ১৯৫১ খ্রীঃ; ৭৬৩+৩৬ পৃষ্ঠা; মূল্য ১২৲ (বার টাকা)।

৬। প্রাচীন বাংলা সাহিত্যের কথা—ডক্টর শ্রীতমোনাশচন্দ্র দাশগুপ্ত; ৩৩৬ পৃষ্ঠা; মূল্য ৭৷৷০ (সাড়ে সাত টাকা)।

৭। বাঙ্গালা সাহিত্যের কথা (পঞ্চম সংস্করণ)—ডক্টর শ্রীসুকুমার সেন; ১৬+২১০ পৃষ্ঠা; মূল্য ২৷৷০ (আড়াই টাকা)।

৮। বঙ্গসাহিত্যের পরিচয় (দুই খণ্ডে)—অধ্যাপক দীনেশচন্দ্র সেন; ২০৮৭ পৃষ্ঠা; মূল্য ১৬৸০ (ষোল টাকা বারো আনা)।

৯। বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা (ষষ্ঠ সংস্করণ)—অধ্যাপক শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়; ১৪+১৭৮ পৃষ্ঠা; মূল্য ৩৲ (তিন টাকা)।

১০। বাংলা ছন্দের মূলসূত্র (চতুর্থ সংস্করণ)—শ্রীঅমূল্যধন মুখোপাধ্যায়; ২২৪ পৃষ্ঠা; মূল্য ৪৲ (চার টাকা)।

১১। প্রাচীন বাঙ্গালা গদ্য—শিবরতন মিত্র; ১৯৪ পৃষ্ঠা, ডিমাই ৮ পেজী; মূল্য ৩৲ (তিন টাকা)।

১২। ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক-সংবাদ—অধ্যাপক শ্রীসুরেন্দ্রনাথ সেন; ৮৮ পৃষ্ঠা; মূল্য ২৲ (দুই টাকা)।

১৩। চণ্ডীমঙ্গল-বোধিনী (প্রথম ভাগ)—চারু বন্দ্যোপাধ্যায়; ৬৭২ পৃষ্ঠা; মূল্য ৬৲ (ছয় টাকা)।

(ক) ঐ (দ্বিতীয় ভাগ)—চারু বন্দ্যোপাধ্যায়; ৪২৫ পৃষ্ঠা; মূল্য ৪৷৷০ (সাড়ে চার টাকা)।

১৪। বঙ্কিম-পরিচয়—শ্রীঅমরেন্দ্রনাথ রায় সঙ্কলিত; ২১৫ পৃষ্ঠা; মূল্য ৷৷০ (আট আনা)।

১৫। বঙ্গসাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়—প্রমথ চৌধুরী; ১৭ পৃষ্ঠা; মূল্য ৷৷০ (আট আনা)।

১৬। গিরিশচন্দ্র—কুমুদবন্ধু সেন; ২৪২ পৃষ্ঠা; মূল্য ২৲ (দুই টাকা)।

১৭। গিরিশ-নাট্যসাহিত্যের বৈশিষ্ট্য—শ্রীঅমরেন্দ্রনাথ রায়; ১১৬ পৃষ্ঠা; মূল্য ১৷৷০ (দেড় টাকা)।

১৮। গিরিশচন্দ্র—শ্রীহেমেন্দ্রনাথ দাশগুপ্ত; ২৫৩ পৃষ্ঠা; মূল্য ২৷০ (দুই টাকা চারি আনা)।

১৯। গিরিশচন্দ্র—দেবেন্দ্রনাথ বসু; ১০৩ পৃষ্ঠা; মূল্য ১৲ (এক টাকা)।

২০। গিরিশচন্দ্র—মন ও শিল্প—মহেন্দ্রনাথ দত্ত; ১৮৭ পৃষ্ঠা; মূল্য ১৷৷০ (দেড় টাকা)।

২১। বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশ—শ্রীমন্মথমোহন বসু; ২৮১ পৃষ্ঠা; মূল্য ৭৲ (সাত টাকা)।

২২। শাক্ত পদাবলী—শ্রীঅমরেন্দ্র নাথ রায়; ৩৯০ পৃষ্ঠা; মূল্য ১৷৷০ (দেড় টাকা)।

২৩। দীন চণ্ডীদাসের পদাবলী (প্রথম খণ্ড)—শ্রীমণীন্দ্রমোহন বসু; ৬০+৩৮৫ পৃষ্ঠা; মূল্য ৫৲ (পাঁচ টাকা)।

(ক) ঐ (দ্বিতীয় খণ্ড)—শ্রীমণীন্দ্রমোহন বসু; ৭৯+৪৪৩ পৃষ্ঠা; মূল্য ৬৲ (ছয় টাকা)।

২৪। সহজিয়া সাহিত্য—শ্রীমণীন্দ্রমোহন বসু; ২০৬ পৃষ্ঠা; মূল্য ২৲ (দুই টাকা)।

২৫। গোবিন্দদাসের করচা—দীনেশচন্দ্র সেন এবং বনোয়ারীলাল গোস্বামী; ১৭৬ পৃষ্ঠা; মূল্য ১॥০ (দেড় টাকা)

২৬। হরিলীলা—লালা জয়নারায়ণ সেন প্রণীত এবং দীনেশচন্দ্র সেন ও বসন্তরঞ্জন রায় সম্পাদিত; ১৬৫ পৃষ্ঠা; মূল্য ১৸৴০ (এক টাকা চোদ্দ আনা)।

২৭। কবিকঙ্কণ-চণ্ডী (দ্বিতীয় ভাগ)—ছাপা নাই, শীঘ্রই মুদ্রিত হইবে।

২৮। ময়মনসিংহ-গীতিকা (বা পূর্ব্ববঙ্গ-গীতিকা, ১ম খণ্ড, ২য় সংখ্যা)—দীনেশচন্দ্র সেন সঙ্কলিত; ১৯৫২ খ্রীঃ; ৩৮৭ পৃষ্ঠা; মূল্য ১২৲ (বার টাকা)।

২৯। পূর্ব্ববঙ্গ-গীতিকা (দ্বিতীয় খণ্ড, ২য় সংখ্যা)—দীনেশচন্দ্র সেন; ৫৮৫ পৃষ্ঠা; মূল্য ৫৲ (পাঁচ টাকা)।

(ক) ঐ (তৃতীয় খণ্ড, ২য় সংখ্যা)—দীনেশচন্দ্র সেন; ৫৭৭ পৃষ্ঠা; মূল্য ৫৲ (পাঁচ টাকা)।

(খ) ঐ (চতুর্থ খণ্ড, ২য় সংখ্যা)—দীনেশচন্দ্র সেন, ৫৪৮ পৃষ্ঠা; মূল্য ৫৲ (পাঁচ টাকা)।

৩০। পটুয়া-সঙ্গীত—গুরুসদয় দত্ত; ১৩৫ পৃষ্ঠা; মূল্য ১॥০ (দেড় টাকা)।

৩১। সত্যপীরের কথা—রামেশ্বর ভট্টাচার্য্য বিরচিত, নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত; ৭৩ পৃষ্ঠা; মূল্য ॥০ (আট আনা)।

৩২। জাতক-মঞ্জরী—ঈশানচন্দ্র ঘোষ সঙ্কলিত; ৩৪০ পৃষ্ঠা; মূল্য ২॥০ (আড়াই টাকা)।

৩৩। শ্রীকৃষ্ণবিজয় (মালাধর বসু)—শ্রীখগেন্দ্রনাথ মিত্র সম্পাদিত; ১০০০ পৃষ্ঠা; মূল্য ১০৲ (দশ টাকা)।

৩৪। বিহারীলালের কাব্য-সংগ্রহ (দ্বিতীয় সংস্করণ); ৬১০ পৃষ্ঠা; মূল্য ৭॥০ (সাড়ে সাত টাকা)।

৩৫। হারামণি—মৌলবী মহম্মদ মনসুর উদ্দীন; ৩৩৫ পৃষ্ঠা; মূল্য ২॥০ (আড়াই টাকা)।

৩৬। পদ্মা-পুরাণ (নারায়ণদেবের মনসা-মঙ্গল) [দ্বিতীয় সংস্করণ]—ডক্টর শ্রীতমোনাশচন্দ্র দাশগুপ্ত সম্পাদিত; ৩১৯ পৃষ্ঠা; মূল্য ৭॥০ (সাড়ে সাত টাকা)।

৩৭। মনসামঙ্গল (কেতকাদাস-ক্ষেমানন্দ রচিত)—শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য্য; ৬০০ পৃষ্ঠা; মূল্য ১২॥০ (সাড়ে বার টাকা)।

৩৮। বঙ্কিমচন্দ্রের ভাষা—শ্রীঅজয়চন্দ্র সরকার; ১৫০ পৃষ্ঠা; মূল্য ২৲ (দুই টাকা)।

৩৯। বাঙ্গালা বচনাভিধান (বহুবিধ বাঙ্গালা রচনা হইতে বহু রকমের সূক্তির সংগ্রহ, বিষয়-হিসাবে সাজান)—শ্রীঅমরেন্দ্রনাথ রায়; ১৯৫০ খ্রীঃ; ২১৬+৮ পৃষ্ঠা; মূল্য ৩॥০ (সাড়ে তিন টাকা)।

৪০। সাহিত্যে নারী—স্রষ্ট্রী ও সৃষ্টি—শ্রীমতী অনুরূপা দেবী; ৪৫২ পৃষ্ঠা; মূল্য ৬৲ (ছয় টাকা)।